জুষন্তে পর্ব্বতশ্রেষ্ঠমৃষয়ঃ পর্ব্বসন্ধিষু ॥১৬॥
কামিনঃ সহ কান্তাভিঃ পরস্পরমনুব্রতাঃ।
দৃশ্যন্তে শৈলশৃঙ্গস্থাস্তথা কিম্পুরুষা নৃপ! ॥১৭॥

ভারতকৌমুদী

নহু কথং শোচন্তি হসন্তি বেত্যাহ—কিমিতি। অস্য জাতস্য পুত্রস্য নপ্তুর্বা, দুষ্কৃতে পাপে সতি, সম্প্রাপ্তব্যং দুঃখমিতি শেষঃ। শোভনং সুখম্ ॥১৩॥

মাতেতি। পূজিতা যোগ্যোপচারেণ সেবিতাঃ। উভৌ ইহপরাখ্যৌ ॥১৪॥

ভগবন্নিতি। বাচ্যং ভবাদৃশেন বক্তব্যম্, আহ ভবান্ ব্রবীতি। ক্রিয়তে ত্বদুক্তম্ ॥১৫॥

অবিতি। অব্ভক্ষা জলমাত্রপায়িনঃ। প্লবমানা তরন্তঃ, বিহায়সা আকাশমার্গেণ। জুষন্তে সেবন্তে। পর্ব্বসন্ধিষু প্রতিপৎপঞ্চদশ্যোঃ সন্ধিকালেষু ॥১৬॥

ভারতভাবদীপঃ

বিদিতাঃ ॥৭॥ সুষ্ঠু কৃতমস্য তমুপকারিণং দুষ্কৃতমপকারিণং হাতুং ত্যক্তুং ন বিকত্থসে জ্ঞাতাস্মীতি ন শ্লাঘসে ॥৮—১৪॥ যথাবৎ মাহ যথা মামাহ ॥১৫॥ পর্ব্বসন্ধিষু প্রতিপৎ-

---

কারণ, (তাঁহারা ভাবেন—) উহার পাপে আমাদের কি দুঃখভোগ করিতে হইবে? না—উহার পুণ্যে আমাদের সুখভোগ করিতে হইবে? ॥১৩॥

কুন্তীনন্দন! মাতা, পিতা, অগ্নি, গুরু ও আত্মা—এই পাঁচটীর যিনি সেবা করেন, তাঁহার পক্ষে ইহলোক ও পরলোক—এই উভয় লোকই জয় করা হয়" ॥১৪॥

যুধিষ্ঠির বলিলেন—"ভগবন্! আপনি আপনাদের ন্যায় লোকের বক্তব্য এই ধর্ম্মনিরূপণ যথাযথভাবেই বলিলেন; আমিও শক্তি এবং ন্যায় অনুসারে যথাবিধানে ইহা করিয়া থাকি" ॥১৫॥

আষ্টিষেণ বলিলেন—"জলমাত্রপায়ী ও বায়ুমাত্রভোজী ঋষিরা পূর্ণিমা ও প্রতিপদের কিংবা অমাবস্যা ও প্রতিপদের সন্ধিসময়ে আকাশপথে আসিয়া এই পর্ব্বতের সেবা করেন ॥১৬॥

---

(১৫) ভগবন্মার্য্য। মার্হৈতৎ—বা ব কা নি।

অবজাংসি চ বাসাংসি বসানাঃ কৌশিকানি চ।
দৃশ্যন্তে বহবঃ পার্থ! গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ ॥১৮॥
বিদ্যাধরগণাশ্চৈব স্রগ্বিণঃ প্রিয়দর্শনাঃ।
মহোরগগণাশ্চৈব সুপর্ণাশ্চোরগাদয়ঃ ॥১৯॥
অস্য চোপরি শৈলস্য শ্রূয়ন্তে পর্ব্বসন্ধিষু।
ভেরীপণবশঙ্খানাং মৃদঙ্গানাঞ্চ নিস্বনাঃ ॥২০॥
ইহস্থৈরেব তৎ সর্ব্বং শ্রোতব্যং ভরতর্ষভাঃ।।
ন কার্য্যা বঃ কথঞ্চিৎ স্যাত্তত্রাভিগমনে মতিঃ ॥২১॥
ন চাপ্যতঃ পরং শক্যং গন্তুং ভরতসত্তমাঃ।।
বিহারো হ্যত্র দেবানামমানুষগতিস্তু সা ॥২২॥
ঈষচ্চপলকর্ম্মাণং মনুষ্যমিহ ভারত।।
দ্বিষন্তি সর্ব্বভূতানি তাড়য়ন্তি চ রাক্ষসাঃ ॥২৩॥

ভাবতকৌমুদী

কামিন ইতি। কান্তাভিঃ প্রিযতমাভিঃ। অনুব্রতা অনুকূলাঃ ॥১৭॥
অবেতি। অবজাংসি নির্ম্মলানি, বসানাঃ পবিদধানাঃ, কৌশিকানি ক্ষৌমাণি ॥১৮॥
বিদ্যেতি। স্রগ্বিণো মাল্যধারিণঃ। সুপর্ণাঃ স্বর্ণচূডাঃ কিরীটিন ইত্যর্থঃ ॥১৯॥
অস্যেতি। পর্ব্বসন্ধিষু প্রতিপৎপঞ্চদশ্যোঃ সন্ধিকালেষু। নিস্বনা বাদ্যানি ॥২০॥
ইহেতি। ইহস্থৈরেব যুষ্মাভিঃ। বো যুষ্মাকম্। তত্র শৈলস্যোপরি দেশে ॥২১॥
নেতি। বিহারঃ ক্রীডা, অত্র শৈলোপরি। সা ভূমিঃ ॥২২॥

রাজা! পরস্পর অনুকূল ও কামী কিন্নরগণকে কিন্নরীগণের সহিত এই পর্ব্বতশৃঙ্গে বিচরণ করিতে দেখা যায় ॥১৭॥

পৃথানন্দন! নির্ম্মল বস্ত্র ও পট্টবস্ত্রপরিধায়ী বহুতর গন্ধর্ব্ব এবং অপ্সরাকেও দেখিতে পাওয়া যায় ॥১৮॥

মাল্যধারী ও প্রিয়দর্শন বিদ্যাধরগণ, কিরীটধারী মহানাগসমূহ এবং সাধারণ নাগপ্রভৃতিকেও দর্শন করিতে পারা যায় ॥১৯॥

পর্ব্বসন্ধিকালে এই পর্ব্বতের উপরে ভেরী, পণব, শঙ্খ ও মৃদঙ্গের ধ্বনি শুনিতে পাওয়া যায় ॥২০॥

ভরতশ্রেষ্ঠগণ! তোমরা এইখানে থাকিয়াই সে সমস্ত শুনিতে পাইবে; সুতরাং সেখানে যাইবার জন্য কোন প্রকারেই তোমাদের ইচ্ছা করা উচিত নহে ॥২১॥

কারণ, ভরতশ্রেষ্ঠগণ! মানুষ ইহার পর আর গমন করিতে সমর্থ হয় না। যেহেতু ও স্থানে দেবগণের ক্রীড়া হয় বলিয়া ও স্থান মানুষের অগম্য ॥২২॥

অস্যাতিক্রম্য শিখরং কৈলাসস্য যুধিষ্ঠির ! ।
গতিঃ পরমসিদ্ধানাং দেবর্ষীণাং প্রকাশতে ॥২৪॥
চাপল্যাদিহ গচ্ছন্তং পার্থ ! যানমতঃ পরম্ ।
অয়ঃশূলাদিভির্ঘ্নন্তি রাক্ষসাঃ শত্রুসূদন ! ॥২৫॥
অপ্সরোভিঃ পরিবৃতঃ সমৃদ্ধ্যা নরবাহনঃ ।
ইহ বৈশ্রবণস্তাত ! পর্ব্বসন্ধিষু দৃশ্যতে ॥২৬॥
শিখরে তং সমাসীনমধিপং যক্ষরক্ষসাম্ ।
প্রেক্ষন্তে সর্ব্বভূতানি ভানুমন্তমিবোদিতম্ ॥২৭॥
দেবদানবসিদ্ধানাং তথা বৈশ্রবণস্য চ ।
গিরেঃ শিখরমুদ্যানমিদং ভরতসত্তম ! ॥২৮॥

ভারতকৌমুদী

ঈষদিতি। ঈষচ্চপলকর্ম্মাণং তত্র গমনায় অল্পমপি চাপল্যং কুর্ব্বাণমিত্যর্থঃ ॥২৩॥
অস্যেতি। পরমসিদ্ধানাম্ অতিশয়েন লব্ধাণিমাদ্যৈশ্বর্য্যাণাম্ ॥২৪॥
চাপল্যাদিতি। যাত্যনেনেতি যানং পন্থাস্তৎ, গচ্ছন্তম্। অয়ো লৌহম্ ॥২৫॥
অপ্সরোভিরিতি। সমৃদ্ধ্যা সমৃদ্ধ্যনুরূপাড়ম্বরেণ। বৈশ্রবণঃ কুবেরঃ ॥২৬॥
শিখর ইতি। শিখরে এতৎপর্ব্বতশৃঙ্গে, তং বৈশ্রবণম্। ভানুমন্তং সূর্য্যম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

পঞ্চদশ্যোরন্তরালে ॥১৬—২৪॥ যানং মার্গম্ ॥২৫—২৭॥ উদ্যানং ক্রীড়াবনযুতম্ ॥২৮—৩৩॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩২॥

ভরতনন্দন ! মানুষ ও স্থানে যাইবার জন্য একটুমাত্র চাঞ্চল্য প্রকাশ করিলেই তাহার প্রতি তত্রত্য সকলে বিদ্বেষ করে এবং তাহাকে রাক্ষসেরা প্রহার করে ॥২৩॥

যুধিষ্ঠির ! পরমসিদ্ধ দেবর্ষিরাই এই কৈলাসপর্ব্বতের শৃঙ্গ অতিক্রম করিয়া যাইতে পারেন ॥২৪॥

কিন্তু শত্রুসূদন ! মানুষ চাঞ্চল্যবশতঃ ইহার পর, পথে গমন করিতে লাগিলে, রাক্ষসেরা লৌহশূলপ্রভৃতিদ্বারা তাহাকে আঘাত করে ॥২৫॥

বৎস ! প্রতিপৎ ও পঞ্চদশীর সন্ধিকালে নরবাহন কুবেরকে অপ্সরোগণে পরিবেষ্টিত এবং সমৃদ্ধির অনুরূপ আড়ম্বরপূর্ণ অবস্থায় এই স্থানেই দেখিতে পাওয়া যায় ॥২৬॥

যক্ষ ও রাক্ষসগণের অধিপতি কুবের এই পর্ব্বতশৃঙ্গে আসিয়া উপবিষ্ট হইলে, সমস্ত প্রাণীই তাঁহাকে নবোদিত সূর্য্যের ন্যায় দেখিতে থাকে ॥২৭॥

উপাসীনস্য ধনদং তুম্বুরোঃ পর্ব্বসন্ধিষু।
গীতসামস্বনস্তাত! শ্রূয়তে গন্ধমাদনে ॥২৯॥
এতদেবংবিধং চিত্রমিহ তাত! যুধিষ্ঠির!।
প্রেক্ষন্তে সর্ব্বভূতানি বহুশঃ পর্ব্বসন্ধিষু ॥৩০॥
ভুঞ্জানা মুনিভোজ্যানি রসবন্তি ফলানি চ।
বসধ্বং পাণ্ডবশ্রেষ্ঠা যাবদর্জ্জুনদর্শনম্ ॥৩১॥
ন তাত! চপলৈর্ভাব্যমিহ প্রাপ্তৈঃ কথঞ্চন।
চপলঃ সর্ব্বভূতানাং দ্বেষ্যো ভবতি মানবঃ ॥৩২॥
উষিত্বেহ যথাকামং যথাশ্রদ্ধং বিহৃত্য চ।
ততঃ শস্ত্রজিতাং তাত! পৃথিবীং পালয়িষ্যসি ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে আর্ষ্টিষেণযুধিষ্ঠিরসংবাদে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

দেবেতি। ইদং গিরেঃ শিখরমুদ্যানঞ্চ দেবদানবসিদ্ধানাং বৈশ্রবণস্য চেতি সম্বন্ধঃ ॥২৮॥
উপেতি। ধনদং কুবেরম্। গীতং সামস্বন ইবেতি গীতসামস্বনঃ ॥২৯॥
এতদিতি। এতৎ কুবেরাগমনাদিকম্, চিত্রমাশ্চর্য্যম্। বহুশো বহুবারান্ ॥৩০॥
ভুঞ্জানা ইতি। মুনিভোজ্যানি নিবারোদনাদীনি, রসবন্তি স্বাদূনি ॥৩১॥
নেতি। ভাব্যং ভবিতব্যম্। প্রাপ্তৈরাগতৈর্জ্জনৈঃ ॥৩২॥

ভরতশ্রেষ্ঠ! এই পর্ব্বতের শৃঙ্গ এবং উদ্যান—দেবগণ, দানবগণ, সিদ্ধগণ ও কুবেরের ॥২৮॥

বৎস! এই গন্ধমাদনপর্ব্বতে প্রতিপৎ ও পঞ্চদশীর সন্ধিসময়ে তুম্বুরু (গন্ধর্ব্ব-বিশেষ) যখন কুবেরের উপাসনা করেন, তখন সামবেদধ্বনির ন্যায় তাঁহার গীতধ্বনি শুনিতে পাওয়া যায় ॥২৯॥

বৎস যুধিষ্ঠির! এখানে প্রতিপৎ ও পঞ্চদশীর সন্ধিকালে সকল প্রাণীরাই এইরূপ এই আশ্চর্য্য বহুবার দেখিয়া থাকে ॥৩০॥

অতএব পাণ্ডবগণ! তোমরা মুনিগণের খাদ্য এবং সুস্বাদু ফল ভক্ষণ করিতে থাকিয়া অর্জ্জুনের সাক্ষাৎকার লাভ পর্য্যন্ত এইখানেই বাস কর ॥৩১॥

বৎস! মানুষ এখানে আসিয়া কোন প্রকারেই চঞ্চল হইবে না। কারণ, চঞ্চল মানুষ, সকল প্রাণীরই বিদ্বেষভাজন হয় ॥৩২॥

---

(৩১) ভুঞ্জানাঃ সর্ব্বভোজ্যানি—পি। (৩২) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।
* '…একোনষষ্ট্যধিক…'—বা ব কা পি, '…ষষ্ট্যধিক…'—নি।

ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।

আর্ষ্টিষেণাশ্রমে তস্মিন্ মম পূর্ব্বপিতামহাঃ।
পাণ্ডোঃ পুত্রা মহাত্মানঃ সর্ব্বে দিব্যপরাক্রমাঃ ॥১॥
কিয়ন্তং কালমবসন্ পর্ব্বতে গন্ধমাদনে।
কিঞ্চ চক্রুর্মহাবীর্য্যাঃ সর্ব্বেঽতিবলপৌরুষাঃ ॥২॥ (যুগ্মকম্)
কানি চাভ্যবহার্য্যাণি তত্র তেষাং মহাত্মনাম্।
বসতাং লোকবীরাণামাসংস্তদ্‌ব্রূহি সত্তম। ॥৩॥
বিস্তরেণ চ মে শংস ভীমসেনপরাক্রমম্।
যদ্‌যচ্চক্রে মহাবাহুস্তস্মিন্ হৈমবতে গিরৌ ॥৪॥

ভারতকৌমুদী

উষিত্বেতি। উষিত্বা বাসং কৃত্বা। যথাশ্রদ্ধং বিশ্বাসানুসারেণ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

আর্ষ্টীতি। পূর্ব্বস্য পূর্ব্বপুরুষস্য পিতুঃ পিতামহাঃ। বীর্য্যমত্রোৎসাহঃ ॥১—২॥
কানীতি। অভ্যবহার্য্যাণি খাদ্যানি। হে সত্তম! সাধুশ্রেষ্ঠ। ॥৩॥

অতএব বৎস! তুমি এখানে বাস এবং ইচ্ছা ও বিশ্বাস অনুসারে বিহার করিতে থাকিয়া তাহার পর অস্ত্রজিত পৃথিবী পালন করিবে” ॥৩৩॥

—:*:—

জনমেজয় বলিলেন—“আমার প্রপিতামহ, মহাত্মা ও অলৌকিক পরাক্রমশালী পাণ্ডবেরা সকলে গন্ধমাদনপর্ব্বতে সেই আর্ষ্টিষেণের আশ্রমে কত কাল বাস করিয়াছিলেন? এবং অসাধারণ উৎসাহশালী, অত্যন্ত বলবান্ ও বিশেষ পুরুষকার-সম্পন্ন পাণ্ডবগণ কি কি কার্য্য করিয়াছিলেন? ॥১—২॥

সাধুশ্রেষ্ঠ! সেই আশ্রমে বাস করিবার সময়ে মহাত্মা ও জগদ্বীর পাণ্ডবগণের কি কি খাদ্য ছিল, তাহা বলুন ॥৩॥

মহাবাহু ভীমসেন সেই গন্ধমাদনপর্ব্বতে যাহা যাহা করিয়াছিলেন, সেই সকল পরাক্রমের বৃত্তান্তগুলি আমার নিকট বিস্তরক্রমে বলুন ॥৪॥

---

(১) পূর্ব্বার্দ্ধং পি নাস্তি।

ন খল্বাসীৎ পুনর্যুদ্ধং তস্য যক্ষৈর্দ্বিজোত্তম ! ।
ধনদাধ্যুষিতে নিত্যং বসতস্তত্র পর্ব্বতে ॥৫॥
কচ্চিৎ সমাগমস্তেষামাসীদ্বৈশ্রবণস্য চ ।
তত্র হ্যায়াতি ধনদ আর্ষ্টিষেণো যথাব্রবীৎ ॥৬॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ তপোধন ! ।
ন হি মে শৃণ্বতস্তৃপ্তিরস্তি তেষাং বিচেষ্টিতম্ ॥ ॥

বৈশম্পায়ন উবাচ ।

এতদাত্মহিতং শ্রুত্বা তস্যাপ্রতিমতেজসঃ ।
শাসনং সততং চক্রুস্তথৈব ভরতর্ষভাঃ ॥৮॥
ভুঞ্জানা মুনিভোজ্যানি রসবন্তি ফলানি চ ।
শুদ্ধবাণহতানাঞ্চ মৃগাণাং পিশিতান্যপি ॥৯॥
মেধ্যানি হিমবৎপৃষ্ঠে মধূনি বিবিধানি চ ।
এবং তে ন্যবসংস্তত্র পাণ্ডবা ভরতর্ষভাঃ ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বিস্তরেণেতি। শংস ব্রূহি। হৈমবতে হিমবতঃ সন্নিহিতে গন্ধমাদনে ॥৪॥
নেতি। অত্র কাকা প্রশ্নো ব্যজ্যতে। ধনদাধ্যুষিতে কুবেরাধিষ্ঠিতে ॥৫॥
কচ্চিদিতি। সমাগমঃ সম্মেলনম্। বৈশ্রবণস্য কুবেরস্য। ধনদঃ কুবেরঃ ॥৬॥
এতদিতি। তৃপ্তিঃ আকাঙ্ক্ষানিবৃত্তিঃ, তেষাং পাণ্ডবানাম্, বিচেষ্টিতং চরিত্রম্ ॥৭॥
এতদিতি। তস্য আর্ষ্টিষেণস্য, শাসনমাদেশম, ভরতর্ষভাঃ পাণ্ডবাঃ ॥৮॥
ভুঞ্জানা ইতি। শুদ্ধৈরবিষলিপ্তমুখৈর্বাণৈর্হতানাম্। অন্যথা তন্মাংসভক্ষণে প্রাণনাশা-

ব্রাহ্মণশ্রেষ্ঠ! কুবেরাধিষ্ঠিত গন্ধমাদনপর্ব্বতে সর্ব্বদা বাস করিবার সময়ে যক্ষগণের সহিত ভীমসেনের যুদ্ধ হইয়াছিল না ত? ॥৫॥

আর্ষ্টিষেণ যেরূপ বলিয়াছিলেন, তাহাতে নিশ্চয়ই কুবের সেখানে আসিতেন, সুতরাং কুবেরের সহিত পাণ্ডবগণের সম্মেলন হইয়াছিল ত? ॥৬॥

তপোধন! আমি বিস্তরক্রমে এই বৃত্তান্তগুলি শুনিতে ইচ্ছা করি। কারণ, পাণ্ডবগণের চরিত্র শুনিয়া আমার আকাঙ্ক্ষার নিবৃত্তি হইতেছে না” ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবগণ নিজেদের এইরূপ হিতের কথা শুনিয়া সেই-ভাবেই সর্ব্বদা অসাধারণতেজা আর্ষ্টিষেণের আদেশ পালন করিতে লাগিলেন ॥৮॥

ভরতশ্রেষ্ঠ পাণ্ডবগণ—মুনিগণের খাদ্য অন্ন, সুস্বাদু ফল, নির্দ্দোষ বাণ-

(৫) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তথা নিবসতাং তেষাং পঞ্চমং বর্ষমভ্যগাৎ ।
শৃণ্বতাং লোমশোক্তানি বাক্যানি বিবিধান্যুত ॥১১॥
কৃত্যকাল উপস্থাস্য ইতি চোক্ত্বা ঘটোৎকচঃ ।
রাক্ষসৈঃ সহ সর্ব্বৈশ্চ পূর্ব্বমেব গতঃ প্রভো । ॥১২॥
আর্ষ্টিষেণাশ্রমে তেষাং বসতাং বৈ মহাত্মনাম্ ।
অগচ্ছন্ বহবো মাসাঃ পশ্যতাং মহদদ্ভুতম্ ॥১৩॥
তৈস্তত্র বিহরদ্ভিশ্চ রমমাণৈশ্চ পাণ্ডবৈঃ ।
প্রীতিমন্তো মহাভাগা মুনয়শ্চারণাস্তথা ॥১৪॥
আজগ্মুঃ পাণ্ডবান্ দ্রষ্টুং শুদ্ধাত্মানো যতব্রতাঃ ।
তে তৈঃ সহ কথাং চক্রুর্দিব্যাং ভরতসত্তমাঃ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শঙ্কেতি ভাবঃ। পিশিতানি মাংসানি। মেধ্যানি পবিত্রাণি। সান্নিধ্যাৎ হিমবদিত্যুক্তিঃ ॥৯—১০॥

তথেতি। পঞ্চমং বর্ষং বনবাসস্য, অভ্যগাৎ অত্যক্রামৎ ॥১১॥

কৃত্যেতি। কৃত্যকালে ভবতাং কার্য্যোপস্থিতিসময়ে, উপস্থাস্যে আগমিষ্যামি ॥১২॥

আর্ষ্টী তি। বহবো মাসাঃ পঞ্চমবৎসরাৎ পরম্। অদ্ভুতং কুবেরদর্শনাদিকম্ ॥১৩॥

তৈরিতি। বিহরদ্ভির্বিচরদ্ভিঃ, পাণ্ডবৈস্তচ্চরিত্রশ্রবণৈরিত্যর্থঃ। দিব্যাং রম্যাম্ ॥১৪—১৫॥

নিহত হরিণগণের মাংস এবং নানাবিধ পবিত্র মধু ভক্ষণ করিতে থাকিয়া এইভাবে হিমালয়সন্নিহিত সেই গন্ধমাদনপর্ব্বতের উপরে বাস করিতে লাগিলেন ॥৯—১০॥

তাঁহারা (অবসরক্রমে) লোমশোক্ত নানাবিধ উপাখ্যান শুনিতেন; সেইভাবে বাস করিবার সময়ে তাঁহাদের বনবাসের পঞ্চম বৎসর অতীত হইল ॥১১॥

রাজা! 'আপনাদের কার্য্যকাল উপস্থিত হইলে আমিও উপস্থিত হইব' এই কথা বলিয়া ঘটোৎকচ অন্যান্য সকল রাক্ষসের সহিত পূর্ব্বেই চলিয়া গিয়াছিল ॥১২॥

মহাত্মা পাণ্ডবেরা সাতিশয় আশ্চর্য্য বস্তু সকল দেখিতে থাকিয়া আর্ষ্টিষেণের আশ্রমে বাস করিতে লাগিলেন, এই অবস্থায় তাঁহাদের বহুতর মাস অতীত হইয়া গেল ॥১৩॥

তাহার পর একদা বিশুদ্ধ চিত্ত ও ব্রতপরায়ণ মহাত্মা মুনিগণ এবং চারণ-(দেবযোনিবিশেষ) গণ—তত্রত্য আমোদমান পাণ্ডবগণের চরিত্র শুনিয়া আনন্দিত হইয়া তাঁহাদের সহিত সাক্ষাৎ করিবার জন্য আগমন করিলেন; তখন ভরতশ্রেষ্ঠ পাণ্ডবগণ তাঁহাদের সহিত মনোহর আলাপ করিলেন ॥১৪—১৫॥

ততঃ কতিপযাহস্য মহাহ্রদনিবাসিনম্।
ঋদ্ধিমন্তং মহানাগং সুপর্ণঃ সহসাঽহবৎ ॥১৬॥
প্রাকম্পত মহাশৈলঃ প্রানৃত্যন্ত মহাদ্রুমাঃ।
দদৃশুঃ সর্ব্বভূতানি পাণ্ডবাশ্চ তদদ্ভুতম্ ॥১৭॥
ততঃ শৈলোত্তমস্যাগ্রাৎ পাণ্ডবান্ প্রতি মারুতঃ।
অবহৎ সর্ব্বমাল্যানি গন্ধবন্তি শুভানি চ ॥১৮॥
তত্র পুষ্পাণি দিব্যানি সুহৃদ্ভিঃ সহ পাণ্ডবাঃ।
দদৃশুঃ পঞ্চবর্ণানি দ্রৌপদী চ যশস্বিনী ॥১৯॥
ভীমসেনং ততঃ কৃষ্ণা কালে বচনমব্রবীৎ।
বিবিক্তে পর্ব্বতোদ্দেশে সুখাসীনং মহাভুজম্ ॥২০॥
মনসস্তুল্যবেগেন শ্বসনেন মহাবলাৎ।
পঞ্চবর্ণানি পাত্যন্তে পুষ্পাণি ভবতর্ষভ। ॥২১॥

ভাবতকৌমুদী

তত ইতি। কতিপযাহস্য অতিক্রমে সতি। ঋদ্ধিমন্তং নাম। সুপর্ণো গরুড়ঃ ॥১৬॥
প্রেতি। প্রাকম্পত প্রানৃত্যন্ত, গরুডপক্ষবায়ুনেতি ভাবঃ। তৎ প্রকম্পনাদিকম্ ॥১৭॥
তত ইতি। সর্ব্বমাল্যানি উপভোগার্থমানীতাঃ সর্ব্বা এব পুষ্পমালাঃ ॥১৮॥
তত্রেতি। তত্র তেষু মাল্যেষু, দিব্যানি স্বর্গীযাণি, সুহৃদ্ভির্ব্রাহ্মণাদিভিঃ ॥১৯॥
ভীমেতি। ততস্তস্মিন্। বিবিক্তে নির্জ্জনে, পর্ব্বতস্য উদ্দেশে স্থানবিশেষে ॥২০॥
মনস ইতি। শ্বসনেন বায়ুনা। প্রত্যেকতঃ পঞ্চ বর্ণা যেষু তানি ॥২১॥

তাহার পব কযেক দিন অতীত হইলে একদা গরুড় আসিয়া একটা মহাহ্রদে অবস্থিত 'ঋদ্ধিমান্'-নামক একটা মহানাগকে হঠাৎ অপহবণ কবিলেন ॥১৬॥

তখন গরুডের (পক্ষবায়ুতে) মহাপর্ব্বত কাঁপিয়া উঠিল এবং বিশাল বৃক্ষ সকল নাচিতে লাগিল; এই অদ্ভুত ঘটনা সকল প্রাণী দেখিল এবং পাণ্ডবেবাও দেখিলেন ॥১৭॥

তদনন্তব প্রবল বায়ু পর্ব্বতেব উপব হইতে সৌবভসম্পন্ন ও শুভলক্ষণযুক্ত সমস্ত মালা আনিয়া পাণ্ডবগণেব নিকট উপস্থিত কবিল ॥১৮॥

তখন পাণ্ডবগণ, তাঁহাদেব বন্ধুগণ ও যশস্বিনী দ্রৌপদী সেই মালাগুলিব মধ্যে পঞ্চবর্ণ স্বর্গীয় পুষ্প সকল দর্শন কবিলেন ॥১৯॥

সেই সময়ে দ্রৌপদী যাইয়া নির্জ্জন স্থানে সুখোপবিষ্ট মহাবাহু ভীমসেনকে এই কথা বলিলেন—॥২০॥

---

(১৭) প্রামৃত্যন্ত মহাদ্রুমাঃ—বা ব কা নি। (২১) সুপর্ণানিলবেগেন—বা ব কা নি।

প্রত্যক্ষং সর্ব্বভূতানাং নদীমশ্বরথাং প্রতি।
খাণ্ডবে সত্যসন্ধেন ভ্রাত্রা তব মহাত্মনা ॥২২॥
গন্ধর্ব্বোরগরক্ষাংসি বাসবশ্চ নিবারিতঃ।
হতা মায়াবিনশ্চোগ্রা ধনুঃ প্রাপ্তঞ্চ গাণ্ডিবম্ ॥২৩॥ (যুগ্মকম্)
তবাপি সুমহত্তেজো মহদ্বাহুবলঞ্চ তে।
অবিষহ্যমনাধৃষ্যং শতক্রতুবলোপমম্ ॥২৪॥
ত্বদ্বাহুবলবেগেন ত্রাসিতাঃ সর্ব্বরাক্ষসাঃ।
হিত্বা শৈলং প্রপদ্যন্তাং ভীমসেন। দিশো দশ ॥২৫॥
ততঃ শৈলোত্তমস্যাগ্রং চিত্রমাল্যধরং শিবম্।
ব্যপেতভয়সম্মোহাঃ পশ্যন্তু সুহৃদস্তব ॥২৬॥
এবং প্রণিহিতং ভীম। চিরাৎ প্রভৃতি মে মনঃ।
দ্রষ্টুমিচ্ছামি শৈলাগ্রং ত্বদ্বাহুবলপালিতা ॥২৭॥

ভারতকৌমুদী

প্রত্যক্ষমিতি। অশ্বরথাং নাম। খাণ্ডবে খাণ্ডববনদাহকালে। বসব ইন্দ্রঃ ॥২২—২৩॥
তবেতি। তেজো দর্পঃ। অনাধৃষ্যং শত্রুভিরনভিভবনীয়ম্, শতক্রতুরিন্দ্রঃ ॥২৪॥
ত্বদিতি। সর্ব্বরাক্ষসা এতৎপর্ব্বতরক্ষকা ইত্যর্থঃ। হিত্বা ত্যক্ত্বা, প্রপদ্যন্তাং গচ্ছন্তু ॥২৫॥
তত ইতি। চিত্রমাল্যধরম্ ঈদৃশাদ্ভুতমালাযুক্তম্, শিবং মঙ্গলকরম্ ॥২৬॥
এবমিতি। প্রণিহিতম্ অভিসন্ধানযুক্তম্। শৈলাগ্রম্ এতৎপর্ব্বতাগ্রম্ ॥২৭॥

"ভরতশ্রেষ্ঠ! মনের তুল্য বেগবান্ বায়ু আপন বলপ্রভাবে পঞ্চবর্ণ পুষ্প সকল নিপাতিত করিতেছে ॥২১॥

ওদিকে আপনার ভ্রাতা, সত্যপ্রতিজ্ঞ ও মহাত্মা অর্জ্জুন অশ্বরথানদীর তীরে সকল প্রাণীর প্রত্যক্ষে খাণ্ডবদাহের সময়ে গন্ধর্ব্ব, নাগ, রাক্ষস এবং ইন্দ্রকে পর্য্যন্ত বারণ করিয়াছিলেন, ভয়ঙ্কর মায়াবীদিগকে বধ করিয়াছিলেন এবং গাণ্ডিবধনু লাভ করিয়াছিলেন ॥২২—২৩॥

আপনারও ইন্দ্রবলেরই তুল্য শত্রুগণের অসহ্য এবং অজেয় মহাবাহুবল ও অত্যন্ত দর্প রহিয়াছে ॥২৪॥

অতএব ভীমসেন! আপনার বাহুবলের বেগে পর্ব্বতরক্ষী সকল রাক্ষসই ভীত হইয়া এই পর্ব্বত ত্যাগ করিয়া দশ দিকে গমন করুক ॥২৫॥

তা'র পর আপনার বন্ধুগণ নির্ভয় ও নিঃসঙ্কোচ হইয়া বিচিত্র মাল্যযুক্ত ও মঙ্গলময় এই পর্ব্বতের উপরিভাগ দর্শন করুন ॥২৬॥

(২৪)…শত্রুতুল্যপরাক্রমঃ—বা ব কা নি।

ততঃ ক্ষিপ্তমিবাত্মানং দ্রৌপদ্যা স পরন্তপঃ।
নামৃষ্যত মহাবাহুঃ প্রহারমিব সদ্গবঃ ॥২৮॥
সিংহর্ষভগতিঃ শ্রীমান্ উদারকনকপ্রভঃ।
মনস্বী বলবান্ দৃপ্তো মানী শূরশ্চ পাণ্ডবঃ ॥২৯॥
লোহিতাক্ষঃ পৃথুব্যংসো মত্তবারণবিক্রমঃ।
সিংহদংষ্ট্রো বৃষস্কন্ধঃ সালপোত ইবোদ্গতঃ ॥৩০॥
মহাত্মা চারুসর্ব্বাঙ্গঃ কম্বুগ্রীবো মহাভুজঃ।
রুক্মপৃষ্ঠং ধনুঃ খড়্গং তূণাংশ্চাপি পরামৃষৎ ॥৩১॥ (বিশেষকম্)
স কেশরীব চোৎসিক্তঃ প্রভিন্ন ইব বারণঃ।
ব্যপেতভয়সম্মোহঃ শৈলমভ্যপতদ্বলী ॥৩২॥
তং মৃগেন্দ্রমিবায়ান্তং প্রভিন্নমিব বারণম্।
দদৃশুঃ সর্ব্বভূতানি বাণকার্ম্মুকধারিণম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ক্ষিপ্তং তিরস্কৃতম্। নামৃষ্যত নাসহত। সদ্গবো মহাবৃষঃ ॥২৮॥

সিংহেতি। উদারকনকপ্রভ উত্তমস্বর্ণকান্তিঃ। পৃথূ বিশালৌ বিশিষ্টৌ চ অংসৌ স্কন্ধৌ যস্য সঃ, মত্তবারণবিক্রমো মত্তহস্তিতুল্যপরাক্রমঃ। সালপোতো নবীনঃ সালবৃক্ষঃ। কম্বুঃ শঙ্খ ইব গ্রীবা যস্য সঃ। রুক্মপৃষ্ঠং স্বর্ণপৃষ্ঠম্। পরামৃষৎ অগৃহ্লাৎ ॥২৯—৩১॥

স ইতি। উৎসিক্তো দৃপ্তঃ, প্রভিন্নো মদস্রাবী, বারণো হস্তী ॥৩২॥

ভীমসেন! বহুকাল হইতেই আমার মন এইরূপ ধারণা করিয়া রহিয়াছে; আর আমিও আপনার বাহুবলে রক্ষিত হইয়া এই পর্ব্বতের উপরি ভাগ দেখিতে ইচ্ছা করি" ॥২৭॥

তাহার পর মহাবৃষ যেমন প্রহার সহ্য করিতে পারে না, সেইরূপ শত্রুতাপী মহাবাহু ভীমসেন দ্রৌপদীকর্ত্তৃক আপনাকে যেন তিরস্কৃত বলিয়া মনে করিয়া সে তিরস্কার সহ্য করিতে পারিলেন না ॥২৮॥

তদনন্তর শ্রেষ্ঠ সিংহের ন্যায় গতিসম্পন্ন, কান্তিশালী, উত্তম স্বর্ণবর্ণ, মনস্বী, বলবান্, দর্পশালী, অভিমানী, বীর, রক্তনয়ন, বৃষের ন্যায় বিশাল স্কন্ধ, মত্ত হস্তীর ন্যায় বিক্রমযুক্ত, সিংহের ন্যায় দন্তসমন্বিত, নবীন সালবৃক্ষের ন্যায় উন্নত, উদারচেতা, সর্ব্বাঙ্গসুন্দর, শঙ্খের ন্যায় গ্রীবাশালী ও মহাবাহু ভীমসেন স্বর্ণখচিত ধনু, তরবারি এবং তূণ গ্রহণ করিলেন ॥২৯—৩১॥

তৎপরে সিংহের ন্যায় দর্পিত, মদস্রাবী হস্তীর ন্যায় বলবান্ এবং ভয় ও অবসাদশূন্য ভীমসেন পর্ব্বতের দিকে গমন করিতে লাগিলেন ॥৩২॥

---

(৩০)…সিংহদংষ্ট্রো বৃহৎস্কন্ধঃ—বা ব কা।

দ্রৌপদ্যা বর্দ্ধযন্ হর্ষং গদামাদায পাণ্ডবঃ।
ব্যপেতভয়সম্মোহঃ শৈলরাজং সমাশ্রিতঃ ॥৩৪॥
ন গ্লানির্ন চ কাতর্য্যং ন বৈক্লব্যং ন মৎসরঃ।
কদাচিজ্জুষতে পার্থমাত্মজং মাতরিশ্বনঃ ॥৩৫॥
তদেকায়নমাসাদ্য বিষমং ভীমদর্শনম্।
বহুতালোচ্ছ্রয়ং শৃঙ্গমারুরোহ মহাবলঃ ॥৩৬॥
স কিন্নরমহানাগ-মুনিগন্ধর্ব্বরাক্ষসান্।
হর্ষয়ন্ পর্ব্বতস্যাগ্রমারুরোহ পরন্তপঃ ॥৩৭॥
ততো বৈশ্রবণাবাসং দদর্শ ভরতর্ষভঃ।
কাঞ্চনৈঃ স্ফাটিকৈশ্চৈব বেশ্মভিঃ সমলঙ্কৃতম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

তমিতি। সর্ব্বভূতানি শৈলস্থাঃ সর্ব্বে প্রাণিনঃ ॥৩৩॥
দ্রৌপদ্যা ইতি। পাণ্ডবো ভীমঃ। সম্মোহো নিরুৎসাহতা অবসাদ ইতি যাবৎ ॥৩৪॥
নেতি। মৎসরো বিদ্বেষঃ। জুষতে সেবতে। মাতরিশ্বনো বায়োঃ ॥৩৫॥
তদিতি। একমেব অযনং পন্থা যস্য তৎ। বহুতালবৎ উচ্ছ্রয় ঔন্নত্যং যস্য তৎ ॥৩৬॥
স ইতি। হর্ষযন্ আত্মরূপপ্রদর্শনেনানন্দযন্ ॥৩৭॥
অথ চতুর্ভিঃ কলাপকেন কুবেরভবনং বর্ণযন্ তত্তদ্দর্শনমাহ—তত ইতি। বৈশ্রবণাবাসং

ভারতভাবদীপঃ

আর্ষ্টিষেণেতি ॥১—২৯॥ পৃথু বিশিষ্টৌ অংসৌ যস্য স পৃথুব্যংসঃ ॥৩০—৩৪॥ গ্লানিঃ শ্রমঃ, কাতর্য্যং ভযম্, বৈক্লব্যমনুৎসাহঃ, মৎসরঃ পরোৎকর্ষাসহিষ্ণুত্বম্ ॥৩৫॥ একাযনং মার্গ-

তখন সমস্ত প্রাণী—সিংহের ন্যায় এবং মদস্রাবী হস্তীর ন্যায় ধনুর্ব্বাণধারী ভীমসেনকে আগমন করিতে দেখিল ॥৩৩॥

ক্রমে ভয় ও অবসাদবিহীন ভীমসেন গদাগ্রহণপূর্ব্বক দ্রৌপদীর আনন্দ বর্দ্ধন করিতে থাকিয়া পর্ব্বতের নিকটে উপস্থিত হইলেন ॥৩৪॥

পরিশ্রম, কাতরতা, বিহ্বলতা এবং বিদ্বেষ—ইহার কোনটাই বায়ুপুত্র ভীমসেনকে কখনও আশ্রয় করে নাই ॥৩৫॥

মহাবল ভীমসেন সেই একটীমাত্র পথ দিয়া যাইয়া উন্নতাবনত, ভয়ঙ্করাকৃতি এবং বহু তালবৃক্ষের ন্যায় উচ্চ সেই পর্ব্বতশৃঙ্গে আরোহণ করিলেন ॥৩৬॥

পরন্তপ ভীমসেন—কিন্নর, মহানাগ, মুনি, গন্ধর্ব্ব ও রাক্ষসদিগকে আনন্দিত করিয়াই পর্ব্বতের উপরে আরোহণ করিলেন ॥৩৭॥

(৩৭)···অগ্রমারুহ্য স মহাবলঃ—বা ব কা।

প্রাকাবেণ পবিক্ষিপ্তং সৌবর্ণেন সমন্ততঃ।
সর্ব্ববত্নদ্যুতিমতা সর্ব্বোদ্যানবতা তথা ॥৩৯॥
শৈলাদভ্যুচ্ছ্রয়বতা চয়াট্টালকশোভিনা।
দ্বাবতোবণনির্য্যূহ-ধ্বজসংবাহশোভিনা ॥৪০॥
বিলাসিনীভিরত্যর্থং নৃত্যন্তীভিঃ সমন্ততঃ।
বায়ুনা ধূয়মানাভিঃ পতাকাভিবলঙ্কৃতম্ ॥৪১॥ (কলাপকম্)
ধনুষ্কোটীমবষ্টভ্য বক্রভাবেন বাহুনা।
পশ্যমানঃ স খেদেন দ্রবিণাধিপতেঃ পুবম্ ॥৪২॥

ভাবতকৌমুদী

কুবেবভবনম্। পবিক্ষিপ্তং পবিবেষ্টিতম্। অভ্যুচ্ছ্রয়বতা উচ্চতাশালিনা। চযো বপ্রং প্রাকাবমূলবন্ধ ইতি যাবৎ, অট্টালকানি উপবিতনগৃহাণি তৈঃ শোভিনা। দ্বাবাণি, তোবণানি দ্বাববহির্দ্দেশে স্তম্ভদ্বযোপবিনিহিতবক্রদাকণি, নির্য্যূহা নাগদন্তকা ভিত্তিতো বহির্গতাঃ কাষ্ঠবিশেষাঃ, ধ্বজাঃ কেতবঃ, সংবাহা অভ্যন্তবসোপানানি চ তৈঃ শোভত ইতি তেন। ধূযমানাভিবান্দোল্যমানাভিঃ পতাকাভিঃ, নৃত্যন্তীভির্বিলাসিনীভিরিব অত্যর্থং সমলঙ্কৃতমিতি সম্বন্ধঃ। এষামভিধানানি মৃগ্যাণি ॥৩৮—৪১॥

ধনুবিতি। স ভীমঃ, খেদেন আত্মনস্তাদৃশপুবাভাবস্মবণাদ্দুঃখেন, বক্রো ভাবো যস্য তেন বাহুনা, ধনুষঃ কোটীমগ্রম, অবষ্টভ্য আশ্রিত্য দ্রবিণাধিপতেঃ কুবেরস্য পুবং পশ্যমান আসীৎ ॥৪২॥

ভারতভাবদীপঃ

দক্ষিণসঞ্চাবশূন্যম্ ॥৩৬—৩৭॥ পবিক্ষিপ্তং পবিত আবৃতম্ ॥৩৯॥ চযাট্টালকশোভিনা চযঃ প্রাকাবস্য মূলবন্ধঃ, অট্টালক উপবিগৃহম্। "চযঃ সমূহে প্রাকাবমূলবন্ধে সমাহিতে" ইতি মেদিনী। তোরণং বহির্দ্বারং নির্য্যূহঃ নাগদন্তাখ্যং গৃহান্নির্গতং দাক। "নির্য্যূহো নাগ-

তাহাব পর ভীমসেন কুবেরের পুবী দর্শন করিলেন; সে পুবীটী—স্বর্ণময় ও স্ফটিকময় বহুতব গৃহে অলঙ্কৃত এবং সকল দিকেই স্বর্ণপ্রাচীবে পরিবেষ্টিত ছিল; সেই প্রাচীর হইতে আবাব সর্ব্বপ্রকাব বত্নেব কিবণ ছড়াইয়া পড়িতেছিল, ভিতরে সর্ব্বপ্রকার উদ্যান ছিল এবং তাহার উচ্চতা পর্ব্বত অপেক্ষাও অধিক ছিল; আব তাহাব মূলে সুন্দর বপ্র (মূলবন্ধ), উপরে সুন্দর সুন্দব গৃহ, দ্বাব, তোরণ, নাগদন্ত (হুক), ধ্বজ ও ভিতবেব দিকে সিঁড়ি ছিল। আব, বায়ুকর্ত্তৃক সঞ্চালিত পতাকা সকল—নৃত্যপ্রবৃত্ত রমণীগণেব ন্যায় সমস্ত দিকেই সেই পুরীটীকে অত্যন্ত শোভিত কবিতেছিল ॥৩৮—৪১॥

তখন ভীমসেন বক্র বাহুদ্বারা ধনুর অগ্রদেশ অবলম্বন কবিয়া দুঃখের সহিত সেই কুবেবের পুরীটী দেখিতে লাগিলেন ॥৪২॥

মোদয়ন্ সর্ব্বভূতানি গন্ধমাদনসম্ভবঃ ।
সর্ব্বগন্ধবহস্তত্র মারুতঃ সুমুখো ববৌ ॥৪৩॥
চিত্রা বিবিধবর্ণাভাশ্চিত্রমঞ্জরিধারিণঃ ।
অচিন্ত্যা বিবিধাস্তত্র দ্রুমাঃ পবমশোভিনঃ ॥৪৪॥
বত্নজালপবিক্ষিপ্তং চিত্রমাল্যবিভূষিতম্ ।
রাক্ষসাধিপতেঃ স্থানং দদৃশে ভরতর্ষভঃ ॥৪৫॥
গদাখড়্গধনুষ্পাণিঃ সমভিত্যক্তজীবিতঃ ।
ভীমসেনো মহাবাহুস্তস্থৌ গিবিবিবাচলঃ ॥৪৬॥
ততঃ শঙ্খমুপাধ্মাসীদ্দ্বিষতাং লোমহর্ষণম্ ।
জ্যাঘোষং তলশব্দঞ্চ কৃত্বা ভূতান্যমোহযৎ ॥৪৭॥
ততঃ প্রহৃষ্টবোমাণস্তং শব্দমভিতুদ্রুবুঃ ।
যক্ষবাক্ষসগন্ধর্ব্বাঃ পাণ্ডবস্য সমীপতঃ ॥৪৮॥

ভাবতকৌমুদী

মোদযন্নিতি। সর্ব্বগন্ধবহঃ সর্ব্ববিধসৌবভবাহী, সুমুখঃ অতীবসুখকবঃ ॥৪৩॥
চিত্রা ইতি। অচিন্ত্যাশ্চিন্তযিতুমপ্যশক্যাঃ প্রাগদর্শনাৎ। দ্রুমা আসন্নিতি শেষঃ ॥৪৪॥
বত্নেতি। রত্নজালেন পবিক্ষিপ্তং পবিবেষ্টিতম্। বাক্ষসাধিপতেঃ কুবেবস্য ॥৪৫॥
গদেতি। সমভিত্যক্তং সর্ব্বথা ত্যক্তুমুদ্যতং জীবিতং যেন সঃ ॥৪৬॥
তত ইতি। উপাধ্মাসীৎ বাদিতবান্। তলশব্দং কবতলধ্বনিম্। ভূতানি প্রাণিনঃ ॥৪৭॥

ভাবতভাবদীপঃ

দম্ভে স্যাৎ” ইতি বিশ্বঃ ॥৪০—৪১॥ বক্রভাবেন বক্রেণ বাহুনা উপলক্ষিতঃ এতেঽস্মান্ প্রত্যুদ্গচ্ছন্তীতি বা বক্রবুদ্ধ্যা খেদেন তদ্দর্শনাৎ স্বসম্পৎস্মরণং তেন দ্রবিণাধিপতেঃ ধনাধি-

---

সেই সময়ে সর্ব্বপ্রকাব সৌবভবাহী অত্যন্ত সুখজনক গন্ধমাদনপর্ব্বতজাত বায়ু সকল প্রাণীকে আমোদিত করিযা বহিত হইতে থাকিল ॥৪৩॥

সেই পুবীটীর ভিতবে বিচিত্র, নানাবর্ণ, বিচিত্র মঞ্জরীযুক্ত ও অচিন্তনীয় নানাবিধ পবম সুন্দব বৃক্ষ সকল শোভা পাইতেছিল ॥৪৪॥

ভীমসেন আরও দেখিলেন—কুবেবের পুবীটী বত্নের ঝালবে পবিবেষ্টিত এবং বিচিত্র মাল্যে অলঙ্কৃত বহিযাছে ॥৪৫॥

তখন গদা, তরবারি ও কার্ম্মুকধাবী এবং জীবনত্যাগে উদ্যত মহাবাহু ভীমসেন কিছু কাল পর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৪৬॥

তাহার পব তিনি শত্রুগণেব রোমাঞ্চজনক শঙ্খধ্বনি করিলেন এবং জ্যাশব্দ ও তলশব্দ করিযা তত্রত্য প্রাণিগণকে মোহিত কবিলেন ॥৪৭॥

গদাপরিঘনিস্ত্রিংশ শূলশক্তিপরশ্বধাঃ।
প্রগৃহীতা ব্যরোচন্ত যক্ষরাক্ষসবাহুভিঃ।
ততঃ প্রববৃতে যুদ্ধং তেষাং তস্য চ ভারত! ॥৪৯॥
তৈঃ প্রমুক্তান্ মহামায়ৈঃ শূলশক্তিপরশ্বধান্।
ভল্লৈর্ভীমঃ প্রচিচ্ছেদ ভীমবেগতরৈস্ততঃ ॥৫০॥
অন্তরীক্ষগতানাঞ্চ ভূযিষ্ঠানাঞ্চ গর্জ্জতাম্।
শরৈর্বিব্যাধ গাত্রাণি রাক্ষসানাং মহাবলঃ ॥৫১॥
গাত্রেভ্যঃ প্রচ্যুতা ধারা রাক্ষসানাং সমন্ততঃ।
স লোহিতমহাবৃষ্টিমভ্যবর্ষন্মহাবলঃ ॥৫২॥
গদাপরিঘপাণীনাং রক্ষসাং কাযসম্ভবা।
কাযেভ্যঃ প্রচ্যুতা ধারা রাক্ষসানাং সমন্ততঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রহৃষ্টরোমাণস্তচ্ছব্দশ্রবণাৎ রোমাঞ্চিতদেহাঃ। অভি লক্ষ্যীকৃত্য ॥৪৮॥

গদেতি। তেষাং যক্ষরাক্ষসানাম্, তস্য ভীমস্য চ। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥৪৯॥

তৈরিতি। প্রমুক্তান্ নিক্ষিপ্তান্, মহামায়ৈরতীবমায়াশালিভিঃ ॥৫০॥

অন্তরীক্ষেতি। ভূযিষ্ঠানাং বহূনাম্। মহাবলো ভীমসেনঃ ॥৫১॥

গাত্রেভ্য ইতি। ধারা রক্তানামিতি শেষঃ। স মহাবলো ভীম এব তাং লোহিতমহাবৃষ্টিং রক্তানাং মহাবর্ষণম্, অভ্যবর্ষৎ শরবর্ষণেনাকরোৎ ॥৫২॥

উক্তমেবার্থং কিঞ্চিদ্বিশেষবোধনায পুনরাহ—গদেতি। অত্রাপি ধারা রক্তানামেব ॥৫৩॥

তদনন্তর রোমাঞ্চিত দেহ যক্ষ, রাক্ষস ও গন্ধর্ব্বগণ সেই শব্দ লক্ষ্য করিয়া ভীমের নিকট দ্রুত আগমন করিল ॥৪৮॥

ভরতনন্দন! তখন যক্ষ ও রাক্ষসধৃত গদা, পরিঘ, তরবারি, শূল, শক্তি ও পরশু অত্যন্ত দীপ্তি পাইতে লাগিল। তাহার পর তাহাদের ও ভীমসেনের যুদ্ধ আরম্ভ হইল ॥৪৯॥

প্রথমে মহামায়াশালী যক্ষ ও রাক্ষসেরা শূল, শক্তি ও পরশু নিক্ষেপ করিল; তখন ভীমসেন ভয়ঙ্কর বেগবান্ ভল্লদ্বারা সেগুলি ছেদন করিলেন ॥৫০॥

এবং মহাবল ভীমসেন—আকাশবর্ত্তী গর্জ্জনকারী বহুতর রাক্ষসের দেহ বাণদ্বারা বিদ্ধ করিলেন ॥৫১॥

সকল দিকেই রাক্ষসগণের দেহ হইতে রক্তধারা পতিত হইতে লাগিল; মহাবল ভীমসেনই অস্ত্র বর্ষণ করিয়া সেই রক্তের মহাবৃষ্টি করিয়াছিলেন ॥৫২॥

---

(৫২).. পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি। সা লোহিতমহাবৃষ্টিরভ্যবর্ষন্মহাবলম্—বা ব কা পি।

ভীমবাহুবলোৎসৃষ্টৈর্বায়ুধৈর্যক্ষরক্ষসাম্।
বিনিকৃত্তানি দৃশ্যন্তে শরীরাণি শিরাংসি চ ॥৫৪॥
প্রচ্ছাদ্যমানং রক্ষোভিঃ পাণ্ডবং প্রিয়দর্শনম্।
দদৃশুঃ সর্ব্বভূতানি সূর্য্যমভ্রগণৈরিব ॥৫৫॥
স রশ্মিভিরিবাদিত্যঃ শরৈরবিনিঘাতিভিঃ।
সর্ব্বানাচ্ছ্ন্মহাবাহুর্বলবান্ সত্যবিক্রমঃ ॥৫৬॥
অভিতর্জ্জযমানাশ্চ রুবন্তশ্চ মহারবান্।
ন মোহং ভীমসেনস্য দদৃশুঃ সর্ব্বরাক্ষসাঃ ॥৫৭॥
তৈঃ শরৈঃ ক্ষতসর্ব্বাঙ্গা ভীমসেনভয়ার্দ্দিতাঃ।
ভীমমার্ত্তস্বরং চক্রুর্বিপ্রকীর্ণমহাযুধাঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

ভীমেতি। ভীমেন বাহুবলেন উৎসৃষ্টৈর্নিক্ষিপ্তৈঃ। বিনিকৃত্তানি ছিন্নানি ॥৫৪॥
প্রেতি। প্রচ্ছাদ্যমানম্, অস্ত্রৈরিতি শেষঃ। অভ্রগণৈর্মেঘসমূহৈঃ ॥৫৫॥
স ইতি। রশ্মিভিঃ কিরণৈঃ। অবিনিঘাতিভিঃ শত্রুনাশকৈঃ। আচ্ছ্ন্ আচ্ছাদয়ৎ ॥৫৬॥
অভীতি। রুবন্তঃ কুর্ব্বন্তঃ। মোহং বৈচিত্ত্যং ভযমিত্যর্থঃ ॥৫৭॥
তৈরিতি। ভীমং ভয়ঙ্করম্। বিপ্রকীর্ণানি বিক্ষিপ্তানি মহাযুধানি যৈস্তে ॥৫৮॥

গদা ও পরিঘধারী রাক্ষসগণের দেহসম্ভূত রক্তধারা তাহাদের দেহ হইতে সকল দিকেই পতিত হইতে থাকিল ॥৫৩॥

ভীমসেনকর্ত্তৃক বাহুবলনিক্ষিপ্ত অস্ত্রসমূহদ্বারা যক্ষ ও রাক্ষসগণের দেহ ও মস্তক ছিন্ন হইতে দেখা যাইতে লাগিল ॥৫৪॥

তখন মেঘসমূহ যেমন সূর্য্যকে আচ্ছাদন করে, সেইরূপ রাক্ষসেরা অস্ত্রবর্ষণ করিয়া প্রিয়দর্শন ভীমসেনকে আচ্ছাদন করিল; ইহা সকল প্রাণীই দেখিতে লাগিল ॥৫৫॥

এই সময়ে সূর্য্য যেমন কিরণদ্বারা সমস্ত আচ্ছাদন করেন, তেমন বলবান্, মহাবাহু ও যথার্থবিক্রমশালী ভীমসেন শত্রুনাশক বাণদ্বারা সকল রাক্ষসকেই আচ্ছাদন করিলেন ॥৫৬॥

রাক্ষসেরা সকলে অত্যন্ত তর্জ্জন ও গুরুতর গর্জ্জন করিয়াও ভীমসেনের ভয় হইতে দেখিল না ॥৫৭॥

কিন্তু ভীমের বাণে ক্ষতবিক্ষত দেহ এবং তাঁহারই ভয়ে আকুল হইয়া রাক্ষসেরা অস্ত্র পরিত্যাগ করিয়া ভয়ঙ্কর আর্ত্তনাদ করিতে লাগিল ॥৫৮॥

(৫৮) যক্ষা বিকৃতসর্ব্বাঙ্গাঃ—বা ব কা নি।

উৎসৃজ্য তে গদাঃ শূলান্যসিশক্তিপরশ্বধান্।
দক্ষিণাং দিশমাজগ্মুস্ত্রাসিতা দৃঢ়ধন্বনা ॥৫৯॥
তত্র শূলগদাপাণির্ব্যূঢ়োরস্কো মহাভুজঃ।
সখা বৈশ্রবণস্যাসীন্মণিমান্ নাম রাক্ষসঃ ॥৬০॥
অদর্শয়দধীকারং পৌরুষঞ্চ মহাবলঃ।
স তান্ দৃষ্ট্বা পরাবৃত্তান্ স্ময়মান ইবাব্রবীৎ ॥৬১॥
একেন বহবঃ সংখ্যে মানুষেণ পরাজিতাঃ।
প্রাপ্য বৈশ্রবণাবাসং কিং বক্ষ্যথ ধনেশ্বরম্ ॥৬২॥
এবমাভাষ্য তান্ সর্ব্বানভ্যবর্ত্তৎ স রাক্ষসঃ।
শক্তিশূলগদাপাণির্যোধয়িষ্যন্ বৃকোদরম্ ॥৬৩॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য প্রভিন্নমিব বারণম্।
বৎসদন্তৈস্ত্রিভিঃ পার্শ্বে ভীমসেনঃ সমার্দ্দয়ৎ ॥৬৪॥

ভাবতকৌমুদী

উৎসৃজ্যেতি। দৃঢং ধনুর্যস্য তেন ভীমসেনেন, ত্রাসিতা ভয়ং প্রাপিতাঃ ॥৫৯॥
তত্রেতি। তত্র তেষাং মধ্যে। ব্যূঢোরস্কো বিশালবক্ষাঃ। বৈশ্রবণস্য কুবেরস্য ॥৬০॥
অদর্শযদিতি। অধীকারং নিজপ্রভুত্বম্। পরাবৃত্তান্ বিমুখান্ ॥৬১॥
একেনেতি। সংখ্যে যুদ্ধে। বৈশ্রবণাবাসং কুবেরভবনম্। ধনেশ্বরং কুবেরম্ ॥৬২॥
এবমিতি। অভ্যবর্ত্তৎ আভিমুখ্যেনাধাবৎ, স মণিমান্ ॥৬৩॥

তাহার পর তাহারা দৃঢ়ধন্বা ভীমের ভয়ে গদা, শূল, তরবারি, শক্তি ও পরশু পরিত্যাগ করিয়া দক্ষিণদিকে পলায়ন করিতে লাগিল ॥৫৯॥

তাহাদের মধ্যে কুবেরের সখা, শূল ও গদাধারী, বিশালবক্ষা ও মহাবাহু 'মণিমান্'-নামে এক রাক্ষস ছিল ॥৬০॥

সেই মহাবল মণিমান্ নিজের প্রভুত্ব ও পুরুষকার দেখাইতে প্রবৃত্ত হইল এবং অপর রাক্ষসদিগকে পলায়ন করিতে দেখিয়া ঈষৎ হাস্য করিয়াই যেন বলিল—॥৬১॥

"রাক্ষসগণ! তোমরা বহুসংখ্যক হইয়াও একটা মানুষের হাতে পরাজিত হইয়াছ; সুতরাং তোমরা কুবেরভবনে যাইয়া তাঁহাকে কি বলিবে?" ॥৬২॥

সেই সকল রাক্ষসকে এইরূপ বলিয়া মণিমান্ ভীমের সহিত যুদ্ধ করিবার জন্য শক্তি, শূল ও গদা ধারণ করিয়া ভীমের দিকে ধাবিত হইল ॥৬৩॥

---

(৫৯) উৎসৃজ্য তে গদাশূলান্—বা ব কা নি। (৬০) ততঃ শূলগদাপাণিঃ—পি। (৬১) দর্শয়ন্ স প্রতীকারম্—নি। (৬৩)…অভ্যধাবৎ স পাণ্ডবম্—বা ব কা নি। (৬৪) তমাপতন্তং বেগেন—বা ব কা।

মণিমানপি সংক্রুদ্ধঃ প্রগৃহ্য মহতীং গদাম্।
প্রাহিণোদ্ভীমসেনায় পরিক্ষিপ্য মহাবলঃ ॥৬৫॥
বিদ্যুদ্রূপাং মহাঘোরামাকাশে মহতীং গদাম্।
শরৈর্বহুভিরভ্যার্চ্ছদ্ভীমসেনঃ শিলাশিতৈঃ ॥৬৬॥
প্রত্যহন্যন্ত তে সর্ব্বে গদামাসাদ্য সায়কাঃ।
ন বেগং ধারয়ামাসুর্গদাবেগস্য বেগিতাঃ ॥৬৭॥
গদাযুদ্ধসমাচারং বুধ্যমানঃ স বীর্য্যবান্।
ব্যংসয়ামাস তং তস্য প্রহারং ভীমবিক্রমঃ ॥৬৮॥
ততঃ শক্তিং মহাঘোরাং রুক্মদণ্ডাময়স্ময়ীম্।
তস্মিন্নেবান্তরে ধীমান্ প্রজহারাথ রাক্ষসঃ ॥৬৯॥

ভারতকৌমুদী

তমিতি। প্রভিন্নং মদস্রাবিণম্, বারণং হস্তিনম্। বৎসদন্তৈর্বাণবিশেষৈঃ ॥৬৪॥
মণিমানিতি। প্রাহিণোৎ প্রেষিতবান্, পরিক্ষিপ্য পরিভ্রাম্য ॥৬৫॥
বিদ্যুদিতি। বিদ্যুদ্রূপাং বিদ্যুতমিবোজ্জ্বলাম্, স্বর্ণপট্টবেষ্টিতত্বাৎ। অভ্যার্চ্ছদাহতবান্।৬৬॥
প্রতীতি। ন ধারয়ামাসুঃ নিবারয়িতুং ন শেকুরিত্যর্থঃ ॥৬৭॥
গদেতি। গদাযুদ্ধস্য সমাচারং সম্যগ্ ব্যবহারম্। ব্যংসয়ামাস গদয়ৈব ব্যর্থং চকার ॥৬৮॥

ভারতভাবদীপঃ

পতেঃ ॥৪২—৪৪॥ দদৃশে দদর্শ ॥৪৫—৬০॥ অদর্শযদধীকাবং স্বাম্যং প্রাগ্ দর্শিতবান্, যঃ স মণিমানিতি যত্তদোরধ্যাহারেণ যোজ্যম্ ॥৬১॥ সংখ্যে সংগ্রামে ॥৬২—৬৬॥ প্রত্যহন্যন্ত প্রতিহতাঃ, বেগিতা বেগবন্তোঽপি, গদাবেগস্য গদায়াং বেগোঽত্যভ্যাসো যস্য তস্য ॥৬৭॥

তখন ভীমসেন—মদস্রাবী হস্তীর ন্যায় তাহাকে আসিতে দেখিয়া তিনটা বৎসদন্ত-(বাণবিশেষ) দ্বারা তাহার পার্শ্বদেশে তাড়ন করিলেন ॥৬৪॥

তখন মহাবল মণিমান্ও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বিশাল গদা ধারণ করিয়া ঘূর্ণনপূর্ব্বক তাহা ভীমের উপরে নিক্ষেপ করিল ॥৬৫॥

বিদ্যুতের ন্যায় উজ্জ্বল ও অতিভয়ঙ্কর সেই বিশাল গদা আকাশে আসিতে লাগিলে, ভীমসেন শিলাশাণিত বহুতর বাণদ্বারা তাহার উপরে আঘাত করিলেন ॥৬৬॥

কিন্তু সে সকল বাণই গদার উপরে সংলগ্ন হইয়া প্রতিহত হইল, বেগবান্ হইয়াও গদার বেগ বারণ করিতে পারিল না ॥৬৭॥

বলবান্ ও ভয়ঙ্কর বিক্রমশালী ভীমসেন গদাযুদ্ধের প্রণালী জানিতেন বলিয়া আপন গদাদ্বারাই সেই গদার প্রহার ব্যর্থ করিলেন ॥৬৮॥

---

(৬৫)…পরিগৃহ্য মহাবলঃ—বা ব কা নি।

সা ভুজং ভীমনির্হ্রাদা ভিত্বা ভীমস্য দক্ষিণম্।
সাগ্নিজ্বালা মহারৌদ্রা পপাত সহসা ভুবি ॥৭০॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ শক্ত্যামিতপরাক্রমঃ।
গদাং জগ্রাহ কৌন্তেয়ো গদাযুদ্ধবিশারদঃ ॥৭১॥
রুক্মপট্টপিনদ্ধাং তাং শত্রূণাং ভয়বর্দ্ধিনীম্।
প্রগৃহ্যাথ নদন্ ভীমঃ শৈক্যাং সর্ব্বায়সীং গদাম্।
তরসা চাভিদুদ্রাব মণিমন্তং মহাবলম্ ॥৭২॥
দীপ্যমানং মহাশূলং প্রগৃহ্য মণিমানপি।
প্রাহিণোদ্ভীমসেনায় বেগেন মহতা নদন্ ॥৭৩॥

ভাবতকৌমুদী

তত ইতি। রুক্মদণ্ডাং স্বর্ণদণ্ডাম্, অযস্ময়ীং লৌহময়ীম্ ॥৬৯॥

সেতি। ভীমনির্হ্রাদা ভয়ঙ্করশব্দা। সাগ্নিজ্বালা অগ্নিশিখাবদ্দীপ্তিসহিতা ॥৭০॥

স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, শক্ত্যা অতিবিদ্ধ ইতি সম্বন্ধঃ ॥৭১॥

রুক্মেতি। রুক্মপট্টপিনদ্ধাং স্বর্ণপট্টাবৃতাম্। শীকযতে সহতে পরবেগমিতি শীক্যা "শীক মর্ষণে" ইতি চৌরাদিকশীকধাতোঃ "কৃত্যযুটোঽন্যত্রাপী"তি কর্ত্তরি স্বরাদ্যঃ, ততঃ স্বার্থে অণি তদ্ধিতবাহুল্যাদার্ষত্বাদ্বা স্ত্রিয়ামাপ্রত্যয়ঃ। সর্ব্বায়সীং সর্ব্বেষ্বেবাবয়বেষু লৌহনির্ম্মিতাম্। তরসা বেগেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭২॥

ভারতভাবদীপঃ

স ভীমঃ ব্যংসয়ামাস ব্যর্থীচকার ॥৬৮॥ অয়স্ময়ীং ছান্দসং ভত্বম্, অযোময়ীমিতি যাবৎ ॥৬৯—৭১॥ শৈক্যাং শীকয়তি শত্রূন্ পরাভবতীতি শৈক্যা। শীকয়তের্ঋহলোর্ণ্যদিতি ণ্যৎ, ততঃ স্বার্থিকোঽণ্ ॥৭২—৭৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে ত্রযস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৩॥

তাহার পর বুদ্ধিমান্ মণিমান্ রাক্ষস সেই অবসরে স্বর্ণদণ্ড, লৌহময় ও অতিভীষণ একটা শক্তি নিক্ষেপ করিল ॥৬৯॥

ভীষণশব্দকারী, অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল ও অতিভীষণ সেই শক্তিটা যাইয়া তৎক্ষণাৎ ভীমের দক্ষিণবাহু ভেদ করিয়া ভূতলে পতিত হইল ॥৭০॥

মহাধনুর্দ্ধর, অমিতপরাক্রম ও গদাযুদ্ধবিশারদ ভীমসেন সেই শক্তিদ্বারা অত্যন্ত বিদ্ধ হইয়া গদা ধারণ করিলেন ॥৭১॥

স্বর্ণপট্টাবৃত, শত্রুগণের ভয়বর্দ্ধক ও বেগসহিষ্ণু এবং লৌহময় সেই গদা ধারণপূর্ব্বক গর্জ্জন করিতে থাকিয়া ভীমসেন বেগে মহাবল মণিমানের প্রতি ধাবিত হইলেন ॥৭২॥

---

(৭১)···কৌন্তেয়ঃ ক্রোধপর্য্যাকুলেক্ষণঃ—বা ব কা।

ভঙ্‌ক্ত্বা শূলং গদাগ্রেণ গদাযুদ্ধবিশারদঃ।
অভিদুদ্রাব তং হন্তুং গরুত্মানিব পন্নগম্ ॥৭৪॥
সোহন্তবীক্ষমবপ্লুত্য বিধূয় সহসা গদাম্।
প্রচিক্ষেপ মহাবাহুর্বিনদ্য বণমূর্দ্ধনি ॥৭৫॥
সেন্দ্রাশনিরিবেন্দ্রেণ বিসৃষ্টা বাতবংহসা।
হত্বা রক্ষঃ ক্ষিতিং প্রাপ্য কৃত্যেব নিপপাত হ ॥৭৬॥
তং রাক্ষসং ভীমবলং ভীমসেনেন পাতিতম্।
দদৃশুঃ সর্ব্বভূতানি সিংহেনেব গবাং পতিম্ ॥৭৭॥
তং প্রেক্ষ্য নিহতং ভূমৌ হতশেষা নিশাচবাঃ।
ভীমমার্ত্তস্ববং কৃত্বা জগ্মুঃ প্রাচীং দিশং প্রতি ॥৭৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে মণিমদ্বধে ত্রযস্ত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকৌমুদী

দীপ্যমানমিতি। মণিমান্ বাক্ষসোহপি। ভীমসেনায তদুপরি ॥৭৩॥
ভঙ্‌ক্ত্বেতি। গদাযুদ্ধবিশাবদো ভীমঃ। গরুত্মান্ গরুড়ঃ ॥৭৪॥
স ইতি। স ভীমঃ, অবপ্লুত্য উৎপ্লুত্য, বিধূয় বিভ্রাম্য ॥৭৫॥
সেতি। সা গদা, বাতবংহসা বায়ুবেগেন ভীমেন। কৃত্যেব আভিচাবিকী দেবতেব ॥৭৬॥
তমিতি। সর্ব্বভূতানি সর্ব্বে প্রাণিনঃ। গবাং পতিং মহাবৃষভম্ ॥৭৭॥

মণিমান্‌ও একটা উজ্জ্বল মহাশূল ধাবণ কবিযা গর্জ্জন কবতঃ মহাবেগে সেটাকে ভীমেব উপবে নিক্ষেপ কবিল ॥৭৩॥

তখন গদাযুদ্ধবিশাবদ ভীমসেন গদার অগ্রদ্বাবা সেই শূলটাকে ভগ্ন কবিযা গরুড় যেমন সর্পেব প্রতি ধাবিত হন, সেইরূপ মণিমান্‌কে বধ কবিবাব জন্য তাহাব প্রতি ধাবিত হইলেন ॥৭৪॥

এবং তৎক্ষণাৎ তিনি লম্ফপ্রদানপূর্ব্বক আকাশে উঠিযা গদা ঘূর্ণিত কবিয়া গর্জ্জন কবতঃ যুদ্ধস্থলে মণিমানেব উপবে সেই গদা নিক্ষেপ করিলেন ॥৭৫॥

তখন ইন্দ্রনিক্ষিপ্ত বজ্রেব ন্যায বাযুবেগে ভীমনিক্ষিপ্ত সেই গদা মণিমান্‌কে নিহত ও ভূপাতিত কবিয়া কৃত্যাব (অভিচাবদেবতাব) ন্যায পতিত হইল ॥৭৬॥

সেই সমযে সকল প্রাণীই সিংহকর্ত্তৃক নিপাতিত মহাবৃষের ন্যায় ভীমকর্ত্তৃক নিপাতিত মহাবল মণিমান্‌কে দেখিতে লাগিল ॥৭৭॥

---

* '…ষষ্ট্যধিক…'—বা ব কা পি, '…একষষ্ট্যধিক…'—নি।

চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা বহুবিধৈঃ শব্দৈর্বাধ্যমানাং গিরেগুহাম্।
অজাতশত্রুঃ কৌন্তেয়ো মাদ্রীপুত্রাবুভাবপি ॥১॥
ধৌম্যঃ কৃষ্ণা চ বিপ্রাশ্চ সর্ব্বে চ সুহৃদস্তথা।
ভীমসেনমপশ্যন্তঃ সর্ব্বে বিমনসোঽভবন্ ॥২॥ (যুগ্মকম্)
দ্রৌপদীমার্ষ্টিষেণায় সম্প্রধার্য্য মহারথাঃ।
সহিতাঃ সায়ুধাঃ শূরাঃ শৈলমারুরুহুস্তদা ॥৩॥
ততঃ সম্প্রাপ্য শৈলাগ্রং বীক্ষমাণা মহারথাঃ।
দদৃশুস্তে মহেষ্বাসা ভীমসেনমরিন্দমাঃ ॥৪॥

ভারতকৌমুদী

তমিতি। নিশাচরা রাক্ষসাঃ, ভীমং ভীষণম্, আর্ত্তস্বরম্ আর্ত্তনাদম্ ॥৭৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

শ্রুত্বেতি। বাধ্যমানাং প্রতিধ্বন্যাস্পদীক্রিয়মাণাম্। বিমনস উদ্বিগ্নচিত্তাঃ ॥১—২॥

দ্রৌপদীমিতি। সম্প্রধার্য্য আর্ষ্টিষেণান্তিকে অবস্থাপ্য। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৩॥

আর, হতাবশিষ্ট রাক্ষসেরা মণিমান্‌কে নিহত ও ভূতলপতিত দেখিয়া ভয়ঙ্কর আর্ত্তনাদ করিয়া পূর্ব্বদিকে পলায়ন করিল ॥৭৮॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—নিকটবর্ত্তী পর্ব্বতগুহার ভিতরে নানাবিধ যুদ্ধধ্বনির প্রতিধ্বনি হইতেছে ইহা শুনিয়া যুধিষ্ঠির, নকুল, সহদেব, ধৌম্য, দ্রৌপদী, ব্রাহ্মণগণ এবং বন্ধুগণ—ইঁহারা সকলেই ভীমকে না দেখিয়া উদ্বিগ্ন হইলেন ॥১—২॥

তখন মহারথ ও মহাবীর পাণ্ডবেরা দ্রৌপদীকে আর্ষ্টিষেণমুনির নিকটে রাখিয়া অস্ত্র-শস্ত্র লইয়া সম্মিলিত হইয়া পর্ব্বতের উপরে আরোহণ করিলেন ॥৩॥

তাহার পর মহারথ, মহাধনুর্দ্ধর ও শত্রুবিজয়ী পাণ্ডবেরা পর্ব্বতের উপরে যাইয়া সকল দিকে দৃষ্টিপাত করিয়া ভীমসেনকে দেখিতে পাইলেন, আরও

স্ফুরতশ্চ মহাকায়ান্ গতসত্ত্বাংশ্চ রাক্ষসান্।
মহাবলান্ মহাসত্ত্বান্ ভীমসেনেন পাতিতান্ ॥৫॥ (যুগ্মকম্)
শুশুভে স মহাবাহুর্গদাখড়্গধনুর্দ্ধরঃ।
নিহত্য সমরে সর্ব্বান্ দানবান্ মঘবানিব ॥৬॥
ততস্তে ভ্রাতরং দৃষ্ট্বা পরিষ্বজ্য মহারথাঃ।
তত্রোপবিবিশুঃ পার্থাঃ প্রাপ্তা গতিমনুত্তমাম্ ॥৭॥
তৈশ্চতুর্ভির্মহেষ্বাসৈর্গিরিশৃঙ্গমশোভত।
লোকপালৈর্মহাভাগৈর্দিবং দেববরৈরিব ॥৮॥
কুবেরসদনং দৃষ্ট্বা রাক্ষসাংশ্চ নিপাতিতান্।
ভ্রাতা ভ্রাতরমাসীনমব্রবীৎ পৃথিবীপতিঃ ॥৯॥

যুধিষ্ঠির উবাচ।

সাহসাদ্‌যদি বা মোহাদ্ভীম! পাপমিদং কৃতম্।
নৈতত্তে সদৃশং বীর! মুনেরিব মৃষা বধঃ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। স্ফুরতঃ স্পন্দমানান্, সদ্যো নিহতত্বাদিতি ভাবঃ। গতসত্ত্বান্ নির্গতপ্রাণান্। মহাসত্ত্বান্ মহাধ্যবসায়ান্ ॥৪—৫॥

শুশুভ ইতি। সর্ব্বান্ রাক্ষসান্, দানবান্ নিহত্য মঘবান্ ইন্দ্র ইব ॥৬॥

তত ইতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য। পার্থাঃ পাণ্ডবাঃ। গম্যত ইতি গতিঃ স্থানম্ ॥৭॥

তৈরিতি। চতুর্ভিঃ যুধিষ্ঠিরভীমনকুলসহদেবৈঃ। দিবং স্বর্গং ॥৮॥

কুবেরেতি। ভ্রাতা যুধিষ্ঠিরঃ, ভ্রাতরং ভীমম্ ॥৯॥

দেখিলেন—বিশালদেহ, মহাবল ও মহোত্তম রাক্ষসেরা ভীমকর্তৃক নিপাতিত এবং প্রাণহীন হইয়া তখনও স্পন্দিত হইতেছে (ছট্‌ফট্ করিতেছে) ॥৪—৫॥

ইন্দ্র যেমন যুদ্ধে দানবগণকে সংহার করিয়া শোভা পাইতেন, গদা, তরবারি ও ধনুর্দ্ধারী মহাবাহু ভীমসেনও যুদ্ধে রাক্ষসগণকে সংহার করিয়া তেমনই শোভা পাইতেছিলেন ॥৬॥

তদনন্তর মহারথ পাণ্ডবেরা ভ্রাতা ভীমকে দেখিয়া আলিঙ্গন করিয়া উত্তম স্থানে যাইয়া সেখানে উপবেশন করিলেন ॥৭॥

মহাত্মা ও দেবশ্রেষ্ঠ ইন্দ্র, যম, বরুণ ও কুবেরদ্বারা স্বর্গলোক যেমন শোভা পায়, তেমন মহাধনুর্দ্ধর যুধিষ্ঠির, ভীম, নকুল ও সহদেবদ্বারা সেই পর্ব্বতশৃঙ্গ শোভা পাইতে লাগিল ॥৮॥

তখন ভ্রাতা যুধিষ্ঠির কুবেরের ভবন ও নিহত রাক্ষসগণকে দেখিয়া উপবিষ্ট ভ্রাতা ভীমসেনকে বলিলেন ॥৯॥

রাজদ্বিষ্টং ন কর্ত্তব্যমিতি ধর্ম্মবিদো বিদুঃ।
ত্রিদশানামিদং দ্বিষ্টং ভীমসেন। ত্বয়া কৃতম্ ॥১১॥
অর্থধর্ম্মাবনাদৃত্য যঃ পাপে কুরুতে মনঃ।
কর্ম্মণাং পার্থ। পাপানাং স ফলং বিন্দতে ধ্রুবম্ ॥১২॥
সাহসং বত ভদ্রং তে দেবানামপি চাপ্রিয়ম্।
পুনরেবং ন কর্ত্তব্যং মম চেদিচ্ছসি প্রিযম্ ॥১৩॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা স ধর্ম্মাত্মা ভ্রাতা ভ্রাতরমচ্যুতঃ।
ভীমসেনং মহাবাহুমপ্রধৃষ্যপরাক্রমম্ ॥১৪॥
অর্থতত্ত্ববিভাগজ্ঞঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিবঃ।
বিববাম মহাতেজাস্তমেবার্থং বিচিন্তয়ন্ ॥১৫॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

সাহসাদিতি। যেন হি মুনেরিব অহিংসকস্থ বাক্ষসগণস্থ বধো মৃষা নির্হেতুকঃ ॥১০॥
রাজেতি। ত্রিদশানাং রক্ষকত্বান্মর্ত্ত্যলোকবাজভূতানামিত্যাশযঃ ॥১১॥
অর্থেতি। পাপানাং পাপজনকানাম্। বিন্দতে লভতে ॥১২॥
সাহসমিতি। বত খেদে। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ ॥১৩॥
এবমিতি। অচ্যুতো ধর্ম্মাদভ্রষ্টঃ। অর্থতত্ত্ববিভাগজ্ঞো বিষযপার্থক্যজ্ঞঃ ॥১৪ – ১৫॥

যুধিষ্ঠিব বলিলেন—"ভীম! বীব! তুমি হঠকাবিতাবশতঃ অথবা মোহবশতই এই পাপেব কার্য্য কবিয়াছ; ইহা তোমাব পক্ষে উচিত হয নাই। কাবণ, মুনিবধেব ন্যায এই বাক্ষসবধ বিনা কারণে হইয়াছে ॥১০॥

ভীমসেন! ধর্ম্মজ্ঞেবা বলেন যে, যাহাতে বাজাব বিদ্বেষ হইতে পাবে, তেমন কার্য্য কবিতে নাই। তুমি এটা দেবগণেব বিদ্বেষেব কার্য্য করিযাছ ॥১১॥

ভীমসেন! যে লোক ধর্ম্ম ও অর্থকে অগ্রাহ্য কবিয়া পাপে মনোনিবেশ কবে, সে লোক নিশ্চয়ই পাপকর্ম্মেব ফল ভোগ কবে ॥১২॥

তোমাব মঙ্গল হউক। তুমি যদি আমাব প্রিয়কার্য্য কবিতে ইচ্ছা কর, তাহা হইলে পুনরায় এরূপ হঠকাবিতার কার্য্য এবং দেবগণেব অপ্রিয় কার্য্য কবিও না" ॥১৩॥

বৈশম্পাযন বলিলেন—অর্থতত্ত্বের পার্থক্যাভিজ্ঞ, ধর্ম্মাত্মা, ধর্ম্মচাবী ও মহাতেজা ভ্রাতা যুধিষ্ঠিব মহাবাহু ও অজেয়বিক্রম ভ্রাতা ভীমসেনকে এইরূপ বলিযা বিরত হইলেন এবং সেই বিষয়ই চিন্তা করিতে লাগিলেন ॥১৪—১৫॥

---

(১৩) পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি। (১৪)···ভ্রাতরমচ্যুতম্—পি নি।

ততস্তে হতশিষ্টা যে ভীমসেনেন রাক্ষসাঃ।
সহিতাঃ প্রত্যপদ্যন্ত কুবেরসদনং প্রতি ॥১৬॥
তে জবেন মহাবেগাঃ প্রাপ্য বৈশ্রবণালয়ম্।
ভীমমার্ত্তস্বরং চক্রুর্ভীমসেনভয়ার্দ্দিতাঃ ॥১৭॥
ন্যস্তশস্ত্রায়ুধাঃ ক্লান্তাঃ শোণিতাক্ততনুচ্ছদাঃ।
প্রকীর্ণমূর্দ্ধজা রাজন্। যক্ষাধিপতিমব্রুবন্ ॥১৮॥
গদাপরিঘনিস্ত্রিংশ-তোমরপ্রাসযোধিনঃ।
রাক্ষসা নিহতাঃ সর্ব্বে তব দেব। পুরঃসরাঃ ॥১৯॥
আক্রম্য তরসা শৈলং মানুষেণ ধনেশ্বর।।
একেন নিহতাঃ সর্ব্বে বণে ক্রোধবশা গণাঃ ॥২০॥

ভাবতকৌমুদী

তত ইতি। হতশিষ্টা বিনাশিতাবশিষ্টাঃ। তে সহিতা মিলিতাঃ সন্তঃ, প্রত্যপদ্যন্ত অগচ্ছন্ ॥১৬॥

ত ইতি। জবেন বেগেন। বৈশ্রবণালয়ং কুবেরভবনম্। ভীমং ভয়ঙ্করম্ ॥১৭॥

ন্যস্তেতি। শস্ত্রং সন্নিধিপ্রহারসাধনম্, আয়ুধঞ্চ দূরপ্রহারসাধনমিতি ভেদাৎ পৃথগুক্তিঃ। শোণিতাক্ততনুচ্ছদা রুধিরাক্তকবচাঃ, প্রকীর্ণমূর্দ্ধজা বিক্ষিপ্তকেশাঃ ॥১৮॥

কিমব্রুবন্নিত্যাহ—গদেতি। পুরঃসরা নিয়মেন চিরাগ্রগামিনঃ ॥১৯॥

আক্রম্যেতি। তরসা বলেন। হে ধনেশ্বর। কুবের।। ক্রোধবশা নাম ॥২০॥

ভাবতভাবদীপঃ

শ্রুত্বেতি ॥১—২॥ সম্প্রধার্য্য রক্ষার্থং সমর্প্য ॥৩—৯॥ মুনেরিব বনবাসিনস্তে তবৈতন্ন সদৃশং নোচিতং যৎ মৃষা নির্নিমিত্তং বধো রক্ষসাং হিংসা ॥১০—১৫॥ সহিতা মিলিতাঃ ॥১৬—১৭॥

তাহার পর—ভীমসেন বধ করিবার পরে যাহারা অবশিষ্ট ছিল, সেই রাক্ষসেরা সম্মিলিত হইয়া কুবেরভবনের দিকে গমন করিল ॥১৬॥

মহাবেগগামী ও ভীমসেনের ভয়ে আকুল সেই রাক্ষসেরা সত্বর কুবেরের ভবনে উপস্থিত হইয়া ভয়ঙ্কর আর্ত্তনাদ করিল ॥১৭॥

রাজা। রক্তাক্তকবচ, বিকীর্ণকেশ ও পরিশ্রান্ত সেই রাক্ষসেরা অস্ত্র-শস্ত্র পরিত্যাগপূর্ব্বক যাইয়া কুবেরকে বলিল—॥১৮॥

"মহারাজ! আপনার অগ্রগামী এবং গদা, পরিঘ, তরবারি, তোমর ও প্রাসদ্বারা যুদ্ধকারী রাক্ষসেরা সকলেই নিহত হইয়াছে ॥১৯॥

ধনেশ্বর! একটা মানুষ বলপূর্ব্বক পর্ব্বত আক্রমণ করিয়া যুদ্ধে 'ক্রোধবশ'-নামক সমস্ত রাক্ষসকেই সংহার করিয়াছে! ॥২০॥

(২০) প্রগৃহ্য তরসা শৈলম্—বা ব কা নি।

প্রবরা রাক্ষসেন্দ্রাণাং যক্ষাণাঞ্চ ধনাধিপ !।
শেরতে নিহতা দেব ! গতসত্ত্বাঃ পরাসবঃ ॥২১॥
ভগ্নঃ শৈলো বয়ং ভগ্না মণিমাংস্তে সখা হতঃ।
মানুষেণ কৃতং কর্ম্ম বিধৎস্ব যদনন্তরম্ ॥২২॥
স তচ্ছ্রুত্বা তু সংক্রুদ্ধঃ সর্ব্বযক্ষগণাধিপঃ।
ক্রোধসংরক্তনয়নঃ কথমিত্যব্রবীদ্বচঃ ॥২৩॥
দ্বিতীয়মপরাধ্যন্তং ভীমং শ্রুত্বা ধনেশ্বরঃ।
চুক্রোধ যক্ষাধিপতির্যুজ্যতামিতি চাব্রবীৎ ॥২৪॥

ভারতকৌমুদী

প্ররা ইতি। গতসত্ত্বা নিবৃত্তাধ্যবসায়া নিষ্পন্দা ইত্যর্থঃ, পরাসবো মৃতাঃ ॥২১॥

ভগ্ন ইতি। ভগ্নাঃ পরাজিতাঃ। এতৎ সর্ব্বং কর্ম্ম। অনন্তরং যদ্বিধেয়ং তদ্বিধৎস্ব ॥২২॥

স ইতি। কথং কেন হেতুনা কেন প্রকারেণ বা মানুষেণেদৃশং কর্ম্ম কৃতমিত্যর্থঃ ॥২৩॥

দ্বিতীয়মিতি। দ্বিতীয়ং দ্বিতীয়বারম্। সৌগন্ধিকহরণকালে তদ্রক্ষিণাং হননেন প্রথমোঽপরাধঃ কৃতঃ, অয়ন্তু দ্বিতীয় ইত্যাশয়ঃ। এতেন "দ্বিতীয়মিব দ্বিতীয়ং ভয়হেতুম্" ইতি নীলকণ্ঠব্যাখ্যানং হেয়ম্। যুজ্যতাং রথ ইতি শেষঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

তনুচ্ছদঃ কবচাদিঃ ॥১৮—২১॥ লব্ধশেষাঃ লব্ধপ্রসাদাঃ। "শেষঃ সঙ্কর্ষণে বধে। অনন্তে না প্রসাদে চ" ইতি মেদিনী। লব্ধঃ শৈল ইতি গৌড়পাঠে তু লব্ধো ভীমেন জিতঃ, শৈলঃ শৈলস্থরাক্ষসগণঃ ॥২২—২৩॥ দ্বিতীয়মিব দ্বিতীয়ং ভয়হেতুম্। "দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতি"

দেব ! ধনেশ্বর ! রাক্ষসশ্রেষ্ঠগণ ও যক্ষশ্রেষ্ঠগণ নিহত, নিষ্পন্দ ও প্রাণহীন হইয়া শয়ন করিয়া রহিয়াছে ! ॥২১॥

পর্ব্বত ভাঙ্গিয়াছে, আমাদিগকে পরাজিত করিয়াছে এবং আপনার সখা মণিমান্‌কে বধ করিয়াছে; একটা মানুষই এই সকল কর্ম্ম করিয়াছে; অতএব ইহার পর যাহা কর্ত্তব্য হয়, তাহা করুন" ॥২২॥

সকল যক্ষগণের রাজা কুবের সেই কথা শুনিয়া অত্যন্ত ক্রুদ্ধ ও ক্রোধে আরক্তনয়ন হইয়া এই কথা বলিলেন যে—"একটা মানুষ কি কারণে বা কি প্রকারে এইরূপ করিল !" ॥২৩॥

ধনেশ্বর কুবের ভীমসেনকে দ্বিতীয়বার অপরাধ করিতে শুনিয়া ক্রুদ্ধ হইলেন এবং বলিলেন—"আমার রথ প্রস্তুত কর" ॥২৪॥

---

(২২) লব্ধশেষা বয়ং মুক্তা মণিমাংস্তে—বা ব কা দি। (২৩) স তচ্ছ্রুত্বা সুসংক্রুদ্ধঃ—বা ব কা, ...এতচ্ছ্রুত্বা তু সংরব্ধঃ—পি।

অথাব্‌ভ্রঘনসঙ্কাশং গিবিশৃঙ্গমিবোচ্ছ্রিতম্ ।
রথং সংযোজয়ামাসুর্গান্ধর্ব্বৈর্হেমমালিভিঃ ॥২৫॥
তস্য সর্ব্বগুণোপেতা বিমলাক্ষা হয়োত্তমাঃ ।
তেজোবলগুণোপেতা নানারত্নবিভূষিতাঃ ॥২৬॥
শোভমানা বথে যুক্তাস্তবিষ্যন্ত ইবাশুগাঃ ।
হ্রেষয়ামাসুরন্যোন্যং হ্রেষিতৈর্বিজয়াবহৈঃ ॥২৭॥ (যুগ্মকম্)
স তমাস্থায় ভগবান্ বাজবাজো মহাবথম্ ।
প্রযযৌ দেবগন্ধর্ব্বৈস্তূয়মানো মহাদ্যুতিঃ ॥২৮॥
তং প্রয়ান্তং মহাত্মানং সর্ব্বে যক্ষা ধনাধিপম্ ।
অনুজগ্মুর্মহাত্মানং ধনদং ঘোবদর্শনাঃ ॥২৯॥
বক্তাক্ষা হেমসঙ্কাশা মহাকায়া মহাবলাঃ ।
সাযুধা বদ্ধনিস্ত্রিংশা যক্ষা দশশতাববাঃ ॥৩০॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

অথেতি। অথ যক্ষাঃ, অপো বিভর্ত্তীতি অব্‌ভ্রো জলপূর্ণো যো ঘনো মেঘস্তৎসঙ্কাশম্, গিবিশৃঙ্গমিব উচ্ছ্রিতমুচ্চং বথম্, হেমমালিভিঃ, গান্ধর্ব্বৈরশ্বৈঃ, সংযোজবামাসুঃ ॥২৫॥

তস্যেতি। বিমলাক্ষা নির্ম্মলনয়নাঃ। আশুগা দ্রুতগামিনঃ। হ্রেষিতৈঃ শব্দৈঃ ॥২৬—২৭॥

স ইতি। আস্থায আশ্রিত্য আরুহ্যেতি যাবৎ, রাজরাজঃ কুবেরঃ ॥২৮॥

তমিতি। মহাত্মানং প্রশস্তবুদ্ধিম্, মহাত্মানং প্রশস্তদেহমিত্যপৌনরুক্ত্যম্। রক্তাক্ষা রক্তনয়নাঃ। দশ শতান্যেব অবরাণি নিকৃষ্টকোটয়ো যেষাং তে ॥২৯—৩০॥

তাহাব পর যক্ষেরা—জলপূর্ণ মেঘের ন্যায় শ্যামবর্ণ এবং পর্ব্বতশৃঙ্গের ন্যায় উচ্চ একখানা রথে স্বর্ণমালাভূষিত অশ্ব আনিযা সংযুক্ত কবিল ॥২৫॥

তখন সর্ব্বগুণসম্পন্ন, নির্ম্মলনযন, তেজ ও বলশালী, আকাশে উড়িতে থাকিযাই যেন দ্রুতগামী, সুন্দবাকৃতি ও নানাবত্নে অলঙ্কৃত রথসংযুক্ত সেই উৎকৃষ্ট অশ্বগুলি জয়সূচক হ্রেবাববে পরস্পর বব কবিতে লাগিল ॥২৬—২৭॥

তদনন্তর ঐশ্বর্য্যশালী ও মহাতেজা কুবেব সেই মহাবথে আবোহণ করিয়া গমন করিতে লাগিলেন; তখন দেবগণ ও গন্ধর্ব্বগণ তাঁহার স্তব কবিতে থাকিলেন ॥২৮॥

প্রশস্তবুদ্ধি ও সুন্দবমূর্ত্তি কুবের প্রস্থান করিলে, ঘোবদর্শন যক্ষেবা সকলে তাঁহাব অনুগমন করিল, সে যক্ষগণের নয়ন রক্তবর্ণ, শরীর স্বর্ণবর্ণ, আকৃতি

---

(২৯) দ্বিতীয়ার্দ্ধং বা ব ক্ষা পি নাস্তি। (৩০)···যক্ষা বহুশতায়ুধাঃ—নি।

তে জবেন মহাবেগাঃ প্লবমানা বিহায়সা।
গন্ধমাদনমাজগ্মুঃ প্রকর্ষন্ত ইবাম্বরম্ ॥৩১॥
তৎ কেসরিমহাজালং ধনাধিপতিপালিতম্।
রম্যঞ্চৈব গিরেঃ শৃঙ্গমাসেদুর্যত্র পাণ্ডবাঃ ॥৩২॥
কুবেরঞ্চ মহাত্মানং যক্ষরক্ষোগণাবৃতম্।
দদৃশুর্হৃষ্টরোমাণঃ পাণ্ডবাঃ প্রিয়দর্শনম্ ॥৩৩॥
কুবেরস্তু মহাসত্ত্বান্ পাণ্ডোঃ পুত্রান্ মহারথান্।
আত্তকার্ম্মুকনিস্ত্রিংশান্ দৃষ্ট্বা প্রীতোঽভবত্তদা ॥৩৪॥
সর্ব্বে চেমে নরব্যাঘ্রাঃ পুরন্দরসমৌজসঃ।
দেবকার্য্যং করিষ্যন্তি হৃদয়েন তুতোষ হ ॥৩৫॥

ভারতকৌমুদী

তে ইতি। জবেন বেগেন। প্লবমানা উড্ডয়মানাঃ। প্রকর্ষন্ত আকর্ষন্ত ইব ॥৩১॥

তদিতি। কেসরিণাং কুবেরস্যৈব সৈন্যান্তরবাহনীভূতানাম্ অশ্বানাং মহৎ জালং সমূহো যত্র তৎ। আসেদুঃ প্রাপুঃ তে যক্ষা ইতি শেষঃ। যত্র পাণ্ডবা আসন্ ॥৩২॥

কুবেরমিতি। হৃষ্টরোমাণঃ দেবদর্শনাশ্চর্য্যাদেব রোমাঞ্চিতদেহাঃ ॥৩৩॥

কুবের ইতি। মহাসত্ত্বান্ মহাবলান্। বীরদর্শনে বীরপ্রীতেঃ স্বাভাবিকত্বাদিতি ভাবঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

ইতি শ্রুতেঃ। যুজ্যতাং রথ ইতি শেষঃ ॥২৪॥ অভ্রঘনঃ সজলমেঘঃ। "অভ্রং মেঘে চ গগনে ধাতুভেদে চ কাঞ্চনে" ইতি মেদিনীকোষাৎ কাঞ্চনমেঘসঙ্কাশমিতি বা। গন্ধর্ব্বৈ-র্হয়ৈর্যোজয়ামাসুঃ যক্ষা ইতি শেষঃ ॥২৫॥ বিমলাক্ষাঃ দশাবর্ত্তশুদ্ধাঃ ॥২৬—৩১॥ কেশরি-

---

বিশাল এবং বল অসাধারণ ছিল; আর তাহারা নানাবিধ অস্ত্র ও তরবারি ধারণ করিয়াছিল এবং সংখ্যায় অন্যূন সহস্র ছিল ॥২৯—৩০॥

মহাবেগশালী সেই যক্ষেরা বেগে আকাশপথে গমন ও আকাশটাকে যেন আকর্ষণ করিতে থাকিয়া গন্ধমাদনপর্ব্বতে আসিয়া উপস্থিত হইল ॥৩১॥

ক্রমে, যেখানে পাণ্ডবেরা অবস্থান করিতেছিলেন, সেই কুবেররক্ষিত মনোহর পর্ব্বতশৃঙ্গে যাইয়া তাহারা অবতরণ করিল, সেখানে পূর্ব্বেও কুবেরের অনেক অশ্বারোহী সৈন্য আসিয়াছিল ॥৩২॥

তখন পাণ্ডবেরা রোমাঞ্চিতদেহ লইয়া যক্ষ ও রাক্ষসগণে পরিবেষ্টিত, মহাত্মা ও প্রিয়দর্শন কুবেরকে দর্শন করিতে লাগিলেন ॥৩৩॥

কুবেরও—মহাবল, মহারথ এবং ধনু ও তরবারিধারী পাণ্ডবগণকে দেখিয়া আনন্দিত হইলেন ॥৩৪॥

---

(৩২) পরার্দ্ধং বা ব কা পি ন দৃশ্যতে। (৩৫) প্রথমার্দ্ধং বা ব কা পি ন বর্ত্ততে। দেবকার্য্যং চিকীর্ষন্ সঃ—বা ব কা পি।

তে পক্ষিণ ইবাপেতুর্গিরিশৃঙ্গং মহাজবাঃ।
তস্থুস্তেষাং সমভ্যাসে ধনেশ্বরপুরঃসরাঃ ॥৩৬॥
ততস্তং হৃষ্টমনসং পাণ্ডবান্ প্রতি ভারত !।
সমীক্ষ্য যক্ষগন্ধর্ব্বা নির্বিকারমবস্থিতাঃ ॥৩৭॥
পাণ্ডবাশ্চ মহাত্মানঃ প্রণম্য ধনদং প্রভুম্।
নকুলঃ সহদেবশ্চ ধর্ম্মপুত্রশ্চ ধর্ম্মবিৎ ॥৩৮॥
অপরাদ্ধমিবাত্মানং মন্যমানা মহারথাঃ।
তস্থুঃ প্রাঞ্জলয়ঃ সর্ব্বে পরিবার্য্য ধনেশ্বরম্ ॥৩৯॥ (যুগ্মকম্)
শয্যাসনযুতং শ্রীমৎ পুষ্পকং বিশ্বকর্ম্মণা।
বিহিতং চিত্রপর্য্যন্তমাতিষ্ঠত ধনাধিপঃ ॥৪০॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। হৃদয়েন তুতোষ, উক্তরূপং বিভাব্যেতি শেষঃ ॥৩৫॥
ত ইতি। তে যক্ষাঃ, আপেতুঃ আজগ্মুঃ। তেষাং পাণ্ডবানাম্, সমভ্যাসে সমীপে ॥৩৬॥
তত ইতি। তং কুবেরম্। নির্বিকারং ক্রোধবিকারহীনং যথা স্যাত্তথা ॥৩৭॥
পাণ্ডবা ইতি। ধনদং কুবেরম্। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৩৮—৩৯॥
শয্যেতি। পুষ্পকং নাম বিমানং ভূতলাবতীর্ণমিতি মন্তব্যং তৎপরিবেষ্টনদর্শনাৎ। চিত্রপর্য্যন্তম্ আশ্চর্য্যশেষসীমীভূতম্, আতিষ্ঠত অবালম্বত। রথারোহণেন কুবেরস্যাগমনেঽপি পশ্চাৎ পুষ্পকং বিমানমাগতম্, তদেব বা রথত্বেন প্রাগুক্তম ॥৪০॥

ইন্দ্রের তুল্য তেজস্বী এই সকল পুরুষশ্রেষ্ঠ দেবকার্য্য সাধন করিবেন, ইহা ভাবিয়া কুবের মনে মনে বিশেষ সন্তুষ্ট হইলেন ॥৩৫॥

ক্রমে সেই মহাবেগশালী ও কুবেরের অগ্রগামী যক্ষেরা পক্ষিগণের ন্যায় পর্ব্বতশৃঙ্গে আসিয়া উপস্থিত হইল এবং পাণ্ডবগণের নিকট যাইয়া অবস্থান করিল ॥৩৬॥

ভরতনন্দন! তাহার পর যক্ষেরা ও গন্ধর্ব্বেরা কুবেরকে পাণ্ডবগণের প্রতি সন্তুষ্টচিত্ত দেখিয়া নির্বিকারে অবস্থান করিতে লাগিল ॥৩৭॥

এদিকে মহাত্মা, মহারথ ও ধর্ম্মবিৎ পাণ্ডুনন্দন যুধিষ্ঠির, নকুল ও সহদেব—ইহারা সকলেই প্রভাবশালী কুবেরকে প্রণাম করিয়া এবং আপনাদিগকে অপরাধী বলিয়া মনে করিয়া, কুবেরকে পরিবেষ্টনপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩৮—৩৯॥

---

(৩৬) তে পক্ষিণ ইবাগম্য সর্ব্বে সঙ্কল্পরংহসঃ—পি। (৩৭) নির্বিশঙ্কা ব্যবস্থিতাঃ—পি। (৪০) স হ্যাসনবরং শ্রীমান্—বা ব কা, শয্যাসনপরং ধীমান্—পি।

তমাসীনং মহাকায়াঃ শঙ্কুকর্ণা মহাজবাঃ।
উপোপবিবিশুর্যক্ষা রাক্ষসাশ্চ সহস্রশঃ ॥৪১॥
শতশশ্চৈব গন্ধর্ব্বাস্তথৈবাপ্সরসাং গণাঃ।
পরিবার্য্য স্ম তিষ্ঠন্তি যথা দেবং শতক্রতুম্ ॥৪২॥
কাঞ্চনীং শিরসা বিভ্রদ্ভীমসেনঃ স্রজং শুভাম্।
বাণখড়্গধনুষ্পাণিরুদৈক্ষত ধনাধিপম্ ॥৪৩॥
ভীমসেনস্য ন গ্লানির্বিক্ষতস্যাপি রাক্ষসৈঃ।
আসীত্তস্যামবস্থায়াং কুবেরমপি পশ্যতঃ ॥৪৪॥
আদদানং শিতান্ বাণান্ যোদ্ধুকামমবস্থিতম্।
দৃষ্ট্বা ভীমং ধর্ম্মসুতমব্রবীন্নরবাহনঃ ॥৪৫॥

ভাবতকৌমুদী

তমিতি। শঙ্কুকর্ণাঃ শঙ্কুবৎ ক্রমিকসূক্ষ্মাগ্রকর্ণাঃ, মহাজবা মহাবেগাঃ ॥৪১॥
শতশ ইতি। পবিবার্য্য পবিবেষ্ট্য তিষ্ঠন্তি স্ম। শতক্রতুমিন্দ্রম্ ॥৪২॥
কাঞ্চনীমিতি। কাঞ্চনীং স্বর্ণময়ীম্। উদৈক্ষত, যুদ্ধায সাটোপভাবেনেতি ভাবঃ ॥৪৩॥
ভীমেতি। গ্লানির্বিষাদো নাসীৎ, বিপক্ষদর্শনেন উৎসাহোদ্রেকাদিত্যাশযঃ ॥৪৪॥
আদদানমিতি। আদদানং গৃহ্ণন্তম্। ধর্ম্মসুতং যুধিষ্ঠিবম্, নববাহনঃ কুবেবঃ ॥৪৫॥

আব কুবেব – শয্যা ও আসনযুক্ত, পবমসুন্দর এবং আশ্চর্য্যেব চরমস্থানে অবস্থিত বিশ্বকর্ম্মনির্ম্মিত 'পুষ্পক'-বিমানেই অবস্থান করিতে লাগিলেন ॥৪০॥

এবং বিশাল শবীব, শঙ্কুতুল্য-(পেরেকের মত) কর্ণ ও মহাবেগশালী সহস্র সহস্র যক্ষ ও বাক্ষস কুবেবেব নিকটে নিকটে উপবেশন কবিল ॥৪১॥

আর, শত শত গন্ধর্ব্ব ও অপ্সবা ইন্দ্রেব ন্যায়ই কুবেবকে পবিবেষ্টন করিয়া অবস্থান কবিতে লাগিল ॥৪২॥

এই সময়ে মস্তকে সুলক্ষণস্বর্ণমালাধাবী ভীমসেন ধনু, বাণ ও তববারি ধারণ কবিয়া কুবেবেব প্রতি দৃষ্টিপাত কবিতে লাগিলেন ॥৪৩॥

বাক্ষসেবা ভীমেব শবীরটাকে ক্ষত-বিক্ষত করিযাছিল এবং তিনি কুবেবকে দেখিতেছিলেন ; সে অবস্থাতেও তাঁহাব কোন গ্লানি হয নাই ॥৪৪॥

ভীমসেন যুদ্ধ কবিবাব ইচ্ছায় শিলাশাণিত বাণ ধাবণ করিয়া বহিয়াছেন, ইহা দেখিয়া কুবেব যুধিষ্ঠিবকে বলিলেন—॥৪৫॥

---

(৪২) শতশশ্চাপি···পরিবার্য্যোপতিষ্ঠন্ত যথা দেবাঃ শতক্রতুম্—বা ব কা।
(৪৩)···পাশখড়্গধনুষ্পাণিঃ—বা ব কা। (৪৪) ন ভীর্ভীমস্য ন গ্লানির্বীক্ষিতস্যাপি রাক্ষসৈঃ। ···কুবেরমধিপশ্যতঃ—পি।

বিদুস্ত্বাং সর্ব্বভূতানি পার্থ ! ভূতহিতে রতম্ ।
নির্ভযঞ্চাপি শৈলাগ্রে বস ত্বং ভ্রাতৃভিঃ সহ ॥৪৬॥
ন চ মন্যুস্ত্বযা কার্য্যো ভীমসেনস্য পাণ্ডব ! ।
কালেনৈতে হতাঃ পূর্ব্বং নিমিত্তমনুজস্তব ॥৪৭॥
ব্রীড়া চাত্র ন কর্ত্তব্যা সাহসং যদিদং কৃতম্ ।
দৃষ্টশ্চাপি সুবৈঃ পূর্ব্বং বিনাশো যক্ষবাক্ষসাম্ ॥৪৮॥
ন ভীমসেনে কোপো মে প্রীতোঽস্মি ভবতর্ষভ ! ।
কর্ম্মণা ভীমসেনস্য মম তুষ্টিবভূৎ পরা ॥৪৯॥

বৈশম্পায়ন উবাচ ।

এবমুক্ত্বা তু বাজানং ভীমসেনমভাষত ।
নৈতন্মনসি মে তাত ! বর্ত্ততে কুরুসত্তম ! ॥৫০॥
যদিদং সাহসং ভীম ! কৃষ্ণার্থে কৃতবানসি ।
মামনাদৃত্য দেবাংশ্চ বিনাশং যক্ষরক্ষসাম্ ॥৫১॥

ভাবতকৌমুদী

বিদুরিতি । সর্ব্বভূতানি সর্ব্ব এব প্রাণিনঃ । নির্ভয়ং যথা স্যাত্তথা ॥৪৬॥
নেতি । মন্যুঃ ক্রোধঃ, ভীমসেনস্যোপবি । অনুজো ভীমসেনঃ ॥৪৭॥
ব্রীডেতি । ব্রীডা লজ্জা, সাহসং হঠকাবিত্বম্ । দৃষ্টো ধ্যানেনাবগতঃ ॥৪৮॥
নেতি । কর্ম্মণা যক্ষরাক্ষসবধেন । এতৎকাবণন্তু অনুপদমেবাখ্যাযতে ॥৪৯॥

"পৃথানন্দন ! তুমি প্রাণিগণের হিতে নিবত আছ, ইহা সকল প্রাণীই জানে ; অতএব তুমি ভ্রাতাদেব সহিত নির্ভয়ে এই পর্ব্বতেব উপবে বাস কব ॥৪৬॥

পাণ্ডুনন্দন ! তুমি ভীমেব উপবে ক্রোধ কবিও না । কাবণ, কালই পূর্ব্বে ইহাদিগকে সংহাব করিয়াছে ; সুতবাং তোমাব কনিষ্ঠ ভ্রাতা ইহার নিমিত্ত-মাত্র ॥৪৭॥

আব, ভীম এই যে হঠকাবিতা কবিযাছে, এ বিষয়ে তুমি লজ্জাও কবিও না । কারণ, যক্ষ-বাক্ষসগণেব বিনাশ হইবে বলিয়া দেবতাবা পূর্ব্বেই জানিতে পাবিয়াছিলেন ॥৪৮॥

ভবতশ্রেষ্ঠ ! আমাবও ভীমসেনের উপবে ক্রোধ হয নাই, ববং প্রীতিই হইয়াছে । কাবণ, আমি ভীমসেনেব এই কার্য্যে পবম সন্তুষ্ট হইয়াছি" ॥৪৯॥

বৈশম্পায়ন কহিলেন—কুবেব যুধিষ্ঠিবকে এইরূপ বলিযা ভীমকে বলি-লেন—"বৎস কুরুশ্রেষ্ঠ ভীমসেন ! তুমি দ্রৌপদীব জন্য নিজেব বাহুবলমাত্র

(৪৬) বদন্তি সর্ব্বভূতানি···নির্ভয়শ্চাপি—পি ।

স্ববাহুবলমাশ্রিত্য তেনাহং প্রীতিমাংস্ত্বয়ি।
শাপাদদ্য বিনির্ম্মুক্তো ঘোরাদস্মি বৃকোদব! ॥৫২॥ (বিশেষকম্)
অহং পূর্ব্বমগস্ত্যেন ক্রুদ্ধেন পবমর্ষিণা।
শপ্তোঽপবাধে কস্মিংশ্চিত্তস্যৈষা নিষ্কৃতিঃ কৃতা ॥৫৩॥
দৃষ্টো হি মম সংক্লেশঃ পুরা পাণ্ডবনন্দন!।
ন তবাত্রাপরাধোঽস্তি কথঞ্চিদপি শত্রুহন্! ॥৫৪॥

যুধিষ্ঠির উবাচ।

কথং শপ্তোঽসি ভগবন্নগস্ত্যেন মহাত্মনা।
শ্রোতুমিচ্ছাম্যহং দেব! তবৈতচ্ছাপকাবণম্ ॥৫৫॥
ইদঞ্চাশ্চর্য্যভূতং মে যৎ ক্রোধাত্তস্য ধীমতঃ।
তদৈব ত্বং ন নির্দগ্ধঃ সবলঃ সপদানুগঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

এবমিতি। রাজানং যুধিষ্ঠিবম্। অভাষত কুবেব ইতি শেষঃ। হে তাত। বৎস। কৃষ্ণার্থে দ্রৌপদীনিমিত্তে। বিনাশং তদ্রূপং সাহসং হঠকাবিতাম্। অস্মি অহম্ ॥৫০—৫২॥

অথ কোঽসৌ শাপ ইত্যাহ—অহমিতি। নিষ্কৃতির্নিবৃত্তিঃ ॥৫৩॥

দৃষ্ট ইতি। দৃষ্টো ধ্যানেন ময়ৈবাবগতঃ, সংক্লেশো যক্ষাদিবধরূপং দুঃখম্ ॥৫৪॥

কথমিতি। হে ভগবন্। ঐশ্বর্য্যশালিন্। ঐশ্বর্য্যাণি চাণিমাদীনি ॥৫৫॥

ইদমিতি। তস্য অগস্ত্যস্য সবলঃ সসৈন্যঃ, সপদানুগঃ সানুচরঃ ॥৫৬॥

অবলম্বনপূর্ব্বক আমাকে ও দেবগণকে অগ্রাহ্য করিয়া এই যে—যক্ষ ও রাক্ষস-বধরূপ সাহসেব কার্য্য কবিয়াছ, ইহা আমাব মনে নাই; বিশেষতঃ, আমি ইহাতে তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি। কাবণ, বৃকোদব! আমি আজ ভয়ঙ্কর শাপ হইতে মুক্ত হইলাম ॥৫০—৫২॥

পূর্ব্বে মহর্ষি অগস্ত্য কোন অপবাধবশতঃ ক্রুদ্ধ হইয়া আমাকে অভিসম্পাত কবিয়াছিলেন; তুমি এই তাহাব নিবৃত্তি করিয়াছ ॥৫৩॥

পাণ্ডুনন্দন! আমিই পূর্ব্বে আমাব এই কষ্টেব বিষয় জানিয়াছিলাম; সুতরাং শত্রুহন্তা! এ বিষয়ে তোমাব কোনও অপরাধ নাই” ॥৫৪॥

যুধিষ্ঠির বলিলেন—“ভগবন্! মহাত্মা অগস্ত্য কেন আপনাকে অভিসম্পাত কবিয়াছিলেন? দেব! আমি আপনার এই অভিসম্পাতের কারণ শুনিতে ইচ্ছা করি ॥৫৫॥

আব, এইটাই আমার আশ্চর্য্য বোধ হইতেছে যে, সেই জ্ঞানী মহর্ষিব ক্রোধে তখনই আপনি সৈন্য ও অনুচরগণের সহিত একেবাবে দগ্ধ হইয়া যান নাই!” ॥৫৬॥

ধনেশ্বর উবাচ।

দেবতানামভূন্মন্ত্রঃ কুশবত্যাং নবেশ্বব ! ।
বৃতস্তত্রাহমগমং মহাপদ্মশতৈস্ত্রিভিঃ ॥৫৭॥
যক্ষাণাং ঘোবরূপাণাং বিবিধায়ুধধারিণাম্ ।
অধ্বন্যহমথাপশ্যমগস্ত্যমৃষিসত্তমম্ ॥৫৮॥
উগ্রং তপস্তপ্যমানং যমুনাতীরমাশ্রিতম্ ।
নানাপক্ষিগণাকীর্ণং পুষ্পিতদ্রুমশোভিতম্ ॥৫৯॥ (বিশেষকম্)
তমূর্দ্ধবাহুং দৃষ্ট্বা তু সূর্য্যস্যাভিমুখে স্থিতম্ ।
তেজোবাশিং দীপ্যমানং হুতাশনমিবৈধিতম্ ॥৬০॥
বাক্ষসাধিপতিঃ শ্রীমান্ মণিমান্ নাম মে সখা ।
মৌর্খ্যাদজ্ঞানভাবাচ্চ দর্পান্মোহাচ্চ পার্থিব ! ।
ন্যষ্ঠীবদাকাশগতো মহর্ষেস্তস্য মূর্দ্ধনি ॥৬১॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

তমত্রির্গন্তুমারেভে বিত্তার্থমিতি নঃ শ্রুতম্ ।
ভূয়োঽর্থং নান্বরুধ্যৎ স ধর্ম্মব্যক্তিনিদর্শনাৎ ॥২॥

ভারতকৌমুদী

এবমিতি । তে হৈহয়বংশীয়াঃ । মহামুনিং তার্ক্ষ্যম্ ॥২৩॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভূয় ইতি। ভূয় এব পুনরপি। দীক্ষিতঃ প্রবৃত্ত আসীদিতি শেষঃ ॥১॥
তমিতি। আরেভে উদ্যতো বভূব। কিন্তু ভূয়ঃ পুনঃ, অর্থং ধনম্, নান্বরুধ্যৎ নাপেক্ষত।

ভারতভাবদীপঃ

মৃত্যুজয়হেতুঃ পূর্ব্বোক্তঃ সত্যাদিধর্ম্মো বনস্থানামেব যুজ্যতে, ন তু গৃহস্থানাম্, তেষাং দুষ্প্রতিগ্রহব্রহ্মবিদ্বেষাদিনা দোষপ্রসক্ত্যা তাদৃশধর্ম্মাসম্ভবাদিত্যাশয়বানধ্যায়মারভতে—ভূয় ইতি ॥১॥ সোঽত্রিরর্থং ভূয়ো নান্বরুধ্যৎ অত্যন্তমর্থার্থী ন বভূব। কুতঃ ধর্ম্মব্যক্তির্ধর্ম্মস্য ফল-

---

ভরতশ্রেষ্ঠ! "এইরূপই হউক" এই কথা বলিয়া সেই রাজারা সকলে সেই মহর্ষিকে অভিবাদন করিয়া স্বদেশে গমন করিলেন" ॥২৩॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"যুধিষ্ঠির! পুনরায় তুমি আমার নিকট ব্রাহ্মণগণের গুরুতর ভাগ্যের বিষয় শ্রবণ কর। এই ভূমণ্ডলে বৈণ্যনামে এক রাজর্ষি অশ্বমেধ-যজ্ঞে দীক্ষিত হইয়াছিলেন ॥১॥

---

* '...চতুরশীত্যধিক...'—বা ব কা, '...ষড়শীত্যধিক...'—পি, '...সপ্তাশীত্যধিক...'—নি।

স বিচিন্ত্য মহাতেজা বনমেবান্ববোচয়ৎ।
ধর্ম্মপত্নীং সমাহূয় পুত্রাংশ্চেদমুবাচ হ ॥৩॥
প্রাপ্স্যামঃ ফলমত্যন্তং বহুলং নিরুপদ্রবম্।
অরণ্যগমনং ক্ষিপ্রং বোচতাং বো গুণাধিকম্ ॥৪॥
তং ভার্য্যা প্রত্যুবাচাথ ধর্ম্মমেবানুতন্বতী।
বৈণ্যং গত্বা মহাত্মানমর্থয়স্ব ধনং বহু ॥৫॥
স তে দাস্যতি রাজর্ষির্যজমানোঽর্থিতো ধনম্।
তত আদায় বিপ্রর্ষে! প্রতিগৃহ্য ধনং বহু ॥৬॥
ভৃত্যান্ সুতান্ সংবিভজ্য ততো ব্রজ যথেপ্সিতম্।
এষ বৈ পবমো ধর্ম্মো ধর্ম্মবিদ্ভিরুদাহৃতঃ ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ধর্ম্মাণাং ধনদ্বাবা নিষ্পাদ্যমানানাং যজ্ঞাদীনাং ব্যক্তির্লোকেষু প্রকাশস্তস্য নিদর্শনাৎ নিরূপণাৎ। "পুণ্যং ক্ষযতি কীর্ত্তনাৎ" ইতি ন্যাযেন প্রকাশেনাপি ধর্ম্মক্ষয ইতি ভাবঃ ॥২॥

স ইতি। বনং গন্তমিতি শেষঃ, অন্ববোচযৎ ঐচ্ছৎ। আর্ষত্বাৎ স্বার্থে ইন্ ॥৩॥

প্রেতি। ফলং মুক্তিরূপম্। গুণঃ ফলম্ অধিকো যেন তৎ ॥৪॥

তমিতি। ধর্ম্মং যাগাদিকার্য্যমেব, অনুতন্বতী ধনার্জ্জনাৎ পবং বিস্তাবেণ কর্ত্তুমিচ্ছন্তী ॥৫॥

স ইতি। ততো বৈণ্যাৎ, বহু ধনং প্রতিগৃহ্য আদায। ধর্ম্মবিদ্ভির্মন্বাদিভিরুদাহৃতঃ, "ভরণং পোষ্যবর্গাণাং প্রশস্তং স্বর্গসাধনম্" ইত্যাদিনেতি ভাবঃ ॥৬—৭॥

ভাবতভাবদীপঃ

দ্বাবাঽভিবক্তিঃ ফলব্যক্ত্যা হি ধর্ম্মো নশ্যত্যতস্তদ্রক্ষণার্থং নৈচ্ছদিত্যর্থঃ ॥২॥ বনং গন্তমিতি শেষঃ ॥৩॥ নিরুপদ্রবমক্ষযং মোক্ষাখ্যম্ ॥৪॥ ধর্ম্মং যজ্ঞাদিকমনুতন্বতী বিস্তাবযন্তী।

আমাদেব শুনা আছে—মহর্ষি অত্রি ধনের জন্য প্রথমে তাঁহাব নিকট গমনে উদ্যত হন, আবার ধর্ম্ম প্রকাশ পাইবে ভাবিয়া ধন আনয়নে নিবৃত্ত হন ॥২॥

ক্রমে মহাতেজা অত্রি বিশেষ চিন্তা কবিয়া বনগমনেরই ইচ্ছা কবেন এবং ধর্ম্মপত্নীকে ও পুত্রগণকে ডাকিয়া এই কথা বলেন—॥৩॥

"বনে গেলে আমবা নিরুপদ্রবে অতিপ্রচুব ফল লাভ কবিব; অতএব সত্বরই তোমাদের অধিক ফলজনক বনগমনে ইচ্ছা হউক" ॥৪॥

তাহার পব অত্রিব ভার্য্যা বিস্তৃতভাবে ধর্ম্মকার্য্য কবিবাব ইচ্ছা কবিয়া তাঁহাকে বলিলেন—"আপনি মহাত্মা বৈণ্যবাজাব নিকট যাইয়া প্রচুব ধন প্রার্থনা করুন ॥৫॥

ব্রহ্মর্ষি! আপনি প্রার্থনা করিলেই যজ্ঞপ্রবৃত্ত বাজর্ষি বৈণ্য ধন দান

কথিতো মে মহাভাগে ! গৌতমেন মহাত্মনা।
বৈণ্যো ধর্ম্মার্থসংযুক্তঃ সত্যব্রতসমন্বিতঃ ॥৮॥
দ্বেষ্টারঃ কিন্তু নঃ সন্তি বসন্তস্তত্র বৈ দ্বিজাঃ।
যথা মে গৌতমঃ প্রাহ ততো ন ব্যবসাম্যহম্ ॥৯॥
তত্র স্ম বাচং কল্যাণীং ধর্ম্মকামার্থসংহিতাম্।
মযোক্তামন্যথা ব্রূয়ুস্ততস্তে বৈ নিরর্থিকাম্ ॥১০॥
গমিষ্যামি মহাপ্রাজ্ঞে। রোচতে মে বচস্তব।
গাশ্চ মে দাস্যতে বৈণ্যঃ প্রভূতঞ্চার্থসঞ্চযম্ ॥১১॥

ভারতকৌমুদী

কথিত ইতি। ধর্ম্মো যাগাদিঃ অর্থশ্চ রাজ্যরক্ষাদিস্তাভ্যাং সংযুক্তস্তদনুষ্ঠানরতঃ ॥৮॥

দ্বেষ্টার ইতি। ব্যবসামি ব্যবস্যামি তত্র গন্তুমুদ্যমং করোমীত্যর্থঃ ॥৯॥

তত্রেতি। ধর্ম্মকামার্থৈঃ সংহিতাং সংযুক্তাং তদ্বিরলামিত্যর্থঃ। নিরর্থিকাং নিষ্প্রয়োজনাম্ ॥১০॥

ভারতভাবদীপঃ

হেতৌ শতৃপ্রত্যযঃ। ধর্ম্মার্থে ধনমেবার্জ্জযস্বেত্যুবাচেত্যর্থঃ ॥৫—৬॥ ভৃত্যানিত্যতিথি-দেবতাদীনাং সুতানিতি ভার্য্যাদীনাং চোপলক্ষণম্। ধর্ম্মবিদ্ভির্মন্বাদিভিঃ "অনধীত্য দ্বিজো বেদাননুৎপাদ্য সুতানপি। অনিষ্ট্বা বিধিবদ্‌যজ্ঞৈর্মোক্ষমিচ্ছন্ ব্রজত্যধঃ ॥" ইতি বদদ্ভিঃ ॥৭॥ "দশ সূনাসহস্রাণি নিত্যং বহতি সৌনিকঃ। তেন তুল্যঃ স্মৃতো রাজা ঘোরস্তস্য প্রতিগ্রহঃ ॥" ইতি মনুবাক্যাদেব রাজপ্রতিগ্রহে দোষং জানন্নত্রিস্তত্র বিঘ্নমুপন্যস্যতি—কথিত ইত্যাদিনা ॥৮॥ ব্যবসামি উদ্যমং করোমি ॥৯॥ নিরর্থং কামপি বাচং বদতাং পরাজয়োঽপি পাপাবহ ইতি ভাবঃ। তথা চ স্মৃতিঃ—"গুরুং ত্বংকৃত্য হুংকৃত্য বিপ্রং নির্জ্জিত্য বাদতঃ। অরণ্যে

করিবেন। তাহার পর আপনি প্রতিগ্রহপূর্ব্বক প্রচুর ধন লইযা আসিযা পুত্রগণ ও ভৃত্যগণকে তাহা বিভক্ত করিযা দিযা, তৎপরে ইচ্ছানুসারে গমন করুন। ধর্ম্মজ্ঞেরা ইহাকেই পরম ধর্ম্ম বলিযা উল্লেখ করিযাছেন" ॥৬—৭॥

(অত্রি বলিলেন—) "মহাভাগে! মহাত্মা গৌতম আমার নিকট বলিযাছেন যে, বৈণ্যরাজা ধর্ম্ম ও অর্থনিরত এবং সত্যপরাযণ ॥৮॥

কিন্তু সেখানে আমার বিদ্বেষী ব্রাহ্মণেরা অবস্থান করেন। এই কথাও যেহেতু গৌতমই তাহার নিকট বলিযাছেন, সেই হেতুই আমি যাইবার উদ্যম করিতেছি না ॥৯॥

সেখানে আমি—ধর্ম্ম, অর্থ ও কামবিষয়ে মঙ্গলজনক বাক্য বলিলেও সেই ব্রাহ্মণেরা বিনা প্রযোজনে তাহার অন্যরূপ বলিবেন ॥১০॥

(৯) কিন্বস্তি তত্র দ্বেষ্টারঃ—বা ব কা নি। (১১) শ্লোকাৎ পরং 'মার্কণ্ডেয উবাচ'—বা ব কা।

এবমুক্ত্বা জগামাশু বৈণ্যযজ্ঞং মহাতপাঃ।
গত্বা চ যজ্ঞায়তনমত্রিস্তুষ্টাব তং নৃপম্ ॥১২॥
বাক্যৈর্মঙ্গলসংযুক্তৈঃ পূজয়ানোঽব্রবীদ্বচঃ।
রাজন্! ধন্যস্ত্বমীশশ্চ ভুবি ত্বং প্রথমো নৃপঃ ॥১৩॥
স্তুবন্তি ত্বাং মুনিগণাস্ত্বদন্যো নাস্তি ধর্ম্মবিৎ।
তমব্রবীদৃষিঃ ক্রুদ্ধো বচনং বৈ মহাতপাঃ ॥১৪॥

গৌতম উবাচ।

মৈবমত্রে! পুনর্ব্রূয়া ন তে প্রজ্ঞা সমাহিতা।
অত্র নঃ প্রথমং স্থাতা মহেন্দ্রো বৈ প্রজাপতিঃ ॥১৫॥

ভাবতকৌমুদী

গমিষ্যামীতি। প্রভূতং প্রচুবম্, অর্থসঞ্চয়ং ধনসমূহম্ ॥১১॥
এবমিতি। যজ্ঞস্য আযতনং স্থানম্ ॥১২॥
বাক্যৈবিতি। পূজযানঃ পূজযন্। ঈশঃ প্রজানিযন্তা। প্রথম আদ্যিমঃ ॥১৩॥
স্তুবন্তীতি। ঋষির্গৌতমঃ, গৌতম উবাচেত্যুক্তেঃ ॥১৪॥
মেতি। সমাহিতা পবিণতা। নঃ অস্মাকং মতে, প্রজাপতির্মহেন্দ্র এব প্রথমং স্থাতা ॥১৫॥

ভাবতভাবদীপঃ

নির্জলে দেশে ভবতি ব্রহ্মবাক্ষসঃ॥" ইতি ॥১০॥ এবং জানন্নপি স্নেহদোষাত্তৎকর্ত্তুং প্রতিজানীতে গমিষ্যামীতি ॥১১—১২॥ পূজযান ইতি তচ্চ্কর্তৃগামিত্বাৎ স্তুতিফলস্য যুক্তঃ ধন্যো ধনার্হঃ, ঈশ ঈশিতা নিযন্তা প্রথমঃ হিবণ্যগর্ভ ইব অগ্রজঃ নৃপঃ মনুষ্যাণাং বক্ষকঃ ॥১৩—১৪॥

সে যাহা হউক, মহাপ্রাজ্ঞে! তোমাব কথা আমাব ভাল লাগিয়াছে, আমি যাইব; বৈণ্যরাজা আমাকে গরু ও প্রচুব অর্থ দান কবিবেন" ॥১১॥

এইরূপ বলিয়া মহাতপা অত্রি সত্বরই বৈণ্যরাজাব যজ্ঞে গমন কবিলেন এবং যজ্ঞস্থানে উপস্থিত হইয়া সেই বাজাব স্তব করিতে লাগিলেন ॥১২॥

মাঙ্গলিক বাক্যে রাজাকে সম্মানিত কবিয়া অত্রি এই কথা বলিলেন—"রাজা! আপনি ধন্য, প্রজাদেব নিয়ন্তা এবং ভূমণ্ডলে প্রথম বাজা ॥১৩॥

মুনিরা এইরূপে আপনাব প্রশংসা কবিয়া থাকেন যে, আপনি ভিন্ন অপর কোন রাজাই ধর্ম্মজ্ঞ নহেন।" তখন মহাতপা গৌতম ক্রুদ্ধ হইয়া এই কথা বলিলেন ॥১৪॥

গৌতম বলিলেন—"অত্রি! তুমি পুনবায় এরূপ বলিও না। কারণ, তোমাব বুদ্ধি এখনও পরিপক্ক হয় নাই। আমাদের মতে—প্রজানিয়ন্তা ইন্দ্রই রাজাদেব মধ্যে প্রথম হন" ॥১৫॥

(১৩) পূর্ব্বার্দ্ধাৎ পরং 'অত্রিরুবাচ'—বা ব কা পি।

অথাত্রিরপি রাজেন্দ্র ! গৌতমং প্রত্যভাষত ।
অয়মেব বিধাতা হি যথৈবেন্দ্রঃ প্রজাপতিঃ ।
ত্বমেব মুহ্যসে মোহান্ন প্রজ্ঞানং তবাস্তি হ ॥১৬॥

গৌতম উবাচ ।

জানামি নাহং মুহ্যামি ত্বমেবাত্র বিমুহ্যসে ।
স্তৌষি ত্বং দর্শনং প্রেপ্সু রাজানং জনসংসদি ॥১৭॥
ন বেত্থ পরমং ধর্ম্মং ন চাবৈষি প্রয়োজনম্ ।
বালস্ত্বমসি মূঢ়শ্চ বৃদ্ধঃ কেনাপি হেতুনা ॥১৮॥

মার্কণ্ডেয় উবাচ ।

বিবদন্তৌ তথা তৌ তু মুনীনাং দর্শনে স্থিতৌ ।
যে তস্য যজ্ঞে সংবৃত্তাস্তে পৃচ্ছন্তি কথং ত্বিমৌ ॥১৯॥
প্রবেশঃ কেন দত্তোঽনয়োর্বৈণ্যসংসদি ।
উচ্চৈঃ সমভিভাষন্তৌ কেন কার্য্যেণ বিষ্ঠিতৌ ॥২০॥

ভারতকৌমুদী

অথেতি। অয়ং বৈণ্য এব, বিধাতা প্রজানাং সুখদুঃখয়োর্বিধানকর্ত্তা। ষট্পাদোঽয়ং-শ্লোকঃ ॥১৬॥

জানামীতি। দর্শনং দর্শনেন বহুতরমর্থম্, প্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুঃ ॥১৭॥

নেতি। বালঃ, অজ্ঞত্বাদেব শিশুঃ। কেনাপি হেতুনা, বয়সৈবেতি ভাবঃ ॥১৮॥

বিবদন্তাবিতি। সংবৃত্তাঃ সম্পাদকত্বেন বৃতাঃ। ইমৌ, আগতাবিতি শেষঃ ॥১৯॥

রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির ! তাহার পর অত্রিও গৌতমকে বলিলেন—"ইন্দ্র যেমন প্রজাদের নিয়ন্তা, ইনিও তেমনই প্রজাদের সুখদুঃখবিধানের কর্ত্তা ; সুতরাং তুমিই চিত্তবিকৃতিবশতঃ ভ্রমে পতিত হইয়াছ, তোমারই প্রকৃষ্ট জ্ঞান নাই" ॥১৬॥

গৌতম বলিলেন—"আমি জানি, মুগ্ধ হই নাই ; তুমিই এবিষয়ে মুগ্ধ হইতেছ এবং তুমিই অর্থলিপ্সু হইয়া লোকসভায় রাজার তোষামোদ করিতেছ ॥১৭॥

তুমি যথার্থ ধর্ম্ম জান না এবং প্রয়োজনও অবগত নহ ; আর তুমি বাস্তবিক পক্ষে বালক এবং মূর্খ, অথচ কোন কারণে বৃদ্ধ হইয়াছ" ॥১৮॥

মার্কণ্ডেয় বলিলেন—"তাঁহারা দুই জনই সেইরূপ বিবাদ করিতে থাকিয়া তত্রত্য মুনিগণের দৃষ্টিপথে পতিত হইলেন। তখন বৈণ্যরাজার যজ্ঞে যাঁহারা ব্রতী ছিলেন, তাঁহারা জিজ্ঞাসা করিলেন—"ইঁহারা কেন আসিয়াছে ? ॥১৯॥

---

(২০)...কেন কার্য্যেণ ধিষ্ঠিতৌ—বা ব কা নি ।

ততঃ পরমধর্ম্মাত্মা কাশ্যপঃ সর্ব্বধর্ম্মবিৎ।
বিবাদিনাবনুপ্রাপ্তৌ তাবুভৌ প্রত্যবারয়ৎ ॥২১॥
অথাব্রবীৎ সদস্যাংস্তু গৌতমো মুনিসত্তমান্।
আবয়োর্ব্যাহৃতং প্রশ্নং শৃণুত দ্বিজসত্তমাঃ! ॥২২॥
বৈণ্যং বিধাতেত্যাহাত্রিরত্র নৌ সংশয়ো মহান্।
শ্রুত্বৈব তু মহাত্মানো মুনয়োঽভ্যদ্রবন্ দ্রুতম্ ॥২৩॥
সনৎকুমারং ধর্ম্মজ্ঞং সংশয়চ্ছেদনায় বৈ।
পপ্রচ্ছুঃ প্রণতাঃ সর্ব্বে ব্রহ্মাণমিব সোমপাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

প্রবেশ ইতি। উভয়োরত্রিগৌতময়োঃ। বিষ্ঠিতৌ অত্রাবস্থিতৌ ॥২০॥
তত ইতি। অনুপ্রাপ্তৌ উপস্থিতৌ। প্রত্যবারয়ৎ বিবাদান্ন্যবারয়ৎ ॥২১॥
অথেতি। ব্যাহৃতমুক্তম্, আবয়োঃ প্রশ্নমিতি সম্বন্ধঃ ॥২২॥
বৈণ্যমিতি। নৌ আবয়োঃ। অভ্যদ্রবন্ অত্রিগৌতময়োঃ সমীপমগচ্ছন্ ॥২৩॥
সনদিতি। সোমপা যজ্ঞে সোমরসপায়িন ঋত্বিজঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

অত্র পরলোকমেব বহুমন্যানো গৌতম আহ—নৈবমিতি ॥১৫॥ তত্রেন্দ্র ইবাত্র রাজৈব মহেন্দ্র ইতি বিত্রার্থী অত্রিঃ পরপক্ষং দূষয়তি—অথেতি ॥১৬—১৮॥ দর্শনে দৃষ্টিপথে ॥১৯—২২॥

কোন্ ব্যক্তিই বা ইহাদিগকে প্রবেশ করিতে দিল? ইহারাই বা কি উদ্দেশ্যে বৈণ্যরাজার সভায় উচ্চস্বরে কথা বলিতে থাকিয়া অবস্থান করিতেছে?" ॥২০॥

তাহার পর অত্যন্ত ধর্ম্মাত্মা ও সর্ব্বধর্ম্মজ্ঞ কাশ্যপ—সমাগত এবং বিবাদপ্রবৃত্ত অত্রি ও গৌতমকে নিবারণ করিলেন ॥২১॥

তদনন্তর গৌতম সদস্য মুনিশ্রেষ্ঠগণকে বলিলেন—"ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আপনারা আমাদের প্রশ্ন শ্রবণ করুন—॥২২॥

অত্রি বৈণ্যরাজাকে বিধাতা বলিতেছেন; এবিষয়ে আমাদের গুরুতর সন্দেহ হইয়াছে।" এই কথা শুনিয়াই মহাত্মা মুনিরা তাঁহাদের নিকটে গেলেন ॥২৩॥

এবং সোমপায়ীরা যেমন ব্রহ্মার নিকট প্রশ্ন করেন, তেমন তাঁহারা সকলেই প্রণত হইয়া সংশয়চ্ছেদনের জন্য ধর্ম্মজ্ঞ সনৎকুমারের নিকট প্রশ্ন করিলেন ॥২৪॥

---

(২১) ..তাবুভৌ প্রত্যবেদয়ৎ—বা ব কা নি। (২৪) পরার্দ্ধং বা ব কা পি নাস্তি।

স চ তেষাং বচঃ শ্রুত্বা যথাতত্ত্বং মহাতপাঃ।
প্রত্যুবাচাথ তানেবং ধর্ম্মার্থসহিতং বচঃ ॥২৫॥

সনৎকুমার উবাচ।

ব্রহ্ম ক্ষত্রেণ সহিতং ক্ষত্রঞ্চ ব্রহ্মণা সহ।
সংযুক্তৌ দহতঃ শত্রূন্ বনানীবাগ্নিমারুতৌ ॥২৬॥
রাজা বৈ প্রথিতো ধর্ম্মঃ প্রজানাং পতিরেব চ।
স এব শক্রঃ শুক্রশ্চ স ধাতা চ বৃহস্পতিঃ ॥২৭॥
প্রজাপতির্বিরাট্ সম্রাট্ ক্ষত্রিয়ো ভূপতির্নৃপঃ।
য এভিঃ স্তূয়তে শব্দৈঃ কস্তং নার্চ্চিতুমর্হতি ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। যথাতত্ত্বং প্রত্যুবাচেতি সম্বন্ধঃ ॥২৫॥

ব্রহ্মেতি। অতো ব্রহ্মসহিতমিদং বৈণ্যরূপং ক্ষত্রং মহেন্দ্রাদপি প্রবলমিতি ভাবঃ ॥২৬॥

রাজেতি। ধর্ম্মো রাজ্যধারণাৎ, প্রজানাং পতিঃ পালনাৎ, শক্রঃ শাসনশক্তত্বাৎ, শুক্রঃ নীত্যুপদেশাৎ, ধাতা বিনয়াধানাৎ, বৃহস্পতিশ্চ হিতোপদেশাৎ ॥২৭॥

ভারতভাবদীপঃ

নৌ আবয়োঃ ॥২৩-২৪॥ ব্রাহ্মণ বলেন রাজ্ঞো বলং ন তু স্বকীয়মিতি সমাধানগ্রন্থার্থস্তেন ন গৌতমোক্তা নিন্দাপি ব্যর্থা নাপ্যত্রিপ্রোক্তা স্তুতিরপি নির্ম্মূলেতি জ্ঞেয়ম্, যদ্যপি লোভমূলকত্বং স্তুতিপক্ষে স্পষ্টমপ্রামাণ্যকারণং তথাপ্যবিদ্যমানৈরপি বিশেষণৈর্ধনার্থিনা রাজা স্তোতব্য ইতি সনৎকুমারাশয়ঃ ॥২৫—২৬॥ প্রথিতঃ প্রথাং গতঃ। ধর্ম্মো ধর্ম্মস্থাপকঃ। শক্রো রক্ষিতা। শুক্রো নীতিবিৎ। ধাতা অতএব জনকঃ। বৃহস্পতির্হিতোপদেষ্টা ॥২৭—২৮॥ পুরাযোনির্ধর্ম্মপ্রবর্ত্তকত্বেন প্রথমং কারণম্। যুধাজিৎ সংগ্রামে জয়কর্ত্তৃত্বেনোপদ্রবনাশকঃ। অভিযাঃ অভিতো যাতি যামিকবদ্রক্ষণার্থমিত্যভিযাঃ মুদিতঃ ভবঃ ঈশ্বরঃ। স্বর্ণেতা স্বর্গং প্রতি গময়িতা। সহজিৎ সদ্যো জয়শীলঃ। বভ্রুর্বিষ্ণুঃ। "বভ্রুর্না নকুলে বিষ্ণৌ বিপুলে

তখন মহাতপা সনৎকুমার তাঁহাদের বাক্য শ্রবণ করিয়া তত্ত্ব অনুসারে তাঁহাদিগকে এইরূপ ধর্ম্মার্থযুক্ত বাক্য বলিলেন ॥২৫॥

সনৎকুমার কহিলেন—"অগ্নি ও বায়ু মিলিত হইয়া যেমন বন দগ্ধ করে, তেমন ক্ষত্রিয়ের সহিত মিলিত ব্রাহ্মণ এবং ব্রাহ্মণের সহিত মিলিত ক্ষত্রিয় শত্রু দগ্ধ করেন ॥২৬॥

রাজা—ধর্ম্ম ও প্রজাপতি বলিয়া প্রসিদ্ধ এবং রাজাই—ইন্দ্র, শুক্র, ধাতা ও বৃহস্পতি ॥২৭॥

এবং যিনি—প্রজাপতি, বিরাট্, সম্রাট্, ক্ষত্রিয়, ভূপতি ও নৃপতি—এই সমস্ত শব্দ দ্বারা স্তুত হন, তাঁহাকে কোন্ ব্যক্তি সম্মান না করে? ॥২৮॥

পুবাযোনির্যুধাজিচ্চ অভয়াদ্বিদিতো ভবঃ।
স্বর্ণেতা সহজিদ্বভ্রুরিতি রাজাভিধীয়তে ॥২৯॥
সত্যযোনির্যুধাজিচ্চ সত্যধর্ম্মপ্রবর্ত্তকঃ।
অধর্ম্মাদৃষযো ভীতা বলং ক্ষত্রে সমাদধন্ ॥৩০॥
আদিত্যো দিবি দেবেষু তমো নুদতি তেজসা।
তথৈব নৃপতির্ভূমাবধর্ম্মান্ নুদতে ভৃশম্ ॥৩১॥
ততো বাজ্ঞঃ প্রধানত্বং শাস্ত্রপ্রামাণ্যদর্শনাৎ।
উত্তবঃ সিধ্যতে পক্ষো যেন বাজেতি ভাষিতম্ ॥৩২॥
মার্কণ্ডেয় উবাচ।
ততঃ স বাজা সংহৃষ্টঃ সিদ্ধে পক্ষে মহামনাঃ।
তমত্রিমব্রবীৎ প্রীতং পূর্ব্বং যেনাভিসংস্তুতঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

প্রজেতি। কস্তং নার্চ্চিতুমর্হতি। অতোঽত্রিবপি যুক্তমেবার্চ্চতীত্যাশয়ঃ ॥২৮॥

পুবেতি। পুবাযোনির্ব্রহ্মা, যুধাজিদিন্দ্রঃ, অভযাদভযদানাদ্ভবঃ শিবঃ, স্বর্ণেতা স্বর্গপ্রাপকঃ, অন্তঃশত্রুভিঃ কাম্যাদিভিঃ সহ বহিঃ শত্রূন্ জযতীতি সহজিৎ, বভ্রুর্বিষ্ণুঃ ॥২৯॥

সত্যেতি। সত্যযোনিস্তথৈব প্রজাসু ব্যবস্থাপনাৎ, যুধাজিচ্চ শত্রূণাং বাজা ॥৩০॥

আদিত্য ইতি। তমস্তিমিবম, নুদতি অপনযতি। অতো রাজা আদিত্যতুল্যঃ ॥৩১॥

তত ইতি। প্রধানত্বং ভবতি। সিধ্যতে সিদ্ধান্তিতো ভবতি। ইতি প্রধানতযা ॥৩২॥

বাজাকে—পুবাযোনি, যুধাজিৎ, অভয়দাননিবন্ধন শিব, স্বর্গপ্রাপক, সহজিৎ ও বভ্রু বলা হয় ॥২৯॥

আব, বাজা—সত্যেব কাবণ, যুদ্ধজেতা ও সত্যধর্ম্মেব প্রবর্ত্তক এবং ঋষিবা পাপ হইতে ভীত হইয়া ক্ষত্রিয়ের উপরে বল ন্যস্ত কবিয়াছিলেন ॥৩০॥

সূর্য্য যেমন তেজদ্বাবা স্বর্গে দেবগণেব অন্ধকাব দূব কবেন, রাজাও তেমন ভূমণ্ডলে প্রজাদেব পাপ দূব করেন ॥৩১॥

অতএব শাস্ত্রেব প্রমাণ দেখিতে পাওয়া যায বলিয়া বাজাব প্রাধান্য সিদ্ধ হয়; সুতরাং যিনি রাজাকে প্রধান বলিযাছেন, তাঁহার পক্ষই সিদ্ধান্তিত হইল” ॥৩২॥

মার্কণ্ডেয় বলিলেন—“সেইভাবে অত্রিব পক্ষ সিদ্ধান্তিত হইলে, মহামনা বৈণ্যবাজা আনন্দিত ও উৎফুল্ল হইয়া সেই অত্রিকে বলিলেন, যিনি পূর্ব্বে নিজের স্তব কবিয়াছিলেন ॥৩৩॥

---

(২৯)…অভিয়া মুদিতো ভবঃ—বা ব কা নি।…

যস্মাৎ পূর্ব্বং মনুষ্যেষু জ্যায়াংসং মামিহাব্রবীঃ।
সর্ব্বদেবৈশ্চ বিপ্রর্ষে! সম্মিতং শ্রেষ্ঠমেব চ ॥৩৪॥
তস্মাত্তেহহং প্রদাস্যামি বিবিধং বসু ভূরি চ।
দাসী সহস্রং শ্যামানাং সুবস্ত্রাণামলঙ্কৃতম্ ॥৩৫॥ (যুগ্মকম্)
দশ কোটীর্হিরণ্যস্য রুক্মভারাংস্তথা দশ।
এতদ্দদানি বিপ্রর্ষে। সর্ব্বজ্ঞস্ত্বং মতো হি মে ॥৩৬॥
তদত্রির্ন্যায়তঃ সর্ব্বং প্রতিগৃহ্যাভিসৎকৃতঃ।
প্রত্যাজগাম তেজস্বী গৃহানেব মহাতপাঃ ॥৩৭॥
প্রদায় চ ধনং প্রীতঃ পুত্রেভ্যঃ প্রযতাত্মবান্।
তপঃ সমভিসন্ধায় বনমেবান্বপদ্যত ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং ব্রাহ্মণমাহাত্ম্যকথনে ষট্পঞ্চাশদধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। সিদ্ধে মধ্যস্থেন সনৎকুমারেণানুমোদিততয়া সিদ্ধান্তিতে ॥৩৩॥

যস্মাদিতি। জ্যায়াংসং প্রথমম্। সম্মিতং তুল্যং শ্রেষ্ঠঞ্চাব্রবীবিতি সম্বন্ধঃ। বসু ধনম্। দাসীতি লুপ্তষষ্ঠীবহুবচনান্তং পদমার্ষত্বাৎ। শ্যামানাং পারিভাষিকগৌরবর্ণানাম্ ॥৩৪—৩৫॥

দশেতি। হিরণ্যস্য ধনস্য, রুক্মভারান্ স্বর্ণপূর্ণকুম্ভান্। এতৎ সর্ব্বম্ ॥৩৬॥

তদিতি। ন্যায়তো শাস্ত্রোক্তনিয়মাৎ সঙ্কল্পপূর্ব্বকত্যাগাদিত্যর্থঃ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

পিঙ্গলে ত্রিষু" ইতি বলশর্ম্মা ॥২৯॥ অধর্ম্মাদিতি। সর্ব্বং ব্রাহ্মং বলং ক্ষত্রেঽস্তীত্যর্থঃ ॥৩০—৩৭॥ সত্যাদিধর্ম্মফলং বনে এব সিধ্যতীত্যাখ্যায়িকাবসানমুখেনোপসংহরতি—প্রদায় চেতি ॥৩৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্পঞ্চাশদধিকশততমোহধ্যায়ঃ ॥১৫৬॥

"ব্রহ্মর্ষি! যেহেতু পূর্ব্বে আপনি আমাকে মনুষ্যমধ্যে প্রথম, সমস্ত দেবতার তুল্য ও শ্রেষ্ঠ বলিয়াছেন, সেই হেতু আমি আপনাকে নানাবিধ প্রচুর ধন এবং গৌরবর্ণা, সুবস্ত্রা ও অলঙ্কৃতা এক সহস্র দাসী দান করিব ॥৩৪—৩৫॥

আর, ব্রহ্মর্ষি! দশ কোটি ধন এবং দশটী স্বর্ণপূর্ণ কুম্ভ—এই সকল আপনাকে দান করিব। কারণ, আপনি সর্ব্বজ্ঞ বলিয়া আমার ধারণা হইয়াছে" ॥৩৬॥

তাহার পর তেজস্বী ও মহাতপা অত্রি সর্ব্বপ্রকারে আদৃত হইয়া যথানিয়মে সেই সমস্ত বস্তু প্রতিগ্রহ করিয়া গৃহেই প্রত্যাগমন করিলেন ॥৩৭॥

---

* '...পঞ্চাশীত্যধিক...'—বা ব কা, '...সপ্তাশীত্যধিক...'—পি, '...অষ্টাশীত্যধিক...'—নি।

সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ ।

অত্রৈব চ সরস্বত্যা গীতং পরপুরঞ্জয় ! ।

পৃষ্টয়া মুনিনা বীর ! শৃণু তার্ক্ষ্যেণ ধীমতা ॥১॥

তার্ক্ষ্য উবাচ ।

কিন্নু শ্রেয়ঃ পুরুষস্যেহ ভদ্রে ! কথং কুর্ব্বন্ ন চ্যবতে স্বধর্ম্মাৎ ।

আচক্ষ্ব মে চারুসর্ব্বাঙ্গি ! সর্ব্বং ত্বয়ানুশিষ্টো ন চ্যবেয়ং স্বধর্ম্মাৎ ॥২॥

কথঞ্চাগ্নিং জুহুয়াং পূজয়ে বা কস্মিন্ কালে কেন ধর্ম্মো ন নশ্যেৎ ।

এতৎ সর্ব্বং সুভগে ! প্রব্রবীহি যথা লোকান্ বিরজাঃ সঞ্চরেয়ম্ ॥৩॥

ভারতকৌমুদী

প্রদায়েতি । প্রয়তাত্মবান্ সংযতচিত্তঃ । সমভিসন্ধায় উদ্দিশ্য । অন্বপদ্যতাগচ্ছৎ ॥৩৮॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেযসমাস্যায়াং ষট্পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অত্রেতি । অত্রৈব ব্রাহ্মণমাহাত্ম্যবিষয এব, সরস্বত্যা অগ্নিহোত্রাদুত্থিতযা বাগ্‌দেব্যা ॥১॥

কিমিতি । শ্রেয়ো মঙ্গলম্ । কথং কিং কার্য্যম্ । অনুশিষ্ট উপদিষ্টঃ ॥২॥

ভারতভাবদীপঃ

বনে সত্যাদিধর্ম্মবতা যৎকর্ত্তব্যং যৎপ্রাপ্যং যচ্চ জ্ঞেয়ং তদাহাধ্যায়েন অত্রৈব চ সরস্বত্যে-ত্যাদিনা সরস্বতী যজ্ঞভোক্ত্রী যজ্ঞফলদাত্রী চ দেবতা অগ্নিহোত্রাদহমভ্যাগতাস্মীতি বাক্য-

---

এবং তিনি সন্তুষ্টচিত্তে সেই সমস্ত ধন পুত্রদিগকে সমর্পণ করিয়া, তপস্যার উদ্দেশ্যে সংযতচিত্তে বনেই চলিয়া গেলেন” ॥৩৮॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—“শত্রুনগরবিজয়ী বীর ! জ্ঞানী তার্ক্ষ্যমুনি জিজ্ঞাসা করিলে, এই ব্রাহ্মণমাহাত্ম্যবিষয়ে সরস্বতী যাহা বলিয়াছিলেন, তাহা শ্রবণ কর ॥১॥

তার্ক্ষ্যমুনি বলিয়াছিলেন—“ভদ্রে ! সর্ব্বাঙ্গসুন্দরি ! এই জগতে কি করিলে মানুষের মঙ্গল হয় ? কি করিয়াই বা আপন ধর্ম্ম হইতে বিচ্যুত হয় না ? এই সমস্ত আপনি আমার নিকট বলুন ; আপনার উপদেশে আমি আপন ধর্ম্ম হইতে বিচ্যুত হইব না ॥২॥

মার্কণ্ডেয় উবাচ।

এবং পৃষ্টা প্রীতিযুক্তেন তেন শুশ্রূষুমীক্ষ্যোত্তমবুদ্ধিযুক্তম্।
তার্ক্ষ্যং বিপ্রং ধর্ম্মযুক্তং হিতঞ্চ সরস্বতী বাক্যমিদং বভাষে ॥৪॥

সরস্বত্যুবাচ।

যো ব্রহ্ম জানাতি যথাপ্রদেশং স্বাধ্যায়নিত্যঃ শুচিরপ্রমত্তঃ।
স বৈ পারং দেবলোকস্য গন্তা সহামরৈঃ প্রাপ্নুয়াৎ প্রীতিযোগম্ ॥৫॥
তত্র স্ম রম্যা বিপুলা বিশোকাঃ সুপুষ্পিতাঃ পুষ্করিণ্যঃ সুপুণ্যাঃ।
অকর্দ্দমা মীনবত্যঃ সুতীর্থা হিরণ্ময়ৈরাবৃতাঃ পুণ্ডরীকৈঃ ॥৬॥

ভারতকৌমুদী

কথমিতি। বিরজা রজোগুণজনিতকামক্রোধাদিরহিতঃ ॥৩॥
এবমিতি। শুশ্রূষুং হোমপ্রকারাদিকং শ্রোতুমিচ্ছুম্, ঈক্ষ্য দৃষ্ট্বা ॥৪॥
য ইতি। যথাপ্রদেশং সর্ব্বব্যাপিতয়েত্যর্থঃ, স্বাধ্যায়ো বেদপাঠ এব নিত্যো যস্য সঃ ॥৫॥
তত্রেতি। সুপুষ্পিতাঃ সুন্দরৈঃ পুষ্পান্তরৈরন্বিতাঃ। সুতীর্থাঃ শোভনঘট্টাঃ ॥৬॥

ভাবতভাবদীপঃ

শেষাৎ ॥১॥ কথং কুর্য্যাচ্ছ্রেয় ইত্যাবর্ত্ততে ॥২॥ লোকান্ কামান্ বিরজা আসক্তিহীনঃ চরেয়মুপলভেয়ম্। তেষাং সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতীতি শ্রুতিপ্রসিদ্ধসর্ব্বকাম-ভোক্তৃরূপং ফ,ং কেনোপায়েন প্রাপ্নুয়াদিত্যর্থঃ ॥৩—৪॥ ব্রহ্ম সগুণং হার্দ্দাকাশাখ্যং যথা-প্রদেশং দেশভেদমনতিক্রান্তমর্চ্চিরাদিমার্গেণ লভ্যমিত্যর্থঃ। নির্গুণবিদো ন তস্য প্রাণা উৎক্রামন্তীতি গতিনিষেধাৎ, স্বাধ্যায়ঃ প্রণবজপঃ, দেবলোকস্য পারং কার্য্যব্রহ্মলোকম্ ॥৫॥

সুভগে! আমি কোন্ সময়ে কি প্রকারে অগ্নিতে হোম বা তাঁহার পূজা করিব? কি প্রকারেই বা আমার ধর্ম্ম নষ্ট হইবে না? এই সমস্ত আপনি বলুন; যাহাতে আমি রজোগুণবিহীন হইয়া জগতে বিচরণ করিতে পারিব" ॥৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"তার্ক্ষ্যমুনি প্রীতিযুক্ত হইয়া এইরূপ জিজ্ঞাসা করিলে, সরস্বতী—উত্তম বুদ্ধিসম্পন্ন ও ধার্ম্মিক ব্রাহ্মণ তার্ক্ষ্যমুনিকে শ্রবণেচ্ছু দেখিয়া এই হিতবাক্য বলিয়াছিলেন ॥৪॥

সরস্বতী বলিয়াছিলেন—"যে লোক যথাস্থানবর্ত্তী পরমাত্মাকে জানে এবং সর্ব্বদা বেদপাঠনিরত, পবিত্র ও সাবধান থাকে, সে লোক দেবলোকের উত্তমস্থানে যাইয়া দেবগণের সহিত আনন্দ লাভ করে ॥৫॥

সে স্থানে মনোহর ও অতিপবিত্র বিশাল বিশাল পুষ্করিণী আছে, সেগুলিতে কষ্টের কোন কারণ বা কর্দ্দম নাই; কিন্তু সুন্দর সুন্দর বিবিধ পুষ্প, মৎস্য, ঘট্ট এবং স্বর্ণময় পদ্ম আছে ॥৬॥

তাসাং তীবেষ্বাসতে পুণ্যভাজো মহীয়মানাঃ পুনরপ্সবোভিঃ।
সুপুণ্যগন্ধাভিরলঙ্কৃতাভির্হিরণ্যবর্ণাভিরতীব হৃষ্টাঃ ॥৭॥
পরং লোকং গোপ্রদাস্ত্বাপ্নুবন্তি দত্ত্বাঽনড্বাহং সূর্য্যলোকং ব্রজন্তি।
বাসো দত্ত্বা চান্দ্রমসন্তু লোকং দত্ত্বা হিরণ্যমমরত্বমেতি ॥৮॥
ধেনুং দত্ত্বা সুপ্রভাং সুপ্রদোহাং কল্যাণবৎসামপলায়িনীঞ্চ।
যাবন্তি রোমাণি ভবন্তি তস্যাস্তাবন্তি বর্ষাণ্যাসতে দেবলোকে ॥৯॥
অনড্বাহং সুব্রতং যো দদাতি হলস্য বোঢ়াবমনন্তবীর্য্যম্।
ধুরন্ধরং বলবন্তং যুবানং প্রাপ্নোতি লোকান্ দশধেনুদস্য ॥১০॥
দদাতি যো বৈ কপিলাং সচেলাং কাংস্যোপদোহাং দ্রবিণৈরুত্তরীয়ৈঃ।
তৈস্তৈগুণৈঃ কামদুঘাঽথ ভূত্বা নবং প্রদাতাবমুপৈতি সা গৌঃ ॥১১॥

ভারতকৌমুদী

তাসামিতি। আসতে তিষ্ঠন্তি, মহীযমানাঃ পূজ্যমানাঃ। হিবণ্যবর্ণাভিঃ স্বর্ণবর্ণাভিঃ ॥৭॥
পবমিতি। পবমুত্তমম্। অনড্বাহং বৃষম্। হিবণ্যং স্বর্ণম্ ॥৮॥
ধেনুমিতি। প্রদুহ্যতে অস্মিন্নিতি প্রদোহো দোহনপাত্রম্। অপলায়িনীং দোহনকালে ॥৯॥
অনেতি। সুব্রতং সচ্চবিত্রম্। ধুবন্ধবং ভাববহনযোগ্যম্ ॥১০॥
দদাতীতি। উত্তবীযৈস্তস্যা এব পালনায পবদাতব্যৈঃ, দ্রবিণৈর্ধনৈঃ সহ ॥১১॥

ভারতভাবদীপঃ

এনমেব স্তৌতি দ্বাভ্যাং -তত্রেতি ॥৬—৭॥ দেবলোকস্য পাবস্তাবদ্দূবেঽস্ত স এব তু কথং প্রাপ্যত ইত্যত আহ—পবমিত্যাদিনা। অনডুহমনড্বাহং শকটবহনসমর্থং বলীবর্দ্দম্

পুণ্যবান্ লোকেবা অত্যন্ত আনন্দিত হইয়া সেই পুষ্কবিণীগুলিব তীরে বাস করেন; তখন পবিত্র সৌরভশালিনী, অলঙ্কৃতা ও স্বর্ণবর্ণা অপ্সরারা আসিয়া তাঁহাদের সেবা কবে ॥৭॥

মানুষ—গরু দান কবিয়া উত্তম লোক লাভ কবে, বৃষ দান করিয়া সূর্য্যলোকে গমন কবে, বস্ত্র দান কবিযা চন্দ্রলোকে যায় এবং স্বর্ণ দান করিয়া দেবতা হয় ॥৮॥

মানুষ—সুন্দব দোহনপাত্র ও সচ্চবিত্র বৎসেব সহিত সুন্দরী ও দোহনকালে অপলায়িনী গো দান কবিয়া—সেই গোব যতগুলি লোম থাকে, তত বৎসব দেবলোকে বাস কবে ॥৯॥

যে লোক—সচ্চরিত্র, হল ও ভারবাহী, বল ও বীর্য্যশালী এবং যুবক বৃষ দান করে, সে লোক—দশধেনুদানকাবীব লোক লাভ কবে ॥১০॥

যে ব্যক্তি—বস্ত্র, কাংস্যময় দোহনপাত্র এবং পালনযোগ্য ধনের সহিত

যাবন্তি রোমাণি ভবন্তি ধেন্বাস্তাবৎ ফলং ভবতি গোপ্রদানে।
পুত্রাংশ্চ পৌত্রাংশ্চ কুলঞ্চ সর্ব্বমাসপ্তমং তারয়তে পরত্র ॥১২॥
সদক্ষিণাং কাঞ্চনচারুশৃঙ্গীং কাংস্যোপদোহাং দ্রবিণৈরুত্তরীয়ৈঃ।
ধেনুং তিলানাং দদতো দ্বিজায় লোকা বসূনাং সুলভা ভবন্তি ॥১৩॥
স্বকর্ম্মভির্দানবসন্নিরুদ্ধে তীব্রান্ধকারে নরকে পতন্তম্।
মহার্ণবে নৌরিব বাতযুক্তা দানং গবাং তারয়তে ' রত্র ॥১৪॥
যো ব্রহ্মদেয়াস্তু দদাতি কন্যাং ভূমিপ্রদানঞ্চ করোতি বিপ্রে।
দদাতি দানং বিধিনা চ যশ্চ স লোকমাপ্নোতি পুরন্দরস্য ॥১৫॥

ভারতকৌমুদী

যাবন্তীতি। আসপ্তমং পূর্ব্ববর্ত্তিসপ্তমপুরুষপর্য্যন্তং কুলম্। পরত্র লোকে ॥১২॥

সেতি। তিলধেনুলক্ষণং প্রাগুক্তম্। দদতো জনস্য বসূনাং লোকাঃ সুলভা ভবন্তি ॥১৩॥

স্বেতি। বাতেন যুক্তা তীরং প্রতি প্রেরিতা, গবাং দানং কর্ত্তৃ, পরত্র পরলোকে ॥১৪॥

য ইতি। ব্রহ্মদেযাং "ব্রাহ্মো বিবাহ আহূয় দীযতে শক্ত্যলঙ্কৃতা" ইতি যাজ্ঞবল্ক্যোক্তব্রাহ্ম-বিবাহবিধিনা দাতুং যোগ্যাম্। দীযত ইতি দানং দানযোগ্যং যৎকিঞ্চিদ্বস্তু ॥১৫॥

ভারতভাবদীপঃ

॥৮॥ ধেনুং দোগ্ধ্রীং গাম্ ॥৯—১০॥ উত্তরীযৈঃ পশ্চাত্তৈর্দক্ষিণাদিভির্দ্রব্যৈঃ সহিতাম্ ॥১১—১২॥ তিলধেনুর্দানকাণ্ডে প্রসিদ্ধা ॥১৩॥ দানবৈঃ কামক্রোধাদিভিঃ সন্নিরুদ্ধে ব্যাপ্তে তীব্রান্ধকারে অন্ধে তমসি দেহাভিনিবেশাখ্যে তারযতে যোগবিঘ্নান্নাশযতি ॥১৪॥ ব্রহ্মদেযাং "ব্রাহ্মেণালঙ্কৃত্য কন্যামুদকপূর্ব্বাং দদ্যাদেশ ব্রাহ্মো বিবাহঃ" ইতি গৃহ্যোক্তেন বিধিনা

কপিলাধেনু দান করে, সেই কপিলাধেনু সেই সকল গুণদ্বারা কামদায়িনী হইয়া পরলোকে সেই ব্যক্তির নিকট উপস্থিত হয় ॥১১॥

গরু দান করিলে সেই গরুর যত লোম থাকে, তত ফল হয় এবং সেই গরু পরলোকে দাতার পুত্র, পৌত্র এবং ঊর্দ্ধে সপ্তমপুরুষপর্য্যন্ত সমস্ত কুল উদ্ধার করে ॥১২॥

যে ব্যক্তি ব্রাহ্মণকে—দক্ষিণা, স্বর্ণময় সুন্দর শৃঙ্গ, কাংস্যময় দোহনপাত্র এবং গোপালনযোগ্য ধনের সহিত তিলধেনু দান করে, সেই ব্যক্তির পক্ষে বসুলোক সুলভ হয় ॥১৩॥

যে লোক আপন কর্ম্ম অনুসারে পরলোকে দানবব্যাপ্ত ও তীব্রান্ধকারপূর্ণ নরকে পতিত হইতে থাকে, বায়ুপ্রেরিত নৌকা যেমন মহাসমুদ্রপতিত লোককে উদ্ধার করে, সেইরূপ গোদান সেই লোককে নরক হইতে উদ্ধার করে ॥১৪॥

(১৪)···নরকে সম্পতন্তম্—বা ব কা।

যঃ সপ্ত বর্ষাণি জুহোতি তার্ক্ষ্য। হব্যন্ত্বগ্নৌ নিয়তঃ সাধুশীলঃ।
সপ্তাবরান্ সপ্ত পূর্ব্বান্ পুনাতি পিতামহানাত্মনঃ কর্ম্মভিঃ স্বৈঃ ॥১৬॥

তার্ক্ষ্য উবাচ।

কিমগ্নিহোত্রস্য ব্রতং পুরাণমাচক্ষ্ব মে পৃচ্ছতশ্চারুরূপে।
ত্বয়ানুশিষ্টোঽহমিহাদ্য বিদ্যাং যদগ্নিহোত্রস্য ব্রতং পুরাণম্ ॥১৭॥

সরস্বত্যুবাচ।

ন চাশুচির্নাপ্যনির্ণিক্তপাণির্নাব্রহ্মবিজ্জুহুয়ান্নাবিপশ্চিৎ।
বুভুৎসবঃ শুচিকামা হি দেবা নাশ্রদ্দধানাদ্ধি হবির্জুষন্তি ॥১৮॥

ভারতকৌমুদী

য ইতি। হব্যং ঘৃতাদিকম্। নিয়তো ব্রহ্মচর্য্যাদিনিয়মবান্। অবরান্ পরান্ ॥১৬॥
কিমিতি। ব্রতং নিয়মঃ। আচক্ষ্ব তদ্ব্রূহি। অনুশিষ্ট উপদিষ্টঃ, বিদ্যাং জানীয়াম্ ॥১৭॥
নেতি। অনির্ণিক্তপাণিঃ অস্নাত ইত্যর্থঃ, অব্রহ্মবিৎ পাঠেন অবেদজ্ঞঃ, অবিপশ্চিৎ তদর্থবোধেনাপ্যপরিচিতঃ। বুভুৎসবো হোতুর্বেদজ্ঞতাং বোদ্ধুমিচ্ছবঃ, শুচিকামাঃ শৌচকামাঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

দেযাম্ ॥১৫॥ যঃ সপ্তেতি। শ্রৌতং ধর্ম্মমনুতিষ্ঠন্নাত্মনা সহ পূর্ব্বানপরাংশ্চ তারযতীত্যর্থঃ ॥১৬॥ "অগ্নিহোত্রং জুহ্বানো লোভজালং ভিনত্ত্যতঃ সম্মোহং ছিত্ত্বা" ইত্যাদিনা মৈত্রায়ণীয়োপনিষদ্যগ্নিহোত্রস্য জ্ঞানান্তরঙ্গত্বমুক্তমতস্তদাশ্রিতমেব বিশেষং ব্রতাদিকং পৃচ্ছতি—কিমিতি। পুরাণং বেদোদিতম্ ॥১৭॥ অনির্ণিক্তপাদোঽপ্রক্ষালিতপাণিপাদোঽনাচান্তশ্চ অব্রহ্মবিৎ বেদং পাঠতোঽর্থতশ্চাবিদ্বান্, অবিপশ্চিৎ বেদাদধিগতস্যার্থস্যানুভবহীনঃ, বুভুৎসবঃ

যে ব্যক্তি ব্রাহ্মবিবাহবিধানে কন্যা দান করে, ব্রাহ্মণকে ভূমি দান করে এবং যথাবিধানে যে কোন বস্তু দান করে, সে ব্যক্তি ইন্দ্রলোক লাভ করে ॥১৫॥

এবং তার্ক্ষ্য! যে লোক ব্রহ্মচারী ও সচ্চরিত্র থাকিয়া সাত বৎসর অগ্নিতে হব্যের আহুতি দান করে, সে লোক আপন কর্ম্ম দ্বারা আপনার পূর্ব্ববর্ত্তী সাত পুরুষকে এবং পরবর্ত্তী সাত পুরুষকে পবিত্র করে" ॥১৬॥

তার্ক্ষ্য বলিলেন—"চারুরূপে! আমি জিজ্ঞাসা করিতেছি—অগ্নিহোত্রের প্রাচীন নিয়ম কি, তাহা আপনি আমার নিকট বলুন। অগ্নিহোত্রের যাহা প্রাচীন নিয়ম, তাহা আজ আমি আপনার উপদেশে এইখানেই জানিয়া লইব" ॥১৭॥

সরস্বতী বলিলেন—"অপবিত্র, অস্নাত, অবেদপাঠী এবং অবেদার্থজ্ঞ লোক হোম করিবে না। কারণ, দেবতারা যাজ্ঞিকের পবিত্রতা কামনা করেন এবং

নাশ্রোত্রিয়ং দেবহব্যে নিযুঞ্জ্যান্মোঘং পুরা সিঞ্চতি তাদৃশো হি।
অপূর্ব্বমশ্রোত্রিযমাহ তার্ক্ষ্য। ন বৈ তাদৃগ্ জুহুযাদগ্নিহোত্রম্ ॥১৯॥
কৃশাশ্চ যে জুহ্বতি শ্রদ্দধানাঃ সত্যব্রতা হুতশিষ্টাশিনশ্চ।
গবাং লোকং প্রাপ্য তে পুণ্যগন্ধং পশ্যন্তি দেবং পরমঞ্চাপি সত্যম্ ॥২০॥

তার্ক্ষ্য উবাচ।

ক্ষেত্রজ্ঞভূতাং পরলোকভাবে কর্ম্মোদয়ে বুদ্ধিমতি প্রবিষ্টাম্।
প্রজ্ঞাঞ্চ দেবীং সুভগে। বিমৃশ্য পৃচ্ছামি ত্বাং কা হ্যসি চারুরূপে! ॥২১॥

ভাবতকৌমুদী

নেতি। শ্রোত্রিয়মাহ দেবলঃ—"একাং শাখাং সকল্পাং বা ষড্ভিবঙ্গৈরধীত্য বা। ষট্কর্ম্মনিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ॥" মোঘং ব্যর্থম্, তাদৃশঃ অশ্রোত্রিয়ঃ ॥১৯॥

কৃশা ইতি। কৃশা দাবিদ্র্যাৎ ক্ষীণদেহাঃ। হুতশিষ্টাশিনো হুতাবশিষ্টভোজিনঃ ॥২০॥

ক্ষেত্রেতি। হে সুভগে। ত্বাম্, ক্ষেত্রজ্ঞভূতাং পরমাত্মস্বরূপাম্, পরলোকভাবে লোকান্তরতত্ত্বে, কর্ম্মোদযে কর্ম্মফলে চ, অতিবুদ্ধিং প্রবিষ্টাং প্রাপ্তাম্, সাক্ষাৎ প্রজ্ঞাং দেবীঞ্চ, বিমৃশ্য উক্তবিধোপদেশদানক্ষমত্বাদবধার্য্য পৃচ্ছামি—হে চারুরূপে! ত্বং কা অসি ॥২১॥

ভারতভাবদীপঃ

পরচিত্তং জ্ঞাতুমিচ্ছবঃ যস্মাৎ শুচিকামা জুষন্তি সেবন্তে ॥১৮॥ ঋত্বিগপ্যেবংবিধ এব কর্ত্তব্য ইত্যাহ—নাশ্রোত্রিয়মিতি। দেবহব্যে দেবানাং হব্যদানাদৌ মোঘং নিষ্ফলম্। পুরেতি। শীলগোত্রাদিজ্ঞানাৎ প্রাক্ অপূর্ব্বমজ্ঞাতকুলশীলম্ আহ—বেদ ইতি শেষঃ ॥১৯॥ কৃশাঃ ধনাদিপ্রভবেণ দর্পেণ হীনাঃ ঋত্বিজো যজমানা বা গবাং লোকং কার্য্যব্রহ্মলোকসমীপস্থং পরমঞ্চ দেবং ব্রহ্মাণং ততঃ ক্রমেণ সত্যঞ্চ পরমং ব্রহ্মাখ্যং পশ্যন্তি এতেন সর্ব্বগুণযুক্তস্যাগ্নিহোত্রস্য পরম্পরয়া কৈবল্যজনকত্বমুক্তম্ ॥২০॥ ক্ষেত্রজ্ঞভূতাং পরমাত্মরূপাং ত্বাং প্রজ্ঞাং পৃচ্ছামি, ত্বঞ্চ কাসীতি পৃচ্ছামি প্রজ্ঞাং বিশিনষ্টি—পরো লোক আত্মা তস্য ভাবে স্বরূপে বিষয়ে কর্ম্মোদযে কর্ম্মফলে ব্রহ্মলোকান্তে চ বিষয়ে বুদ্ধিমতি উৎকৃষ্টতরাং বুদ্ধিং প্রবিষ্টাং কর্ম্মব্রহ্মতত্ত্বয়োর্নিবিষ্টামিত্যর্থঃ। কিং কৃত্বা—ত্বাং দেবীম্ উভয়তত্ত্বং দ্যোতযন্তী বিমৃশ্য

তাঁহার বেদজ্ঞতা জানিতে চাহেন এবং শ্রদ্ধাবিহীন লোকের হবি গ্রহণ করেন না ॥১৮॥

তার্ক্ষ্য! অবেদজ্ঞ লোককে হোমকার্য্যে নিযুক্ত করিবে না। কারণ, সেরূপ লোক পরে ব্যর্থ হোম করে এবং মুনিরা বলেন—অবেদজ্ঞ লোক পূর্ব্বে হোমে নিযুক্ত হইত না; সুতরাং অবেদজ্ঞ লোক অগ্নিহোত্রহোম করিবে না ॥১৯॥

দরিদ্র হইযাও যাঁহারা শ্রদ্ধাপূর্ব্বক হোম করেন, সত্যপরায়ণ হন এবং হোমের অবশিষ্ট দ্রব্য ভোজন করেন, তাঁহারা পবিত্র সৌরভপূর্ণ গোলক লাভ করিয়া পরম সত্যদেবকে দর্শন করেন" ॥২০॥

সরস্বত্যুবাচ।

অগ্নিহোত্রাদহমভ্যাগতাস্মি বিপ্রর্ষভাণাং সংশয়চ্ছেদনায়।
ত্বৎসংযোগাদহমেতমব্রুবং ভাবে স্থিতা তথ্যমর্থং যথাবৎ ॥২২॥

তার্ক্ষ্য উবাচ।

নহি ত্বয়া সদৃশী কাচিদস্তি বিভ্রাজসে হ্যতিমাত্রং যথা শ্রীঃ।
রূপঞ্চ তে দিব্যমনন্তকান্তি প্রজ্ঞাঞ্চ দৈবীং সুভগে! বিভর্ষি ॥২৩॥

সরস্বত্যুবাচ।

শ্রেষ্ঠানি যানি দ্বিপদাং বরিষ্ঠ! যজ্ঞেষু বিদ্বন্নুপপাদয়ন্তি।
তৈরেব চাহং সম্প্রবৃদ্ধা ভবামি চাপ্যায়িতা রূপবতী চ বিপ্র! ॥২৪॥

ভাবতকৌমুদী

অগ্নীতি। ভাবে যুষ্মদ্বিধানাং ভক্তৌ বিষয়ে। অর্থম্ ঐহিকং পারলৌকিকঞ্চ বিষয়ম্ ॥২২॥
নহীতি। দৈবীম্ অখিলার্থপ্রদ্যোতিনীম্, প্রজ্ঞাং বুদ্ধিম্ ॥২৩॥
শ্রেষ্ঠানীতি। যানি হবিরাদীনি। উপপাদয়ন্তি যাজ্ঞিকাঃ। আপ্যায়িতা তোষিতা ॥২৪॥

ভারতভাবদীপঃ

জ্ঞাত্বা ॥২১॥ অগ্নিহোত্রাৎ সৎকর্ম্মণঃ সকাশাদহং পরাপরবিদ্যারূপা সরস্বত্যভ্যাগতা আবির্ভূতাঽস্মি ত্বৎসংযোগাৎ ত্বৎসন্নিধিং প্রাপ্য এতমর্থং কর্ম্মণাং পারম্পর্য্যেণ কৈবল্যহেতুত্বং সগুণব্রহ্মবিদ্যাং চাব্রুবং যতোঽহং ভাবে স্থিতা শ্রদ্ধাবানগ্নিহোত্রাদিনা দেবতাপ্রসাদং প্রাপ্য কর্ম্মোপাস্তিজ্ঞানফলানি বিন্দতীত্যর্থঃ ॥২২॥ ন হি ত্বযেতিশ্লোকত্রয়তাৎপর্য্যং সোপাসনেন কর্ম্মণা বিদ্যা সমুল্লসতীতি ॥২৩॥ যজ্ঞেষু শ্রেষ্ঠানি কর্ম্মাঙ্গাববদ্ধোপাসনানি। উপাসনাস্বরূপঞ্চ—"অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাঽহমহমৌষধম্। মন্ত্রোঽহমহমেবাজ্যমহমগ্নিরহং হুতম্॥"

তার্ক্ষ্য বলিলেন—"মাহাত্মবতি! আমি আপনাকে পরমাত্মস্বরূপা, পরলোকবিষয়ে ও কর্ম্মকাণ্ডবিষয়ে অত্যন্ত বুদ্ধিমতী, এমন কি সাক্ষাৎ বুদ্ধিদেবী বিবেচনা করিয়া জিজ্ঞাসা করিতেছি—আপনি কে?" ॥২১॥

সরস্বতী বলিলেন—"আমি, ব্রাহ্মণশ্রেষ্ঠগণের সংশয় দূর করিবার জন্য অগ্নিহোত্রপ্রভৃতি সৎকর্ম্ম হইতে উঠিয়া আসিয়াছি এবং আপনাকে পাইয়া ও আপনার ভক্তিতে আকৃষ্ট হইয়া যথাযথভাবে এই সত্য বিষয়গুলি বলিয়াছি" ॥২২॥

তার্ক্ষ্য বলিলেন—"মাহাত্ম্যবতি! আপনার তুল্য আর কোন নারী নাই, আপনি সাক্ষাৎ লক্ষ্মীর ন্যায় অত্যন্ত শোভা পাইতেছেন, আপনার এই অনন্তকান্তিসম্পন্ন দিব্য রূপ প্রকাশ পাইতেছে এবং আপনি তত্ত্বপ্রকাশিনী বুদ্ধি বহন করেন" ॥২৩॥

যচ্চাপি দ্রব্যমুপযুজ্যতে হ বানস্পত্যমাযসং পার্থিবং বা।
দিব্যেন রূপেণ চ প্রজ্ঞয়া চ তেনৈব সিদ্ধিরিতি বিদ্ধি বিদ্বন্। ॥২৫॥

তার্ক্ষ্য উবাচ।

ইদং শ্রেয়ঃ পরমং মন্যমানা ব্যাযচ্ছন্তে মুনয়ঃ সম্প্রতীতাঃ।
আচক্ষ্ব মে তং পরমং বিশোকং মোক্ষং পরং যং প্রবিশন্তি ধীরাঃ।
সাংখ্যা যোগাঃ পরমং যং বিদন্তি পরং পুরাণং তমহং ন বেদ্মি ॥২৬॥

সরস্বত্যুবাচ।

তং বৈ পরং বেদবিদঃ প্রপন্নাঃ পরং পরেভ্যঃ প্রথিতং পুরাণম্।
স্বাধ্যায়বন্তো ব্রতপুণ্যযোগৈস্তপোধনা বীতশোকা বিমুক্তাঃ ॥২৭॥

ভারতকৌমুদী

যদিতি। উপযুজ্যতে যজ্ঞোপযোগি ভবতি। বানস্পত্যং বৃক্ষোৎপন্নং সমিদাদি, আযসং তৈজসং স্রুক্‌স্রুবাদি, পার্থিবং যবাদি। তেনৈব দ্রব্যেণ অস্য মদ্রূপস্য সিদ্ধিঃ ॥২৫॥

ইদমিতি। ইদং স্বৈরনুষ্ঠীয়মানং ধ্যানাদিকম্। ব্যাযচ্ছন্তে বিস্তারেণ কুর্ব্বন্তি, সম্প্রতীতা বেদবাক্যে বিশ্বাসিনঃ। ন বেদ্মি রূপতো নামতশ্চ। ষট্‌পাদোঽযং শ্লোকঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

ইতি ভগবদুপদিষ্টং সর্ব্বেষু যজ্ঞাঙ্গেষু ব্রহ্মদৃষ্টিকরণম্ ॥২৪॥ বানস্পত্যং সমিজ্জুহ্বাদি। আয়সং সৌবর্ণাদি, পার্থিবং ব্রীহ্যাদি। দিব্যেন দিবে স্বর্গায় হিতেন রূপেণ। প্রজ্ঞয়া "অহং ক্রতু"রিত্যাদিনা উক্তবিধপ্রজ্ঞাত্মকেন তরৈব প্রত্যগাত্মনঃ সিদ্ধিঃ প্রাপ্তির্মুক্তির্বা ন ত্বনাত্মভূতস্থানান্তরসিদ্ধিরিতি বিদ্ধি ॥২৫॥ ইদং তরৈব সিদ্ধিরিত্যনেনোপক্ষিপ্তং প্রত্যগ্‌-রূপং ব্যাযচ্ছন্তে নিগৃহ্নন্তি ইন্দ্রিয়াদীনীতি শেষঃ। সম্প্রতীতাঃ সম্যগ্‌বিশ্বাসযুক্তাঃ ॥২৬॥

সরস্বতী বলিলেন—"হে মনুষ্যশ্রেষ্ঠ জ্ঞানী ব্রাহ্মণ! যাজ্ঞিকেরা যজ্ঞে যে সকল শ্রেষ্ঠ বস্তু সম্পাদন করেন, আমি সেইগুলি দ্বারাই বর্দ্ধিত, আপ্যায়িত ও রূপবতী হইয়া থাকি ॥২৪॥

এবং জ্ঞানী ব্রাহ্মণ! বৃক্ষোৎপন্ন, তৈজসনির্ম্মিত এবং ভূসমুৎপন্ন যে সকল দ্রব্য যজ্ঞের উপযোগী হয়, সেই সকল দ্রব্যদ্বারাই আমার এই দিব্য কান্তি ও বুদ্ধিসম্পন্ন রূপ নিষ্পন্ন হয়, ইহা আপনি অবগত হউন" ॥২৫॥

তার্ক্ষ্য বলিলেন—"দেবি! বেদবিশ্বাসী মুনিরা 'ইহাই পরম মঙ্গল' এইরূপ মনে করিয়া যে জন্য সর্ব্বদা ধ্যান করেন এবং জ্ঞানীরা যাহা লাভ করেন, সেই শোকবিহীন পরম পুরুষার্থ উত্তম মুক্তির বিষয় আপনি আমার নিকট বলুন। কারণ, সাংখ্যাচার্য্যেরা ও যোগাচার্য্যেরা যাহাকে সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া জানেন, সেই পুরাণ পরম পদার্থকে আমি জানি না" ॥২৬॥

---

(২৫)···তরৈব সিদ্ধিরিতি বিদ্ধি বিদ্বন্!—বা ব কা।

তস্যাশ্চ মধ্যে বেতসঃ পুণ্যগন্ধঃ সহস্রশাখো বিপুলো বিভাতি।
তস্য মূলাৎ সরিতঃ প্রস্রবন্তি মধূদকপ্রস্রবণাঃ সুপুণ্যাঃ ॥২৮॥

ভারতকৌমুদী

- ব্রহ্মোপাসনায়াঃ ফলং প্রদর্শয়ন্তী তাদৃশ্যৈ রোচয়িতুমাহ—তমিতি। অর্থতো বেদবিদঃ, পাঠতশ্চ স্বাধ্যায়বন্তঃ পুরুষসূক্তাদিজপপরায়ণাঃ, তপোধনা ধনবদাদৃততপস্যা জনাঃ, ব্রতং ব্রহ্মচর্য্যাদি, পুণ্যং তীর্থস্নানাদি, যোগশ্চিত্তবৃত্তিনিরোধশ্চ তৈঃ, পরেভ্যঃ শ্রেষ্ঠেভ্যো বিরাডাদিভ্যোঽপি পরং শ্রেষ্ঠম্, প্রথিতং সচ্চিদানন্দরূপতয়া বেদে প্রসিদ্ধম্ "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, পুরাণং সর্ব্ব-কারণত্বাৎ সর্ব্বেভ্যঃ পুরাতনম্, পরং সর্ব্বাপেক্ষয়োৎকৃষ্টম্, তং পরমাত্মানম্, প্রপন্নাঃ প্রাপ্তাঃ সন্তঃ, বীতশোকাস্ত্যক্তশোকাঃ "তরতি শোকমাত্মবিৎ" ইতি শ্রুতেঃ, বিমুক্তা নির্ব্বাণাখ্যবিশেষমুক্তিপ্রাপ্তাশ্চ ভবন্তি "বিমুক্তশ্চ বিমুচ্যতে" ইতি শ্রুতেঃ। অতস্তদুপাসনায়াং যতস্বেতি ভাবঃ ॥২৭॥

তত এব পরব্রহ্মণো ব্রহ্মাণ্ডমুৎপন্নমিতি রূপকমুখেনাহ—তস্যেতি। অথ তস্য পরব্রহ্মণো মধ্যে, "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ" ইতি ভগবদুক্তেঃ, পুণ্যঃ পবিত্রো গন্ধঃ সৌরভং যস্য সঃ, অন্যত্র পুণ্যাঃ পুণ্যলভ্যা গন্ধা গন্ধাদ্যা বিষয়াঃ শব্দস্পর্শরূপরসগন্ধা যত্র সঃ, তথা সহস্রং শাখাঃ পত্রপল্লবাশ্রয়া অবয়বা যস্য সঃ, অন্যত্র সহস্রং সহস্রভেদভিন্নাঃ শাখাঃ ভুবনবাদিশ্রেণয়ো যত্র সঃ, বিপুলো বিশালঃ বেতসঃ স্বনামপ্রসিদ্ধো লতাবিশেষঃ, অন্যত্র বেতসরূপং ব্রহ্মাণ্ডম্, বিভাতি, নদীপুলিনমধ্যে বেতসবদিতি ভাবঃ। পুণ্য-

ভারতভাবদীপঃ

বেদবিদ এব প্রপন্না ন ত্ববেদিবাঃ। "নাবেদবিন্মনুতে তং বৃহন্ত"মিতি শ্রুতেঃ। পরং ব্রহ্ম পরেভ্যো বিরাট্সূত্রান্তর্যামিভ্যঃ সোপাধিকেভ্যঃ পরং নিরুপাধিকত্বাচ্ছ্রেষ্ঠং প্রথিতং সচ্চিদানন্দরূপেণ সর্ব্বত্র প্রথাং গতম্, যথোক্তম্—"অস্তি ভাতি প্রিয়ং রূপং নাম চেত্যংশ-পঞ্চকম্। আদ্যং ত্রয়ং ব্রহ্মরূপং জগদ্রূপং ততো দ্বয়ম্।" ইতি। পুরাণং পুরাপি নবং তেন সোপাধিকানামুৎপত্তিঃ সূচিতা। ব্রতমহিংসাদি পুণ্যং জপাদি যোগশ্চিত্তবৃত্তিনিরোধস্তৈঃ তপঃ স্বধর্ম্মাচরণমেব ধনং যেষাং তে প্রাপ্নুবন্তীতি শেষঃ ॥২৭॥ অস্য প্রত্যগ্রূপত্বাদ্ব্রহ্ম সিদ্ধার্থমিত এবান্তর্যাম্যাদিনা সমুত্থানমাহ—তস্যেতি। তস্য চিদাত্মনো মধ্যে বেতসো বঞ্জুলতরুরিব সবীজাঙ্কুরো ব্রহ্মাণ্ডবৃক্ষস্থিতো পরিচ্ছেদ্যভাসোঽধ্যাসঃ। পুণ্যো ধর্মঃ [illegible] ইব গন্ধাদিবিষয়ো ধর্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যবতি যস্মিন্নস্তীতি পুণ্যগন্ধঃ। সহস্রসংখ্যাঃ শাখা ইব ভোগস্থানানি যস্মিন্। বিপুলোঽপরিচ্ছিন্নো বিভাতি তস্য মূলাদবিদ্যারূপাৎ সরিত ইব সততপ্রবাহবত্যো ভোগবাসনাঃ প্রস্রবন্তি [illegible] [illegible] ভোগসুখং প্রস্রবন্তি তা মধূদকপ্রস্রবণাঃ ভোগবাসনাতাত্কালীনং ভোগসুখং প্রবৃত্তিমন্তীতি [illegible]

সরস্বতী বলিলেন—"বেদবিৎ ও জপপরায়ণ তপস্বীরা ব্রত, পুণ্যকার্য্য ও যোগাভ্যাস দ্বারা শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ, বেদপ্রসিদ্ধ ও অনাদি সেই পরব্রহ্মকে লাভ করিয়া শোক অতিক্রমপূর্ব্বক নির্ব্বাণমুক্তি লাভ করেন।২৭

শাখাং শাখাং মহানদ্যঃ সংযান্তি সিকতাশয়াঃ ।
ধানাপূপা মাংসশাকাঃ সদা পায়সকর্দ্দমাঃ ॥২৯॥

ভারতকৌমুদী

পাপাভ্যাং নানাবস্থাপ্রাপ্তের্দোদুল্যমানবেতসরূপতয়া বর্ণনম্। তস্য বেতসস্য বেতসরূপব্রহ্মাণ্ডস্য চ, মূলাৎ ব্রহ্মদেশাৎ কারণীভূতায়া অবিদ্যাযাশ্চ, মধু বেতসফলরসঃ মধুবন্মধুরঞ্চ উদকং জলং জলবতৃপ্তিকরঞ্চ পুত্রাদি তযোস্তস্য চ প্রস্রবণং প্রবাহো যাসু তাঃ, সুপুণ্যাঃ পুণ্যবদতীব হৃদ্যাঃ, সরিতো নদ্যঃ নদীরূপাঃ সংসারাশ্চ, প্রস্রবন্তি প্রবহন্তি ॥২৮॥

পুনর্ব্রহ্মাণ্ডমেব বর্ণযতি—শাখামিতি। সিকতা বালুকাস্তদ্রূপা বিশ্লিষ্টাঃ পুত্রাদয়শ্চ শেরতে অবতিষ্ঠন্তে যাসু তাঃ; ধানা ভ্রষ্টযবাস্তদ্রূপা লঘবশ্চ অপূপাঃ পিষ্টকানি তদ্রূপা আপাতমধুরাঃ পরিণামে ক্ষতিকরাশ্চ ভোগা আসু সন্তীতি তাঃ; মাংসং তদ্রূপং হিংসাপ্রাপ্যং সুখং শাকস্তদ্রূপমসারং সুখঞ্চ আস্বস্তীতি তাঃ, তথা পায়সং তদ্রূপমাপাতমধুরং পরিণামে ক্ষতিকরঞ্চ সুখম্, কর্দ্দমঃ পঙ্কঃ তদ্রূপো মালিন্যজনকো ভোগশ্চ আস্বস্তীতি তাশ্চ। এষু ত্রিষ্বেব অস্ত্যর্থে অর্শ আদিত্বাদৎ। মহানদ্যঃ মহানদীবদবিচ্ছিন্নপ্রবাহাঃ সংসারাঃ, শাখাং শাখাং সুবনবাদিং ভিন্নভিন্নমংশঞ্চ; সংযান্তি স্পৃশন্তি। অতো ব্রহ্মাণ্ডমেব হেয়মিতি ভাবঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

প্রস্রবতীতি প্রসিদ্ধম্ ॥২৮॥ শাখামিতি। মহানদ্যো বাসনাঃ পুরা শাখাং শাখাং তত্তদ্ভোগস্থানং সংযান্তি স্বপ্রবাহপতিতং পুরুষং নয়ন্তীত্যর্থঃ। পুণ্যবাসনযা পুণ্যমাচরন্ স্বর্গং গচ্ছত্যেবমন্যত্রাপি। সিকতা ইব পরস্পরমসংশ্লিষ্টাঃ পুত্রপশ্বাদযস্তাসু শেরতে তাঃ সিকতাশযাঃ পুত্রাদিবিষয়া ইত্যর্থঃ। ধানা ভৃষ্টযবাঃ, অপূপাঃ সচ্ছিদ্রং ভক্ষ্যম্। শেষং প্রসিদ্ধম্। ধানাদিকং মধূদকস্থানীযস্য সুখস্য বিশেষণং বিষযসুখং হি ধানাবন্ন স্বসজাতীয়ং প্রসূতে অপূপবদনেকচ্ছিদ্রযুক্তং মাংসবদ্ধিংসালভ্যং নানুপহত্য ভূতানি ভোগঃ সম্ভবতীতি প্রসিদ্ধেঃ। শাকবদল্পসারং পায়সবন্মুখমধুরং পাকে গুরুতরঞ্চ কর্দ্দমবচ্চিত্তপটস্য মলিনীকরণঞ্চেতি পরচৈতন্যভূমাবনাদ্যবিদ্যামূলাদুত্থিতোঽয়ং সংসারবৃক্ষোঽতিবিরসফলো বিদ্যযাঽবিদ্যানাশাৎ

নদীপুলিনের মধ্যে বেতসলতার ন্যায় সেই পরব্রহ্মের মধ্যে এই বিশাল ব্রহ্মাণ্ড রহিয়াছে; তাহাতে পবিত্র সৌরভের ন্যায় শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ আছে; এবং বহুতর শাখার ন্যায় দেবতা ও মনুষ্যাদি রহিয়াছে; আর তাহার মূল অবিদ্যা হইতে এই সংসারনদী প্রবাহিত হইতেছে; তাহাতে আবার মধুর ন্যায় মিষ্ট এবং জলের ন্যায় তৃপ্তিকর পুত্রাদি রহিযাছে ॥২৮॥

এই ব্রহ্মাণ্ডমধ্যে আবার মহানদীসমূহের ন্যায় অবিচ্ছিন্ন সংসারপ্রবাহ সকল প্রত্যেক শাখার ন্যায দেবতা ও মনুষ্যপ্রভৃতি প্রত্যেক অংশকে স্পর্শ করিয়া চলিয়াছে; তাহাতে বালুকার ন্যায় পুত্র-কলত্রাদি রহিয়াছে; আবার খইর মত হাল্কা এবং পিষ্টকের তুল্য আপাতমধুর ও পরিণামে কষ্টকর ভোগ আছে; আর মাংসের ন্যায় হিংসালভ্য ও শাকের ন্যায় অসার সুখ অবস্থান

যস্মিন্নগ্নিমুখা দেবাঃ সেন্দ্রাঃ সহমরুদ্‌গণাঃ।
ঈজিরে ক্রতুভিঃ শ্রেষ্ঠৈস্তৎ পদং পরমং মুনে ! ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং সরস্বতীতার্ক্ষ্যসংবাদে সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

ইদানীমুপাদেয়মাহ—যস্মিন্নিতি। হে মুনে! ইন্দ্রেণ সহেতি সেন্দ্রাঃ, মরুদ্‌গণৈর্বায়ুসমূহৈঃ সহেতি সহমরুদ্‌গণাঃ, অগ্নিমুখা অগ্নিপ্রভৃতয়ো দেবাঃ, শ্রেষ্ঠৈঃ ক্রতুভিঃ, যস্মিন্ যদুদ্দেশে ঈজিরে যজ্ঞং চক্রুঃ, তৎ পরব্রহ্মৈব, পরমং পদং বস্তু। অতস্তদেবাশ্রয়েত্যাশয়ঃ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

সমূলমুন্মূলনীয় ইত্যর্থঃ। তথা চ চিদদ্বৈতমব্যাহতম্ ॥২৯॥ যস্মিন্ যৎপ্রাপ্তিনিমিত্তং শ্রেষ্ঠৈঃ ক্রতুভির্যোগযজ্ঞৈরগ্ন্যাদয়ো যদ্‌গচ্ছন্তি তন্নাম বিদ্যারূপায়াঃ সরস্বত্যাঃ পদং পদনীয়ং প্রাপণীয়ং স্থানং পরমং সর্ব্বোৎকৃষ্টং জ্ঞাতৃজ্ঞানজ্ঞেয়ভানশূন্যং ব্রহ্মাদ্বৈতম্ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৭॥

—:*:—

করিতেছে এবং পায়সের ন্যায় প্রথমে সুখজনক ও পরিণামে কষ্টদায়ক অথচ কর্দ্দমের ন্যায় মালিন্যজনক ভোগ রহিয়াছে ॥২৯॥

অতএব তার্ক্ষ্যমুনি। (এই সংসার হইতে মুক্তিলাভ করিবার জন্য) অগ্নিপ্রভৃতি দেবতারাও ইন্দ্র এবং বায়ুর সহিত মিলিত হইয়া যাঁহার উদ্দেশে উত্তম উত্তম যজ্ঞ করিয়াছেন ; সেই পরব্রহ্মই পরমপদার্থ। (তাঁহাকে আশ্রয় করুন)" ॥৩০॥

—:*:—

(৩০)...তৎ পদং পরমং-মম—বা ব কা। * '...ষড়শীত্যধিক...'—বা ব কা, '...অষ্টাশীত্যধিক...'—পি, '...একোননবত্যধিক...'—নি।

অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ স পাণ্ডবো বিপ্রং মার্কণ্ডেয়মুবাচ হ।
কথযস্বেহ চরিতং মনোর্বৈবস্বতস্য চ ॥১॥

মার্কণ্ডেয় উবাচ।

বিবস্বতঃ সুতো রাজন্। মহর্ষিঃ সুপ্রতাপবান্।
বভূব নরশার্দ্দূল। প্রজাপতিসমদ্যুতিঃ ॥২॥

ভারতকৌমুদী

মার্কণ্ডেযস্য সপ্তকল্পান্তজীবিতয়া সর্ব্বেষাং বৃত্তান্তানাং প্রত্যক্ষদর্শনাত্তদ্বাক্যং সর্ব্বথৈব সত্যং ভবেদিতি বিশ্বাসাদ্যুধিষ্ঠিরেণেতিহাসঃ পৃষ্ট ইত্যাহ—তত ইতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥১॥

বিবস্বত ইতি। বিবস্বতঃ সূর্য্যস্য। প্রজাপতিসমদ্যুতিঃ বিরিঞ্চিতুল্যতেজাঃ ॥২॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বত্র চিদ্ভাবেঽবিদ্যামূলো জগদ্বৃক্ষ উত্থিতঃ, সোঽবিদ্যাক্ষযে ভূমাবেব লীয়ত ইতি দর্শিতম্। তত্র সকৃদবিদ্যাক্ষযে সংসারভানং ন স্যাৎ। দৃশ্যতে চ—ক্ষীণাবিদ্যানামপি মার্কণ্ডেয়াদীনাং সংসারভানমস্মদাদিবদিতি জীবন্মুক্তৌ সন্দিহানো রাজা মার্কণ্ডেয়মুবাচেত্যাহ—ততঃ স ইতি। মনোর্মনুতে ইতি অভিমানাত্মকোঽহঙ্কারো মনুঃ। বিশেষেণ বস্তে আচ্ছাদযতি চিৎপ্রকাশমিতি। বিবোঽজ্ঞানং তদ্বান্ বিবস্বান্ মায়াবী ঈশ্বরঃ। "মায়িনং তু মহেশ্বর"মিতি শ্রুতেঃ। স এব বৈবস্বতস্তস্য বৈবস্বতস্য চরিতং সঞ্চরণম্ অবিদ্যানাশে সত্যবিদ্যকোঽহঙ্কারঃ কথং সঞ্চরতি ন হি তন্তুদাহে পটস্তিষ্ঠতীত্যাক্ষেপঃ ॥১॥ অপরস্থাখ্যায়িকামনুসৃত্যৈব উত্তরমাহ—বিবস্বত ইত্যাদিনা। অত্র পরব্রহ্মণ এবং রূপান্তরং মৎস্যাখ্যো জীবঃ সোঽহঙ্কারেণ মনুনা উত্তরোত্তরশ্রেষ্ঠৈবলিঞ্জরাদিরূপেষু স্থূলদেহেষু তপোবলান্নিপাত্যতে। স চ সমুদ্রাখ্যে বৈরাজে দেহে নিপতিতশ্চ কল্পান্তেঽবিদ্যানাশরূপে সত্যপি দগ্ধপটন্যায়েনানুবর্ত্তমানমহঙ্কারং সপ্তর্ষিসংজ্ঞকৈঃ প্রাণাদিভির্বীজসংজ্ঞৈঃ প্রারব্ধকর্ম্মভিশ্চ সহিতং চরমদেহনাব্যারূঢং বাসনাবরত্রয়া জীবমৎস্যেন প্রলয়কালেঽপ্যূহ্যমানং মেরুশৃঙ্গসমেঽচলে ভগবতো রূপে সদ্বাসনয়া লব্ধাস্পদং বিলীনমনুলক্ষ্য জীবমৎস্যোঽদর্শনং প্রাপ্নোতি বিলীনেঽহঙ্কারে জীবত্বং নশ্যতি। স পুনর্নিরস্তজীবভাবোঽহঙ্কারো ব্রহ্মরূপতামাপন্নো যথাপূর্ব্বং বাসনয়া জগৎ সৃজতি। নষ্টেঽপ্যবিদ্যাখ্যে কারণে সংসারভানলক্ষণং কার্য্যং চক্রভ্রমিবৎ কিঞ্চিৎ-

---

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর যুধিষ্ঠির মার্কণ্ডেয়মুনিকে কহিলেন—"মহর্ষি আপনি এখন বৈবস্বতমনুর চরিত্র বলুন" ॥১॥

মার্কণ্ডেয় বলিলেন—"নরশ্রেষ্ঠ রাজা! সূর্য্যের একটী পুত্র জন্মিয়াছিল

ওজসা তেজসা লক্ষ্ম্যা তপসা চ বিশেষতঃ।
অতিচক্রাম পিতরং মনুঃ স্বঞ্চ পিতামহম্ ॥৩॥
ঊর্দ্ধবাহুর্বিশালাযাং বদর্য্যাং স নরাধিপঃ।
একপাদস্থিতস্তীব্রং চচাব সুমহত্তপঃ ॥৪॥
অবাক্‌শিরাস্তথা চাপি নেত্রৈরনিমিষৈর্দৃঢ়ম্।
সোঽতপ্যত তপো ঘোরং বর্ষাণাময়ুতং তদা ॥৫॥
তং কদাচিত্তপস্যন্তমার্দ্রচীরং জটাধরম্।
চীরিণীতীরমাগম্য মৎস্যো বচনমব্রবীৎ ॥৬॥
ভগবন্। ক্ষুদ্রমৎস্যোঽস্মি বলবদ্ভ্যো ভয়ং মম।
মৎস্যেভ্যো হি ততো মাং ত্বং ত্রাতুমর্হসি সুব্রত। ॥৭॥

ভারতকৌমুদী

ওজসেতি। বেদার্থমননান্মনুঃ, বিশেষতো বিশেষেণ, ওজসা প্রতাপেন, তেজসা বলেন, লক্ষ্ম্যা কান্ত্যা চ, পিতবং সূর্য্যম্, তপসা চ স্বং পিতামহং কশ্যপমতিচক্রাম ॥৩॥

ঊর্দ্ধেতি। বদর্য্যাং বদরিকাশ্রমে, স নরাধিপো মনুঃ ॥৪॥

অবাগিতি। কদাচিদবাক্‌শিরা অধঃশিরাঃ, কদাচিচ্চ দৃঢ়মনিমিষৈর্নেত্রৈর্বিশিষ্টঃ ॥৫॥

তমিতি। আর্দ্রচীরং স্নানানন্তরমুত্থানাদার্দ্রকৌপীনম্। চীরিণ্যা নদ্যাস্তীরং তৎসমীপম্ ॥৬॥

ভাবতভাবদীপঃ

কালমনুবর্ত্তত ইত্যধ্যায়তাৎপর্য্যম্ ॥২॥ অক্ষরার্থস্তু পিতরমীশ্বরং পিতামহং শুদ্ধং ব্রহ্মাতিচক্রাম দেহাদাবাবেশবলান্ন মনুত ইত্যর্থঃ ॥৩॥ এবমহঙ্কারস্য ঈশাদজ্ঞানাৎ বন্ধে প্রসক্তে

(এবং তাহার নাম হইয়াছিল—'মনু'), সেই পুত্র—যথাকালে মহর্ষি, অসাধারণ তেজস্বী, এমন কি ব্রহ্মার তুল্য তেজীয়ান্‌ই হইয়াছিলেন ॥২॥

সেই মনু সমধিক প্রতাপ, বল ও কান্তিদ্বারা পিতা সূর্য্যকে এবং তপস্যাদ্বারা পিতামহ কশ্যপকে পর্য্যন্ত অতিক্রম করিয়াছিলেন ॥৩॥

কারণ, সেই মনু রাজা হইয়া, বদরিকাশ্রমে যাইয়া, ঊর্দ্ধবাহু ও একপাদে থাকিয়া, ভয়ঙ্কর ও অতিগুরুতর তপস্যা করিয়াছিলেন ॥৪॥

তখন তিনি কখনও অধোমস্তক হইয়া, কখনও বা অত্যন্ত নির্নিমেষ নয়নে থাকিয়া দশসহস্রবৎসরপর্য্যন্ত ভয়ঙ্কর তপস্যা করিয়াছিলেন ॥৫॥

কোন সময়ে ক্ষুদ্র একটী মৎস্য চীরিণীনদীর তীরের নিকটে আসিয়া আর্দ্রকৌপীন ও জটাধারী তপস্বী মনুকে এই কথা বলিল—॥৬॥

"ভগবন্! সুব্রত! আমি একটী ক্ষুদ্র মৎস্য, বলবান্ মৎস্যগণ হইতে আমার ভয় জন্মিয়াছে, সুতরাং আপনি আমাকে রক্ষা করুন ॥৭॥

দুর্ব্বলং বলবন্তো হি মৎস্যা মৎস্যং বিশেষতঃ।
ভক্ষয়ন্তি সদা বৃত্তিৰ্বিহিতা নঃ সনাতনী ॥৮॥
তস্মাদ্ভয়ৌঘান্মহতো মজ্জন্তং মাং বিশেষতঃ।
ত্রাতুমর্হসি কর্ত্তাস্মি কৃতে প্রতিকৃতং তব ॥৯॥
মৎস্যস্য বচনং শ্রুত্বা কৃপয়াভিপরিপ্লুতঃ।
মনুর্বৈবস্বতোঽগৃহ্লাত্তং মৎস্যং পাণিনা স্বয়ম্ ॥১০॥
উদকান্তমুপানীয় মৎস্যং বৈবস্বতো মনুঃ।
অলিঞ্জরে প্রাক্ষিপত্তং চন্দ্রাংশুসদৃশপ্রভম্ ॥১১॥
স তত্র ববৃধে রাজন্! মৎস্যঃ পরমসংকৃতঃ।
পুত্রবচ্চাকরোত্তস্মৈ মনুর্ভাবং বিশেষতঃ ॥১২॥

ভাবতকৌমুদী

ভগবন্নিতি। সুব্রত! অতিশয়েন দয়াব্রতধারিন্!। অতএব মত্রাণং তবাবশ্যকম্ ॥৭॥
দুর্ব্বলমিতি। বিহিতা বিধাত্রেতি শেষঃ। মত্ৰাপি ক্ষুদ্রতমমৎস্যভক্ষণাদিতি ভাবঃ ॥৮॥
তস্মাদিতি। কৃতে মম ত্রাণে, অহমপি তব প্রতিকৃতং প্রত্যুপকারং কর্ত্তাস্মি ॥৯॥
মৎস্যস্যেতি। অভিপরিপ্লুত আর্দ্রীকৃতান্তঃকরণঃ ॥১ ॥
উদকেতি। উদকান্তমুপানীয অলিঞ্জরমিতি শেষঃ। অলিঞ্জরে বৃহন্মৃৎপাত্রে ॥১১॥
স ইতি। পরমসংকৃতঃ খাদ্যদানাদিনা অতীবাদৃতঃ। ভাবং স্নেহম্ ॥১২॥

বলবান্ মৎস্যেরা ক্ষুদ্র মৎস্যদিগকে বিশেষভাবে সর্ব্বদাই ভক্ষণ করিয়া থাকে। কারণ, বিধাতাই আমাদেব পক্ষে এই বৃত্তি চিবকালেব জন্য নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন ॥৮॥

অতএব আপনি, এই জলমগ্ন অবস্থায় আমাকে সেই গুরুতব ভয় হইতে বিশেষভাবে রক্ষা করুন; আপনি আমাকে রক্ষা করিলে, আমিও আপনাব প্রত্যুপকার করিব" ॥৯॥

বৈবস্বতমনু মৎস্যেব সেই কথা শুনিয়া অত্যন্ত দযার্দ্র হইয়া আপন হস্তেই তাহাকে ধারণ করিলেন ॥১০॥

এবং বৈবস্বতমনু অপর হস্তদ্বাবা একটা জালাকে জলেব নিকটে আনিয়া তাহার ভিতবে চন্দ্রকিরণের ন্যায় শুভ্রবর্ণ সেই মৎস্যটিকে নিক্ষেপ করিলেন ॥১১॥

বাজা! ক্রমে সেই মৎস্যটী অত্যন্ত আদরেব সহিত পালিত হইতে

---

(৮)...আস্বদন্তি সদা বৃত্তিঃ—বা ব কা পি। (১০) স মৎস্যবচনং শ্রুত্বা—বা ব কা নি। পুত্রবৎ স্বীকরোত্তস্মৈ—বা ব কা নি।

অথ কালেন মহতা স মৎস্যঃ সুমহানভূৎ।
অলিঞ্জরে যথা চৈব নাসৌ সমভবৎ কিল ॥১৩॥
অথ মৎস্যো মনুং দৃষ্ট্বা পুনরেবাভ্যভাষত।
ভগবন্! সাধু মেঽন্যান্যৎ স্থানং সম্প্রতিপাদয় ॥১৪॥
উদ্ধৃত্যালিঞ্জরাত্তস্মাত্ততঃ স ভগবান্ মনুঃ।
তং মৎস্যমনয়দ্বাপীং মহতীং সমনুস্তদা ॥১৫॥
তত্র তং প্রাক্ষিপচ্চাপি মনুঃ পরপুরঞ্জয়ঃ।
অথাবর্দ্ধত মৎস্যঃ স পুনর্বর্ষগণান্ বহূন্ ॥১৬॥
দ্বিযোজনায়তা বাপী বিস্তৃতা চাপি যোজনম্।
তস্যাং নাসৌ সমভবন্মৎস্যো রাজীবলোচন! ॥১৭॥
বিচেষ্টিতুঞ্চ কৌন্তেয়! মৎস্যো বাপ্যাং বিশাংপতে।।
মনুং মৎস্যস্তদা দৃষ্ট্বা পুনরেবাভ্যভাষত ॥১৮॥

ভারতকৌমুদী

অথেতি। অসৌ মৎস্যঃ, ন সমভবৎ বৃহৎকাযত্বান্ন সম্মাতি স্ম ॥১৩॥
অথেতি। সাধু বৃহত্তযা মদ্বিচরণে উত্তমং স্থানম্, সম্প্রতিপাদয কল্পয ॥১৪॥
উদ্ধৃত্যেতি। মনুনা মনসি কর্ত্তব্যমননেন সহেতি সমনুরিতি ন পৌনরুক্ত্যম্ ॥১৫॥
তত্রেতি। বহূন্ বর্ষগণানিত্যত্যন্তসংযোগে দ্বিতীযা ॥১৬॥
দ্বীতি। ন সমভবৎ ন সম্মাতি স্ম, অতিবৃহৎকাযত্বাদিতি ভাবঃ ॥১৭॥
বীতি। বিচেষ্টিতুং কিঞ্চিদপি বিচলিতুম্, নাশক্নোদিতি শেষঃ ॥১৮॥

থাকিয়া সেই জালার ভিতরেই বৃদ্ধি পাইতে লাগিল, মনুও সেই মৎস্যটীর উপরে পুত্রের ন্যায় সমধিক স্নেহ করিতে লাগিলেন ॥১২॥

তাহার পর দীর্ঘকালে সেই মৎস্য অতিবৃহৎ হইয়া উঠিল; যাহাতে সেই জালার ভিতরে আর সে ধরিতে লাগিল না ॥১৩॥

তদনন্তর মৎস্য পুনর্বার মনুকে দেখিয়া বলিল—"ভগবন্! আপনি অদ্যই আমার জন্য আর একটী ভাল স্থান কল্পনা করুন" ॥১৫॥

তখন ভগবান্ মনু মনে মনে পর্য্যালোচনা করিয়া সেই জালা হইতে মৎস্যকে তুলিয়া বিশাল একটা দীঘিতে লইয়া গেলেন ॥১৫॥

এবং শত্রুনগরবিজয়ী মনু সেই মৎস্যকে সেই দীঘির ভিতরে ছাড়িয়া দিলেন। তাহার পর সেই মৎস্য সেইখানে বহু বৎসর যাবৎ বৃদ্ধি পাইল ॥১৬॥

হে পদ্মনয়ন! সেই দীঘিটা দুই যোজন দীর্ঘ এবং একযোজন বিস্তৃত ছিল; তথাপি তাহাতে সে মৎস্য ধরিতে লাগিল না! ॥১৭॥

নয় মাং ভগবন্ ! সাধো ! সমুদ্রমহিষীং প্রিয়াম্ ।
গঙ্গাং তত্র নিবৎস্যামি যথা বা তাত ! মন্যসে ॥১৯॥
নিদেশে হি ময়া তুভ্যং স্থাতব্যমনসূয়তা ।
বৃদ্ধিহি পরমা প্রাপ্তা ত্বৎকৃতে হি ময়ানঘ ! ॥২০॥
এবমুক্তো মনুর্মৎস্যমনয়দ্ভগবান্ বশী ।
নদীং গঙ্গাং তত্র চৈনং স্বয়ং প্রাক্ষিপদচ্যুতঃ ॥২১॥
স তত্র ববৃধে মৎস্যঃ কঞ্চিৎ কালমরিন্দম ! ।
ততঃ পুনর্মনুং দৃষ্ট্বা মৎস্যো বচনমব্রবীৎ ॥২২॥
গঙ্গায়াং হি ন শক্নোমি বৃহত্ত্বাচ্চেষ্টিতুং প্রভো ! ।
সমুদ্রং নয় মামাশু প্রসীদ ভগবন্নিতি ॥২৩॥

ভারতকৌমুদী

নয়েতি। হে ভগবন্ ! অণিমাদ্যৈশ্বর্য্যশালিন্ ! । অতএব মন্নয়নযোগ্যতেত্যাশয়ঃ। হে সাধো ! অতএব পরকষ্টদর্শনং তব দুঃসহমিতি ভাবঃ ॥১৯॥

নিদেশ ইতি। তুভ্যং তব। ত্বৎকৃতে হি তব সাহায্যেনৈব ॥২০॥

এবমিতি। ভগবান্ অণিমাদ্যৈশ্বর্য্যবান্। অতএব তাদৃশস্যাপি বহনে প্রবৃত্তিরিতি ভাবঃ। বশী ইন্দ্রিয়জয়েন স্বাধীনঃ। অচ্যুতো যোগতপস্যাভ্যামভ্রষ্টঃ ॥২১॥

স ইতি। তত্র গঙ্গায়াম্। কঞ্চিৎ কালমিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥২২॥

ভারতভাবদীপঃ

তপসস্তন্নিবৃত্ত্যুপায়ত্বমাহ—ঊর্দ্ধবাহুরিত্যাদিনা ॥৪—৫॥ চীরিণী নদীবিশেষঃ ॥৬—১০॥ অলিঞ্জরে মণিকাখ্যপাত্রে ॥১১—১২॥ ন সমভবৎ স্থূলত্বেন ন মমাবিত্যর্থঃ ॥১৩—২০॥

কুন্তীনন্দন রাজা ! সেই মৎস্য তখন সেই দীঘির ভিতরে একটুও চলিতে পারিত না। তখন মৎস্য পুনরায় মনুকে দেখিয়া বলিল— ॥১৮॥

"ভগবন্ ! সাধু ! আপনি আমাকে সমুদ্রের প্রিয়মহিষী গঙ্গাতে নিয়া যান, আমি সেইখানে বাস করিব। অথবা পিতঃ ! আপনি যাহা মনে করেন ॥১৯॥

হে নিষ্পাপ ! আমি আপনার অসূয়া না করিয়া আপনার আদেশেই থাকিব কারণ, আমি আপনার সাহায্যেই অত্যন্ত বৃদ্ধি পাইয়াছি" ॥২০॥

মৎস্য এইরূপ বলিলে, ইন্দ্রিয়জয়ী, পরমধার্ম্মিক ও ঐশ্বর্য্যশালী মনু নিজেই সেই মৎস্যকে গঙ্গানদীতে লইয়া গেলেন এবং তাহাতেই ছাড়িয়া দিলেন ॥২১॥

অরিন্দম যুধিষ্ঠির ! সেই মৎস্য সেই গঙ্গাতেই কিছুকাল বৃদ্ধি পাইল। তাহার পর আবার মনুকে দেখিয়া মৎস্য এই কথা বলিল— ॥২২॥

উদ্ধৃত্য গঙ্গাসলিলাত্ততো মৎস্যং মনুঃ স্বয়ম্।
সমুদ্রমনযৎ পার্থ! তত্র চৈনমবাসৃজৎ ॥২৪॥
সুমহানপি মৎস্যস্তু স মনোর্নয়তস্তদা।
আসীদ্‌যথেষ্টহার্য্যশ্চ স্পর্শগন্ধসুখশ্চ বৈ ॥২৫॥
যদা সমুদ্রে প্রক্ষিপ্তঃ স মৎস্যো মনুনা তদা।
তত এনমিদং বাক্যং স্ময়মান ইবাব্রবীৎ ॥২৬॥
ভগবন্! হি কৃতা রক্ষা ত্বয়া সর্ব্বা বিশেষতঃ।
প্রাপ্তকালন্তু যৎ কার্য্যং ত্বয়া তচ্ছ্রূয়তাং মম ॥২৭॥
অচিরাদ্ভগবন্! ভৌমমিদং স্থাবরজঙ্গমম্।
সর্ব্বমেব মহাভাগ! প্রলয়ং বৈ গমিষ্যতি ॥২৮॥

ভারতকৌমুদী

গঙ্গায়ামিতি। বৃহত্ত্বাৎ আত্মনোঽতিবিশালদেহত্বাৎ, চেষ্টিতুং বিচলিতুম্ ॥২৩॥

উদ্ধৃত্যেতি। অবাসৃজৎ ন্যক্ষিপৎ ॥২৪॥

অথ কথং মনুস্তাদৃশং ভারিণং মৎস্যমনযদিত্যাহ—সুমহানিতি। যথেষ্টহার্য্যঃ তুলরাশি-বদিচ্ছানুসারেণৈব বাহ্যঃ, স্পর্শগন্ধযোঃ সুখো মৎস্যত্বেঽপি সুখজনকস্তৎপ্রভাবাদেব ॥২৫॥

যদেতি। ততস্তস্মিন্ স্থান এব স্থিতঃ। স্ময়মান ঈষদ্ধসন্ ॥২৬॥

ভগবন্নিতি। প্রাপ্ত উপস্থিতপ্রায়ঃ কালো যস্য তৎ ॥২৭॥

অচিরাদিতি। ভৌমং ভূতলবর্ত্তি। প্রলয়ং জলমগ্নতাম্ ॥২৮॥

"প্রভু! আমি অতিবৃহৎ হইয়াছি বলিয়া গঙ্গাতেও চলিতে পারিতেছি না; অতএব ভগবন্! আপনি আমার প্রতি প্রসন্ন হউন, সত্বর আমাকে সমুদ্রে নিয়া চলুন" ॥২৩॥

পৃথানন্দন! তাহার পর মনু নিজেই সেই মৎস্যকে গঙ্গার জল হইতে তুলিয়া সমুদ্রে লইয়া গেলেন এবং তাহাতেই উহাকে ছাড়িয়া দিলেন ॥২৪॥

মনু যখন সেই মৎস্যকে লইয়া চলিয়াছিলেন, তখন সেই মৎস্য অতিবৃহৎ হইলেও মনুর পক্ষে ইচ্ছানুসারে বহনীয় হইয়াছিল এবং তাহার গন্ধ ও স্পর্শ মনুর পক্ষে সুখজনকই হইয়াছিল ॥২৫॥

মনু যখন তাহাকে সমুদ্রে ছাড়িয়া দিলেন, তখন সেই মৎস্য সেইখানে থাকিয়া হাসিতে হাসিতেই যেন মনুকে এই কথা বলিল—॥২৬॥

"ভগবন্! আপনি সর্ব্বত্রই আমাকে বিশেষভাবে রক্ষা করিয়াছেন; সুতরাং যে কার্য্যের সময় প্রায় উপস্থিত হইয়া আসিল, তাহা আমার নিকট শ্রবণ করুন ॥২৭॥

সংপ্রক্ষালনকালোঽয়ং লোকানাং সমুপস্থিতঃ।
তস্মাত্ত্বাং বোধয়াম্যদ্য যত্তে হিতমনুত্তমম্ ॥২৯॥
ত্রসানাং স্থাবরাণাঞ্চ যচ্চেঙ্গং যচ্চ নেঙ্গতি।
তস্য সর্ব্বস্য সংপ্রাপ্তঃ কালঃ পরমদারুণঃ ॥৩০॥
নৌশ্চ কারয়িতব্যা তে দৃঢ়া যুক্তবটাবকা।
তত্র সপ্তর্ষিভিঃ সার্দ্ধমারুহেথা মহামুনে! ॥৩১॥
বীজানি চৈব সর্ব্বাণি যথোক্তানি দ্বিজৈঃ পুরা।
তস্যামারোহয়েন্নাবি সুসংগুপ্তানি ভাগশঃ ॥৩২॥

ভারতকৌমুদী

সমিতি। অয়ং সংপ্রক্ষালনস্য জলপ্লাবনস্য কালঃ। বোধযামি জ্ঞাপযামি ॥২৯॥

ত্রসানামিতি। ত্রস্যন্তি ত্রাসাদিনা গচ্ছন্তীতি ত্রসা জঙ্গমাস্তেষাম্। ত্রস্যতেঃ পচাদিত্বাদচ্। ত্রসত্বং স্থাবরত্বঞ্চ যথাক্রমং ব্যাচষ্টে যদিতি। ইঙ্গং চলনশীলং মনুষ্যাদি। নেঙ্গতি ন চলতি প্রস্তরাদি। সংপ্রাপ্ত উপস্থিতঃ ॥৩০॥

নৌরিতি। নৌঃ কাচিত্তরিঃ। যুক্তো বন্ধনার্থং লগ্নো বটাবকঃ শণরজ্জুর্যত্র সা ॥৩১॥

বীজানীতি। বীজানি ধান্যাদীনাম্। ভাগশঃ সুসংগুপ্তানি অতিসুরক্ষিতানি ॥৩২॥

ভাবতভাবদীপঃ

স মৎস্যোঽচ্যুত ইতি সম্বন্ধঃ ॥২১॥ মৎস্যস্পর্শগন্ধজং চিদাভাসসম্পর্কজং সুখং যস্যাস্তীতি তস্য মনোঃ ॥২৫—২৮॥ সম্প্রক্ষালনমেকীভাবেন শুক্তিরজতস্যেব প্রপঞ্চমলস্য দূরীকরণম্ ॥২৯॥ ত্রসানাং জঙ্গমানাম্, ইঙ্গং চলনশীলং বৃক্ষাদি, নেঙ্গতি পাষাণাদি, কালোঽন্তঃ ॥৩০॥ বটাবকা রজ্জুঃ। বট বেষ্টনেঽস্য রূপম্। সপ্তর্ষিভিঃ প্রাণেন্দ্রিয়ৈঃ ॥৩১॥ বীজানি কর্ম্মাণি

ভগবন্! মহাভাগ! ভূতলের এই স্থাবরজঙ্গমাত্মক সমস্ত পদার্থই অচিরকালমধ্যে জলমগ্ন হইবে ॥২৮॥

জগতের এই জলপ্লাবনের কাল প্রায় উপস্থিত হইল, অতএব আপনার পক্ষে যাহা পরম হিতকর, তাহা আজ আমি আপনাকে জানাইতেছি ॥২৯॥

যাহা চলে এবং যাহা চলে না, সেইরূপ সমস্ত জঙ্গম ও স্থাবরপদার্থের পক্ষেই অতিদারুণ সময় উপস্থিত হইতেছে ॥৩০॥

অতএব মহর্ষি। আপনি একখানা দৃঢ় নৌকা নির্ম্মাণ করাইবেন, তাহাতে যেন শণের একটা দড়ি লাগান থাকে; তা'রপর আপনি সপ্তর্ষিদিগের সহিত সেই নৌকায় আরোহণ করিয়া থাকিবেন ॥৩১॥

আর, পূর্ব্বে ব্রাহ্মণেরা যে সকল বীজের কথা বলিয়াছেন, সেই সকল বীজ ভাগে ভাগে সুরক্ষিত করিয়া সেই নৌকায় তুলিয়া রাখিবেন ॥৩২॥

নৌস্থশ্চ মাং প্রতীক্ষেথাস্তদা মুনিজনপ্রিয় ! ।
আগমিষ্যাম্যহং শৃঙ্গী বিজ্ঞেয়স্তেন তাপস ! ॥৩৩॥
এবমেব ত্বয়া কার্য্যমাপৃষ্টোঽসি ব্রজাম্যহম্ ।
তা ন শক্যা মহত্যো বৈ আপস্তর্ত্তুং ময়া বিনা ।
নাভিশঙ্ক্যমিদঞ্চাপি বচনং মে ত্বয়া বিভো ! ॥৩৪॥
এবং করিষ্য ইতি তং স মৎস্যং প্রত্যভাষত ।
জগ্মতুশ্চ যথাকামমনুজ্ঞাপ্য পরস্পরম্ ॥৩৫॥
যুগান্তকাল উপস্থিত হইলে, ধান্যান্নভোজী লোকেরা—যে সকল দেশে যবান্ন বা গোধূমান্ন প্রচলিত, সেই সকল দেশের আশ্রয় লইবে ॥৪৩॥

নরনাথ! যুগাবসান উপস্থিত হইলে, পুরুষেরা ও স্ত্রীলোকেরা স্বেচ্ছাচারী হইয়া পরস্পর পরস্পরকে সহ্য করিবে না ॥৪৪॥

যুধিষ্ঠির। সমস্ত জগৎটাই ম্লেচ্ছ হইয়া যাইবে এবং মানুষেরা শ্রদ্ধাপ্রদত্ত উপচারদ্বারা দেবগণকে তৃপ্ত করিবে না ॥৪৫॥

নরনাথ! কেহ কাহারও শিষ্য বা কেহ কাহারও গুরু হইবে না এবং তখন সকল লোকই অজ্ঞানান্ধ হইবে ॥৪৬॥

যুগান্তকাল উপস্থিত হইলে মানুষের ষোড়শ বৎসরমাত্র পরমায়ু হইবে এবং তাহার পরই তাহারা প্রাণত্যাগ করিবে ॥৪৭॥

পঞ্চমে বাথ ষষ্ঠে বা বর্ষে কন্যা প্রসূয়তে।
সপ্তবর্ষাষ্টবর্ষাশ্চ প্রজাস্যন্তি নবাস্তদা ॥৪৮॥
পত্যৌ স্ত্রী তু তদা রাজন্। পুরুষো বা স্ত্রিয়ং প্রতি।
যুগান্তে রাজশার্দ্দূল। ন তোষমুপযাস্যতি ॥৪৯॥
অল্পদ্রব্যা বৃথালিঙ্গা হিংসা চ প্রভবিষ্যতি।
ন কশ্চিৎ কস্যচিদ্দাতা ভবিষ্যতি যুগক্ষয়ে ॥৫০॥
অট্টশূলা জনপদাঃ শিবশূলাশ্চতুষ্পথাঃ।
কেশশূলাঃ স্ত্রিয়শ্চাপি ভবিষ্যন্তি যুগক্ষয়ে ॥৫১॥
ম্লেচ্ছাচারাঃ সর্ব্বভক্ষা দারুণাঃ সর্ব্বকর্ম্মসু।
ভাবিনঃ পশ্চিমে কালে মনুষ্যা নাত্র সংশয়ঃ ॥৫২॥
ক্রয়বিক্রয়কালে চ সর্ব্বঃ সর্ব্বস্য বঞ্চনাম্।
যুগান্তে ভরতশ্রেষ্ঠ। বিত্তলোভাৎ করিষ্যতি ॥৫৩॥

ভারতকৌমুদী

পরমেতি। পরমায়ুঃ আধিক্যেন জীবনকালঃ ॥৪৭॥

পঞ্চম ইতি। প্রজাস্যন্তি সন্তানং জনয়িষ্যন্তি। "সপ্তবর্ষাষ্টবর্ষাশ্চ স্ত্রিয়ো গর্ভধরা নৃপ।" ইতি যৎ প্রাগুক্তম্ (১৬০২ পৃষ্ঠে), অনেন চ তৎপরাবস্থোক্তেতি ন বিরোধঃ ॥৪৮॥

পত্যাবিতি। তোষং রমণে কর্ম্মান্তরে বা আশানুরূপমানন্দম্ ॥৪৯॥

অল্পেতি। অল্পদ্রব্যা অল্পধনাঃ, বৃথালিঙ্গা মিথ্যাসাধুচিহ্নধারিণো ভবিষ্যন্তি ॥৫০॥

অট্টেতি। ব্যাখ্যাতমিদং প্রাক্ (১৫৯৮ পৃষ্ঠে)। তত্র স্বাতন্ত্র্যাদুক্তিঃ, অত্র চ যুধিষ্ঠির-নিয়োগাদুক্তিরিতি ন পৌনরুক্ত্যম্ ॥৫১॥

ম্লেচ্ছেতি। সর্ব্বং বিহিতং নিষিদ্ধঞ্চ ভক্ষয়ন্তীতি তে। পশ্চিমে যুগান্তে ॥৫২॥

তখন স্ত্রীলোক পঞ্চম বা ষষ্ঠ বর্ষে সন্তান প্রসব করিবে এবং পুরুষ সপ্তম বা অষ্টম বর্ষে স্ত্রীলোকের গর্ভ জন্মাইবে ॥৪৮॥

রাজশ্রেষ্ঠ রাজা! সেই যুগান্তসময়ে পত্নী পতির প্রতি এবং পতি পত্নীর প্রতি সন্তুষ্ট থাকিবে না ॥৪৯॥

কলিযুগের শেষে লোকের ধন অল্প হইবে, তাহারা মিথ্যা সাধুর চিহ্ন ধারণ করিবে, হিংসা প্রবল হইবে এবং কেহ কাহাকে দান করিবে না ॥৫০॥

কলিযুগের অবসানে দেশ সকল দুর্ভিক্ষপীড়িত, চতুষ্পথগুলি প্রতারকে পরিপূর্ণ এবং স্ত্রীলোকেরা অবগুণ্ঠনবিহীন হইবে ॥৫১॥

কলিযুগের চরম সময়ে মানুষেরা ম্লেচ্ছাচার, সর্ব্বভোজী এবং সমস্ত কার্য্যেই নিষ্ঠুর হইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৫২॥

জ্ঞানানি চাপ্যবিজ্ঞায় করিষ্যন্তি ক্রিয়াস্তথা।
আত্মচ্ছন্দেন বর্ত্তন্তে যুগান্তে সমুপস্থিতে ॥৫৪॥
স্বভাবাৎ ক্রূরকর্ম্মাণশ্চান্যোন্যমভিশংসিনঃ।
ভবিতারো জনাঃ সর্ব্বে সংপ্রাপ্তে তু যুগক্ষয়ে ॥৫৫॥
আরামাংশ্চৈব বৃক্ষাংশ্চ নাশয়িষ্যন্তি নির্ব্যথাঃ।
ভবিতা সংশয়ো লোকে জীবিতস্য হি দেহিনাম্ ॥৫৬॥
তথা লোভাভিভূতাশ্চ ভবিষ্যন্তি নরা নৃপ!।
ব্রাহ্মণাংশ্চ হনিষ্যন্তি ব্রাহ্মণস্বোপভোগিনঃ ॥৫৭॥
হাহাকৃতা দ্বিজাশ্চৈব ভয়ার্ত্তা বৃষলার্দ্দিতাঃ।
ত্রাতারমলভন্তো বৈ ভ্রমিষ্যন্তি মহীমিমাম্ ॥৫৮॥
জীবিতান্তকরাঃ ক্রূরা রৌদ্রাঃ প্রাণিবিহিংসকাঃ।
যদা ভবিষ্যন্তি নরাস্তদা সংক্ষেপ্স্যতে যুগম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

ক্রয়েতি। সর্ব্বস্য স্বপরসাধারণস্য ॥৫৩॥
জ্ঞানানীতি। জ্ঞায়ন্তে এভিরিতি জ্ঞানানি শাস্ত্রাণি। আত্মনশ্ছন্দেনাভিপ্রায়েণ ॥৫৪॥
স্বভাবাদিতি। ক্রূরকর্ম্মাণো নিষ্ঠুরকার্য্যকারিণঃ, অভিশংসিনো নিন্দাবাদিনঃ ॥৫৫॥
আরামানিতি। আরামান্ উদ্যানানি। সংশয়ো ভবিতা, দস্যুভিরাক্রমণাৎ ॥৫৬॥
তথেতি। ব্রাহ্মণস্বোপভোগিনঃ অন্যায়েন ব্রাহ্মণধনভোগিনঃ ॥৫৭॥
হাহেতি। বৃষলার্দ্দিতাঃ শূদ্রপীড়িতাঃ। ত্রাতারং রক্ষকম্ ॥৫৮॥

ভরতশ্রেষ্ঠ! কলিযুগের অবসানে ধনলোভে ক্রয়-বিক্রয়ের সময়ে সকলেই সকলের প্রতারণা করিবে ॥৫৩॥

যুগান্তকাল উপস্থিত হইলে, মানুষ শাস্ত্র না জানিয়া শাস্ত্রীয় কার্য্য করিবে এবং আপন ইচ্ছানুসারে কার্য্যে প্রবৃত্ত হইবে ॥৫৪॥

যুগাবসান উপস্থিত হইলে, সকল লোকই স্বভাবতঃ নিষ্ঠুরকর্ম্মা ও পরস্পর নিন্দাবাদী হইবে ॥৫৫॥

মানুষ বিনা কষ্টে উদ্যান ও বৃক্ষ নষ্ট করিবে এবং জগতে দস্যুভয়ে মানুষের জীবনসংশয় হইবে ॥৫৬॥

রাজা! মানুষ লোভাভিভূত হইয়া ব্রহ্মহত্যা করিবে এবং অন্যায় উপায়ে ব্রহ্মস্ব ভোগ করিবে ॥৫৭॥

ব্রাহ্মণেরা শূদ্রকর্ত্তৃক পীড়িত ও ভয়ার্ত্ত হইয়া রক্ষক না পাইয়া হাহাকার করিতে করিতে এই পৃথিবী ভ্রমণ করিবেন ॥৫৮॥

আশ্রয়িষ্যন্তি চ নদীঃ পর্ব্বতান্ বিষমাণি চ।
প্রধাবমানা বিত্রস্তা দ্বিজাঃ কুরুকুলোদ্বহ! ॥৬০॥
দস্যুভিঃ পীড়িতা রাজন্! কাকা ইব দ্বিজোত্তমাঃ।
কুরাজভিশ্চ সততং করভারপ্রপীড়িতাঃ ॥৬১॥
ধৈর্য্যং ত্যক্ত্বা মহীপাল! দারুণে যুগসংক্ষয়ে।
বিকর্ম্মাণি করিষ্যন্তি শূদ্রাণাং পরিচারকাঃ ॥৬২॥
শূদ্রা ধর্ম্মং প্রবক্ষ্যন্তি ব্রাহ্মণাঃ পর্য্যুপাসকাঃ।
শ্রোতারশ্চ ভবিষ্যন্তি প্রামাণ্যেন ব্যবস্থিতাঃ ॥৬৩॥
বিপরীতশ্চ লোকোঽয়ং ভবিষ্যত্যধরোত্তরঃ।
এড়ূকান্ পূজয়িষ্যন্তি বর্জ্জয়িষ্যন্তি দেবতাঃ।
শূদ্রাঃ পরিচরিষ্যন্তি ন দ্বিজান্ যুগসংক্ষয়ে ॥৬৪॥

ভারতকৌমুদী

জীবিতেতি। ক্রূরা নিষ্ঠুরাঃ। সংক্ষেপ্স্যতে অবসিতং ভবিষ্যতি ॥৫৯॥
আশ্রয়িষ্যন্তীতি। বিষমাণি উচ্চাবচানি কন্দরাদীনি ॥৬০॥
দস্যুভিরিতি। কাকা ইব জীবিকার্থং ভ্রমিষ্যন্তীতি শেষঃ ॥৬১॥
ধৈর্য্যমিতি। বিকর্ম্মাণি শূদ্রসেবাদীনি বিরুদ্ধকর্ম্মাণি, করিষ্যন্তি দ্বিজোত্তমাঃ ॥৬২॥
শূদ্রা ইতি। প্রামাণ্যেন শূদ্রোক্তৌ প্রামাণ্যবোধেন, ব্যবস্থিতাঃ সংবৃত্তাঃ ॥৬৩॥

ভারতভাবদীপঃ

॥৪১—৪৭॥ প্রজাস্যন্তি প্রজা জনয়িষ্যন্তি ॥৪৮—৫৩॥ জ্ঞানানি জ্ঞেয়স্বরূপাণি ॥৫৪—৫৭॥ বৃষলার্দ্দিতাঃ শূদ্রপীড়িতাঃ ॥৫৮॥ সংক্ষেপ্স্যতে নাশং গমিষ্যতি ॥৫৯—৬০॥ কাকা ইব সর্ব্বতঃ

যখন সকল মানুষই জীবননাশক, নিষ্ঠুরস্বভাব, ভয়ঙ্করপ্রকৃতি এবং সমস্ত প্রাণীর হিংসক হইবে, তখন যুগশেষ হইবে ॥৫৯॥

কুরুকুলশ্রেষ্ঠ! ব্রাহ্মণেরা ভীত হইয়া দৌড়াইতে থাকিয়া নদী, পর্ব্বত ও গুহাপ্রভৃতি স্থানে আশ্রয় লইবেন ॥৬০॥

রাজা! ব্রাহ্মণেরা দস্যুকর্ত্তৃক পীড়িত হইয়া কাকের ন্যায় জীবিকানির্ব্বাহের জন্য পরিভ্রমণ করিবেন এবং সর্ব্বদাই অত্যাচারি-রাজকর্ত্তৃক করভারে পীড়িত হইবেন ॥৬১॥

নরনাথ! সেই ভয়ঙ্কর যুগশেষে ব্রাহ্মণেরা ধৈর্য্য ত্যাগ করিয়া শূদ্রের সেবক হইয়া বিরুদ্ধ কার্য্য করিবেন ॥৬২॥

শূদ্রেরা ধর্ম্ম বলিবে; আর ব্রাহ্মণেরা তাহাদের সেবক হইয়া, তাহাদের কথায় প্রামাণ্য বোধ করিয়া তাহার শ্রোতা হইবেন ॥৬৩॥

আশ্রমেষু মহর্ষীণাং ব্রাহ্মণাবসথেষু চ।
দেবস্থানেষু চৈত্যেষু নাগানামালযেষু চ ॥৬৫॥
এড়ূকচিহ্না পৃথিবী ন দেবগৃহভূষিতা।
ভবিষ্যতি যুগে ক্ষীণে তদ্‌যুগান্তস্য লক্ষণম্ ॥৬৬॥ (যুগ্মকম্)
যদা রৌদ্রা ধর্ম্মহীনা মাংসাদাঃ পানপাস্তথা।
ভবিষ্যন্তি নরা নিত্যং তদা সংক্ষেপ্স্যতে যুগম্ ॥৬৭॥
পুষ্পে পুষ্পং যদা রাজন্! ফলে বা ফলমাশ্রিতম্।
প্রজাস্যতি মহারাজ! তদা সংক্ষেপ্স্যতে যুগম্ ॥৬৮॥
অকালবর্ষী পর্জ্জন্যো ভবিষ্যতি গতে যুগে।
অক্রমেণ মনুষ্যাণাং ভবিষ্যন্তি তদা ক্রিয়াঃ ॥৬৯॥

ভাবতকৌমুদী

বিপরীত ইতি। অধরো নীচ উত্তরঃ শ্রেষ্ঠ ইত্যধবোত্তরঃ। বিপবীত ইত্যুক্তে- রুত্তরোঽপ্যধব ইতি গম্যতে। এড়ূকান্ ভিত্ত্যন্তর্গতানি নির্লেপানি কাষ্ঠানি "ভিত্তিঃ স্ত্রী কুড্যমেড়ূকং যদন্তর্ন্যস্তকীকসম্" ইত্যমরঃ। বটপাদোঽযং শ্লোকঃ ॥৬৪॥

আশ্রমেষ্বিতি। চৈত্যেষু যজ্ঞাযতনেষু, নাগানাং হস্তিনাম্। এড়ূকানি ভিত্ত্যন্তবে সমর্পণযোগ্যানি কাষ্ঠান্যেব চিহ্নানি যস্যাঃ সা ॥৬৫—৬৬॥

যদেতি। মাংসাদা নরমাংসভোজিনঃ, পানপাঃ সর্ব্বসমক্ষং সুবাপাযিনঃ ॥৬৭॥

পুষ্প ইতি। আশ্রিতং লম্বিতং সৎ, প্রজাস্যতি উৎপৎস্যতে ॥৬৮॥

এই জগৎটাই বিপরীত হইয়া যাইবে, নীচ উচ্চ হইবে এবং উচ্চ নীচ হইবে। মানুষ দেওয়ালেব কাঠেব পূজা কবিবে (মালাপ্রভৃতিদ্বাবা সজ্জিত কবিবে); কিন্তু দেববিগ্রহগুলিকে বর্জ্জন কবিবে। আব যুগশেষে শূদ্রেবা দ্বিজাতিগণেব সেবা করিবে না ॥৬৪॥

যুগাবসান হইয়া আসিলে মহর্ষিদের আশ্রমে, ব্রাহ্মণদেব বাসস্থানে, দেবালয়ে, যজ্ঞভবনে এবং হস্তিশালায় দেওয়ালেব কাঠ দিযা ভূমি চিহ্নিত করা হইবে; কিন্তু দেবগৃহদ্বাবা ভূষিত কবা হইবে না; তাহাই যুগান্তেব লক্ষণ হইবে ॥৬৫—৬৬॥

যখন মানুষেবা সর্ব্বদাই নিষ্ঠুরপ্রকৃতি, ধর্ম্মহীন, নবমাংসভোজী এবং সুবাপাযী হইবে, তখন যুগশেষ হইবে ॥৬৭॥

বাজা! যখন ফুলে ফুল এবং ফলে ফল জন্মিবে, তখন যুগশেষ হইবে ॥৬৮॥

কলিযুগের অবসান হইযা আসিলে, মেঘ অকালে বর্ষণ কবিবে এবং তখন মানুষেব কার্য্য সকল অক্রমে হইবে ॥৬৯॥

বিরোধমথ যাস্যন্তি ব্রাহ্মণা বৃষলৈঃ সহ।
মহী ম্লেচ্ছজনাকীর্ণা ভবিষ্যতি ততোঽচিরাৎ ॥৭০॥
করভারভয়াদ্বিপ্রা ভজিষ্যন্তি দিশো দশ।
অন্যায়বর্ত্তিনশ্চাপি ভবিষ্যন্তি নবাধিপাঃ ॥৭১॥
নির্ব্বিশেষা জনপদাস্তথা বিষ্টিকরার্দ্দিতাঃ।
আশ্রমানুপলপ্স্যন্তি ফলমূলোপজীবিনঃ ॥৭২॥
এবং পর্য্যাকুলে লোকে মর্য্যাদা ন ভবিষ্যতি।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ পরিত্যক্ষ্যন্তি সৎক্রিয়াম্ ॥৭৩॥
ন স্থাস্যন্ত্যুপদেশে চ শিষ্যা বিপ্রিয়কারিণঃ।
আচার্য্যোঽপনিধিশ্চৈব ভৎ্স্যতে তদনন্তরম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

অকালেতি। পর্জ্জন্যো মেঘঃ। অক্রমেণ আদৌ ভোজনং পশ্চ স্নানমিত্যেবংভাবেন ॥৬৯॥
বিরোধমিতি। যাস্যন্তি করিষ্যন্তি। বৃষলৈঃ শূদ্রৈঃ ॥৭০॥
করেতি। ভজিষ্যন্তি আশ্রয়িষ্যন্তি ॥৭১॥
নিবিতি। নির্ব্বিশেষাঃ সমানাচারাঃ, জনপদাস্তত্রত্যজনাঃ, বেতনালাভেন কার্য্যনিষ্পাদনং বিষ্টিকরস্তেন অর্দ্দিতাঃ সন্তঃ, আশ্রমানুপলপ্স্যন্তি আশ্রয়িষ্যন্তি ॥৭২॥
এবমিতি। মর্য্যাদা নিয়মঃ শৃঙ্খলেত্যর্থঃ। সৎক্রিয়াং ব্রতদানাদিম্ ॥৭৩॥
নেতি। অপগতো নিধির্যস্য সোঽপনিধির্নির্ধনঃ, ভৎ্স্যতে নিন্দ্যতে শিষ্যৈরপি ॥৭৪॥

ভারতভাবদীপঃ

শঙ্খিনঃ নীচবৃত্ত্যুপজীবিনো বা ॥৬১—৬৩॥ এড়ূকান্ অস্থ্যঙ্কিতানি কুড্যানি। "ভিত্তিঃ স্ত্রী কুড্যমেড়ূকং যদন্তর্ন্যস্তকীকসম্" ইত্যমরঃ ॥৬৪—৭১॥ নির্ব্বিশেষাঃ তুল্যাচারবেশাঃ, বিষ্টিকরাঃ

তাহার পর ব্রাহ্মণেরা শূদ্রদের সহিত বিরোধ করিবেন, তৎপরে অচির-কালমধ্যেই পৃথিবী ম্লেচ্ছে পরিপূর্ণ হইবে ॥৭০॥

ব্রাহ্মণেরা করভারের ভয়ে দশ দিক্ আশ্রয় করিবেন এবং রাজারাও অন্যায়বর্ত্তী হইবেন ॥৭১॥

দেশের লোকের মধ্যে কোন ভেদ থাকিবে না এবং তাহারা বেগার দেওয়ার ভয়ে আশ্রমে যাইয়া ফল-মূলভোজী হইবে ॥৭২॥

জগৎটাই এইরূপ পর্য্যাকুল হইয়া পড়িলে, লোকসমাজে কোনই শৃঙ্খলা থাকিবে না, আর ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্যেরাও সৎকার্য্য ত্যাগ করিবেন ॥৭৩॥

গুরুর অপ্রিয়কারী শিষ্যেরা গুরুর উপদেশের অধীন থাকিবে না এবং তৎপরে দরিদ্র গুরুকে নিন্দা করিবে ॥৭৪॥

(৭১) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি। (৭৩) পরার্দ্ধং বা ব কা পি ন দৃশ্যতে।

অর্থযুক্ত্যা প্রবৎর্স্যন্তি মিত্রসম্বন্ধিবান্ধবাঃ।
অভাবঃ সর্ব্বভূতানাং যুগান্তে সম্ভবিষ্যতি ॥৭৫॥
দিশঃ প্রজ্বলিতাঃ সর্ব্বা নক্ষত্রাণ্যপ্রভাণি চ।
জ্যোতীংষি প্রতিকূলানি বাতাঃ পর্য্যাকুলাস্তথা ॥৭৬॥
উল্কাপাতাশ্চ বহবো মহাভয়নিদর্শকাঃ।
ষড়্‌ভিরন্যৈশ্চ সহিতো ভাস্করঃ প্রতপিষ্যতি ॥৭৭॥
তুমুলাশ্চাপি নির্হ্রাদা দিগ্‌দাহাশ্চাপি সর্ব্বশঃ।
কবন্ধান্তর্হিতো ভানুরুদয়াস্তমনে তদা ॥৭৮॥
অকালবর্ষী ভগবান্ ভবিষ্যতি সহস্রদৃক্।
শস্যানি চ ন বোক্ষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৭৯॥
অভীক্ষ্ণং ক্রূরবাদিন্যঃ পরুষা রুদিতপ্রিয়াঃ।
ভর্ত্তৄণাং বচনে চৈব ন স্থাস্যন্তি ততঃ স্ত্রিয়ঃ ॥৮০॥

ভারতকৌমুদী

অর্থেতি। অর্থযুক্ত্যা ধনলাভেনৈব, প্রবৎর্স্যন্তি কার্য্যেষু প্রবৃত্তা ভবিষ্যন্তি ॥৭৫॥
দিশ ইতি। জ্যোতীংষি মঙ্গলাদয়ো গ্রহাঃ। পর্য্যাকুলা অনিয়মবাহিনঃ ॥৭৬॥
উল্কেতি। অন্যৈঃ ষড়্‌ভির্ভাস্করৈঃ। প্রতপিষ্যতি জগৎ প্রতপ্স্যতি ॥৭৭॥
তুমুলা ইতি। নির্হ্রাদা আবস্মিকশব্দাঃ। কবন্ধঃ তদাকারা ছায়া ॥৭৮॥
অকালেতি। সহস্রদৃক্ ইন্দ্রঃ। ন বোক্ষ্যন্তি নোৎপৎস্যন্তে ॥৭৯॥
অভীক্ষ্ণমিতি। অভীক্ষ্ণং বারং বারম্। পরুষা রুক্ষস্বভাবাঃ ॥৮০॥

মিত্র, সম্বন্ধী এবং বান্ধবগণও অর্থলাভের সম্ভাবনা থাকিলেই কার্য্যে প্রবৃত্ত হইবে এবং যুগশেষে সকল লোকেরই অর্থাভাব উপস্থিত হইবে ॥৭৫॥

সমস্ত দিক্ প্রজ্বলিত হইবে, নক্ষত্র সকল প্রভাশূন্য হইয়া যাইবে, গ্রহগণ প্রতিকূলভাবে চলিবে এবং বায়ু অনিয়মে বহিবে ॥৭৬॥

মহাভয়সূচক বহুতর উল্কাপাত হইবে এবং সূর্য্য অন্য ছয়টা সূর্য্যের সহিত মিলিত হইয়া জগৎ সন্তপ্ত করিবেন ॥৭৭॥

তখন তুমুল নির্হ্রাদ চলিতে থাকিবে, সর্ব্বত্রই দিগ্‌দাহ হইবে এবং উদয়-কালে ও অস্তকালে সূর্য্য কবন্ধাকৃতি ছায়াদ্বারা আবৃত হইবেন ॥৭৮॥

যুগান্তকাল উপস্থিত হইলে ভগবান্ ইন্দ্র অকালে বর্ষণ করিবেন এবং শস্য উৎপন্ন হইবে না ॥৭৯॥

তাহার পর স্ত্রীলোকেরা সর্ব্বদা নিষ্ঠুরভাষী, রুক্ষস্বভাব ও রোদনপরায়ণ হইবে এবং ভর্ত্তাদের আদেশের অধীনে থাকিবে না ॥৮০॥

পুত্রাশ্চ মাতাপিতরৌ হনিষ্যন্তি যুগক্ষয়ে।
সূদয়িষ্যন্তি চ পতীন্ স্ত্রিয়ঃ পুত্রানুপাশ্রিতাঃ ॥৮১॥
অপর্ব্বণি মহারাজ! সূর্য্যং রাহুরুপৈষ্যতি।
যুগান্তে হুতভুক্ চাপি সর্ব্বতঃ প্রজ্বলিষ্যতি ॥৮২॥
পানীয়ং ভোজনঞ্চাপি যাচমানাস্তদাহধ্বগাঃ।
ন লপ্স্যন্তে নিবাসঞ্চ নিরস্তাঃ পথি শেরতে ॥৮৩॥
নির্ঘাতবায়সা নাগা শকুনাঃ সমৃগদ্বিজাঃ।
রূক্ষা বাচো বিমোক্ষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৮৪॥
মিত্রং সম্বন্ধিনশ্চাপি সন্ত্যক্ষ্যন্তি নরাস্তদা।
জনং পরিজনঞ্চাপি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৮৫॥
অথ দেশান্ দিশশ্চাপি পত্তনান্যাপণানি চ।
ক্রমশঃ সংশ্রয়িষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৮৬॥

ভারতকৌমুদী

পুত্রা ইতি। সূদযিষ্যন্তি বিদলিষ্যন্তি। পুত্রান্ তৎপক্ষান্ ॥৮১॥

অপর্ব্বণীতি। অপর্ব্বণি অমাবস্যেতবকালে। সর্ব্বত আর্দ্রকাষ্ঠেহপি ॥৮২॥

পানীযমিতি। অধ্বগাঃ পথিকাঃ। নিরস্তা গৃহস্থৈর্দূরীকৃতাঃ সন্তঃ ॥৮৩॥

নির্ঘাতেতি। নির্ঘাতাঃ প্রাগুক্তলক্ষণা বাতাহতবাতপাতাশ্চ বাযসাঃ কাকাশ্চ তে, নাগাঃ সর্পাঃ, শকুনা গৃধ্রাঃ, সমৃগদ্বিজাঃ পশুপক্ষিভিঃ সহ। বাচঃ শব্দান্ ॥৮৪॥

মিত্রমিতি। সম্বন্ধিনঃ শ্যালকাদীন্ ॥৮৫॥

যুগশেষে পুত্রেরা মাতা-পিতাকে হত্যা করিবে এবং স্ত্রীলোকেরা পুত্রদের পক্ষ অবলম্বন করিয়া ভর্ত্তাদের নির্যাতন করিবে ॥৮১॥

মহারাজ! যুগাবসানে অমাবস্যা ভিন্ন অন্য সময়ে রাহু সূর্য্যের নিকট উপস্থিত হইবে এবং সর্ব্বত্রই অগ্নি প্রজ্বলিত হইতে থাকিবে ॥৮২॥

সেই সময়ে পথিকগণ গৃহস্থগণের নিকট পানীয় জল, খাদ্য এবং বাসস্থান প্রার্থনা করিয়াও সেগুলি পাইবে না, প্রত্যুত গৃহস্থগণকর্ত্তৃক বিতাড়িত হইয়া যাইয়া পথে শয়ন করিবে ॥৮৩॥

যুগান্তকাল উপস্থিত হইলে নির্ঘাত, কাক, সর্প, শকুন ও অন্যান্য পশুপক্ষী রূক্ষ শব্দ করিবে ॥৮৪॥

যুগাবসানকাল আসিলে তখন মানুষেরা মিত্র, সম্বন্ধী, আত্মীযজন ও পরিজন-দিগকে পরিত্যাগ করিবে ॥৮৫॥

---

(৮১)…স্ত্রিয়ঃ পুত্রানপাশ্রিতাঃ—বা ব কা নি। (৮৬)…পত্তনানি পুরাণি চ—বা ব কা পি।

হা তাত ! হা সুতেত্যেবং তদা বাচঃ সুদারুণাঃ।
বিক্রোশমানাশ্চান্যোন্যং জনো গাং পর্য্যটিষ্যতি ॥৮৭॥
ততস্তুমুলসংঘাতে বর্ত্তমানে যুগক্ষয়ে।
দ্বিজাতিপূর্ব্বকো লোকঃ ক্রমেণ প্রভবিষ্যতি ॥৮৮॥
ততঃ কালান্তরে হ্যস্মিন্ পুনর্লোকবিবৃদ্ধয়ে।
ভবিষ্যতি পুনর্দৈবমনুকূলং যদৃচ্ছয়া ॥৮৯॥
যদা সূর্য্যশ্চ চন্দ্রশ্চ তথা তিষ্যবৃহস্পতী।
একরাশৌ সমেষ্যন্তি প্রবৎর্স্যতি তদা কৃতম্ ॥৯০॥
কালবর্ষী চ পর্জ্জন্যো নক্ষত্রাণি শুভানি চ।
প্রদক্ষিণা গ্রহাশ্চাপি ভবিষ্যন্ত্যনুলোমগাঃ ॥৯১॥

ভাবতকৌমুদী

অথেতি। পত্তনানি পুরাণি, আপণানি ক্রযবিক্রযগৃহাণি, ক্লীবত্বমার্ষম্ ॥৮৬॥
হেতি। বিক্রোশমানা আহ্বানকালে উচ্চাবযন্তঃ। গাং পৃথিবীম্ ॥৮৭॥
তত ইতি। তুমুলঃ সংঘাতঃ সংহাবো যত্র তস্মিন্। প্রভবিষ্যতি প্রভুত্বং প্রাপ্স্যতি ॥৮৮॥
তত ইতি। ততঃ কলিরূপাৎ কালাৎ। যদৃচ্ছয়া ঈশ্ববেচ্ছয়া ॥৮৯॥
যদেতি। তিষ্যঃ পুষ্যনক্ষত্রঞ্চ বৃহস্পতিশ্চেতি তিষ্যবৃহস্পতী। তথা চ যদা একস্মিন্ কর্কটবাশৌ ঘটকতযা পুষ্যনক্ষত্রং তত্রৈব চ পুষ্যে সূর্য্যশ্চন্দ্রো বৃহস্পতিশ্চৈতে সমেষ্যন্তি, তদা কৃতং সত্যযুগম্, প্রবৎর্স্যতি প্রবৃত্তং ভবিষ্যতি ॥৯০॥

ভাবতভাবদীপঃ

ভৃতিমদত্ত্বা কার্য্যং কারয়ন্তি তে ॥৭২—৭৩॥ আচার্য্যোঽপি অপনিধিঃ নির্ধনঃ, ভৎর্স্যতে ধিক্ক্রিয়তে ॥৭৪॥ অর্থযুক্ত্যা ধনযোগেন, ন তু স্নেহেন ধর্ম্মেণ বা ॥৭৫—৭৭॥ কবন্ধাস্তর্হিত

তৎপরে তাহারা অন্য দেশ, অন্য দিক্, নগব ও দোকানে যাইযা ক্রমশঃ আশ্রয় লইবে ॥৮৬॥

তখন 'হা পিতঃ। হা পুত্র।' এইরূপ নিদাকণ বাক্য উচ্চাবণপূর্ব্বক পরস্পব আহ্বান করিতে থাকিয়া লোক সকল পৃথিবী পর্য্যটন কবিবে ॥৮৭॥

তাহাব পব মহামাবী উপস্থিত হইবে এবং কলিযুগেব শেষ হইয়া যাইবে। তৎপরে ক্রমশঃ দ্বিজাতিগণ ও অন্যান্য লোক প্রভুত্ব লাভ কবিবে ॥৮৮॥

সেই কলিযুগের পবে আবার অন্য কাল উপস্থিত হইবে, তখন ঈশ্ববেব ইচ্ছায় লোকবৃদ্ধিব জন্য দৈব পুনবায় অনুকূল হইবে ॥৮৯॥

যখন এক কর্কটবাশিতে পুষ্যানক্ষত্রে চন্দ্র, সূর্য্য ও বৃহস্পতি আসিবেন, তখনই সত্যযুগ প্রবৃত্ত হইবে ॥৯০॥

(৮৯) ততঃ কালান্তরেঽন্যস্মিন্—বা ব কা নি।

ক্ষেমং সুভিক্ষমারোগ্যং ভবিষ্যতি নিরাময়ম্ ।
কল্কী বিষ্ণুযশা নাম দ্বিজঃ কালপ্রচোদিতঃ ॥৯২॥
উৎপৎস্যতে মহাবীর্য্যো মহাবুদ্ধিপরাক্রমঃ ।
সম্ভূতঃ সম্ভলগ্রামে ব্রাহ্মণাবসথে শুভে ॥৯৩॥ (যুগ্মকম্)
মনসা তস্য সর্ব্বাণি বাহনান্যায়ুধানি চ ।
উপস্থাস্যন্তি যোধাশ্চ শস্ত্রাণি কবচানি চ ॥৯৪॥
স ধর্ম্মবিজয়ী রাজা চক্রবর্ত্তী ভবিষ্যতি ।
স চেমং সঙ্কুলং লোকং প্রসাদমুপনেষ্যতি ॥৯৫॥
উত্থিতো ব্রাহ্মণো দীপ্তঃ ক্ষয়ান্তকৃদুদারধীঃ ।
সংক্ষেপকো হি সর্ব্বস্য যুগস্য পরিবর্ত্তকঃ ॥৯৬॥

ভাবতকৌমুদী

কালেতি। শুভানি সপ্রভাণি, পূর্ব্বত্র অপ্রভাণীত্যভিধানাৎ। প্রদক্ষিণাঃ শুভাঃ ॥৯১॥

ক্ষেমমিতি। ক্ষেমং মঙ্গলম্। নিরাময়ং সর্ব্ববিধোৎপাতাভাবঃ। বিষ্ণুযশা বিষ্ণুযশসো বিপ্রস্য পুত্রঃ "ভবিতা বিষ্ণুযশসঃ" ইতি শ্রীমদ্ভাগবতসংবাদাৎ ॥৯২—৯৩॥

মনসেতি। মনসা মনস ইচ্ছামাত্রেণৈব। যোধা যোদ্ধারঃ সৈন্যাঃ ॥৯৪॥

স ইতি। সঙ্কুলম্ ঈর্ষ্যাদ্বেষাদিব্যাপ্তম্, প্রসাদং মৈত্র্যাদিনৈর্ম্মল্যম্ ॥৯৫॥

উত্থিত ইতি। ক্ষয়ান্তকৃৎ মহামারীনিবৃত্তিকৃৎ। সর্ব্বস্য ঈর্ষ্যাদ্বেষাদেশ্চিত্তকালুষ্যস্য, সংক্ষেপকো নিবারকঃ, যুগস্য পরিবর্ত্তকঃ সত্যযুগপ্রবর্ত্তক ইত্যর্থঃ ॥৯৬॥

তখন মেঘ যথাসময়ে বর্ষণ করিবে, নক্ষত্র সকল উজ্জ্বল হইবে এবং গ্রহগণ অনুকূল হইয়া জগতের মঙ্গল জন্মাইবে ॥৯১॥

এবং সর্ব্বত্র মঙ্গল, সুভিক্ষ, আরোগ্য ও সমস্ত উৎপাতের নিবৃত্তি হইবে, আর 'সম্ভল-'নামক গ্রামে মঙ্গলময় ব্রাহ্মণভবনে কালের প্রেরণায় মহাবল, মহাবুদ্ধি ও মহাপরাক্রমশালী হইয়া ভগবান্ কল্কী বিষ্ণুযশার পুত্ররূপে জন্ম গ্রহণ করিবেন ॥৯২—৯৩॥

তাঁহার ইচ্ছামাত্রে সমস্ত বাহন, অস্ত্র, শস্ত্র, কবচ ও যোদ্ধা উপস্থিত হইবে ॥৯৪॥

তিনি ধর্ম্ম অনুসারে বিজয়ী হইয়া রাজচক্রবর্ত্তী হইবেন এবং ঈর্ষ্যাদ্বেষাদি-কলুষিত এই জগৎটাকেই নির্ম্মল করিবেন ॥৯৫॥

অসাধারণ তেজস্বী ও উদারবুদ্ধি সেই ব্রাহ্মণ ক্রমিক উন্নতি লাভ করিতে থাকিয়া দূষিত ভাবের নিবৃত্তি, মহামারীর নিবারণ এবং যুগের পরিবর্ত্তন করিবেন ॥৯৬॥

স সর্ব্বত্র গতান্ ক্ষুদ্রান্ ব্রাহ্মণৈঃ পরিবারিতঃ।
উৎসাদয়িষ্যতি তদা সর্ব্বম্লেচ্ছগণান্ দ্বিজঃ ॥৯৭॥
ততশ্চৌরক্ষয়ং কৃত্বা দ্বিজেভ্যঃ পৃথিবীমিমাম্।
বাজিমেধে মহাযজ্ঞে বিধিবৎ কল্পয়িষ্যতি ॥৯৮॥
স্থাপয়িত্বা চ মর্য্যাদাঃ স্বয়ম্ভুবিহিতাঃ শুভাঃ।
বনং পুণ্যযশঃকর্ম্মা রমণীয়ং প্রবেক্ষ্যতি ॥৯৯॥
তচ্ছীলমনুবৎর্স্যন্তি মনুষ্যা লোকবাসিনঃ।
বিপ্রৈশ্চৌরক্ষয়ে চৈব কৃতে ক্ষেমং ভবিষ্যতি ॥১০০॥
কৃষ্ণাজিনানি শক্তীশ্চ ত্রিশূলান্যায়ুধানি চ।
স্থাপয়ন্ দ্বিজশার্দ্দূলো দেশেষু বিজিতেষু চ ॥১০১॥
সংস্তূয়মানো বিপ্রেন্দ্রৈর্মানয়ানো দ্বিজোত্তমান্।
কল্কিশ্চরিষ্যতি মহীং সদা দস্যুবধে রতঃ ॥১০২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। ক্ষুদ্রান্ নিকৃষ্টহৃদয়ান্। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥৯৭॥
তত ইতি। চৌরক্ষয়ং দস্যুসংহারম্। কল্পয়িষ্যতি প্রদাস্যতি ॥৯৮॥
স্থাপয়িত্বেতি। মর্য্যাদাঃ সমাজাদিনিয়মান্। পুণ্যে যশঃকর্ম্মণী যস্য সঃ ॥৯৯॥
তদিতি। অনুবৎর্স্যন্তি অনুসরিষ্যন্তি। ক্ষেমং জগতো মঙ্গলম্ ॥১০০॥
কৃষ্ণেতি। স্থাপয়ন্ দুষ্টদমনার্থম্। মানয়ানঃ সম্মানয়ন্ ॥১০১—১০২॥

ভারতভাবদীপঃ

বাহ্বন্তবিতঃ ॥৭৮—৮৯॥ যদেতি। গুরুসূর্য্যচন্দ্রাঃ যদা যুগপৎ পুষ্যনক্ষত্রমেষ্যন্তি তদা কৃত-যুগপ্রবৃত্তিরিত্যর্থঃ ॥৯০—৯৭॥ কল্পয়িষ্যতি দাস্যতি ॥৯৮—৯৯॥ বিপ্রৈর্হেতুভিঃ, কৃতে যুগে

এবং তিনি তখন ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া সর্ব্বত্র বিদ্যমান নিকৃষ্টহৃদয় সর্ব্ববিধ ম্লেচ্ছগণকে উৎসন্ন করিবেন ॥৯৭॥

তাহার পর তিনি দস্যুসংহার করিয়া মহাযজ্ঞ অশ্বমেধে ব্রাহ্মণগণকে এই পৃথিবীটা যথাবিধানে দান করিবেন ॥৯৮॥

তদনন্তর পবিত্রকীর্ত্তি ও পবিত্রকর্ম্মা কল্কি ব্রহ্মার বিহিত মাঙ্গলিক নিয়ম সকল স্থাপন করিয়া রমণীয় বনে প্রবেশ করিবেন ॥৯৯॥

তখন মর্ত্ত্যবাসী মানুষেরা তাঁহার চরিত্রের অনুসরণ করিবে এবং ব্রাহ্মণেরা দস্যুসংহার করিলে জগতের মঙ্গল হইবে ॥১০০॥

---

(৯৭) শ্লোকাৎ পরম্ '···নবত্যধিক···মার্কণ্ডেয় উবাচ'—বা ব কা, '···একনবত্যধিক··· মার্কণ্ডেয় উবাচ'—পি, '···ত্রিনবত্যধিক···মার্কণ্ডেয় উবাচ'—নি।

হা মাতস্তাত পুত্রেতি তাস্তা বাচঃ সুদারুণাঃ।
বিক্রোশমানান্ সুভৃশং দস্যূন্ নেষ্যতি সংক্ষয়ম্ ॥১০৩॥
ততোঽধর্ম্মবিনাশো বৈ ধর্ম্মবৃদ্ধিশ্চ ভারত ! ।
ভবিষ্যতি কৃতে প্রাপ্তে ক্রিয়াবাংশ্চ জনস্তদা ॥১০৪॥
আরামাশ্চৈব চৈত্যাশ্চ তড়াগাবসথাস্তথা।
পুষ্করিণ্যশ্চ বিবিধা দেবতায়তনানি চ ॥১০৫॥
যজ্ঞক্রিয়াশ্চ বিবিধা ভবিষ্যন্তি কৃতে যুগে।
ব্রাহ্মণাঃ সাধবশ্চৈব মুনয়শ্চ তপস্বিনঃ ॥১০৬॥ (যুগ্মকম্)
আশ্রমা হতপাষণ্ডাঃ স্থিতাঃ সত্যে জনাস্তদা।
প্রযন্তি সর্ব্ববীজানি রোপ্যমাণানি চৈব হ ॥১০৭॥

ভারতকৌমুদী

হেতি। তাস্তা আত্মীয়বিষয়া বাচ উচ্চার্য্য বিক্রোশমানান্ আহ্বয়তঃ ॥১০৩॥

তত ইতি। ক্রিয়াবান্ যাগাদিসৎকর্ম্মান্বিতঃ ॥১০৪॥

আরামা ইতি। আরামা উপবনানি, চৈত্যা যজ্ঞশালাঃ, তড়াগা জলাশয়বিশেষাশ্চ আবসথা পথিকাবাসাশ্চ তে। ব্রাহ্মণাশ্চ সাধুপ্রভৃতয়ো ভবিষ্যন্তি ॥১০৫—১০৬॥

আশ্রমা ইতি। হতাঃ পাষণ্ডা বৃথাধর্ম্মচিহ্নধারিণো যেষাং তে। প্রযন্তি রোহন্তি ॥১০৭॥

ভারতভাবদীপঃ

॥১০০॥ কৃষ্ণাজিনানি ব্রহ্মচারিপরিধেয়ানি তেন সর্ব্বাণি ব্রাহ্মণবর্ম্মাণি লক্ষ্যন্তে শক্তীরিত্যাদিনা রাজধর্ম্মান্ স্থাপয়ন্ ব্রহ্মক্ষত্রযোর্ধর্ম্মব্যবস্থাং চক্রে ইতি ভাবঃ ॥১০১—১০৩॥ অধর্ম্মবিনাশ

ব্রাহ্মণশ্রেষ্ঠ কল্কি বিজিত দেশসমূহে কৃষ্ণমৃগের চর্ম্ম (ঢাল), শক্তি, ত্রিশূল ও অন্যান্য অস্ত্র রাখিয়া, ব্রাহ্মণদিগের স্তুতিবাদ শ্রবণ এবং তাঁহাদের সংবর্দ্ধনা করিয়া (সেই বনের ভিতরে) সর্ব্বদাই দস্যুসংহারে নিরত হইয়া, ক্রমে পৃথিবীতে বিচরণ করিবেন ॥১০১—১০২॥

বিভিন্ন স্থানের দস্যুরা 'হা মাতঃ! হা পিতঃ! হা পুত্র!' এইরূপ নিদারুণ বাক্য সকল উচ্চারণপূর্ব্বক তাহাদিগকে ডাকিতে থাকিবে এই অবস্থায় কল্কি তাহাদিগকে সংহার করিবেন ॥১০৩॥

ভরতনন্দন! তাহার পর সত্যযুগ উপস্থিত হইলে, তখন অধর্ম্মের লোপ ও ধর্ম্মের বৃদ্ধি হইবে এবং মানুষ সৎক্রিয়ান্বিত হইবে ॥১০৪॥

সত্যযুগ উপস্থিত হইলে, উপবন, যজ্ঞশালা, বৃহৎ বৃহৎ জলাশয়, পথিক-দিগের জন্য বাসভবন, নানাবিধ পুষ্করিণী, দেবালয় ও বিবিধ যজ্ঞকার্য্য হইবে এবং ব্রাহ্মণেরাও সাধু, মুনি ও তপস্বী হইবেন ॥১০৫—১০৬॥

(১০৭) আশ্রমাঃ সহ পাষণ্ডাঃ...বা ব কা পি।

সর্ব্বেষ্বৃতুষু রাজেন্দ্র! সর্ব্বং শস্যং ভবিষ্যতি।
নরা দানেষু নিরতা ব্রতেষু নিয়মেষু চ ॥১০৮॥
জপ্যযজ্ঞপরা বিপ্রা ধর্ম্মকামা মুদা যুতাঃ।
পালয়িষ্যন্তি রাজানো ধর্ম্মেণেমাং বসুন্ধরাম্ ॥১০৯॥
ব্যবহাররতা বৈশ্যা ভবিষ্যন্তি কৃতে যুগে।
ষট্‌কর্ম্মনিরতা বিপ্রাঃ ক্ষত্রিয়া বিক্রমে রতাঃ ॥১১০॥
শুশ্রূষায়াং রতাঃ শূদ্রাস্তথা বর্ণত্রয়স্য চ।
এষ ধর্ম্মঃ কৃতযুগে ত্রেতায়াং দ্বাপরে তথা ॥১১১॥
পশ্চিমে যুগকালে চ যঃ স তে সম্প্রকীর্ত্তিতঃ।
সর্ব্বলোকস্য বিদিতা যুগসংখ্যা চ পাণ্ডব! ॥১১২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সর্ব্বেষ্বিতি। নিরতা ভবিষ্যন্তীতি বচনবিপরিণামেন পূর্ব্বক্রিয়ানুবৃত্তিঃ ॥১০৮॥

জপ্যেতি। মুদা উৎপাতাপগমাদানন্দেন যুতাঃ ॥১০৯॥

ব্যবেতি। ব্যবহারো বাণিজ্যাদিঃ। ষট্‌কর্ম্মাণি যজনযাজনাধ্যয়নাধ্যাপনদানপ্রতিগ্রহাঃ ॥১১০॥

শুশ্রূষায়ামিতি। বর্ণত্রয়স্য উচ্চস্য। পশ্চিমে যুগকালে কলৌ। যুগসংখ্যা সত্যাদীনাং চতুর্ণাং যুগানাং দেবপরিমাণেন চতুস্ত্রিদ্ব্যেকসহস্রবৎসররূপা ॥১১১—১১২॥

ভারতভাবদীপঃ

ইতি চ্ছেদঃ ॥১০৪—১০৬॥ যে আশ্রমাঃ সহ পাষণ্ডাঃ প্রাক্ স্থিতাস্তে প্রজাশ্চ সত্যজনা ভবিষ্যন্তীতি সম্বন্ধঃ; প্রযন্তি নশ্যন্তি, বীজানি সংস্কারাঃ, রোপ্যমাণানি ক্রিয়মাণৈঃ কর্ম্মভির্দৃঢ়ং সম্পাদ্যমানান্যপি জ্ঞানবলান্নশ্যন্তীত্যর্থঃ ॥১০৭—১৩১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬১॥

তখন আশ্রম হইতে পাষণ্ডেরা দূরীকৃত হইবে, সকল লোকই সত্যে অবস্থান করিবে এবং রোপণ করিলেই সমস্ত বীজ উৎপন্ন হইবে ॥১০৭॥

রাজশ্রেষ্ঠ! সকল ঋতুতেই শস্য জন্মিবে এবং মানুষ দান, ব্রত ও নিয়মে নিরত হইবে ॥১০৮॥

ব্রাহ্মণেরা আনন্দিত হইয়া ধর্ম্মকামনায় জপ ও যজ্ঞপরায়ণ হইবেন এবং রাজারা ধর্ম্ম অনুসারে এই পৃথিবী পালন করিবেন ॥১০৯॥

সত্যযুগে ব্রাহ্মণেরা যজনাদি ষট্‌কর্ম্মে, ক্ষত্রিয়েরা বিক্রমে এবং বৈশ্যেরা বাণিজ্যে নিরত হইবেন ॥১১০॥

শূদ্রেরা উচ্চ তিন বর্ণের পরিচর্য্যায় ব্যাপৃত হইবে। পাণ্ডুনন্দন! সত্য, ত্রেতা ও দ্বাপরযুগের এই ধর্ম্ম এবং কলিযুগের যে ধর্ম্ম, তাহা তোমার নিকট বলিলাম; আর চারি যুগের পরিমাণ ত সকলেরই জানা আছে ॥১১১—১১২॥

এতত্তে সর্ব্বমাখ্যাতমতীতানাগতং তথা।
বায়ুপ্রোক্তমনুস্মৃত্য পুরাণমৃষিসংস্তুতম্ ॥১১৩॥
এবং সংসারমার্গা মে বহুশশ্চিরজীবিনা।
দৃষ্টাশ্চৈবানুভূতাশ্চ তাংস্তে কথিতবানহম্ ॥১১৪॥
ইদঞ্চৈবাপরং ভূয়ঃ সহ ভ্রাতৃভিরচ্যুত!।
ধর্ম্মসংশয়মোক্ষার্থং নিবোধ বচনং মম ॥১১৫॥
ধর্ম্মে ত্বয়াত্মা সংযোজ্যো নিত্যং ধর্ম্মভৃতাং বর!।
ধর্ম্মাত্মা হি সুখং রাজন্! প্রেত্য চেহ চ বিন্দতি ॥১১৬॥
নিবোধ চ শুভাং বাণীং যাং প্রবক্ষ্যামি তেঽনঘ!।
ন ব্রাহ্মণে পরিভবঃ কর্ত্তব্যস্তে কদাচন।
ব্রাহ্মণঃ কুপিতো হন্যাদপি লোকান্ প্রতিজ্ঞয়া ॥১১৭॥

বৈশম্পায়ন উবাচ।

মার্কণ্ডেয়বচঃ শ্রুত্বা কুরূণাং প্রবরো নৃপঃ।
উবাচ বচনং ধীমান্ পরমং পরমদ্যুতিঃ ॥১১৮॥

ভারতকৌমুদী

এতদিতি। পুরাণং পুরাতনম্, ঋষিভিঃ সংস্তুতং পরিচিতং বিদিতমিত্যর্থঃ ॥১১৩॥

এবমিতি। মে ময়া বহুশো দৃষ্টাঃ, মনসা চানুভূতাঃ ॥১১৪॥

ইদমিতি। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট!। ধর্ম্মসংশয়স্য মোক্ষার্থং নিবৃত্ত্যর্থম্ ॥১১৫॥

ধর্ম্ম ইতি। আত্মা মনঃ। প্রেত্য পরলোকে। বিন্দতি লভতে ॥১১৬॥

নিবোধেতি। প্রতিজ্ঞয়া হননবিষয়কবাক্যমাত্রেণৈব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১৭॥

যুধিষ্ঠির! ঋষিগণের বিদিত বায়ুপ্রোক্ত প্রাচীন বচন সকল স্মরণ করিয়া আমি এই ভূত ও ভবিষ্যৎ বিষয়গুলি তোমার নিকট বলিলাম ॥১১৩॥

আমি চিরজীবী বলিয়া সংসারের এই সকল পথ বহুবার দেখিয়াছি এবং অনুভব করিয়াছি; তাহা আমি তোমার নিকট বলিলাম ॥১১৪॥

ধার্ম্মিক যুধিষ্ঠির! তুমি ভ্রাতাদের সহিত মিলিত হইয়া ধর্ম্মসন্দেহ নিবৃত্তির জন্য পুনরায় আমার এই অপর বাক্য শ্রবণ কর ॥১১৫॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ রাজা! তুমি সর্ব্বদাই ধর্ম্মে মনকে সংযুক্ত রাখিবে। কারণ, ধর্ম্মাত্মা লোক ইহলোকে ও পরলোকে সুখ লাভ করে ॥১১৬॥

নিষ্পাপ রাজা! আমি তোমার নিকট যে শুভজনক বাক্য বলিব, তাহা তুমি শ্রবণ কর। তুমি কখনও ব্রাহ্মণের অপমান করিও না। কারণ, ব্রাহ্মণ কুপিত হইয়া একমাত্র বাক্যদ্বারাই সমস্ত জগৎ বিনষ্ট করিতে পারেন" ॥১১৭॥

কস্মিন্ ধর্ম্মে ময়া স্থেয়ং প্রজাঃ সংরক্ষতা মুনে।।
কথঞ্চ বর্ত্তমানো বৈ ন চ্যবেয়ং স্বধর্ম্মতঃ ॥১১৯॥
মার্কণ্ডেয় উবাচ।
দয়াবান্ সর্ব্বভূতেষু হিতো রক্তোঽনসূয়কঃ।
সত্যবাদী মৃদুর্দান্তঃ প্রজানাং রক্ষণে রতঃ ॥১২০॥
চর ধর্ম্মং ত্যজাধর্ম্মং পিতৄন্ দেবাংশ্চ পূজয়।
প্রমাদাদ্‌যৎ কৃতং তেঽভূৎ সম্যগ্‌দানেন তজ্জয় ॥১২১॥ (যুগ্মকম্)
অলং তে মানমাশ্রিত্য সততং পরবান্ ভব।
বিজিত্য পৃথিবীং সর্ব্বাং মোদমানঃ সুখী ভব ॥১২২॥
এষ ভূতো ভবিষ্যশ্চ ধর্ম্মস্তে সমুদীরিতঃ।
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিদতীতানাগতং ভুবি ॥১২৩॥

ভারতকৌমুদী

মার্কণ্ডেযেতি। পবমং নিজহিতবিষয়ত্বাদুত্তমম্, পরমদ্যুতির্মহাতেজাঃ ॥১১৮॥
কস্মিন্নিতি। কস্মিন্ কীদৃশে, স্থেযং স্থাতব্যম্। চ্যবেযং ভ্রশ্যেযম্ ॥১১৯॥
দযেতি। রক্তোঽনুরাগী। দান্ত ইন্দ্রিয়দমনশালী। প্রমাদাদনবধানাৎ ॥১২০—১২১॥
অলমিতি। মানং স্বাধীনতাগর্ব্বম্। পরবান্ দয়াদিনা পবাধীনঃ ॥১২২॥
এষ ইতি। ভূতঃ অতীতঃ। এতদুদীরণং নিষ্প্রয়োজনমেবেত্যাহ—নেতি ॥১২৩॥

বৈশম্পায়ন বলিলেন—বুদ্ধিমান্, মহাতেজা ও কুরুশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠিব মার্কণ্ডেয়ের বাক্য শুনিয়া এই উত্তম বাক্য বলিলেন—॥১১৮॥

"মুনি! আমি প্রজা পালন কবিবাব সময়ে কিরূপ ধর্ম্মে থাকিব? এবং কি প্রকাবে থাকিয়াই বা নিজ ধর্ম্ম হইতে ভ্রষ্ট হইব না?" ॥১১৯॥

মার্কণ্ডেয় বলিলেন—"বাজা! তুমি সকল প্রাণীর উপরেই দযালু, হিতৈষী, অনুবাগী ও অসূয়াবিহীন হইযা এবং সত্যবাদী, কোমলস্বভাব, ইন্দ্রিয়জয়ী ও প্রজাপালনে নিরত থাকিয়া ধর্ম্ম আচরণ কব, অধর্ম্ম ত্যাগ কর, দেবগণ ও পিতৃগণেব পূজা কব এবং অনবধানতাবশতঃ তোমাব যে পাপ কবা হইয়াছে, উপযুক্ত দান কবিযা সে পাপ নষ্ট কর ॥১২০—১২১॥

তুমি গর্ব্বিত হইও না, সর্ব্বদা পবাধীনই থাক এবং সমগ্র পৃথিবী জয় করিয়া আমোদ অনুভব কর এবং সুখী হও ॥১২২॥

এই তোমার নিকট ভূত ও ভবিষ্য ধর্ম্ম বলিলাম; কিন্তু জগতে ভূত বা ভবিষ্য কোন বিষয়ই তোমাব অবিদিত নাই ॥১২৩॥

তস্মাদিমং পরিক্লেশং ত্বং তাত! হৃদি মা কৃথাঃ।
প্রাজ্ঞাস্তাত! ন মুহ্যন্তি কালেনাপি প্রপীড়িতাঃ ॥১২৪॥
এষ কালো মহাবাহো! অপি সর্ব্বদিবৌকসাম্।
মুহ্যন্তি হি প্রজাস্তাত! কালেনাপি প্রচোদিতাঃ ॥১২৫॥
মা চ তেঽত্র বিশঙ্কা ভূদ্‌যন্ময়োক্তং তবানঘ!।
আশঙ্ক্য মদ্বচো হ্যেতদ্ধর্ম্মলোপো ভবেত্তব ॥১২৬॥
জাতোঽসি প্রথিতে বংশে কুরূণাং ভরতর্ষভ!।
কর্ম্মণা মনসা বাচা সর্ব্বমেতৎ সমাচর ॥১২৭॥

যুধিষ্ঠির উবাচ।

যত্ত্বয়োক্তং দ্বিজশ্রেষ্ঠ! বাক্যং শ্রুতিমনোহরম্।
তথা করিষ্যে যত্নেন ভবতঃ শাসনং বিভো! ॥১২৮॥
ন মে লোভোঽস্তি বিপ্রেন্দ্র! ন ভয়ং ন চ মৎসরঃ।
করিষ্যামি হি তৎ সর্ব্বমুক্তং যত্তে ময়ি প্রভো! ॥১২৯॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। ইমং রাজ্যনাশবনবাসাদিকৃতম্। কালেন কালকৃতদুঃখেন ॥১২৪॥
এষ ইতি। এষ ঈদৃশদুঃখপ্রযোজকঃ। কালেন তদুপস্থাপিতদুঃখেন ॥১২৫॥
মেতি। বিশঙ্কা অসত্যত্বসন্দেহঃ। ধর্ম্মলোপো ভবেৎ, এতদ্বিপরীতাচরণাৎ ॥১২৬॥
জাত ইতি। সদ্বংশজাতস্যৈব সৎকর্ম্মযোগ্যত্বং স্বাভাবিকমিতি ভাবঃ ॥১২৭॥
যদিতি। শ্রুত্যা শ্রবণমাত্রেণৈব মনোহরম্। শাসনমাদেশম্ ॥১২৮॥

অতএব বৎস! তুমি এই কষ্টগুলিকে মনে স্থান দিও না। কারণ, বৎস! বুদ্ধিমান্ লোকেরা কালপ্রণোদিত হইয়াও মোহিত হন না ॥১২৪॥

বৎস মহাবাহু! দেবতাদেরও এইরূপ কাল উপস্থিত হইয়া থাকে; সুতরাং সাধারণ লোকেরাই কালপ্রণোদিত হইয়া মোহিত হয় ॥১২৫॥

নিষ্পাপ রাজা! আমি তোমার নিকট যাহা বলিয়াছি, সে বিষয়ে যেন তোমার কোন সন্দেহ হয় না। কারণ, আমার বাক্যে সন্দেহ করিলে তোমার ধর্ম্মলোপ হইবে ॥১২৬॥

ভরতশ্রেষ্ঠ! তুমি জগদ্বিখ্যাত কুরুবংশে জন্মিয়াছ; সুতরাং বাক্য, মন ও কর্ম্মদ্বারা এই সমস্ত আচরণ কর" ॥১২৭॥

যুধিষ্ঠির বলিলেন—"প্রভু ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি যে শ্রুতিমধুর বাক্য বলিয়াছেন, সেই অনুসারেই আমি যত্নপূর্ব্বক আপনার আদেশ পালন করিব ॥১২৮॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তু বচনং তস্য মার্কণ্ডেয়স্য ধীমতঃ।
সংহৃষ্টাঃ পাণ্ডবা রাজন্! সহিতাঃ শার্ঙ্গধন্বনা ॥১৩০॥
বিপ্রর্ষভাশ্চ তে সর্ব্বে যে তত্রাসন্ সমাগতাঃ।
তথা কথাং শুভাং শ্রুত্বা মার্কণ্ডেয়স্য ধীমতঃ।
বিস্মিতাঃ সমপদ্যন্ত পুরাণস্য নিবেদনাৎ ॥১৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং যুধিষ্ঠিরানুশাসনে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।

ভূয় এব ব্রাহ্মণানাং মাহাত্ম্যং বক্তুমর্হসি।
পাণ্ডবানাং যথাচষ্ট মার্কণ্ডেয়ো মহাতপাঃ ॥১॥

ভারতকৌমুদী

নেতি। মৎসরো দ্বেষঃ। তে ত্বয়া, মযি মমান্তিকে ॥১২৯॥

শ্রুত্বেতি। সংহৃষ্টা বভূবুঃ। শার্ঙ্গধন্বনা কৃষ্ণেন ॥১৩০॥

বিপ্রেতি। সমপদ্যন্ত সঞ্জাতাঃ, পুবাণস্য প্রাচীনবৃত্তান্তস্য। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥১৩১॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিবচিতাযাং মহাভাবতটীকাযাং ভাবতকৌমুদীসমাখ্যাযাং বনপর্ব্বণি মার্কণ্ডেযসমাস্যাযামেকষষ্ট্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

ব্রাহ্মণমাহাত্ম্যস্যৈব প্রস্তুতত্বাত্তদেব জিজ্ঞাসতে—ভূয ইতি। আচষ্ট অবদৎ ॥১॥

প্রভু ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমাব লোভ নাই, ভয নাই এবং বিদ্বেষও নাই; সুতবাং আপনি আমাব নিকট যাহা বলিলেন, সে সমস্তই আমি কবিব" ॥১২৯॥

বৈশম্পাযন বলিলেন—বাজা! পাণ্ডবেরা জ্ঞানী মার্কণ্ডেয়েব কথা শুনিযা কৃষ্ণেব সহিত আনন্দিত হইলেন ॥১৩০॥

আব, সেই স্থানে যে সকল শ্রেষ্ঠ ব্রাহ্মণ আগমন কবিযাছিলেন, তাঁহারা জ্ঞানী মার্কণ্ডেয়ের সেই মঙ্গলজনক কথা শুনিযা এবং প্রাচীন বৃত্তান্ত জানিয়া বিস্মিত হইলেন ॥১৩১॥

—:*:—

* '…একনবত্যধিক…'—বা ব কা, '…দ্বিনবত্যধিক…'—পি, '…চতুর্নবত্যধিক…'—নি।

বৈশম্পায়ন উবাচ।

ভূয় এব ব্রাহ্মণমাহাত্ম্যং বক্তুমর্হসীত্যব্রবীৎ পাণ্ডবেয়ো মার্কণ্ডেয়ম্ ॥২॥

অথাচষ্ট মার্কণ্ডেয়ঃ পূর্ব্বমিদং শ্রূয়তাং ব্রাহ্মণানাং চরিতম্ ॥৩॥

অযোধ্যায়ামিক্ষ্বাকুকুলোদ্বহঃ পার্থিবঃ পরিক্ষিন্নাম মৃগয়ামগমৎ ॥৪॥

তমেকাশ্বেন মৃগমনুসরন্তং মৃগো দূরমপাহরৎ ॥৫॥

অথাধ্বনি জাতশ্রমঃ ক্ষুত্তৃষ্ণাভিভূতশ্চৈকস্মিন্ দেশে নীলং গহনং বনষণ্ডমপশ্যৎ। তচ্চ বিবেশ ॥৬॥

ততস্তস্য বনষণ্ডস্য মধ্যেঽতীবরমণীয়ং সরো দৃষ্ট্বা সাশ্ব এব ব্যগাহত ॥৭॥

ভারতকৌমুদী

ভূয় ইতি। ভূয় এব বহুলমেব। পাণ্ডবেয়ো যুধিষ্ঠিরঃ ॥২॥

অথেতি। অপূর্ব্বমাশ্চর্য্যম্ ॥৩॥

অযোধ্যায়ামিতি। মৃগয়াং কর্ত্তুমিতি শেষঃ ॥৪॥

তমিতি। একাশ্বেন একমাত্রেণাশ্বেন ॥৫॥

অথেতি। গহনং নিবিড়ম্, বনষণ্ডং বনসমূহম্ ॥৬॥

তত ইতি। ব্যগাহত, পথিশ্রমাপনোদনায়েতি ভাবঃ ॥৭॥

জনমেজয় বলিলেন—"মহাতপা মার্কণ্ডেয় পাণ্ডবগণের নিকটে যাহা বলিয়াছিলেন, সেই ব্রাহ্মণমাহাত্ম্য আপনি আরও বলুন" ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—সেই সময়ে যুধিষ্ঠির মার্কণ্ডেয়মুনিকে বলিলেন—"আপনি পুনরায় ব্রাহ্মণমাহাত্ম্য বলুন" ॥২॥

তাহার পর মার্কণ্ডেয় বলিলেন—"যুধিষ্ঠির! তুমি ব্রাহ্মণদিগের এই অপূর্ব্ব চরিত্র শ্রবণ কর ॥৩॥

অযোধ্যানগরে ইক্ষ্বাকুবংশসম্ভূত 'পরিক্ষিৎ'-নামে এক রাজা ছিলেন; তিনি একদা মৃগয়া করিতে গমন করিয়াছিলেন ॥৪॥

তিনি একমাত্র অশ্বে আরোহণ করিয়া একটা মৃগের অনুসরণ করিতে লাগিলে, সেই মৃগ তাঁহাকে দূরে লইয়া গেল ॥৫॥

তাহার পর তিনি পরিশ্রান্ত এবং ক্ষুধা-পিপাসায় কাতর হইয়া একস্থানে নীলবর্ণ ও নিবিড় বনশ্রেণী দেখিলেন এবং তাহার ভিতরে প্রবেশ করিলেন ॥৬॥

তৎপরে তিনি সেই বনশ্রেণীর মধ্যে অতিমনোহর একটী সরোবর দেখিয়া অশ্বের সহিতই তাহাতে অবগাহন করিলেন ॥৭॥

---

(২) ভূয় এব ব্রাহ্মণমহাভাগ্যম্...বা ব কা পি।

অথাশ্বস্তঃ স বিসমৃণালমশ্বায়াগ্রতো নিক্ষিপ্য পুষ্করিণীতীরে সংবিবেশ। ততঃ শয়ানো মধুরং গীতমশৃণোৎ ॥৮॥

স শ্রুত্বাঽচিন্তয়ৎ—নেহ মনুষ্যগতিং পশ্যামি। কস্য খল্বয়ং গীতশব্দ ইতি ॥৯॥

অথাপশ্যৎ কন্যাং পরমরূপদর্শনীয়াং পুষ্পাণ্যবচিন্বতীং গায়ন্তীঞ্চ। অথ সা রাজ্ঞঃ সমীপে পর্য্যক্রামৎ ॥১০॥

তামব্রবীদ্রাজা—কস্যাসি ভদ্রে! কা বা ত্বমিতি। সা প্রত্যুবাচ—কন্যাস্মীতি। তাং রাজোবাচ—অর্থী ত্বয়াহমিতি ॥১১॥

অথোবাচ কন্যা—সময়েনাহং শক্যা ত্বয়া লব্ধুং নান্যথেতি। রাজা তাং সময়মপৃচ্ছৎ। কন্যোবাচ—নোদকং মে দর্শয়িতব্যমিতি ॥১২॥

ভারতকৌমুদী

অথেতি। আশ্বস্তঃ অপনীতশ্রমঃ, বিসেন পদ্মমূলেন যুক্তং মৃণালং নলদমিতি বিস-মৃণালম্, মধ্যপদলোপী সমাসঃ। "মৃণালং নলদে ক্লীবং স্ত্রীনপুংসকযোর্বিসে" ইতি মেদিনী। সংবিবেশ উপবিষ্টবান্ ॥৮॥

স ইতি। কস্য মনুষ্যস্য, মনুষ্যস্যৈব গীতশব্দশ্রবণাৎ ॥৯॥

অথেতি। পরমেণ রূপেণ দর্শনীয়াং সুদৃশ্যাম্। পর্য্যক্রামদাগচ্ছৎ ॥১০॥

তামিতি। কন্যা অজাতবিবাহা। ত্বয়া অর্থী ত্বৎপ্রার্থীত্যর্থঃ ॥১১॥

তাহার পর রাজা শ্রান্তি দূর করিয়া, অশ্বের সম্মুখে পদ্মের মৃণাল এবং বিণ্যাঘাস সমর্পণপূর্ব্বক সেই পুষ্করিণীর তীরে প্রথমে উপবেশন করিলেন, পরে শয়ন করিয়া মধুর গীতধ্বনি শুনিতে পাইলেন ॥৮॥

তিনি সেই গীতধ্বনি শুনিয়া চিন্তা করিলেন—'এখানে মনুষ্যের গতি দেখি না, অথচ এ গীতধ্বনি কাহার?' ॥৯॥

তাহার পর তিনি দেখিলেন—পরমসুন্দরী একটী কন্যা পুষ্প চয়ন করিতেছে, আর গান গাহিতেছে। তৎপরে সেই কন্যাটী রাজার নিকটে আগমন করিল ॥১০॥

তখন রাজা তাহাকে বলিলেন—"ভদ্রে! তুমি কাহার? কেই বা তুমি?" কন্যাটী বলিল—"আমি কন্যা"। রাজা তাহাকে বলিলেন—"আমি তোমাকে প্রার্থনা করি" ॥১১॥

পরে কন্যাটী বলিল—"আপনি একটী শপথ করিয়া আমাকে লাভ করিতে পারেন, অন্য প্রকারে নহে"। রাজা তাহার নিকট শপথের বিষয় জিজ্ঞাসা করিলেন; সে বলিল—"আমাকে জল দেখাইতে পারিবেন না" ॥১২॥

স রাজা তাং বাঢ়মিত্যুক্ত্বা তামুপযেমে। কৃতোদ্বাহশ্চ রাজা পরিক্ষিৎ ক্রীড়মানো মুদা পরময়া যুক্তস্তূষ্ণীং সঙ্গম্য তয়া সহাস্তে ॥১৩॥

ততস্তত্রৈবাসীনে রাজনি সেনাঽন্বগচ্ছৎ। পদং পদেন দৃষ্ট্বা চ রাজানং পরিবার্য্যাতিষ্ঠৎ ॥১৪॥

পর্য্যাশ্বস্তশ্চ রাজা তয়ৈব সহ শিবিকয়া প্রায়াদবঘট্টিতয়া স্বনগরমনুপ্রাপ্য রহসি তয়া সহাস্তে ॥১৫॥

তত্রাভ্যাসস্থোঽপি কশ্চিত্তং নাপশ্যৎ। অথ প্রধানামাত্যোঽভ্যাসচরাস্তস্য স্ত্রিয়োঽপৃচ্ছৎ—কিমত্র প্রয়োজনং বর্ত্তত ইতি ॥১৬॥

ভারতকৌমুদী

অথেতি। সময়েন কেনচিৎ শপথেন। সময়ং শপথম্ ॥১২॥

স ইতি। বাঢং নোদকং দর্শযামীতি প্রতিজানে। আস্তে তিষ্ঠতি স্ম ॥১৩॥

তত ইতি। আসীনে অবতিষ্ঠমানে, সেনা তস্যৈব বাহিনী। পদেন রাজ্ঞঃ পদচিহ্নদর্শনেন, পদং রাজ্ঞঃ স্থিতিস্থানম্। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥১৪॥

পরীতি। পর্য্যাশ্বস্তঃ স্বসেনাদর্শনেন নিরুদ্বেগচিত্তঃ, তযা ভার্য্যযা। প্রাযাদগচ্ছৎ, অবঘট্টিতয়া সঞ্চলিতয়া। রহসি নির্জ্জনে, তযা ভার্য্যয়া ॥১৫॥

তত্রেতি। অভ্যাসে নিকটে তিষ্ঠতীতি সঃ। নাপশ্যৎ, মণ্ডূকসুতাযাস্তস্যা রাজভার্য্যাযাঃ, প্রভাবাদিতি ভাবঃ। তস্য রাজ্ঞঃ, অভ্যাসচরাঃ নিকটচারিণীঃ। প্রযোজনম্, যুষ্মাকমত্রাবস্থান ইতি শেষঃ ॥১৬॥

"তাহাই হইবে" এই কথা বলিযা রাজা তাহাকে বিবাহ করিলেন এবং বিবাহ করিয়া রাজা পরিক্ষিৎ তাহার সহিত মিলিত হইয়া পরম আনন্দে বিহার করতঃ অবস্থান করিতে লাগিলেন ॥১৩॥

রাজা সেইখানেই অবস্থান করিতেছেন, এমন সময়ে তাঁহার সৈন্যগণ সেখানে আগমন করিল এবং তাহারা রাজার চরণচিহ্ন দেখিয়া তাঁহার অবস্থানের স্থান জানিতে পারিয়া তথায় যাইযা রাজাকে পরিবেষ্টন করিয়া রহিল ॥১৪॥

তৎপরে রাজা আশ্বস্ত হইযা সেই ভার্য্যার সহিতই সঞ্চলিত শিবিকায় আরোহণ করিযা প্রস্থান করিলেন এবং আপন রাজধানীতে যাইয়া কোন নির্জ্জন স্থানে সেই ভার্য্যার সহিত অবস্থান করিতে লাগিলেন ॥১৫॥

সেখানে কোন লোক নিকটে থাকিযাও রাজাকে দেখিতে পাইত না। তাহার পর একদা প্রধানমন্ত্রী যাইয়া রাজার নিকটবর্ত্তিনী রমণীদিগকে জিজ্ঞাসা করিলেন—"এখানে তোমাদের থাকার কি প্রয়োজন আছে?" ॥১৬॥

---

(১৫)…প্রায়াদবঘোটিতয়া—বা ব কা।

অথাব্রুবংস্তাঃ স্ত্রিয়ঃ—স্ত্রিয়মপূর্ব্বামিহ পশ্যামস্তাঞ্চ রাজা সময়েনোপ-ভুঙ্‌ক্তে, যথোদকং মে ন দর্শয়িতব্যমিতি ॥১৭॥

স তথা বচনং শ্রুত্বাঽনুদকং বনং কারয়িত্বোদাবৃক্ষং বহুপুষ্পফলমূলম্, তস্য মধ্যে মুক্তাজালময়ীং পার্শ্বে বাপীং সুগূঢ়াং সুধোপলিপ্তাম্, স বহস্যুপ-গম্য রাজানমব্রবীৎ ॥১৮॥

বনমিদমুদারমনুদকম্। সাধ্বত্র রম্যতামিতি ॥১৯॥

ভাবতকৌমুদী

অথেতি। সময়েন শপথেন। উদকপ্রদর্শননিবারণাযৈব বযমত্র স্থিতা ইত্যাশযঃ ॥১৭॥

স ইতি। অনুদকং জলবিহীনম্। উদারাঃ প্রশস্তা বৃক্ষা যত্র তৎ, বহূনি পুষ্পাণি ফলানি মূলানি চ যত্র তত্তাদৃশঞ্চ বনং কারযিত্বা, তস্য বনস্য মধ্যে, একস্মিন্ পার্শ্বে, মুক্তা-জালময়ীং রাজ্ঞো জলদর্শননিবারণায মুক্তাজালখচিতবস্ত্রাদিনা আবৃতজলাম্, অতএব সুগূঢামতীবগুপ্তাম্, সুধযা চূর্ণলেপেন উপলিপ্তাম্ উপলিপ্তঘট্টাম্, বাপীং কাঞ্চিদ্দীর্ঘিকাঞ্চ কারযিত্বেতি সম্বন্ধঃ। রহসি নির্জ্জনে। উদকাদর্শনশপথশ্রবণেন তদ্দর্শনস্যৈব তস্তার্য্যা-নাশকত্বসম্ভাবনয়া মন্ত্রিণাযমুপাযঃ প্রাদুষ্কৃতঃ। যেন উদকাদর্শনাদেব রাজা প্রবিশেৎ, উদক-দর্শনেন চ মণ্ডূকসুতা বিনশ্যেৎ, ততশ্চ ত্যক্তরাজকার্য্যোঽপি রাজা পুনঃ স্বকর্ম্মণি প্রবর্ত্তে-তেত্যবধেয়ম্ ॥১৮॥

তদ্বনবাসং রাজ্ঞে রোচযতি—বনমিতি। উদারং প্রশস্তম্। সাধু সুষ্ঠু ॥১৯॥

ভাবতভাবদীপঃ

মারণস্তম্ভনাদ্যান্যপি কর্ম্মাণি কৃষ্ণাদ্বৈতবিদ্যাবলেনৈব সিধ্যন্তীতি মণ্ডূকাখ্যাযিকযৈবাহ—ভূয় ইতি ॥১—১৪॥ অবঘোটিতযা শ্লক্ষ্ণীকৃতযা ॥১৫॥ অভ্যাসস্থোঽপি নিকটস্থোঽপি, নাপশ্যৎ ক্রীডাসক্তং রাজানমিতি শেষঃ। প্রযোজনং কর্ত্তব্যম্ ॥১৬—১৯॥ অতি-

তখন সেই রমণীরা বলিল—"এখানে আমরা একটী অপূর্ব্ব রমণী দেখিতেছি; এই রমণীটী রাজাকে বলিয়াছিল যে, "আমাকে জল দেখাইতে পারিবেন না।" রাজা সেই শপথ করিয়াই তাহার সহিত সম্ভোগ করিতেছেন" ॥১৭॥

মন্ত্রী সেই কথা শুনিয়া জলবিহীন একটী উদ্যান নির্ম্মাণ করাইলেন; তাহাতে সুন্দর সুন্দর বৃক্ষ ও বহুতর ফল, ফুল ও মূল নির্ম্মিত হইল; আর তাহার মধ্যে একপার্শ্বে একটী দীর্ঘিকা নির্ম্মাণ করাইলেন; তাহার ঘাটগুলি চূর্ণলেপে লিপ্ত করিলেন এবং মুক্তাখচিত বসনদ্বারা (নিপুণভাবে) তাহার জল আবৃত করিলেন; সুতরাং সে দীঘিটা গুপ্তই রহিল। তাহার পর মন্ত্রী যাইয়া নির্জ্জনে রাজাকে বলিলেন—॥১৮॥

(১৮) অত্র বিবিধাঃ পাঠভেদাঃ সন্তি।

স তস্য বচনাত্তয়ৈব সহ দেব্যা তদ্বনং প্রাবিশৎ। স কদাচিত্তস্মিন্ কাননে রম্যে তয়ৈব সহ ব্যাহরৎ। অথ ক্ষুত্তৃষ্ণার্দ্দিতঃ শ্রান্তোঽতিমুক্তকাগারমপশ্যৎ ॥২০॥

তৎ প্রবিশ্য রাজা সহ প্রিয়য়া সুসংস্কৃতাং বিমলাং সলিলপূর্ণাং বাপীমপশ্যৎ ॥২১॥

দৃষ্ট্বৈব চ তাং তস্যাশ্চ তীরে সহৈব তয়া দেব্যা ব্যতিষ্ঠত ॥২২॥

অথ তাং দেবীং স রাজাঽব্রবীৎ—সাধ্ববতর বাপীসলিলমিতি ॥২৩॥

সা তদ্বচঃ শ্রুত্বাঽবতীর্য্য বাপীং ন্যমজ্জন্ন পুনরুদমজ্জৎ ॥২৪॥

ভারতকৌমুদী

স ইতি। ব্যাহরৎ দ্রুতবিচরণাত্মকং ব্যায়ামমকরোৎ। অতিমুক্তকাগারং মাধবীলতাগৃহম্, "অতিমুক্তঃ পুণ্ড্রকঃ স্যাদ্বাসন্তী মাধবীলতা" ইত্যমরঃ ॥২০॥

তদিতি। সুসংস্কৃতাং সুপরিষ্কৃতাম্। মন্ত্রিচাতুর্য্যেণৈব জলপ্রদর্শনমিতি বোধ্যম্ ॥২১॥

দৃষ্ট্বেতি। তাং বাপীম্। দেব্যা মহিষ্যা, ব্যতিষ্ঠত দণ্ডায়মানোঽভূৎ ॥২২॥

অথেতি। সাধু ভদ্রম্। এতৎ সর্ব্বং প্রাগুক্তশপথবিস্মরণাদেব জাতমিতি বোধ্যম্ ॥২৩॥

সেতি। সা দেবী। ন্যমজ্জৎ জলে নিমগ্নাঽভবৎ, উদমজ্জৎ উদতিষ্ঠৎ ॥২৪॥

"মহারাজ! এই বনটী বড়ই মনোহর, অথচ জলবিহীন; সুতরাং আপনি এখানে আশানুরূপ বিহার করুন" ॥১৯॥

মন্ত্রীর উক্তি অনুসারে সেই মহিষীর সহিতই রাজা সেই বনে প্রবেশ করিলেন। তাহার পর কোন সময়ে রাজা সেই মনোহর উদ্যানের মধ্যে মহিষীর সহিতই দ্রুত বিচরণ করিলেন। তৎপরে তিনি পরিশ্রান্ত এবং ক্ষুধায় ও পিপাসায় কাতর হইয়া একটী মাধবীলতার মণ্ডপ দেখিতে পাইলেন ॥২০॥

রাজা প্রিয়তমার সহিত সেই মাধবীলতামণ্ডপে প্রবেশ করিয়া সুপরিষ্কৃত, নির্ম্মল ও জলপূর্ণ একটী দীঘি দেখিতে পাইলেন ॥২১॥

সেই দীঘিটী দেখিয়াই রাজা তাহার তীরে সেই রাণীর সহিত দাঁড়াইলেন ॥২২॥

তাহার পর রাজা রাণীকে বলিলেন—"ভাল, এই দীঘির জলে তুমি অবতরণ কর" ॥২৩॥

রাজার সেই কথা শুনিয়া রাণী দীঘিতে নামিয়া নিমগ্ন হইলেন, আর উঠিলেন না ॥২৪॥

তাং স মৃগয়মাণো রাজা নাপশ্যৎ। বাপীমথ নিঃস্রাব্য, মণ্ডূকং শ্বভ্রমুখে দৃষ্ট্বা ক্রুদ্ধ আজ্ঞাপয়ামাস স রাজা—সর্ব্বমণ্ডূকবধঃ ক্রিয়তামিতি, যো ময়ার্থী স মাং মৃতমণ্ডূকোপায়নমাদায়ৈবোপতিষ্ঠেদিতি ॥২৫॥

অথ মণ্ডূকবধে ঘোরে ক্রিয়মাণে দিক্ষু সর্ব্বাসু মণ্ডূকান্ ভয়মাবিবেশ ॥২৬॥

তে ভীতা মণ্ডূকা মণ্ডূকরাজ্ঞে যথাবৃত্তং ন্যবেদয়ন্ ॥২৭॥

ততো মণ্ডূকরাট্ তাপসবেশধারী রাজানমভ্যগচ্ছৎ, উপেত্য চৈনমুবাচ ॥২৮॥

মা রাজন্! ক্রোধবশং গমঃ, প্রসাদং কুরু, নার্হসি মণ্ডূকানামনপরাধিনাং বধং কর্ত্তুমিতি। শ্লোকৌ চাত্র ভবতঃ—॥২৯॥

ভারতকৌমুদী

তামিতি। মৃগযমাণঃ অন্বিষ্যন্। বাপীং বাপীজলম্, নিঃস্রাব্য নিঃসার্য্য। মণ্ডূকং কঞ্চিদেকম্, শ্বভ্রমুখে তত্রত্যগর্ত্তমুখে। ময়া অর্থী মমান্তিকে প্রার্থী ভবেৎ ॥২৫॥

অথেতি। ক্রিয়মাণে রাজলোকৈঃ ॥২৬॥

ত ইতি। মণ্ডূকরাজ্ঞ ইত্যদন্তত্বাভাব আর্ষঃ ॥২৭॥

তত ইতি। মণ্ডূকরাট্ স মণ্ডূকানাং রাজা ॥২৮॥

মেতি। ক্রোধবশং মা গম ইত্যন্বয়ঃ। ভবতো ভবিতুমর্হতঃ ॥২৯॥

তখন রাজা অন্বেষণ করিয়াও বাণীকে দেখিতে পাইলেন না। তাহার পর তিনি দীঘির জল সরাইয়া দিয়া, একটা গর্ত্তের মুখে একটা ব্যাঙ্ দেখিয়া, ক্রুদ্ধ হইয়া আদেশ করিলেন যে, "সমস্ত ব্যাঙ্ মারিয়া ফেল এবং যে ব্যক্তি আমার নিকট কোন বিষয়ে প্রার্থী হইবে, সেও যেন মৃত ব্যাঙ্ উপহার লইয়াই আমার নিকট উপস্থিত হয়" ॥২৫॥

তদনন্তর রাজার লোকেরা সকল দিকেই ভয়ঙ্করভাবে ভেকবধ করিতে লাগিলে ভেকজাতির ভয় উপস্থিত হইল ॥২৬॥

তখন তাহারা ভীত হইয়া ভেকরাজের নিকট যাইয়া সেই বৃত্তান্ত জানাইল ॥২৭॥

তাহার পর ভেকদিগের রাজা তপস্বীর বেশ ধারণ করিয়া রাজা পরিক্ষিতের নিকট প্রস্থান করিলেন এবং তাঁহার নিকট উপস্থিত হইয়া বলিলেন—॥২৮॥

"রাজা! আপনি ক্রোধের অধীন হইবেন না, প্রসন্ন হউন; আপনি নিরপরাধ ভেক বধ করিবেন না। এ বিষয়ে দুইটী শ্লোকও হইতে পারে—॥২৯॥

মা মণ্ডূকান্ জিঘাংস ত্বং কোপং সন্ধারয়াচ্যুত ।
প্রক্ষীয়তে ধনোদ্রেকো জনানামবিজানতাম্ ॥৩০॥
প্রতিজানীহি নৈতাংস্ত্বং প্রাপ্য ক্রোধং বিমোক্ষ্যসি ।
অলং কৃত্বা তবা'ধর্ম্মং মণ্ডূকৈঃ কিং হতৈর্হি তে ॥৩১॥

তমেবংবাদিনমিষ্টজনশোকপরীতাত্মা রাজাঽথোবাচ—॥৩২॥

নহি ক্ষম্যতে তন্ময়া, হনিষ্যাম্যেতান্। এতৈর্হি দুরাত্মভিঃ প্রিয়া মে ভক্ষিতা। সর্ব্বথৈব মে বধ্যা মণ্ডূকাঃ। নার্হসি বিদ্বন্! মামুপরোদ্ধু-মিতি ॥৩৩॥

স তদ্বাক্যমুপলভ্য ব্যথিতেন্দ্রিয়মনাঃ প্রোবাচ—॥৩৪॥

ভারতকৌমুদী

মেতি। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! রাজন্! ত্বং মণ্ডূকান্ ভেকান্, মা জিঘাংস হন্তুমিচ্ছ। কোপং সন্ধারয সংবৃণু। ন্যায্যমন্যায্যঞ্চ অবিজানতাং জনানাম্, ধনোদ্রেকঃ ধনাদীনামভ্যুদযঃ, প্রক্ষীযতে হ্রসতি ॥৩০॥

প্রতীতি। ত্বমেতৎ প্রতিজানীহি যৎ, এতান্ মণ্ডূকান্, প্রাপ্য বিষয়ীকৃত্য, ক্রোধং ন বিমোক্ষ্যসি ন করিষ্যসি। তব অধর্ম্মং কৃত্বা অলং পাপং ন কুর্ব্বিত্যর্থঃ। হতৈর্মণ্ডূকৈঃ, তে তব কিং ফলম্, অপি তু কিমপি ন ॥৩১॥

তমিতি। ইষ্টজনস্য প্রিয়াযাঃ শোকেন পরীতো ব্যাপ্ত আত্মা মনো যস্য সঃ ॥৩২॥

নহীতি। বিদ্বন্নিতি সম্বোধনেন মণ্ডূকানামপরাধং জানাসীতি সূচিতম্ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

মুক্তকাগারং বাসন্তীগৃহম্ ॥২০—২৯॥ ধনোদ্রেকঃ শ্রীতপসোরুৎকর্ষঃ ॥৩০॥ প্রতিজানীহি নিশ্চযং কুরু, প্রাপ্য প্রাপয্য, মৃত্যুং ক্রোধং স্ত্রীশোকজম্, অলং কৃত্বা মা কুরু ॥৩১—৩৪॥

ধার্ম্মিক রাজা! আপনি ভেকদিগকে বধ করিবার ইচ্ছা করিবেন না, ক্রোধ সংবরণ করুন। কারণ, যাহারা ন্যায্য ও অন্যায্য জানে না, সেই সকল লোকের উন্নতি হ্রাস পায় ॥৩০॥

আপনি প্রতিজ্ঞা করুন যে, ভেকদিগের উপরে ক্রোধ করিবেন না এবং অধর্ম্মও করিবেন না। কারণ, ভেক বধ করায় আপনার ফল কি?" ॥৩১॥

মণ্ডূকরাজ এইরূপ বলিতেছিলেন, তখন প্রিয়াশোকার্ত্ত চিত্ত রাজা পরিক্ষিৎ বলিলেন—॥৩২॥

"আমি ক্ষমা করিব না, ইহাদিগকে বধই করিব। কারণ, এই দুরাত্মারা আমার প্রিয়তমাকে ভক্ষণ করিয়াছে; অতএব ভেকগণ সর্ব্বপ্রকারেই আমার বধ্য; সুতরাং হে বিদ্বন্! আপনি আমাকে অনুরোধ করিতে পারেন না" ॥৩৩॥

প্রসীদ রাজন্! অহমায়ুর্নাম মণ্ডূকরাজঃ, মম সা দুহিতা সুশোভনা নাম। তস্যা হি দৌঃশীল্যমেতৎ—বহবস্তয়া রাজানো বিপ্রলব্ধপূর্ব্বা ইতি ॥৩৫॥

তমব্রবীদ্রাজা—তয়াঽস্ম্যর্থী, সা মে দীয়তামিতি ॥৩৬॥

অথৈনাং রাজ্ঞে পিতাঽদদদব্রবীচ্চৈনাম্, এনং রাজানং শুশ্রূষস্বেতি ॥৩৭॥

স এবমুক্ত্বা দুহিতরং ক্রুদ্ধঃ শশাপ—যস্মাত্ত্বয়া রাজানো বিপ্রলব্ধা বহবঃ, তস্মাদব্রহ্মণ্যানি তবাপত্যানি ভবিষ্যন্তীত্যনৃতকত্বাত্তবেতি ॥৩৮॥

স চ রাজা তামুপলভ্য তস্যাং সুরতগুণনিবদ্ধহৃদয়ো লোকত্রয়ৈশ্বর্য্যমিবোপলভ্য হর্ষবাষ্পকলয়া বাচা প্রণিপত্যাভিপূজ্য মণ্ডূকরাজমব্রবীৎ—অনুগৃহীতোঽস্মীতি ॥৩৯॥

ভারতকৌমুদী

স ইতি। স মণ্ডূকরাট্, উপলভ্য শ্রুত্বা, ব্যথিতমিন্দ্রিয়মেব মনো যস্য সঃ ॥৩৪॥

প্রসীদেতি। সা তভার্য্যাত্বং প্রাপ্তপূর্ব্বা। বিপ্রলব্ধপূর্ব্বাঃ পূর্ব্বং বঞ্চিতাঃ ॥৩৫॥

তমিতি। তস্যা অর্থী অস্মি তাং প্রার্থয়ামীত্যর্থঃ ॥৩৬॥

অথেতি। রাজ্ঞে পরিক্ষিতে, পিতা মণ্ডূকরাজঃ, এনাং কন্যাম্ ॥৩৭॥

স ইতি। স মণ্ডূকরাজঃ। বিপ্রলব্ধাঃ প্রতারিতাঃ। তস্মাৎ রাজ্ঞাং প্রতারণাকরণাৎ, তব অনৃতকত্বাৎ তদুপক্রমে মিথ্যাব্যবহারাচ্চ, তব অপত্যানি, অব্রহ্মণ্যানি ব্রাহ্মণানামহিতকরাণি। ব্রহ্মণ্যেতি তত্র সাধো যঃ ॥৩৮॥

স ইতি। রাজা পরিক্ষিৎ। সুরতগুণেন নিবদ্ধমাকৃষ্টং হৃদয়ং যস্য সঃ। হর্ষবাষ্পেণ আনন্দবাষ্পেণ কলা মধুরাস্ফুটা তয়া। অভিপূজ্য নমস্কারেণ ॥৩৯॥

মণ্ডূকরাজ পরিক্ষিতের সেই কথা শুনিয়া ব্যথিতচিত্ত হইয়া বলিলেন—॥৩৪॥

"রাজা! আপনি প্রসন্ন হউন। আমি ভেকজাতির রাজা, আমার নাম—'আয়ু'; আপনার সেই ভার্য্যা আমারই কন্যা; তাহার নাম—'সুশোভনা'। তাহার এইটাই কুস্বভাব যে, সে—পূর্ব্বেও বহুতর রাজাকে প্রতারিত করিয়াছে" ॥৩৫॥

তখন পরিক্ষিৎ রাজা মণ্ডূকরাজকে বলিলেন—"আমি তাহাকে প্রার্থনা করি, আপনি তাহাকে আমায় দান করুন" ॥৩৬॥

তাহার পর মণ্ডূকরাজ আপন কন্যা সুশোভনাকে পরিক্ষিতের হস্তে দান করিলেন এবং কন্যাকে বলিলেন—"তুমি এই রাজার পরিচর্য্যা করিতে থাক" ॥৩৭॥

স চ মণ্ডূকরাজো দুহিতরমনুজ্ঞাপ্য যথাগতমগচ্ছৎ ॥৪০॥

অথ কস্যচিৎ কালস্য তস্যাং কুমারাস্ত্রয়স্তস্য রাজ্ঞঃ সংবভূবুঃ—শলো দলো বলশ্চেতি ॥৪১॥

ততস্তেষাং জ্যেষ্ঠং শলং সময়ে পিতা রাজ্যেঽভিষিচ্য তপসি ধৃতাত্মা বনং জগাম ॥৪২॥

অথ কদাচিচ্ছলো মৃগয়ামনুচরন্ মৃগমাসাদ্য রথেনান্বধাবৎ। সূতঞ্চোবাচ—শীঘ্রং মাং বাহয়স্বেতি ॥৪৩॥

স তথোক্তঃ সূতো রাজানমব্রবীৎ—ন ক্রিয়তামনুবন্ধঃ, নৈষ শক্যস্ত্বয়া মৃগো গ্রহীতুম্। যদ্যপি তে রথে যুক্তৌ বাম্যৌ স্যাতামিতি ॥৪৪॥

ভারতকৌমুদী

স ইতি। অনুজ্ঞাপ্য স্বগমনে অনুজ্ঞাং কারয়িত্বা ॥৪০॥

অথেতি। কস্যচিৎ কালস্য অতিক্রমে সতীতি শেষঃ। ইতি নামভিঃ ॥৪১॥

তত ইতি। পিতা পরিক্ষিৎ। ধৃতাত্মা মনসি গৃহীতযত্নঃ ॥৪২॥

অথেতি। মৃগয়াং কর্ত্তুমিতি শেষঃ। বাহয়স্ব মৃগান্তিকং প্রাপয় ॥৪৩॥

স ইতি। অনুবন্ধঃ দ্রুতগমনে আগ্রহাতিশয়ঃ। ন শক্যঃ, অনয়োরশ্বয়োর্মন্দগামিত্বাৎ। বাম্যৌ মহাদ্রুতগামিনাবশ্ববিশেষৌ। তদা এব মৃগো গ্রহীতুং শক্য ইতি শেষঃ ॥৪৪॥

মণ্ডূকরাজ এইরূপ বলিয়া ক্রুদ্ধ হইয়া কন্যা সুশোভনাকে অভিসম্পাত করিলেন—'যেহেতু তুই বহু রাজাকে প্রতারিত করিয়াছিস্ এবং মিথ্যা ব্যবহার করিয়াছিস্, সেই হেতু তোর সন্তান ব্রাহ্মণের অহিতকারী হইবে' ॥৩৮॥

এদিকে রাজা পরিক্ষিৎ সুশোভনাকে লাভ করিয়া, রতিগুণে তাহাতে আকৃষ্টচিত্ত হইয়া, ত্রিভুবনের রাজত্বই যেন লাভ করিয়া, ভূতলে পতিত হইয়া, নমস্কার করিয়া, আনন্দবাষ্পগদ্গদবাক্যে মণ্ডূকরাজকে বলিলেন—"অনুগৃহীত হইলাম" ॥৩৯॥

মণ্ডূকরাজও কন্যার অনুমতি লইয়া যথাস্থানে চলিয়া গেলেন ॥৪০॥

তাহার পর কিছুকাল অতীত হইলে সেই সুশোভনার গর্ভে পরিক্ষিতের তিনটী পুত্র জন্মিল; তাহাদের নাম হইয়াছিল—শল, দল ও বল ॥৪১॥

তদনন্তর পিতা পরিক্ষিৎ জ্যেষ্ঠপুত্র শলকে রাজ্যে অভিষিক্ত করিয়া তপস্যায় মনোনিবেশপূর্ব্বক বনে গমন করিলেন ॥৪২॥

তাহার পর কোন সময়ে শল রথে আরোহণ করিয়া মৃগয়া করিবার জন্য বহির্গত হইয়া, একটা মৃগ পাইয়া তাহার পিছনে ধাবিত হইলেন এবং সারথিকে বলিলেন—"আমাকে সত্বর মৃগের নিকটে লইয়া যাও" ॥৪৩॥

ততোঽব্রবীদ্রাজা সূতম্, আচক্ষ্ব মে বাম্যৌ বাজিনৌ ত্বাপৃচ্ছামীতি ॥৪৫॥

স এবমুক্তো রাজভয়ভীতঃ সূতো বামদেবশাপভয়ভীতশ্চ সন্নাচখ্যৌ রাজ্ঞে—বামদেবস্যাশ্বৌ বাম্যৌ মনোজবাবিতি ॥৪৬॥

অথৈনমেবং ব্রুবাণমব্রবীদ্রাজা—বামদেবস্যাশ্রমং যাহীতি ॥৪৭॥

স গত্বা বামদেবাশ্রমং তমৃষিমব্রবীৎ—ভগবন্! মৃগো মে বিদ্ধঃ পলায়তে, তং সম্ভাবয়িতুমর্হসি বাম্যৌ দাতুমিতি ॥৪৮॥

তমব্রবীদৃষিঃ—দদানি তে বাম্যৌ, কৃতকার্য্যেণ ভবতা মমৈব বাম্যৌ নির্য্যাত্যৌ ক্ষিপ্রমিতি ॥৪৯॥

ভারতকৌমুদী

তত ইতি। ত্বা ত্বাং পৃচ্ছামি, মে আচক্ষ্ব, বাম্যৌ বাজিনৌ কুত্র স্ত ইতি শেষঃ ॥৪৫॥

স ইতি। বামদেবস্য মুনেঃ, বাম্যৌ বামীসংজ্ঞকৌ ॥৪৬॥

অথেতি। এনং সূতম্ ॥৪৭॥

স ইতি। মে ময়া। সম্ভাবয়িতুং ধর্ষয়িতুম্ ॥৪৮॥

রাজা সেইরূপ বলিলে, সারথি রাজাকে বলিল—"মহারাজ! বিশেষ আগ্রহ করিবেন না। কারণ, আপনি ঐ হরিণকে ধরিতে পারিবেন না। তবে আপনার রথে যদি 'বামী'-নামক দ্রুতগামী দুইটা অশ্ব যুক্ত করিতে পারা যায়, তবে উহাকে ধরিতে পারিবেন" ॥৪৪॥

তাহার পর রাজা সারথিকে বলিলেন—"তোমাকে জিজ্ঞাসা করি, তুমি আমার নিকট বল—বামী অশ্ব কোথায় আছে" ॥৪৫॥

রাজা এইরূপ বলিলে, সারথি রাজার ভয়ে এবং বামদেবের শাপের ভয়ে ভীত হইয়া রাজাকে বলিল—"বামদেবমুনির 'বামী'-নামক মনের ন্যায় দ্রুতগামী দুইটী অশ্ব আছে" ॥৪৬॥

সারথি এইরূপ বলিলে, রাজা তাহাকে কহিলেন—"বামদেবের আশ্রমে চল" ॥৪৭॥

ক্রমে রাজা বামদেবের আশ্রমে যাইয়া তাঁহাকে বলিলেন—"ভগবন্! আমি একটা হরিণ বিদ্ধ করিয়াছি, অথচ সে পলাইতেছে। সুতরাং সেটাকে ধরিবার জন্য আপনার বামী দুইটা দিতে পারেন?" ॥৪৮॥

তখন বামদেব রাজাকে কহিলেন—"আমি আপনাকে বামী দুইটা দিতেছি, আপনি কিন্তু কৃতকার্য্য হইয়া আবার সত্বরই আমার নিকটে ফিরাইয়া দিবেন" ॥৪৯॥

(৪৫) অত্র নানাবিধাঃ পাঠভেদাঃ সন্তি।

স চ তাবশ্বৌ প্রতিগৃহ্যানুজ্ঞাপ্য চর্ষিং প্রায়াদ্বামীযুক্তেন রথেন মৃগং প্রতি। গচ্ছংশ্চাব্রবীৎ সূতম্—অশ্বরত্নাবিমাবযোগ্যৌ ব্রাহ্মণানাম্। নৈতৌ প্রতিদেয়ৌ বামদেবায়েত্যুক্ত্বা মৃগমবাপ্য স্বনগরমেত্যাশ্বাবন্তঃপুরেঽস্থাপয়ৎ ॥৫০॥

অথর্ষিশ্চিন্তয়ামাস— তরুণো রাজপুত্রঃ কল্যাণং পত্রমাসাদ্য রমতে, ন মে প্রতিনির্যাতয়তি। অহো কষ্টমিতি ॥৫১॥

স মনসা বিচিন্ত্য মাসি পূর্ণে শিষ্যমব্রবীৎ—গচ্ছাত্রেয়! রাজানং ব্রূহি, যদি পর্য্যাপ্তম্, নির্যাতয়োপাধ্যায়ায় বাম্যাবিতি ॥৫২॥

স গত্বৈবং তং রাজানমব্রবীৎ, রাজা প্রত্যুবাচ—রাজ্ঞামেতদ্বাহনম্, অনর্হা ব্রাহ্মণা রত্নানামেবংবিধানাম্। কিং ব্রাহ্মণানামশ্বৈঃ কার্য্যম্। সাধু গম্যতামিতি ॥৫৩॥

ভারতকৌমুদী

তমিতি। মমৈব সমীপে, নির্যাত্যৌ প্রত্যর্পণীয়ৌ ॥৪৯॥

স ইতি। অনুজ্ঞাপ্য স্বগমনে অনুজ্ঞাং কারয়িত্বা। অশ্বৌ তৌ বামদেববাম্যৌ ॥৫০॥

অথেতি। কল্যাণমুত্তমমিত্যর্থঃ, পত্রং বাহনম্ "সর্ব্বং স্যাদ্বাহনং যানং যুগ্যং পত্রঞ্চ ধোরণম্" ইত্যমরঃ। প্রতিনির্যাতয়তি প্রত্যর্পয়তি ॥৫১॥

স ইতি। পর্য্যাপ্তং কার্য্যং সমাপ্তম্, তদা নির্যাতয় প্রত্যর্পয় ॥৫২॥

ভারতভাবদীপঃ

বিপ্রলব্ধা বঞ্চিতাঃ ॥৩৫—৩৭॥ ব্রহ্মণ্যং ব্রাহ্মণহিতং তেন রহিতানি অব্রহ্মণ্যানি ॥৩৮—৪৩॥ বাম্যৌ বামদেবীযৌ রথে যুক্তৌ, অশ্বৌ অশ্বতরৌ বামীপ্রযুক্তেনেতি বাক্যশেষাৎ ॥৪৪—৫০॥

তখন রাজা সেই অশ্ব দুইটাকে গ্রহণ করিয়া, মুনির অনুমতি লইয়া, সেই অশ্বযুক্ত রথে আরোহণপূর্ব্বক হরিণের প্রতি ধাবিত হইলেন এবং তখন সারথিকে কহিলেন—"এই উৎকৃষ্ট অশ্ব দুইটী ব্রাহ্মণের পক্ষে অযোগ্য। সুতরাং এ দুইটাকে আমি বামদেবকে ফিরাইয়া দিব না"। এই কথা বলিয়া হরিণ লাভ করিয়া, রাজধানীতে যাইয়া সেই অশ্ব দুইটাকে অন্তঃপুরে রাখিয়া দিলেন ॥৫০॥

তাহার পর বামদেব চিন্তা করিলেন—"যুবক রাজপুত্র ভাল বাহন পাইয়া আমোদ করিতেছেন, আমাকে ফিরাইয়া দিতেছেন না। হায়! কি কষ্ট" ॥৫১॥

তিনি মনে মনে এইরূপ চিন্তা করিয়া একমাস পূর্ণ হইলে একজন শিষ্যকে বলিলেন—"আত্রেয়! তুমি যাও, যাইয়া রাজাকে বল,—যদি কার্য্য সমাপ্ত হইয়া থাকে, তবে অশ্ব দুইটী অধ্যাপকমহাশয়কে ফিরাইয়া দিন" ॥৫২॥

স গত্বৈতদুপাধ্যায়ায়াচষ্ট, তচ্ছ্রুত্বা বচনমপ্রিয়ং বামদেবঃ ক্রোধপরীতাত্মা স্বয়মেব রাজানমভিগম্যাশ্বার্থমচোদয়ৎ, ন চাদদদ্রাজা ॥৫৪॥

বামদেব উবাচ।

প্রযচ্ছ বাম্যৌ মম পার্থিব ! ত্বং কৃতং হি তে কার্য্যমাভ্যামশক্যম্।
মা ত্বা বধীদ্বরুণো ঘোরপাশৈর্ব্রহ্মক্ষত্রস্যান্তরে বর্ত্তমানম্ ॥৫৫॥

রাজোবাচ।

অনড্বাহৌ সুব্রতৌ সাধুদান্তাবেতদ্বিপ্রাণাং বাহনং বামদেব ! ।
তাভ্যাং যাহি ত্বং যত্র কামো মহর্ষে ! ছন্দাংসি বৈ ত্বাদৃশং সংবহন্তি ॥৫৬॥

ভারতকৌমুদী

স ইতি। অনর্হা ব্যবহারে অযোগ্যাঃ, বত্নানাং শ্রেষ্ঠবস্ত নাম্ ॥৫৩॥

স ইতি। ক্রোধেন পরীতাত্মা ব্যাপ্তচিত্তঃ। অচোদয়ৎ প্রার্থয়ৎ ॥৫৪॥

প্রযচ্ছেতি। বাম্যৌ উত্তমৌ মদশ্বৌ। অন্যাশ্বৈরশক্যং কার্য্যম্, আভ্যাং বামীভ্যাং কৃতম্। ত্বা ত্বাম্। ব্রহ্মক্ষত্রস্য ব্রাহ্মণক্ষত্রিযযোঃ, অন্তরে বহিঃ ॥৫৫॥

অনেতি। অনড্বাহৌ বৃষভৌ, সুব্রতৌ সুনিয়মৌ, সাধুদান্তৌ সুশিক্ষিতৌ। ছন্দাংসি বেদা এব ত্বাদৃশং সংবহন্তি, তেনানডুহোঽপি ন প্রয়োজনমিতি ভাবঃ ॥৫৬॥

আত্রেয় যাইয়া সেই রাজাকে এইরূপই বলিল; তখন রাজা প্রত্যুত্তর করিলেন—"এই বাহন রাজাদেরই উপযুক্ত; কিন্তু ব্রাহ্মণেরা এই জাতীয় উত্তম বস্তুর অযোগ্য। সুতরাং অশ্বদ্বারা ব্রাহ্মণদের কি প্রয়োজন আছে? আপনি ভালভাবে চলিয়া যান" ॥৫৩॥

আত্রেয় যাইয়া এই কথাই অধ্যাপককে বলিল। তখন বামদেব সেই অপ্রিয় কথা শুনিয়া ক্রুদ্ধ হইয়া নিজেই রাজার নিকট যাইয়া অশ্ব দুইটী ফিরাইয়া দিতে বলিলেন: কিন্তু রাজা দিলেন না ॥৫৪॥

তখন বামদেব বলিলেন—"রাজা! এই অশ্ব দুইটী অন্য অশ্বের অসাধ্য কার্য্য করিয়াছে; এখন আমার অশ্ব দুইটী আমাকে দিন। আপনি ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের বাহিরে আসিয়া পড়িয়াছেন, অতএব বরুণদেব যেন ভয়ঙ্কর পাশ দ্বারা আপনাকে বন্ধন না করেন" ॥৫৫॥

রাজা বলিলেন—"বামদেব! সুনিয়মযুক্ত এবং সুশিক্ষিত দুইটী বৃষই ব্রাহ্মণদের উপযুক্ত বাহন। সুতরাং মহর্ষি! আপনি তাহা দ্বারাই যেখানে ইচ্ছা হয় গমন করুন। অথবা বেদই ত আপনার মত লোককে বহন করিয়া থাকে" ॥৫৬॥

বামদেব উবাচ।

ছন্দাংসি বৈ মাদৃশং সংবহন্তি লোকেঽমুষ্মিন্ পার্থিব ! যানি সন্তি।
অস্মিংস্তু লোকে মম যানমেতদস্মদ্বিধানামপরেষাঞ্চ রাজন্ ! ॥৫৭॥

রাজোবাচ।

চত্বারস্ত্বাং বা গর্দ্দভাঃ সংবহন্তু শ্রেষ্ঠাশ্বতর্য্যো হরয়ো বাতরংহাঃ।
তৈস্ত্বং যাহি ক্ষত্রিয়স্যৈব বাহো মমৈব বাম্যৌ ন তবৈতৌ হি বিদ্ধি ॥৫৮॥

বামদেব উবাচ।

ঘোরং ব্রতং ব্রাহ্মণস্যৈতদাহুরেতদ্রাজন্ ! যদি হা জীবমানঃ।
অয়স্ময়া ঘোররূপা মহান্তশ্চত্বারো বৈ যাতুধানাঃ সুরৌদ্রাঃ।
ময়া প্রযুক্তাস্ত্বদ্বধমীপ্সমানা বহন্তু ত্বাং শিতশূলাশ্চতুর্দ্ধা ॥৫৯॥

ভারতকৌমুদী

ছন্দাংসীতি। হে পার্থিব ! যানি ছন্দাংসি জগতি সন্তি, তানি ছন্দাংসি বেদাঃ তদধ্যয়নজনিতানি পুণ্যানীত্যর্থঃ, মাদৃশং ব্রাহ্মণম্, অমুষ্মিন্ লোকে পরলোক এব, সংবহন্তি স্বর্গং নয়ন্তি। কিন্তু হে রাজন্। অস্মিন্ লোকে মম এতদ্বামীদ্বয়মেব অস্মদ্বিধানাম্ অপরেষাং যুষ্মদাদীনাঞ্চ যানং বাহনম্। অতো দীয়তাং বামীদ্বয়মিতি ভাবঃ ॥৫৭॥

চত্বার ইতি। মদ্দত্তাশ্চত্বারো গর্দ্দভাঃ, শ্রেষ্ঠাশ্বতর্য্যঃ, বাতরংহা বায়ুবেগাঃ, রংহঃশব্দোঽত্র অদন্তঃ, হরয়ো ঘোটকা বা ত্বাং সংবহন্তু। ত্বং তৈর্যাহি। বাহ ঈদৃশং বাহনম্, ক্ষত্রিয়স্যৈব যোগ্য ইতি শেষঃ। অতএব এতৌ বাম্যৌ অশ্বৌ, মমৈব, ন তব, ইতি হি বিদ্ধি জানীহি ॥৫৮॥

ঘোরমিতি। এতৎ অত্যাচারিদমনরূপং ঘোরং ব্রতং ব্রাহ্মণস্যাহুর্নরাঃ। যদি এতৎ তৎ ব্রতমবলম্ব্যেতি শেষঃ, জীবমানঃ অহং জীবন্নস্মি। তদা হা হে রাজন্। ময়া প্রযুক্তাঃ, অয়স্ময়া লৌহময়াঃ, শিতশূলাঃ, ঘোররূপাঃ, সুরৌদ্রাঃ অত্যুগ্রস্বভাবাশ্চ, মহান্তশ্চত্বারো যাতুধানা রাক্ষসাঃ, ত্বদ্বধমীপ্সমানাঃ সন্তঃ, ত্বাং চতুর্দ্ধা চতুষ্খণ্ডীকৃত্য বহন্তু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

বামদেব বলিলেন—"রাজা ! জগতে যে বেদ আছে, তাহা (তাহা অধ্যয়ন করায় যে ধর্ম্ম হয়, সেই ধর্ম্ম) আমার মত ব্রাহ্মণকে পরলোকেই যথাস্থানে লইয়া যায়। কিন্তু ইহলোকে আমার এই অশ্বযুগলই আমার মত লোকের এবং অন্যান্য লোকের বাহন" ॥৫৭॥

রাজা বলিলেন—"মুনি ! মৎপ্রদত্ত চারিটা গর্দ্দভ, শ্রেষ্ঠ অশ্বতরী, কিংবা বায়ুর তুল্য বেগবান্ অশ্ব আপনাকে বহন করুক ; আপনি সেই গুলিদ্বারাই যাতায়াত করুন, কিন্তু এই অশ্ব দুইটী ক্ষত্রিয়েরই উপযুক্ত ; সুতরাং আপনি অবগত হউন যে, এই অশ্ব দুইটী আমারই—আপনার নহে" ॥৫৮॥

রাজোবাচ।

যে ত্বাং বিদুর্ব্রাহ্মণং বামদেব! বাচা হন্তুং মনসা কর্ম্মণা বা।
তে ত্বাং সশিষ্যমিহ পাতযন্তু মদ্বাক্যনুন্নাঃ শিতশূলাসিহস্তাঃ ॥৬০॥

বামদেব উবাচ।

মমৈতৌ বাম্যৌ প্রতিগৃহ্য রাজন্। পুনর্দ্দামীতি প্রপদ্য মে ত্বম্।
প্রযচ্ছ শীঘ্রং মম বাম্যৌ ত্বমশ্বৌ যদ্যাত্মানং জীবিতুং তে ক্ষমং স্যাৎ ॥৬১॥

ভারতকৌমুদী

য ইতি। হে বামদেব! যে রাক্ষসাঃ, ত্বাম্, বাচা মনসা কর্ম্মণা বা, হন্তুং পরং নাশযিতুমিচ্ছন্তমিত্যর্থঃ ব্রাহ্মণং বিদুঃ, তে শিতশূলাসিহস্তা রাক্ষসাঃ, মদ্বাক্যেন নুন্নাঃ প্রেরিতাঃ সন্তঃ, ইহৈব সশিষ্যং ত্বাং পাতযন্তু ॥৬০॥

মমেতি। হে রাজন্। ত্বং মে সমীপ এব পুনর্দ্দামীতি প্রপদ্য অঙ্গীকৃত্য, এতৌ মম বাম্যৌ প্রতিগৃহ্য আনীতবানিতি শেষঃ। অতএব মম বাম্যৌ বামীসংজ্ঞকৌ অশ্বৌ শীঘ্রং প্রযচ্ছ, যদি তে আত্মানম্, জীবিতুং জীবিতং রক্ষিতুং ক্ষমমুচিতং স্যাৎ ॥৬১॥

ভারতভাবদীপঃ

পত্রং বাহনম্ ॥৫১—৫৪॥ অন্তরং ভেদে ॥৫৫—৫৭॥ বাহো বাহনম্ ॥৫৮॥ যদেতৎ ব্রাহ্মণস্য স্বমাজীবমানোঽস্তৈতদিহ ঘোরমনিষ্টপাকং ব্রতং কর্ম্মাহুরিত্যন্বয়ঃ। বহন্তু চতুর্দ্দিক্ষু প্রাপযন্তু চতুর্দ্ধা কৃত্বেতি শেষঃ ॥৫৯॥ যে ত্বাং মাং হন্তুমুদ্যুক্তং তে মদীযাস্তামেব পাতযন্তি-

---

বামদেব বলিলেন—"মুনিরা বলেন—অত্যাচারীকে দমন করা ব্রাহ্মণের অপরিহার্য্য ব্রত। সুতরাং রাজা! আমি যদি সেই ব্রত অবলম্বন পূর্ব্বক জীবন ধারণ করিয়া আসিতে থাকি, তবে আমার আদেশে লৌহের ন্যায় দৃঢ়শরীর, ভয়ঙ্করমূর্ত্তি, ভয়ঙ্করস্বভাব ও তীক্ষ্ণশূলধারী চারিটা বিশাল রাক্ষস তোমার বধ কামনাপূর্ব্বক তোমাকে চারি খণ্ড করিয়া বহন করুন" ॥৫৯॥

রাজা বলিলেন—"বামদেব! যে রাক্ষসেরা তোমাকে বাক্য, মন ও কর্ম্মদ্বারা পরহিংসক ব্রাহ্মণ বলিয়া জানে, তাহারা আমার আদেশে তীক্ষ্ণ শূল ও অসি ধারণ করিয়া এখনই শিষ্যবর্গের সহিত তোমাকে নিপাতিত করুক" ॥৬০॥

বামদেব বলিলেন—"রাজা! তুমি আমার সমক্ষেই 'আবার দিব' এইরূপ স্বীকার করিয়া আমার এই ঘোড়া দুইটা লইয়া আসিয়াছ। সুতরাং যদি তোমার জীবন রক্ষা করা উচিত হয়, তবে সত্বর তুমি আমার সেই বামী অশ্ব দুইটা ফিরাইয়া দাও" ॥৬১॥

রাজোবাচ।

ন ব্রাহ্মণেভ্যো মৃগয়া প্রসূতা ন ত্বাহনুশাস্ম্যদ্যপ্রভৃতি হ্যসত্যম্।
তবৈবাজ্ঞাং সম্প্রণিধায় সর্ব্বাং তথা ব্রহ্মন্! পুণ্যলোকং লভেয়ম্ ॥৬২॥

বামদেব উবাচ।

নানুযোগা ব্রাহ্মণানাং ভবন্তি বাচা রাজন্! মনসা কর্ম্মণা বা।
যস্ত্বেবং ব্রহ্ম তপসান্বেতি বিদ্বান্ তেন শ্রেষ্ঠো ভবতি হি জীবমানঃ ॥৬৩॥

মার্কণ্ডেয় উবাচ।

এবমুক্তে বামদেবেন রাজন্! সমুত্তস্থু রাক্ষসা ঘোররূপাঃ।
তৈঃ শূলহস্তৈর্ব্বধ্যমানঃ স রাজা প্রোবাচেদং বাক্যমুচ্চৈস্তদানীম্ ॥৬৪॥

ভারতকৌমুদী

নেতি। ব্রাহ্মণেভ্যো মৃগয়া ন প্রসূতা বিধাত্রা ন বিহিতা। অতএব এতদ্‌যানমস্মদ্বিধানামিতি যদুক্তং তদসত্যমেব ঈদৃশস্য যানস্য মৃগয়ায়া এবোপযোগিত্বাদিতি ভাবঃ। তথাপি অসত্যং বদন্তমপি ত্বা ত্বাম্, ন অনুশাস্মি ন দণ্ডয়ামি, দয়য়ৈবেত্যাশয়ঃ। কিন্তু হে ব্রহ্মন্! অদ্যপ্রভৃতি তব সর্ব্বামেবাজ্ঞাম্ এতস্বামীপ্রত্যর্পণব্যতিরিক্তামিত্যভিপ্রায়ঃ, সংপ্রণিধায় সম্যক্ প্রণিধানেন পালয়িত্বা, যথা পুণ্যলোকং লভেয়ম্ ॥৬২॥

নেতি। হে রাজন্! বাচা মনসা কর্ম্মণা বা ব্রাহ্মণানাম্ অনুযোগা দণ্ডা ন ভবন্তি। যো বিদ্বান্, ব্রহ্ম ব্রাহ্মণম্, এবমদণ্ড্যম্, অন্বেতি জানাতি, স বিদ্বান্ জীবমানঃ সন্, তেন তপসৈব শ্রেষ্ঠো ভবতি। অতো মদ্দণ্ডচিন্তাপি তবান্যায্যেতি ভাবঃ ॥৬৩॥

এবমিতি। সমুত্তস্থুঃ, বামদেবপ্রভাবাদেব, তদেব চ ব্রাহ্মণমাহাত্ম্যমিতি ভাবঃ ॥৬৪॥

ভারতভাবদীপঃ

ত্যর্থঃ ॥৬০—৬১॥ অসত্যং মিথ্যাবাদিনমপি ত্বা ত্বাং নানুশাস্মি ন দণ্ডয়ামি, অদ্যপ্রভৃতি তবাজ্ঞামিতি সম্বন্ধঃ। তবাপরাধান্ ক্ষমিষ্যে আজ্ঞয়া চ বর্ত্তিষ্যে ইতি বরদ্বয়ং জ্ঞেয়ম্ ॥৬২॥ এতৎ প্রত্যাচষ্টে নেতি। অনুযোগঃ শাসনম্, অদণ্ড্যা ব্রাহ্মণা ইত্যর্থঃ। ব্রহ্ম ব্রাহ্মণজাতিং যো ব্রাহ্মণসেবী স জীবত্যন্যো নশ্যতীত্যর্থঃ, বরদ্বয়মপি নিরর্থকমিতি ভাবঃ ॥৬৩—৬৫॥

রাজা বলিলেন—"বিধাতা ব্রাহ্মণদের পক্ষে মৃগয়া বিধান করেন নাই। সুতরাং তুমি মিথ্যা কথা বলিতে থাকিলেও আমি দয়া করিয়াই তোমার দণ্ড করিতেছি না। কিন্তু ব্রাহ্মণ! এই অশ্বপ্রত্যর্পণ ব্যতীত তোমার সমস্ত আদেশ পালন করিয়াই আমি পুণ্যলোক লাভ করিব" ॥৬২॥

বামদেব বলিলেন—"রাজা! বাক্য, মন, কিংবা কর্ম্মদ্বারা ব্রাহ্মণদের দণ্ড হয় না; যে জ্ঞানী লোক ব্রাহ্মণকে এইরূপ অদণ্ডনীয় বলিয়া জানে, সেই লোক সেই তপস্যাদ্বারাই জীবলোকে শ্রেষ্ঠ হয়" ॥৬৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"রাজা যুধিষ্ঠির! বামদেব এইরূপ বলিবামাত্র

ইক্ষ্বাকবো যদি ব্রহ্মন্ ! দলো বা বিধেয়া মে যদি চেমে বিশোঽপি ।
নোৎস্রক্ষ্যেঽহং বামদেবস্য বাম্যৌ নৈবংবিধা ধর্ম্মশীলা ভবন্তি ॥৬৫॥
এবং ব্রুবন্নেব স যাতুধানৈর্হতো জগামাশু মহীং ক্ষিতীশঃ ।
ততো বিদিত্বা নৃপতিং নিপাতিতমিক্ষ্বাকবো বৈ দলমভ্যষিঞ্চন্ ॥৬৬॥
রাজ্যে তদা তত্র গত্বা স বিপ্রঃ প্রোবাচেদং বচনং বামদেবঃ ।
দলং রাজানং ব্রাহ্মণানাং হি দেয়মেবং রাজন্ ! সর্ব্বধর্ম্মেষু দৃষ্টম্ ॥৬৭॥
বিভেষি চেত্ত্বমধর্ম্মান্নরেন্দ্র ! প্রয়চ্ছ মে শীঘ্রমেবাদ্য বাম্যৌ ।
এতচ্ছ্রুত্বা বামদেবস্য বাক্যং স পার্থিবঃ সূতমুবাচ রোষাৎ ॥৬৮॥

ভাবতকৌমুদী

ইক্ষ্বাকব ইতি। হে ব্রহ্মন্। ইক্ষ্বাকবঃ স্বকীয়েক্ষাকুবংশ্যাঃ, দলস্তদাখ্যো ভ্রাতা, বাশব্দাৎ বলাখ্যো ভ্রাতা চ, যদি মে বিধেযা বচনে স্থিতা আজ্ঞাকবা ইতি যাবৎ, যদি চ ইমে বিশো বৈশ্যা অপি মে বিধেযাঃ, তদা ইমে বাক্ষসান্ বারয়ন্ত্বিতি শেষঃ। কিন্তু অহম্, বামদেবস্য বাম্যৌ অশ্বৌ, নোৎস্রক্ষ্যে ন দাস্যামি। যেন হি এবংবিধা অসত্যভাষিণো বামদেবাদযঃ, ধর্ম্মশীলা ন ভবন্তি ॥৬৫॥

এবমিতি। মহীং জগাম ভূমৌ পপাত। দলং শলকনিষ্ঠভ্রাতবম্ ॥৬৬॥

রাজ্য ইতি। দেয়ম্—গৃহীতং বস্তু প্রত্যর্পণীয়ম্ ॥৬৭॥

বিভেষীতি। বাম্যৌ শলেন গৃহীতাবুত্তমাবশ্বৌ। পার্থিবো দলঃ ॥৬৮॥

ভয়ঙ্করমূর্ত্তি চাবিটা রাক্ষস উত্থিত হইল এবং শূলধারী সেই রাক্ষসেবা বধ করিতে উদ্যত হইলে, তখন শলবাজা উচ্চস্বরে এই কথা বলিলেন”—॥৬৪॥

“ব্রাহ্মণ! ইক্ষ্বাকুবংশীয়েবা, দল এবং এই বৈশ্যেবা যদি আমার আদেশের অধীন হন, তবে তাঁহারা এই রাক্ষসদিগকে বারণ করুন। আমি বামদেবেব অশ্বদ্বয় প্রত্যর্পণ করিব না। কাবণ, বামদেবের মত লোকেরা ধার্ম্মিক হয় না” ॥৬৫॥

শলরাজা এইরূপ বলিতেছিলেন, এমন সময়েই সেই বাক্ষসেবা তাঁহাকে বধ করিল, অমনিই তিনি ভূতলে পতিত হইলেন। তাহারা পব ইক্ষ্বাকুবংশীয়েবা শলরাজাকে নিহত জানিয়া তাঁহাব কনিষ্ঠ ভ্রাতা দলকে রাজ্যে অভিষিক্ত করিলেন ॥৬৬॥

তখন সেই ব্রাহ্মণ বামদেব সেই বাজ্যে যাইযা দলবাজাকে এই কথা বলিলেন —“রাজা! ব্রাহ্মণেব নিকট হইতে কোন বস্তু আবাব দিব বলিয়া নিযা তাহা ফিবাইয়া দিতে হয়। এইরূপই সকল শাস্ত্রে দেখা যায়” ॥৬৭॥

রাজা! আপনি যদি অধর্ম্মেব ভয় কবেন, তবে অদ্য সত্ত্বরই আমাব

একং হি মে সায়কং চিত্ররূপং দিগ্ধং বিষেণাহর সংগৃহীতম্ ।
যেন বিদ্ধো বামদেবঃ শয়ীত সন্দশ্যমানঃ শ্বভিরার্ত্তরূপঃ ॥৬৯॥

বামদেব উবাচ ।

জানামি পুত্রং দশবর্ষং তবাহং জাতং মহিষ্যাং সেনজিতং নরেন্দ্র ! ।
তং জহি ত্বং মদ্বচনাৎ প্রণুন্নস্তূর্ণং প্রিয়ং সায়কৈর্ঘোররূপৈঃ ॥৭০॥

মার্কণ্ডেয় উবাচ ।

এবমুক্তে বামদেবেন রাজন্ । অন্তঃপুরে রাজপুত্রং জঘান ।
স সায়কস্তিগ্মতেজা বিসৃষ্টঃ শ্রুত্বা দলস্তত্র বাক্যং বভাষে ॥৭১॥

রাজোবাচ ।

ইক্ষ্বাকবো হন্ত চরামি বঃ প্রিয়ং নিহন্মীমং বিপ্রমদ্য প্রমথ্য ।
আনীয়তামপরস্তিগ্মতেজাঃ পশ্যধ্বং মে বীর্য্যমদ্য ক্ষিতীশাঃ ! ॥৭২॥

ভারতকৌমুদী

একমিতি। বিষেণ দিগ্ধং লিপ্তমুখম্। শ্বভিঃ কুক্কুরৈঃ ॥৬৯॥
জানামীতি। দশবর্ষং দশবর্ষবয়স্কম্, সেনজিতং সেনজিন্নামকম্। প্রণুন্নঃ প্রযুক্তঃ ॥৭০॥
এবমিতি। তিগ্মতেজাঃ খরকিরণঃ, বিসৃষ্টো দলেন নিক্ষিপ্তঃ ॥৭১॥
ইক্ষ্বাকব ইতি। হে ইক্ষ্বাকবঃ। ক্ষিতীশাঃ! বো যুষ্মাকম্ ॥৭২॥

ভারতভাবদীপঃ

দলঃ কনিষ্ঠো ভ্রাতা, বিধেয়া আজ্ঞাকারিণঃ ॥৬৫॥ নিপাতিতং মৃতম্ ॥৬৬—৬৯॥ তং জহি তব সায়কস্ত্বৎপুত্রমেব হিংসিষ্যতি ন তু মামিত্যর্থঃ ॥৭০—৭১॥ এবমুক্তো বামদেবেন

সেই অশ্ব দুইটী ফিরাইয়া দিন"। বামদেবের এই কথা শুনিয়া দলরাজা ক্রুদ্ধ হইয়া সারথিকে বলিলেন—॥৬৮॥

"সারথি! আমার পূর্ব্বসংগৃহীত বিষলিপ্তমুখ বিচিত্রাকৃতি একটীমাত্র বাণ আনয়ন কর; যাহা দ্বারা বিদ্ধ ও পীড়িত হইয়া বামদেব শয়ন করিবে এবং কুক্কুরগণ উহাকে ভক্ষণ করিবে" ॥৬৯॥

বামদেব বলিলেন—"রাজা! আমি জানি যে, তোমার মহিষীর গর্ভে জাত 'সেনজিৎ' নামে দশবর্ষ বয়স্ক একটী পুত্র আছে; তুমি আমার বাক্যে প্রণোদিত হইয়া এই ভয়ঙ্কর বাণ দ্বারা সত্বরই সেই প্রিয়পুত্রটীকে বধ কর" ॥৭০॥

মার্কণ্ডেয় বলিলেন—"রাজা যুধিষ্ঠির! বামদেব এইরূপ বলিলে, দল-নিক্ষিপ্ত সেই তীক্ষ্ণতেজা বাণ অন্তঃপুরে যাইয়া সেই রাজপুত্রকে বধ করিল; এই ঘটনা শুনিয়া তখন দল এই কথা বলিলেন—॥৭১॥

বামদেব উবাচ।

যং ত্বমেনং সায়কং ঘোররূপং বিষেণ দিগ্ধং মম সন্দধাসি।
ন ত্বমেতং শরবর্য্যং বিমোক্তুং সন্ধাতুং বা শক্ষ্যসে মানবেন্দ্র! ॥৭৩॥

রাজোবাচ।

ইক্ষ্বাকবঃ! পশ্যত মাং গৃহীতং ন বৈ শক্নোম্যেষ শরং বিমোক্তুম্।
ন চাস্য কর্ত্তুং নাশমভ্যুৎসহামি আয়ুষ্মান্ বৈ জীবতু বামদেবঃ ॥৭৪॥

বামদেব উবাচ।

সংস্পৃশ্যৈনাং মহিষীং সায়কেন ততস্তস্মাদেনসো মোক্ষ্যসে ত্বম্।
ততস্তথা কৃতবান্ পার্থিবস্তু ততো মুনিং রাজপুত্রী বভাষে ॥৭৫॥

রাজপত্ন্যুবাচ।

যথাযুক্তং বামদেবাহমেনং দিনে দিনে সন্দিশন্তী নৃশংসম্।
ব্রাহ্মণেভ্যো মৃগয়তী সূনৃতানি তথা ব্রহ্মন্! পুণ্যলোকং লভেয়ম্ ॥৭৬॥

ভারতকৌমুদী

যমিতি। মম উপরি। ন শক্ষ্যসে, ময়ৈব ত্বদ্বাহুস্তম্ভনাদিতি ভাবঃ ॥৭৩॥

ইক্ষ্বাকব ইতি। গৃহীতং বামদেবেন স্তব্ধীকৃতম্। অভ্যুৎসহামি শক্নোমি ॥৭৪॥

সংস্পৃশ্যেতি। হে রাজন্! ত্বম্, সায়কেন মদ্বধার্থোত্থিতেনানেন শরেণ, এনাং মহিষীং সংস্পৃশ্য, ততঃ তস্মাৎ মদ্বধোদ্যমজনিতাৎ, এনসঃ পাপাৎ, মোক্ষ্যসে, মহিষীসংস্পর্শস্যৈব মহাপুণ্যকারণত্বাদিতি ভাবঃ ॥৭৫॥

যথেতি। হে ব্রহ্মন্ বামদেব। অহমেনং নৃশংসং পতিম্, দিনে প্রত্যহমেব,

---

দলরাজা বলিলেন—"ইক্ষ্বাকুবংশীয়গণ! আমি আপনাদের প্রিয় কার্য্য করিতেছি; আমি আজ এই ব্রাহ্মণটাকে মথিত করিয়া বধ করিব। অতএব ক্ষত্রিয়গণ! আর একটা তীক্ষ্ণ বাণ আনয়ন করুন, আজ আমার বল দেখুন" ॥৭২॥

বামদেব বলিলেন—"রাজা! তুমি আমার উপরে এই যে বিষলিপ্তমুখ ভয়ঙ্কর বাণ সন্ধান করিতে প্রবৃত্ত হইয়াছ; তুমি এই দারুণ বাণ নিক্ষেপ করিতে কিংবা সন্ধান করিতেও সমর্থ হইবে না" ॥৭৩॥

দলরাজা বলিলেন—"ইক্ষ্বাকুবংশীয়গণ! আপনারা দেখুন—আমাকে স্তব্ধ করিয়াছে। সুতরাং আমি আর বাণক্ষেপ করিতে পারিতেছি না এবং এই ব্রাহ্মণটাকে বিনষ্ট করিতেও সমর্থ হইতেছি না। অতএব বামদেব দীর্ঘায়ু হইয়া জীবিত থাকুক" ॥৭৪॥

বামদেব বলিলেন—"রাজা! আপনি এই বাণদ্বারা এই মহিষীকে স্পর্শ করিয়া এই পাপ হইতে মুক্ত হইবেন"। তাহার পর রাজা তাহাই করিলেন। তৎপরে মহিষী বামদেবকে বলিলেন ॥৭৫॥

বামদেব উবাচ।

ত্বয়া ত্রাতং রাজকুলং শুভেক্ষণে। বরং বৃণীষ্বাপ্রতিমং দদানি তে।
প্রশাধীমং স্বজনং রাজপুত্রি! ইক্ষ্বাকুরাজ্যং সুমহচ্চাপ্যনিন্দ্যে! ॥৭৭॥

রাজপত্ন্যুবাচ।

বরং বৃণে ভগবন্নেবমেষ বিমুচ্যতাং কিল্বিষাদদ্য ভর্ত্তা।
শিবেন চ ধ্যাহি সপুত্রবান্ধবং বরো বৃতো হ্যেষ ময়া দ্বিজাগ্র্য! ॥৭৮॥

মার্কণ্ডেয় উবাচ।

শ্রুত্বা বচঃ স মুনী রাজপুত্র্যাস্তথাঽস্ত্বিতি প্রাহ কুরুপ্রবীর!।
ততঃ স রাজা মুদিতো বভূব বাম্যৌ চাস্মৈ প্রদদৌ সম্প্রণম্য ॥৭৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং মণ্ডূকোপাখ্যানে দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যথাযুক্তং যথোচিতম্, সন্দিশন্তী উপদিশন্তী, তথা ব্রাহ্মণেভ্যঃ সূনৃতানি সত্যপ্রিযাণি বাক্যানি, মৃগযতী অন্বিষ্যন্তী বক্তুমিচ্ছন্তীত্যর্থঃ, পুণ্যলোকং লভেযম্ ॥৭৬॥

ত্বযেতি। ত্রাতং স্বচাবিত্রাদেব রক্ষিতম্। স্বজনং পতিপ্রভৃতিম্ ॥৭৭॥

বরমিতি। কিল্বিষাৎ ব্রহ্মহত্যোত্থমজনিতাৎ পাপাৎ "চরেদ্ব্রতমহত্বাপি ঘাতার্থঞ্চেৎ সমাগতঃ" ইতি স্মৃতেঃ। শিবেন শুভেন, ধ্যাহি চিন্তয, সপুত্রবান্ধবং পতিম্ ॥৭৮॥

ভারতভাবদীপঃ

স্তম্ভিতহস্তপদো রাজোবাচ—ইক্ষ্বাকব ইতি ॥৭৪॥ সংস্পৃশ্য হত্বা, এনসো ব্রহ্মহত্যাধ্যবসায জাৎ পাপাৎ ॥৭৫॥ এনং নৃশংসম্, ভর্ত্তারং দিনে দিনে সূনৃতানি কল্যাণকবাণি বাক্যানি সন্দিশন্তীতি সম্বন্ধঃ। ব্রাহ্মণেভ্যো মৃগযতী ব্রাহ্মণান্ সেবিতুমিচ্ছন্তী ॥৭৬—৭৯॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥ ১৬২॥

মহিষী বলিলেন—"ব্রাহ্মণ বামদেব! আমি প্রত্যহই এই নৃশংস পতিকে যথোচিত উপদেশ দিযা থাকি, ব্রাহ্মণদিগকেও সত্য ও প্রিয় বাক্য বলিতে ইচ্ছা কবি এবং তাহাতেই পুণ্যলোক লাভ কবিব বলিযা ধাবণা করি" ॥৭৬॥

বামদেব কহিলেন—"শুভদর্শনে! আপনিই বাজবংশ বক্ষা কবিলেন। অতএব আপনি নিরুপম বব গ্রহণ করুন, আমি আপনাকে তাহা দান করিব। অনিন্দ্যসুন্দবি! বাজপুত্রি! আপনি এই স্বজনগণ এবং বিশাল ইক্ষ্বাকুবাজ্য শাসন করুন" ॥৭৭॥

মহিষী বলিলেন—"ভগবন্ ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি এইরূপ বর প্রার্থনা করি—আমাব এই ভর্ত্তা আজই পাপ হইতে মুক্ত হউন এবং আপনি—পুত্র ও বন্ধুবর্গেব সহিত উঁহাব মঙ্গল চিন্তা করুন। আমি এই বব প্রার্থনা কবিলাম" ॥৭৮॥

---

* '...দ্বিনবত্যধিক...'—বা ব কা, '...ত্রিনবত্যধিক...'—পি, '...পঞ্চনবত্যধিক...' —নি।

ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

মার্কণ্ডেয়মৃষযো ব্রাহ্মণা যুধিষ্ঠিরশ্চ পর্য্যপৃচ্ছন্—ঋষিঃ কেন দীর্ঘায়ুরাসীদ্বকঃ ॥১॥

মার্কণ্ডেয়স্তু তান্ সর্ব্বানুবাচ—মহাতপা দীর্ঘায়ুশ্চ বকো রাজর্ষিঃ, নাত্র কার্য্যা বিচারণা ॥২॥

এতচ্ছ্রুত্বা তু কৌন্তেয়ো ভ্রাতৃভিঃ সহ ভারত!।
মার্কণ্ডেয়ং পর্য্যপৃচ্ছদ্ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৩॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। স রাজা দলঃ। বাম্যৌ উত্তমাশ্বৌ, অশ্মৈ বামদেবায ॥৭৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযাং বনপর্ব্বণি মার্কণ্ডেযসমাস্যাযাং দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

——(:*:)——

মার্কণ্ডেয়মিতি। ঋষযো ধৌম্যাদযঃ ব্রাহ্মণাশ্চাপরে। বকো নাম মুনিঃ ॥১॥

মার্কণ্ডেয ইতি। অত্র মহাতপস্ত্বাদিষু, বিচারণা ন কার্য্যা, নিঃসন্দেহত্বাৎ ॥২॥

ভারতভাবদীপঃ

মার্কণ্ডেযমৃষয ইত্যাদেরধ্যায়তাৎপর্য্যং ব্রহ্মবিদ্যালব্ধং চিরজীবিত্বমপি দুঃখমিশ্রমতো বিদেহকৈবল্যমেব শ্রেষ্ঠমিতি ॥১—৩৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যাযঃ ॥১৬৩॥

মার্কণ্ডেয় বলিলেন—"কুরুশ্রেষ্ঠ! বামদেব মহিষীর সেই কথা শুনিয়া বলিলেন—'তাহাই হউক'। তাহার পর দলরাজা আনন্দিত হইলেন এবং প্রণাম করিয়া বামদেবের অশ্ব দুইটী বামদেবকেই দিলেন" ॥৭৯॥

—:*:—

বৈশম্পাযন বলিলেন—ঋষিগণ, ব্রাহ্মণগণ ও যুধিষ্ঠির মার্কণ্ডেয়মুনির নিকট জিজ্ঞাসা করিলেন—"বকমুনি দীর্ঘায়ু ছিলেন কেন?" ॥১॥

মার্কণ্ডেয় তাঁহাদের সকলকে বলিলেন—"রাজর্ষি বক যে মহাতপা ও দীর্ঘায়ু ছিলেন, এ বিষয়ে কোন বিচার করা কর্ত্তব্য নহে" ॥২॥

বকদাল্‌ভ্যৌ মহাত্মানৌ শ্রূয়েতে চিরজীবিনৌ।
সখায়ৌ দেবরাজস্য তাবৃষী লোকসম্মতৌ ॥৪॥
এতদিচ্ছামি ভগবন্! বকশক্রসমাগমম্।
সুখদুঃখসমাযুক্তং তত্ত্বেন কথয়স্ব মে ॥৫॥

মার্কণ্ডেয় উবাচ।

বৃত্তে দেবাসুরে রাজন্! সংগ্রামে লোমহর্ষণে।
ত্রয়াণামপি লোকানামিন্দ্রো লোকাধিপোঽভবৎ ॥৬॥
সম্যগ্‌ বর্ষতি পর্জ্জন্যঃ শস্যসম্পদ উত্তমাঃ।
নিরাময়াঃ সুধর্ম্মিষ্ঠাঃ প্রজা ধর্ম্মপরায়ণাঃ ॥৭॥
মুদিতশ্চ জনঃ সর্ব্বঃ স্বধর্ম্মেষু ব্যবস্থিতঃ।
তাঃ প্রজা মুদিতাঃ সর্ব্বা দৃষ্ট্বা বলনিসূদনঃ ॥৮॥

ভারতকৌমুদী

এতদিতি। ভ্রাতৃভিঃ সহেত্যনেন তেষামপি তচ্ছ্রবণাকাঙ্ক্ষা দ্যোত্যতে ॥৩॥
বকেতি। দাল্‌ভ্যোঽপি মুনিবিশেষঃ। লোকানাং সম্মতৌ প্রিয়ৌ ॥৪॥
এতদিতি। ইচ্ছামি, শ্রোতুমিতি শেষঃ। তত্ত্বেন যাথার্থ্যেন ॥৫॥
বৃত্ত ইতি। বৃত্তে ভূতে। লোকাধিপঃ প্রজেশ্বরঃ ॥৬॥
সম্যগিতি। একত্র ধর্ম্মঃ পুণ্যম্, অন্যত্র ধর্ম্মো ন্যায়ঃ। আসন্নিত্যুভয়ত্র শেষঃ ॥৭॥
মুদিত ইতি। বলনিসূদন ইন্দ্রঃ, তাঃ সর্ব্বাঃ প্রজা মুদিতা দৃষ্ট্বা মুদিতঃ, অভূদিতি শেষঃ।

ভরতনন্দন! কুন্তীপুত্র ধর্ম্মরাজ যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত এই কথা শুনিয়া মার্কণ্ডেয়ের নিকট জিজ্ঞাসা করিলেন—॥৩॥

"সেই বক ও দাল্‌ভ্যমুনিকে মহাত্মা, চিরজীবী, দেবরাজের সখা এবং লোকপ্রিয় বলিয়া শুনা যায় ॥৪॥

অতএব ভগবন্! আমি এই বৃত্তান্ত শুনিতে ইচ্ছা করি। সুতরাং আপনি আমার নিকট বক ও ইন্দ্রের সেই সুখ-দুঃখযুক্ত সম্মেলনের বৃত্তান্তটী যথাযথভাবে বলুন" ॥৫॥

মার্কণ্ডেয় বলিলেন—"দেবগণ ও অসুরগণের সেই লোমহর্ষণ যুদ্ধ হইয়া গেলে, ইন্দ্র ত্রিভুবনেরই রাজা হইলেন ॥৬॥

তখন হইতে মেঘ যথাসময়ে বর্ষা করিতে লাগিল, শস্যসম্পৎ উত্তমভাবে জন্মিতে থাকিল এবং প্রজারা নীরোগ, ধার্ম্মিক ও ন্যায়পরায়ণ হইয়া উঠিল ॥৭॥

এবং সকল লোকই আপন আপন ধর্ম্মে থাকিতে লাগিল; সমস্ত প্রজাও

ততস্তু মুদিতো রাজন্! দেবরাজঃ শতক্রতুঃ।
ঐরাবতং সমাস্থায় অপশ্যন্মুদিতাঃ প্রজাঃ ॥৯॥
আশ্রমাংশ্চ বিচিত্রাংশ্চ নদীশ্চ বিবিধাঃ শুভাঃ।
নগরাণি সমৃদ্ধানি খেটান্ জনপদাংস্তথা।
প্রজাপালনদক্ষাংশ্চ নরেন্দ্রান্ ধর্ম্মচারিণঃ ॥১০॥
উদপানং প্রপা বাপী তড়াগানি সরাংসি চ।
নানাব্রহ্মসমাচারৈঃ সেবিতানি দ্বিজোত্তমৈঃ ॥১১॥ (কলাপকম্)
ততোঽবতীর্য্য রম্যায়াং পৃথ্ব্যাং রাজন্। শতক্রতুঃ।
তত্র রম্যে শিবে দেশে বহুবৃক্ষসমাকুলে।
পূর্ব্বস্যাং দিশি রম্যায়াং সমুদ্রাভ্যাসতো নৃপ। ॥১২॥
তত্রাশ্রমপদং রম্যং মৃগদ্বিজনিষেবিতম্।
তত্রাশ্রমপদে রম্যে বকং পশ্যতি দেবরাট্ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ততো দেবরাজঃ শতক্রতুঃ, ঐরাবতং হস্তিনম্, সমাস্থায় সমারুহ্য মুদিতাঃ প্রজা আশ্রমাদীংশ্চাপশ্যদিতি সম্বন্ধঃ। খেটান্ নিকৃষ্টগ্রামান্। দশমঃ শ্লোকঃ ষট্পাদঃ। উদপানং কূপঃ, প্রপা পানীয়শালা, বাপী দীর্ঘিকা, তড়াগানি বৃহজ্জলাশয়াঃ, সরাংসি ততঃ ক্ষুদ্রজলাশয়াশ্চ। নানা ব্রহ্মসমাচারা বেদাচারা যেষাং তৈর্দ্বিজোত্তমৈঃ, সেবিতানি উদপানাদীনি চাপশ্যদিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥৮—১১॥

তত ইতি। শিবে উৎপাতাভাবান্মঙ্গলকরে। সমুদ্রস্য অভ্যাসতঃ সমীপে। দ্বাদশঃ শ্লোকোঽপি ষট্পাদঃ। মৃগদ্বিজৈঃ পশুপক্ষিভির্নিষেবিতম্ ॥১২—১৩॥

আনন্দিত হইল; ইহা দেখিয়া ইন্দ্রও আনন্দিত হইলেন। রাজা! তাহার পর ইন্দ্র ঐরাবতহস্তীতে আরোহণ করিয়া ক্রমশঃ দেখিতে লাগিলেন—বিচিত্র আশ্রম, নানাবিধ শুভজনক নদী, সমৃদ্ধিশালী নগর, ক্ষুদ্র গ্রাম, দেশ, প্রজাপালননিপুণ ও ধার্ম্মিক রাজা, কূপ, পানীয় শালা, দীর্ঘিকা, বৃহৎ জলাশয় ও ক্ষুদ্র জলাশয় সকল রহিয়াছে এবং নানাবিধ-বৈদিকাচার-সম্পন্ন ব্রাহ্মণেরা সেই কূপপ্রভৃতির ব্যবহার করিতেছেন ॥৮—১১॥

রাজা! তাহার পর দেবরাজ ঐরাবতহস্তী হইতে ভূতলে অবতরণ করিয়া দেখিলেন—পূর্ব্বদিকে সমুদ্রের নিকটে বহুতর বৃক্ষে পরিপূর্ণ, সুন্দর ও মঙ্গলকর স্থানে পশু-পক্ষি-পরিপূর্ণ সুন্দর একটী আশ্রম রহিয়াছে; সেই আশ্রমে বকমুনি অবস্থান করিতেছেন ॥১২—১৩॥

বকস্তু দৃষ্ট্বা দেবেন্দ্রং দৃঢ়ং প্রীতমনাঽভবৎ ।
পাদ্যাসনার্ঘ্যদানেন ফলমূলৈরথার্চ্চয়ৎ ॥১৪॥
সুখোপবিষ্টো বরদস্ততস্তু বলসূদনঃ ।
তত্র প্রশ্নং বকং দেব উবাচ ত্রিদশেশ্বরঃ ॥১৫॥
শতং বর্ষসহস্রাণি মুনে ! জাতস্য তেঽনঘ ! ।
সমাখ্যাহি মম ব্রহ্মন্ ! কিং দুঃখং চিরজীবিনাম্ ॥১৬॥

বক উবাচ ।

অপ্রিয়ৈঃ সহ সংবাসঃ প্রিয়ৈশ্চাপি বিনা ভবঃ
অসদ্ভিঃ সম্প্রয়োগশ্চ তদ্দুঃখং চিরজীবিনাম্ ॥১৬॥
পুত্রদারবিনাশোঽত্র জ্ঞাতীনাং সুহৃদামপি ।
পরেষ্বায়ত্ততা কৃচ্ছ্রং কিং নু দুঃখতরং ততঃ ॥১৮॥

ভারতকৌমুদী

বক ইতি। দৃঢ়ং সাতিশযম্। আর্চ্চয়ৎ দেবেন্দ্রমেব ॥১৪॥
সুখেতি। বলসূদনো বলনামকদৈত্যহন্তা। বকং মুনিম্ ॥১৫॥
শতমিতি। বর্ষসহস্রাণি অতীতানীতি শেষঃ ॥১৬॥
অপ্রিয়ৈরিতি। অপ্রিয়ৈর্জনৈঃ। বিনা ভবো বিচ্ছেদঃ। সম্প্রযোগো মেলনম্ ॥১৭॥
পুত্রেতি। জ্ঞাতীনাং সুহৃদামপি বিনাশঃ। আযত্ততা অধীনতা ॥১৮॥

বকমুনি দেববাজকে দেখিযা অত্যন্ত আনন্দিত হইলেন এবং আসন, পাদ্য, অর্ঘ্য, ফল ও মূলদ্বারা তাঁহাব পূজা করিলেন ॥১৪॥

তাহাব পব ববদাতা, বলদৈত্যহন্তা ও দেবাধিপতি ইন্দ্র সেই স্থানে সুখে উপবেশন করিয়া বকমুনিব নিকট প্রশ্ন কবিলেন—॥১৫॥

"নিষ্পাপ মুনি! আপনি জন্মিবাব পবে লক্ষ বৎসব অতীত হইয়া গিয়াছে। অতএব ব্রাহ্মণ! আপনি আমাব নিকট বলুন যে, চিবজীবীদিগেব কি কি দুঃখ হয়" ॥১৬॥

বকমুনি বলিলেন—অপ্রিয় লোকেব সহিত যে বাস, প্রিয় লোকেব সহিত যে বিচ্ছেদ এবং অসৎ লোকেব সহিত যে মেলন, তাহাই চিবজীবীদিগেব দুঃখ ॥১৭॥

পুত্র, কলত্র, জ্ঞাতি ও বন্ধুবর্গেব বিনাশ এবং পরাধীনতাব ক্লেশ, এই সকল অপেক্ষা অধিক দুঃখ আব কি হইতে পারে? ॥১৮॥

(১৫)...ততঃ প্রশ্নং বকং দেব—বা ব কাঃনিঃ।

নান্যদ্দুঃখতরং কিঞ্চিল্লোকেষু প্রতিভাতি মে।
অর্থৈর্বিহীনঃ পুরুষঃ পরৈঃ সংপরিভূযতে ॥১৯॥
অকুলানাং কুলে ভাবং কুলীনীনাং কুলক্ষয়ম্।
সংযোগং বিপ্রয়োগঞ্চ পশ্যন্তি চিরজীবিনঃ ॥২০॥
অপি প্রত্যক্ষমেবৈতত্তব দেব! শতক্রতো!।
অকুলানাং সমৃদ্ধানাং কথং কুলবিপর্য্যয়ঃ ॥২১॥
দেবদানবগন্ধর্ব্ব-মনুষ্যোরগরাক্ষসাঃ।
প্রাপ্নুবন্তি বিপর্য্যাসং কিন্নু দুঃখতরং ততঃ ॥২২॥
কুলে জাতাশ্চ ক্লিশ্যন্তে দৌষ্কুলেয়বশানুগাঃ।
আঢ্যৈর্দরিদ্রাবমতাঃ কিন্নু দুঃখতরং ততঃ ॥২৩॥
লোকে বৈধর্ম্ম্যমেতত্তু দৃশ্যতে বহুবিস্তরম্।
জ্ঞানহীনাশ্চ হৃষ্যন্তে ক্লিশ্যন্তে জ্ঞানকোবিদাঃ।
বহুদুঃখপরিক্লেশং মানুষ্যমিহ দৃশ্যতে ॥২৪॥

ভারতকৌমুদী

নেতি। যৎ, অর্থৈর্ধনৈঃ। সংপরিভূয়তে'তিরস্ক্রিয়তে ॥১৯॥

অকুলানামিতি। অকুলানাং জনানাম্, কুলে ভাবঃ সত্তাম্, ধনদ্বারা ॥২০॥

অপীতি। অপীতি প্রশ্নে। কুলবিপর্য্যয়ো বংশোন্নতিঃ ॥২১॥

দেবেতি। বিপর্য্যাসম্ অবস্থাবৈপরীত্যম্ ॥২২॥

কুল ইতি। দরিদ্রাবমতা ইতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥২৩॥

ধনহীন লোককে অন্যে যে তিরস্কার করে, ইহা অপেক্ষা জগতে অন্য কিছু দুঃখজনক আছে বলিয়া আমার মনে হয় না ॥১৯॥

অকুলীনের কুলোৎপত্তি, কুলীনের কুলনাশ, অপ্রিয়ের সহিত সংযোগ এবং প্রিয়ের সহিত বিয়োগ, এইগুলিই চিরজীবীরা দেখিয়া থাকে ॥২০॥

দেব! ইন্দ্র! সমৃদ্ধিশালী অকুলীনদিগের কি প্রকারে কুলের উন্নতি হয়, ইহা আপনার প্রত্যক্ষ করা আছে ত? ॥২১॥

দেব, দানব, গন্ধর্ব্ব, মনুষ্য, নাগ ও রাক্ষস ইহারা যে অবস্থার বৈপরীত্য প্রাপ্ত হন, তাহা হইতে অধিক দুঃখ আর কি আছে? ॥২২॥

সৎকুলসম্ভূত লোকেরা দুষ্কুলজাত লোকদের বশবর্ত্তী হইয়া এবং দরিদ্রেরা ধনিকর্ত্তৃক অবজ্ঞাত হইয়া যে ক্লেশ অনুভব করে, তাহা হইতে অধিক দুঃখ কি আছে? ॥২৩॥

(২৪)…ক্লিশ্যন্তে প্রাজ্ঞকোবিদাঃ…বা ব কা।

ইন্দ্র উবাচ।

পুনবেব মহাভাগ! দেবর্ষিগণসেবিত!।
সমাখ্যাহি মম ব্রহ্মন্! কিং সুখং চিরজীবিনাম্ ॥২৫॥

বক উবাচ।

অষ্টমে দ্বাদশে বাপি শাকং যৎ পচ্যতে গৃহে।
কুমিত্রাণ্যনপাশ্রিত্য কিং বৈ সুখতরং ততঃ ॥২৬॥
যত্রাহানি ন গণ্যন্তে নৈনমাহুর্মহাশনম্।
অপি শাকং পচানস্য সুখং বৈ মঘবন্! গৃহে ॥২৭॥
অর্জ্জিতং স্বেন বীর্য্যেণ নাপ্যপাশ্রিত্য কঞ্চন।
ফলং শাকমপি শ্রেয়ো ভোক্তুং হ্যকৃপণং গৃহে ॥২৮॥

ভারতকৌমুদী

লোক ইতি। বৈধর্ম্ম্যং বৈপরীত্যম্, বহবো বিস্তবাঃ প্রসাবা যত্র তৎ। জ্ঞায়ন্তে এভিবিতি জ্ঞানানি শাস্ত্রাণি তেষু কোবিদা অভিজ্ঞাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥

পূর্ব্বমল্লাভিধানাৎ পুনঃ পৃচ্ছতি পুনবিতি। সমাখ্যাহি ব্রূহি ॥২৫॥

অষ্টম ইতি। দিবসস্য অষ্টমে দ্বাদশে বা মুহূর্ত্তে। গৃহে স্বকীয় এব ॥২৬॥

যত্রেতি। যত্র ভোক্তরি বিষয়ে, দ্বাভ্যাং দিনাভ্যাং পবং ত্রিভ্যো দিনেভ্যো বা পরমন্যত্রাযং যাস্যতি ইত্যেবংরূপেণ অহানি ন গণ্যন্তে গৃহস্থেন, এনং মহাশনম্ ঔদবিকং নাহুঃ। পচানস্য পচমানস্য। গৃহে পূর্ব্ববৎ স্বকীয এব ॥২৭॥

অর্জ্জিতমিতি। শ্রেযঃ সাধু, অকৃপণম্, গৃহে স্বকীয এব ॥২৮॥

জগতে এই জাতীয় বহুতব বৈপবীত্য দেখা যায় যে, মূর্খেরা আমোদ করে, আর জ্ঞানীবা ক্লেশ পান। এইরূপ মানুষেব বহু দুঃখ এবং বহু ক্লেশ দেখা যায়” ॥২৪॥

ইন্দ্র বলিলেন—“হে দেবর্ষিগণসেবিত মহাভাগ ব্রাহ্মণ! চিবজীবীদিগেব কি সুখ, তাহা পুনবায় আমার নিকট বলুন” ॥২৫॥

বক বলিলেন—“মানুষ দুষ্ট বন্ধুকে অবলম্বন না করিয়া আপন গৃহে দিনেব অষ্টম বা দ্বাদশ মুহূর্ত্তেও শাকমাত্র পাক করিয়াও যে জীবন ধাবণ কবে, তাহা অপেক্ষা অধিক সুখ কি আছে? ॥২৬॥

গৃহস্থ যাহার জন্য দিন গণনা করে না, তাহাকে ঔদরিক বলে না। আর ইন্দ্র! আপন গৃহে শাকমাত্র পাক কবিযা জীবন ধারণ করিলেও, তাহাই সুখ ॥২৭॥

কাহাকেও অবলম্বন না করিয়া আপন ক্ষমতায় অর্জ্জিত ফল বা শাকও আপন গৃহে বিনা গ্লানিতে যে ভোজন করা হয়, তাহাই ভাল ॥২৮॥

পরস্য তু গৃহে ভোক্তুঃ পরিভূতস্য নিত্যশঃ।
সুমৃষ্টমপি ন শ্রেয়ো বিকল্পোঽয়মতঃ সতাম্ ॥২৯॥
শ্ববদ্ধি লোলুপো যস্তু পরান্নং ভোক্তুমিচ্ছতি।
ধিগস্তু তস্য তদ্ভুক্তং কৃপণস্য দুরাত্মনঃ ॥৩০॥
যো দত্ত্বাঽতিথিভৃত্যেভ্যঃ পিতৃভ্যশ্চ দ্বিজোত্তমঃ।
শিষ্টান্যন্নানি যো ভুঙ্‌ক্তে কিং বৈ সুখতরং ততঃ ॥৩১॥
অতো মৃষ্টতরং কিঞ্চিৎ পূতং কিঞ্চিচ্ছতক্রতো!।
দত্ত্বা যস্ত্বতিথিভ্যোঽন্নং ভুঙ্‌ক্তে তেনৈব নিত্যশঃ ॥৩২॥
যাবতো হ্যন্ধসঃ পিণ্ডানশ্নাতি সততং দ্বিজঃ।
তাবতাং গোসহস্রাণাং ফলং প্রাপ্নোতি দায়কঃ।
যদেনো যৌবনকৃতং তৎ সর্ব্বং নশ্যতে ধ্রুবম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

পরস্যেতি। পরিভূতস্য গলগ্রহরূপত্বাৎ পরেণ তিরস্কৃতস্য। সুমৃষ্টমপি অতিমধুরমপি। অতঃ অশ্রেয়োরূপত্বাৎ অযং পরগৃহভোজনকল্পঃ, সতাং বিকল্পো মতবিরুদ্ধকল্প এব ॥২৯॥

শ্ববদিতি। শ্ববৎ কুক্কুর ইব। কৃপণস্য ক্ষুদ্রহৃদয়স্য ॥৩০॥

য ইতি। যো দ্বিজোত্তমঃ, যশ্চান্যঃ। শিষ্টানি অবশিষ্টানি ॥৩১॥

অত ইতি। মৃষ্টতরং মধুরতরম্, পূতং পবিত্রঞ্চ নাস্তীতি শেষঃ ॥৩২॥

যাবত ইতি। অন্ধসঃ অন্নস্য। দ্বিজঃ অতিথিভূতঃ। এনঃ পাপম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥

পরগৃহে পরকর্ত্তৃক সর্ব্বদা তিরস্কৃত হইয়া অতিমধুর অন্নও যে ভোজন করে, তাহা তাহার পক্ষে ভাল নহে। এই জন্যই এই কল্পটা সজ্জনের মত-বিরুদ্ধ ॥২৯॥

যে লোভী লোক কুকুরের মতই পরান্ন ভোজন করিতে ইচ্ছা করে, সেই দুরাত্মা ক্ষুদ্রহৃদয়ের সেই ভোজনকে ধিক্ ॥৩০॥

যে ব্রাহ্মণ বা অন্য যে লোক অতিথি, পোষ্যবর্গ এবং পিতৃলোককে দান করিয়া অবশিষ্ট অন্ন ভোজন করে, তাহার পক্ষে তাহা অপেক্ষা অধিক সুখ কি আছে? ॥৩১॥

দেবরাজ! যে লোক প্রত্যহ অতিথিকে অন্ন দান করিয়া তাহার সহিতই ভোজন করে, তাহার পক্ষে তাহা অপেক্ষা কিছুই মধুর বা কিছুই পবিত্র নাই ॥৩২॥

---

(৩০) শ্ববৎ কীলালপো যস্তু—বা ব কা পি।

সদক্ষিণস্য ভুক্তস্য দ্বিজস্য তু করে গতম্ ।
যদ্বাবি বারিণা সিঞ্চেত্তদ্ব্যেনস্তরতে ক্ষণাৎ ॥৩৪॥
এতাশ্চান্যাশ্চ বৈ বহ্বীঃ কথয়িত্বা কথাঃ শুভাঃ ।
বকেন সহ দেবেন্দ্র আপৃচ্ছ্য ত্রিদিবং গতঃ ॥৩৫॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং বকশক্রসংবাদে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ ।

ততঃ পাণ্ডবাঃ পুনর্মার্কণ্ডেয়মূচুঃ—কথিতং ব্রাহ্মণমহাভাগ্যমিদানীং রাজন্যমহাভাগ্যং শুশ্রূষামহ ইতি ॥১॥

ভারতকৌমুদী

সেতি । বারি প্রতিগ্রহজলম্, বাবিণা উৎসর্গজলেন, এনঃ পাপম্, তরতে হন্তি ॥৩৪॥
এতা ইতি । বকেন মুনিনা । আপৃচ্ছ্য গমনং পৃষ্ট্বা ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

তত ইতি । মহাভাগ্যমত্র মাহাত্ম্যমেব । শুশ্রূষামহে শ্রোতুমিচ্ছামঃ ॥১॥

অতিথিব্রাহ্মণ যতগুলি অন্নেব গ্রাস ভোজন কবেন, অন্নদাতা সর্ব্বদাই ততগুলি গোসহস্রদানের ফললাভ কবেন এবং অন্নদাতার যৌবনবয়সে যে সকল পাপ করা হইয়াছিল, নিশ্চয়ই সে সকল পাপ নষ্ট হয় ॥৩৩॥

অতিথিব্রাহ্মণ ভোজন কবিয়া তাহার দক্ষিণা গ্রহণ করিবার সময়ে হস্তে যে প্রতিগ্রহেব জল ধারণ কবেন, দাতা উৎসর্গজলদ্বারা আবার যে জলকে সিক্ত কবেন, সেই জল তৎক্ষণাৎ দাতার পাপ নষ্ট করে” ॥৩৪॥

দেববাজ বকমুনিব সহিত এই সকল কথা এবং অন্যান্য বহুতর শুভ কথা বলিয়া তাঁহার নিকট জিজ্ঞাসা করিয়া স্বর্গলোকে চলিয়া গেলেন” ॥৩৫॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পব পাণ্ডবেরা পুনরায মার্কণ্ডেয়কে

---

* ‘…ত্রিনবত্যধিক…’ —বা ব কা, ‘চতুর্নবত্যধিক…’ —পি, ‘…ষণ্নবত্যধিক…’ —নি ।

তানুবাচ মার্কণ্ডেয়ো মহর্ষিঃ—শ্রূয়তামিদানীং রাজন্যানাং মহাভাগ্যমিতি ॥২॥

কুরূণামন্যতমঃ সুহোত্রো নাম রাজা মহর্ষীনভিগম্য নিবৃত্য রথস্থমেব রাজানমৌশীনরিং শিবিং দদর্শাভিমুখম্ ॥৩॥

তৌ সমেত্য পরস্পরেণ যথাবয়ঃ পূজাং প্রযুজ্য গুণসাম্যেন তুল্যাত্মানৌ বিদিত্বাঽন্যোন্যস্য পন্থানং ন দদতুঃ ॥৪॥

তত্র নারদঃ প্রাদুরাসীৎ—কিমিদং ভবন্তৌ পরস্পরস্য পন্থানমাবৃত্য তিষ্ঠত ইতি ॥৫॥

তাবূচতুর্নারদম্—নৈতদ্ভগবন্! পূর্ব্বকর্ম্মকর্ত্রাদিভির্বিশিষ্টস্য পন্থা উপদিশ্যতে সমর্থায় বা। আবাঞ্চ সখ্যং পরস্পরেণোপগতৌ। তচ্চাবধানতোঽত্যুৎকৃষ্টমধরোত্তরং পরিভ্রষ্টম্ ॥৬॥

ভারতকৌমুদী

তানিতি। রাজন্যানাং ক্ষত্রিয়াণাম্, মহাভাগ্যং মাহাত্ম্যম্ ॥২॥

কুরূণামিতি। ঔশীনরিম্ উশীনরপুত্রম্, শিবিং নাম ॥৩॥

তাবিতি। সমেত্য মিলিত্বা। পূজাম্—অভিবাদনেনাশিষা চ গৌরবম্। পন্থানং ন দদতুঃ—অপকৃষ্টেনৈবোৎকৃষ্টায পথো দাননিয়মাদিতি ভাবঃ ॥৪॥

তত্রেতি। প্রাদুরাসীৎ তথাবিধৌ তৌ দৃষ্ট্বা অবদচ্চেতি শেষঃ। ইদমিতি তিষ্ঠত ইতি ক্রিয়াযা বিশেষণম্। আবৃত্য নিরুধ্য ॥৫॥

কহিলেন—"আপনি ব্রাহ্মণের মাহাত্ম্য বলিয়াছেন, এখন আমরা ক্ষত্রিয়ের মাহাত্ম্য শুনিতে ইচ্ছা করি" ॥১॥

তখন মহর্ষি মার্কণ্ডেয় তাঁহাদিগকে বলিলেন—"এখন তোমরা ক্ষত্রিয়ের মাহাত্ম্য শ্রবণ কর—॥২॥

কুরুবংশসম্ভূত 'সুহোত্র'-নামে এক রাজা একদা মহর্ষিদের নিকটে যাইয়া ফিরিয়া আসিবার সময়ে রথারূঢ় উশীনরপুত্র শিবিরাজাকে সম্মুখে দেখিতে পাইলেন ॥৩॥

ক্রমে, তাঁহারা পরস্পর মিলিত হইয়া আপন আপন বয়স অনুসারে পরস্পর গৌরব প্রদর্শন করিয়া, গুণসাম্যনিবন্ধন উভয়েই উভয়কে সমান বুঝিয়া, পরস্পর পরস্পরকে পথ ছাড়িয়া দিলেন না ॥৪॥

তখন সেখানে নারদ উপস্থিত হইলেন এবং তাঁহাদিগকে সেইরূপ দেখিয়া বলিলেন—"আপনারা পরস্পর পরস্পরের পথ রুদ্ধ করিয়া এভাবে রহিয়াছেন কেন?" ॥৫॥

নারদস্ত্বেবমুক্তঃ শ্লোকত্রয়মপঠৎ ॥৭॥

ক্রূরঃ কৌরব্য ! মৃদবে মৃদুঃ ক্রূরে চ কৌরব ! ।
সাধুশ্চাসাধবে সাধুঃ সাধবে নাপ্নুয়াৎ কথম্ ॥৮॥
কৃতং শতগুণং কুর্য্যান্নাস্তি দেবেষু নির্ণয়ঃ ।
ঔশীনরঃ সাধুশীলো ভবতো বৈ মহীপতিঃ ॥৯॥

ভারতকৌমুদী

তাবিতি । নৈতৎ—আবাভ্যাং বিরোধপূর্ব্বকং পথো নিরোধনং ন কৃতমিত্যর্থঃ। পূর্ব্বে প্রাচীনাশ্চ তে কর্ম্মকর্ত্রাদয়ঃ পথিত্যাগকর্ত্রাদযশ্চেতি তৈঃ। আদিপদাৎ অনুজ্ঞাপক-ব্যবস্থাপকযোগ্র্হণম্। বিশিষ্টস্য গুণৈরুৎকৃষ্টস্য, সমর্থায় প্রবলায বা, পন্থা উপদিশ্যতে নিকৃষ্টেন দেয়তযা নির্দ্দিশ্যতে। উপগতৌ গুণসাম্যাদঙ্গীকৃতবন্তৌ। এচ্চ তৎশ্চ, অধরো-ত্তরম্ আবযোরুত্তমাধমভাবঃ, অবধানতঃ অবধানপূর্ব্বকনির্ণযাৎ, অত্যুৎকৃষ্টং সর্ব্বথৈব, পরিভ্রষ্টং বিচ্যুতং গুণসাম্যান্নির্ণেতুমশক্যমিত্যর্থঃ ॥৬॥

নারদ ইতি । শ্লোকত্রয়ং পদ্যত্রযমপঠৎ, তয়োরুপদেশাযেতি ভাবঃ ॥৭॥

ক্রূর ইতি। শিব্যপেক্ষয়া সুহোত্রস্য নিকর্ষপ্রদর্শনায়ৈব কৌরব্যকৌরবেতি সুহোত্র-সম্বোধনম্। হে কৌরব্য। সুহোত্র। ক্রূরঃ খলস্বভাবো জনঃ, মৃদবে জনায, ক্রূরতা-মেব কুর্য্যাদিতি শেষঃ, ব্যবহারস্য স্বভাবানুসারিত্বাদিতি ভাবঃ। এবমগ্রত্রাপ্যুন্নেযম্। এবঞ্চ হে কৌরব। সাধুঃ সাধবে কথং নাপ্নুয়াৎ সাধুব্যবহারং ন কুর্য্যাৎ, অপি তু কুর্য্যাদেবেত্যর্থঃ। অতঃ সাধুস্ত্বং সাধোঃ শিবিতোঽপসর্পেতি ভাবঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

বিদ্যাবলং যুদ্ধপ্রজাপালনাদিব্যগ্রেষপি রাজস্বস্তীতি দর্শযিতুমাহ—তত ইতি ॥১—৫॥ নৈতৎ যৎপন্থাস্ত্যাজ্য ইত্যেতন্নেত্যর্থঃ, তত্র হেতুঃ—পূর্ব্বেতি। পূর্ব্বে চ তে কর্ম্মকত্রাদযশ্চেতি বিগ্রহঃ, অনুমনুবৃহস্পতিপ্রভৃতয়ঃ আদিশব্দার্থঃ। অবধানতো বিচারতঃ, অধরেতি আবয়ো-

---

তখন শিবিরাজা ও সুহোত্ররাজা নারদকে বলিলেন—"ভগবন্! আমরা বিরোধ করিয়া পরস্পর পরস্পরের পথ রুদ্ধ করি নাই; কিন্তু প্রাচীন ব্যবস্থাপকেরা বলেন যে, অধিক গুণশালীকে এবং প্রবলকে পথ ছাড়িয়া দিবে; কিন্তু আমরা সমানগুণসম্পন্ন বলিয়া পরস্পর সখা হইয়াছি। সেই জন্যই আমাদের মধ্যে উৎকর্ষ ও অপকর্ষ নির্ণয় করা দুষ্কর হইয়া পড়িয়াছে" ॥৬॥

তাঁহারা এইরূপ বলিলে, নারদ তিনটী শ্লোক পাঠ করিলেন—॥৭॥

"কুরুনন্দন! ক্রূর লোক, কোমল লোকের নিকটেও ক্রূর ব্যবহারই করে, আবার কোমল লোক ক্রূর লোকের নিকটেও কোমল ব্যবহারই করিয়া থাকে এবং সাধু অসাধুর নিকটেও সাধুতাই করেন; সুতরাং কুরুনন্দন! সাধু সাধুর নিকট সাধুতা করিবেন না কেন ? ॥৮॥

জয়েৎ কদর্য্যং দানেন সত্যেনানৃতবাদিনম্।
ক্ষময়া ক্রূরকর্ম্মাণমসাধুং সাধুনা জয়েৎ ॥১০॥

তত্তুভাবেব ভবন্তাবুদারৌ, য ইদানীং ভবদ্ভ্যামন্যতরঃ, সোঽপসর্পতু। এতদ্বৈ নিদর্শনমিত্যুক্ত্বা তূষ্ণীং নারদো বভূব ॥১১॥

এতচ্ছ্রুত্বা কৌরব্যঃ শিবিং প্রদক্ষিণং কৃত্বা পন্থানং দত্ত্বা বহুকর্ম্মভিঃ প্রশস্য প্রযযৌ ॥১২॥

ভাবতকৌমুদী

অথ সাধুরহমন্যত্র সাধুত্বমকার্যমেবেত্যাহ—কৃতমিতি। ক্রূরাদির্জনঃ, অন্যত্র কৃতমপি ক্রূরব্যবহারাদিকম্, শতগুণং কুর্য্যাৎ সর্ব্বত্রৈব কুর্য্যাদিত্যর্থঃ। অয়ং নির্ণয়ো দেবেষপি নাস্তি। কাকা প্রশ্নো ব্যজ্যত ইতি অস্ত্যেবেত্যর্থঃ। কিঞ্চ ঔশীনরো মহীপতিঃ শিবিঃ, ভবতঃ সকাশাৎ সাধুশীলঃ। অতো ভবত এবাপসর্পণমুচিতমিত্যাশয়ঃ ॥৯॥

অথ ভবতো নির্ণয়স্যাকিঞ্চিৎকরতয়া শিবিরেব সত্যসাধুশীলো বস্তুতঃ স্যাদিত্যাহ—জয়েদিতি। বুদ্ধিমান্ জনো দানেন, কদর্য্যং কৃপণং জনম্, জয়েৎ আযত্তীকুর্য্যাৎ, সত্যেন অনৃতবাদিনং জয়েৎ, ক্ষময়া ক্রূরকর্ম্মাণং জয়েৎ, সাধুনা ব্যবহারেণ চ অসাধুং জয়েৎ। অতস্ত্বদপেক্ষয়া শিবেরসাধুত্বেঽপি সাধুব্যবহারেণৈব তং জয়েতি ভাবঃ ॥১০॥

তদিতি। উদারৌ গুণৈর্মহান্তৌ। ভবদ্ভ্যাং ভবতোঃ, অন্যতর ঔদার্য্যেণ প্রধানতরঃ। অত্র বৈশব্দোঽবধারণে। নিদর্শনম্ ঔদার্য্যবিষয়ে দৃষ্টান্তঃ ॥১১॥

এতদিতি। বহুকর্ম্মভিঃ শিবের্বহুতরসৎকর্ম্মোল্লেখৈঃ, প্রশস্য শিবিম্ ॥১২॥

সেই ক্রূর প্রভৃতি লোক অন্যত্রও ক্রূরব্যবহার প্রভৃতিই করিয়া থাকে। এ নিয়ম কি দেবতাদের মধ্যেও নাই? (অবশ্যই আছে)। আর এক কথা—উশীনরপুত্র শিবিরাজা আপনা অপেক্ষা সাধুপ্রকৃতি ॥৯॥

তা'র পর, বুদ্ধিমান্ লোক দান করিয়া কৃপণকে, সত্য বলিয়া মিথ্যাবাদীকে, ক্ষমা করিয়া নিষ্ঠুরকে এবং সাধু উপায়ে অসাধুকে জয় করিবেন ॥১০॥

অতএব আপনারা উভয়েই উদারপ্রকৃতি, সুতরাং আপনাদের মধ্যে আবার যিনি বিশেষ উদার, তিনিই এখন সরিয়া যান; তাহা হইলে এইটাই ঔদার্য্যের পরম নিদর্শন হইবে।" এই কথা বলিয়া নারদ নীরব হইলেন ॥১১॥

এই কথা শুনিয়া সুহোত্ররাজা শিবিরাজাকে প্রদক্ষিণ করিয়া, তাঁহাকে পথ ছাড়িয়া দিয়া এবং তাঁহার সৎকর্ম্ম অনুসারে তাঁহার প্রশংসা করিয়া প্রস্থান করিলেন ॥১২॥

---

(১১)…ভবদ্ভ্যামন্যতমঃ—বা ব কা নি।

'তদেতদ্রাজ্ঞো মহাভাগ্যমিত্যুক্তবান্ নারদঃ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে, শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং শিবিচরিতে চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০:৪:০—

পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—০:৪:০—

মার্কণ্ডেয় উবাচ।

ইদমন্যচ্ছ্রূয়তাম্—যযাতির্নাহুষো রাজা রাজ্যস্থঃ পৌরজনাবৃত আসাঞ্চক্রে। গুর্ব্বর্থী ব্রাহ্মণ উপেত্যাব্রবীৎ—ভো রাজন্! গুর্ব্বর্থং ভিক্ষেয়ং সময়াদিতি ॥১॥

ভারতকৌমুদী

তদিতি। রাজ্ঞঃ সুহোত্রস্য ক্ষত্রিযস্য, মহাভাগ্যং মাহাত্ম্যম্। অন্যথা স নাপসর্পেৎ ॥১৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ইদমিতি। অন্যদুপাখ্যানম্। আসাঞ্চক্রে রাজাসনে উপবিবেশ। গুর্ব্বর্থী গুরোরর্থে ভিক্ষাকারী। সময়াৎ কস্মাচ্চিৎ শপথাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

স্তারতম্যং নাস্তীত্যর্থঃ ॥৬—৭॥ ক্রূর ইতি পূর্ব্বার্দ্ধে খলবৃত্তং নাপ্নুযাৎ সাধুত্বং বৈ কথং ন কুর্য্যাদিত্যর্থঃ ॥৮—১২॥ রাজ্ঞঃ শিবেঃ ॥১৩॥ ।

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৪॥

তখন নারদ বলিয়াছিলেন—"ইহাই ক্ষত্রিয়ের মাহাত্ম্য" ॥১৩॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"তোমরা এই আর একটী উপাখ্যান শ্রবণ কর—নহুষনন্দন যযাতিরাজা একদা আপন রাজ্যে পৌরজনে পরিবেষ্টিত হইয়া বসিয়া আছেন, এমন সময়ে গুরুর নিমিত্ত ভিক্ষাকারী এক ব্রাহ্মণ আসিয়া বলিলেন—"রাজা ? আমি এক শপথ অনুসারে গুরুর জন্য আপনার নিকট প্রার্থনা করিব" ॥১॥

---

* '…চতুর্নবত্যধিক…'—বা ব কা, '…পঞ্চনবত্যধিক…'—পি, '…সপ্তনবত্যধিক…'—নি।

রাজোবাচ—ব্রবীতু ভগবান্ সময়মিতি ॥২॥

ব্রাহ্মণ উবাচ।

বিদ্বেষণং পরমং জীবলোকে কুর্য্যান্নরঃ পার্থিব! যাচ্যমানঃ।
তত্ত্বাং পৃচ্ছামি কথং তু রাজন্! দদ্যাদ্ভবান্ দয়িতঞ্চ মেঽদ্য ॥৩॥

রাজোবাচ।

ন চানুকীর্ত্তয়েদদ্য দত্ত্বা অযাচ্যমর্থং ন চ সংশৃণোমি।
প্রাপ্যমর্থঞ্চ সংশ্রুত্য তঞ্চাপি দত্ত্বা সুসুখী ভবামি ॥৪॥
দদামি তে রোহিণীনাং সহস্রং প্রিয়ো হি মে ব্রাহ্মণো যাচমানঃ।
ন মে মনঃ কুপ্যতি যাচমানে দত্তং ন শোচামি কদাচিদর্থম্ ॥৫॥

ভারতকৌমুদী

রাজেতি। ভগবান্ ব্রাহ্মণত্বান্মাহাত্ম্যবান্, সময়ম্ আত্মনঃ শপথম্ ॥২॥

বীতি। হে পার্থিব! জীবলোকে যাচ্যমানো নরঃ, পরমং বিদ্বেষণং যাচকং প্রতি বিদ্বেষং কুর্য্যাৎ। তত্তস্মাৎ, হে রাজন্। ত্বাং পৃচ্ছামি ভবান্ অদ্য মে দয়িতং প্রিয়ং বস্তু, কথং কেন প্রকারেণ দ্বেষেণ সন্তোষেণ বেত্যর্থঃ দদ্যাৎ ॥৩॥

নেতি। অদ্য ইহ জীবনে দত্ত্বা ন চ তদনুকীর্ত্তয়েৎ, এষ মল্লক্ষণো জন ইতি শেষঃ। অযাচ্যং দানাসম্ভবাদ্‌যাচ্ঞায়া অযোগ্যম্, অর্থং ধর্ম্মাদিকং বস্তু, ন চ সংশৃণোমি দাতুং নাঙ্গী-করোমি। কিঞ্চ যাচকেন প্রাপ্যমর্থং সংশ্রুত্য দাতুং প্রতিশ্রুত্য, তং দত্ত্বাপি চ সুসুখী নিরতিশয়সুখী ভবামি ॥৪॥

দদামীতি। রোহিণীনাং গবাম্, "অর্জ্জুনস্ত্ন্যা বোহিণী স্যাৎ" ইত্যমরঃ ॥৫॥

ভারতভাবদীপঃ

ইদমিতি ॥১—২॥ বিদ্বেষণং যাচকস্য দ্বেষম্, প্রীত্যৈব দদাসি চেৎ গ্রহীষ্যামীত্যর্থঃ ॥৩॥ হে দদ্য দদো দানং তদর্হ। দত্ত্বা ন কীর্ত্তযে দুঃখে সত্যেব কীর্ত্তনং স্যান্নান্যথেতি ভাবঃ। দুঃখঞ্চ প্রিয়বিযোগেঽতো মমাদেয়াভাবাত্ত্বযাপ্যযাচ্যোঽর্থো নাস্তীত্যর্থঃ। সর্ব্বং প্রাপ্যং স্ত্রীপুত্রদেহান্তং দেয়মেব, ন ত্বপ্রাপ্যং দাতুং শক্যমিত্যর্থঃ ॥৪॥ রোহিণীনাং গবাম্। "রোহিণী

রাজা বলিলেন—"আপনি আপনার শপথের কথা বলুন" ॥২॥

ব্রাহ্মণ বলিলেন—"রাজা! জীবলোকে প্রার্থনা করিলেই মানুষ প্রার্থীর প্রতি গুরুতর বিদ্বেষ করিয়া থাকে; অতএব রাজা! আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি যে, আজ আপনি আমার প্রিয় বস্তু কোন্‌ভাবে অর্থাৎ বিদ্বেষপূর্ব্বক না সন্তোষপূর্ব্বক দান করিবেন"? ॥৩॥

রাজা বলিলেন—"এই ব্যক্তি ইহ জীবনেই দান করিয়া তাহার কীর্ত্তন করে না এবং আমি অপ্রার্থনীয় বস্তুও দান করিবার অঙ্গীকার করিয়া এবং তাহা দান করিয়া আমি নিরতিশয় সুখী হই ॥৪॥

ইত্যুক্ত্বা ব্রাহ্মণায় রাজা গোসহস্রং দদৌ, প্রাপ্তবাংশ্চ গবাং সহস্রং ব্রাহ্মণ ইতি ॥৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং নাহুষচরিত্রে পঞ্চষষ্ট্যাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ভূয় এব মহাভাগ্যং কথ্যতামিত্যব্রবীৎ পাণ্ডবেয়ঃ ॥১॥

অথাচষ্ট মার্কণ্ডেয়ঃ—মহারাজ! বৃষদর্ভ-সেতুকনামানৌ রাজানৌ নীতিমার্গরতাবস্ত্রোপাস্ত্রকৃতিনৌ ॥২॥

ভারতকৌমুদী

ইতীতি। ঈদৃশভাবেন গোসহস্রদানমেব ক্ষত্রিয়মাহাত্ম্যমিতি ভাবঃ ॥৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভূয ইতি। মহাভাগ্যং ক্ষত্রিয়স্যৈব মাহাত্ম্যম্। পাণ্ডবেযো যুধিষ্ঠিরঃ ॥১॥

ভারতভাবদীপঃ

কঠরুগ্‌ভিদি" ইত্যুপক্রম্য "লোহিতাগবোঃ" ইতি মেদিনী ॥৫॥ অসাধাবপি সাধুত্বং প্রীত্যা ইষ্টার্থদানঞ্চ মহাভাগ্যমিত্যধ্যায়রয়তাৎপর্য্যম্ ॥৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৫॥

আমি আপনাকে সহস্র ধেনু দান করিব; প্রার্থী ব্রাহ্মণ আমার প্রীতির পাত্র হইয়া থাকেন; যাচকের প্রতি আমার মন ক্রুদ্ধ হয় না এবং আমি কখনও দত্ত বস্তুর বিষয়ে শোক করি না" ॥৫॥

এই কথা বলিয়া যযাতিরাজা সেই ব্রাহ্মণকে সহস্র ধেনু দান করিলেন; সেই ব্রাহ্মণও সহস্র ধেনু লাভ করিলেন" ॥৬॥

—:*:—

বৈশম্পায়ন কহিলেন—যুধিষ্ঠির বলিলেন—"মহর্ষি! আপনি আরও ক্ষত্রিয়মাহাত্ম্য বলুন" ॥১॥

---

* '…পঞ্চনবত্যধিক…' —বা ব কা, প্রস্তাবাস্তরং পি, '…অষ্টনবত্যধিক…' — নি।

সেদুকো বৃষদর্ভস্য বালস্যৈব উপাংশুব্রতমভ্যজানাৎ কুপ্যমদেয়ং ব্রাহ্মণস্য ॥৩॥

অথ তং সেদুকং ব্রাহ্মণঃ কশ্চিদ্বেদাধ্যয়নসম্পন্ন আশিষং দত্ত্বা গুর্ব্বর্থী ভিক্ষিতবান্—অশ্বসহস্রং মে ভবান্ দদাত্বিতি ॥৪॥

তং সেদুকো ব্রাহ্মণমব্রবীৎ—নাস্তি সম্ভবো গুর্ব্বর্থং দাতুমিতি স ত্বং গচ্ছ বৃষদর্ভসকাশম্। রাজা পরমধর্ম্মজ্ঞো ব্রাহ্মণ। তং ভিক্ষস্ব, স তে দাস্যতি, তস্যৈতদুপাংশুব্রতমিতি ॥৫॥

অথ ব্রাহ্মণো বৃষদর্ভসকাশং গত্বাঽশ্বসহস্রমযাচত ॥৬॥

স রাজা তং কশেনাতাড়য়ৎ ॥৭॥

ভাবতকৌমুদী

অথেতি। নীতিমার্গরতৌ নীতিপথাসক্তৌ, অস্ত্রং দূরে ক্ষেপ্যং শরাদি উপাস্ত্রং সন্নিধৌ ক্ষেপ্যং শূলাদি তয়োঃ কৃতিনৌ নিপুণৌ, আস্তামিতি শেষঃ ॥২॥

সেদুক ইতি। উপাংশুব্রতং গুপ্তনিয়মম্, অভ্যজানাৎ সর্ব্বথা জ্ঞাতবান্॥ কুপ্যং স্বর্ণরজতাভ্যামন্যদ্বস্তু, "তাভ্যাং যদন্যত্তৎ কুপ্যম্" ইত্যমরঃ ॥৩॥

অথেতি। গুর্ব্বর্থী গুরুদক্ষিণাদানার্থী ॥৪॥

তমিতি। সম্ভবো মম যোগ্যতা। রাজা স বৃষদর্ভঃ ॥৫॥

অথেতি। অযাচত বৃষদর্ভমেব ॥৬॥

স ইতি। স্বর্ণরজতেতরযাচনাদেব তাড়নমিতি বোধ্যম্। কশেনেতি পুংস্ত্বমার্ষম্ ॥৭॥

তাহার পর মার্কণ্ডেয় বলিলেন—"মহারাজ! সর্ব্বদা ন্যায়পথবর্ত্তী এবং অস্ত্রশস্ত্রে নিপুণ 'বৃষদর্ভ' ও 'সেদুক'-নামে দুই জন রাজা ছিলেন ॥২॥

সেদুক বৃষদর্ভের বাল্যকাল হইতেই এই গুপ্ত নিয়ম জানিতেন যে, বৃষদর্ভ ব্রাহ্মণকে সোণা ও রূপা ছাড়া অন্য কিছু দেন না ॥৩॥

একদা কোন ব্রাহ্মণ বেদাধ্যয়ন সমাপ্ত করিয়া গুরুদক্ষিণার্থী হইয়া যাইয়া আশীর্ব্বাদ করিয়া সেই সেদুকরাজার নিকট প্রার্থনা করিলেন যে, "আপনি আমাকে একসহস্র অশ্ব দান করুন" ॥৪॥

তখন সেদুকরাজা সেই ব্রাহ্মণকে বলিলেন—"ব্রাহ্মণ! আমার গুরুদক্ষিণা দান করিবার সম্ভাবনা নাই; সুতরাং আপনি বৃষদর্ভরাজার নিকট গমন করুন; তিনি পরমধার্ম্মিক, তাঁহার নিকট প্রার্থনা করুন; তিনি আপনাকে সহস্র অশ্ব দান করিবেন; তাঁহার ইহাই গুপ্ত ব্রত" ॥৫॥

তাহার পর ব্রাহ্মণ বৃষদর্ভরাজার নিকট যাইয়া সহস্র অশ্ব প্রার্থনা করিলেন ॥৬॥

তং ব্রাহ্মণোঽব্রবীৎ—কিং হিংস্যনাগসং মামিতি ॥৮॥

এবমুক্ত্বা তং শপন্তং রাজাহ—বিপ্র। কিং যো ন দদাতি তুভ্যম্, উতাহোস্বিদ্‌ব্রাহ্মণ্যমেতৎ ? ॥৯॥

ব্রাহ্মণ উবাচ—রাজাধিরাজ! তব সমীপং সেতুকেন প্রেষিতো ভিক্ষিতুমাগতঃ। তেনানুশিষ্টেন ময়া ত্বং ভিক্ষিতোঽসি ॥১০॥

রাজোবাচ—পূর্ব্বাহ্নে তে দাস্যামি, যো মেঽদ্য বলিরাগমিষ্যতি। যো হন্যতে কশয়া কথং মোঘং ক্ষেপণং তস্য স্যাৎ ॥১১॥

ভারতকৌমুদী

তমিতি। হিংসি হিনস্সি। আর্ষোঽয়ং প্রয়োগঃ। অনাগসং নিরপরাধম্ ॥৮॥

এবমিতি। শপন্তং শাপদানোদ্যতম্। যস্তুভ্যং ন দদাতি, কিং তমেব শপসীতি শেষঃ। ব্রাহ্মণ্যং ব্রাহ্মণকর্ম্ম। উভয়মপ্যনুচিতমিতি ভাবঃ ॥৯॥

ব্রাহ্মণ ইতি। অনুশিষ্টেন উপদিষ্টেন। ততশ্চ ত্বয়ি ভিক্ষৈব চেদ্দোষায়, তদা সোঽপি মম নাস্তি, সেতুকস্যৈবেতি ভাবঃ ॥১০॥

রাজেতি। পূর্ব্বাহ্নে পরদিনস্য। বলিঃ করঃ। ক্ষেপণং দূরীকরণম্ ॥১১॥

ভাবতভাবদীপঃ

ভুয় ইতি ॥১—২॥ উপাংশু বহির্বসুদ্ঘাটিতম্, কূপ্যং স্বর্ণরূপ্যাদন্যৎ ॥৩—৬॥ কশেন পুংস্ত্ব-মার্ষম্ ॥৭॥ হিংসি হিনস্সি তাডযসি ॥৮॥ শপন্তং শাপং দিৎসন্তম্, হে বিপ্র! যো ন দদাতি স্বীয়ং ধনং তুভ্যং তস্মৈ বা এতৎ শাপদানমুচিতম্। উতাহোস্বিৎ এতদ্‌ব্রাহ্মণ্যং ব্রাহ্মণযোগ্যং স্বীয়মপি দিৎসন্ন শাপযোগ্যঃ নাপি শান্তিধর্ম্মা ব্রাহ্মণঃ শাপং দাতুমর্হতীত্যর্থঃ ॥৯—১০॥

তখন বৃষদর্ভরাজা সেই ব্রাহ্মণকে কশাঘাত করিলেন ॥৭॥

তখন ব্রাহ্মণ বৃষদর্ভরাজাকে বলিলেন—"আমি নিরপরাধ, তথাপি আপনি আমাকে তাড়ন করিলেন কেন ?" ॥৮॥

এইরূপ বলিয়াই ব্রাহ্মণ রাজাকে অভিসম্পাত করিতে উদ্যত হইলেন। তখন রাজা বলিলেন—"ব্রাহ্মণ! যে আপনাকে দান না করে, তাহাকেই কি আপনি অভিসম্পাত করেন ? অথবা আপনার এটা ব্রাহ্মণের কার্য্য ?" ॥৯॥

ব্রাহ্মণ বলিলেন—"রাজাধিরাজ! আমি সেতুকরাজার নিকট ভিক্ষা করিতে আসিয়াছিলাম,—তিনি আমাকে আপনার নিকট পাঠাইয়া দিয়াছেন এবং তাঁহার উপদেশ অনুসারেই আমি আপনার নিকট প্রার্থনা করিয়াছি" ॥১০॥

রাজা বলিলেন—"ব্রাহ্মণ! আজ আমার যে কর (খাজনা) আসিবে, তাহাই কল্য পূর্বাহ্নে আপনাকে দান করিব। কারণ, যাহাকে কশাঘাত করা হয়, তাহাকে কি করিয়া নিষ্ফলভাবে দূর করিয়া দেওয়া যায়" ॥১১॥

ইত্যুক্ত্বা ব্রাহ্মণায় দৈবসিকামুৎপত্তিং প্রাদাৎ। অধিকস্যাশ্বসহস্রস্য মূল্যমেবাদাদিতি ॥১২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং সেতুকবৃষদর্ভচরিতে ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

দেবানাং কথা সঞ্জাতা মহীতলং গত্বা মহীপতিং শিবিমৌশীনরম্, সাধ্বেনং শিবিং জিজ্ঞাস্যাম ইত্যেবং ভো ইত্যুক্ত্বা অগ্নীন্দ্রাবুপতিষ্ঠেতাম্। অগ্নিঃ কপোতরূপেণ তমভ্যধাবৎ, আমিষার্থমিন্দ্রঃ শ্যেনরূপেণ ॥১॥

ভারতকৌমুদী

ইতীতি। দৈবসিকাম্ একদিবসসংসৃষ্টাম্, উৎপত্তিং রাজকবরূপম্ আয়ম্, প্রাদাৎ পরদিনপূর্ব্বাহ্নে। অথ সা কিয়তী খলুৎপত্তিরিত্যাহ—অধিকস্যেতি। ঈদৃশং দানমেব ক্ষত্রিয়মাহাত্ম্যমিত্যাশয়ঃ। কশাঘাতস্তু স্বব্রতবিপরীতভিক্ষণাদেবেতি বোধ্যম্ ॥১২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

দেবানামিতি। ঔশীনরম্ উশীনরপুত্রম্, সাধু সম্যক্। জিজ্ঞাস্যামো ধার্ম্মিকতয়া জ্ঞাতুমেষিষ্যামঃ, ইত্যেবংপ্রকারেণ। উপতিষ্ঠেতাম্ উপাগচ্ছতাম্। তং প্রকারমাহ—অগ্নিরিতি। আমিষার্থং কপোতস্যৈব মাংসার্থম্ ॥১॥

ভারতভাবদীপঃ

ক্ষেপণং দূরীকরণম্, অবশ্যং স প্রসাদনীয় ইত্যর্থঃ ॥১১॥ দৈবসিকাম্ একদিবসজাতামুৎপত্তিং ধনস্য। স্বনিয়মভঙ্গায় প্রবৃত্তং ব্রাহ্মণং দণ্ডয়িতুমপি প্রার্থিতাদধিকং দত্ত্বা প্রসাদয়িতুমপি সমর্থো রাজান ইতি তাৎপর্য্যম্ ॥১২॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৬॥

এই কথা বলিয়া রাজা পরদিন পূর্ব্বাহ্নে ব্রাহ্মণকে একদিনের আয় দান করিলেন—তিনি একসহস্র অশ্বের অধিক মূল্যই দিলেন" ॥১২॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"দেবগণের মধ্যে অগ্নি ও ইন্দ্রের এইরূপ কথা

---

* '...ষণ্নবত্যধিক...'—কা, '...একোনত্রিংশততমঃ...'—নি, বা ব পি অধ্যায়সমাপ্তির্নাস্তি।

অথ কপোতো রাজ্ঞো দিব্যাসনাসীনস্যোৎসঙ্গং ন্যপতৎ ॥২॥

অথ পুরোহিতো রাজানমব্রবীৎ—প্রাণরক্ষার্থং শ্যেনাদ্ভীতো ভবন্তং প্রাণার্থী প্রপদ্যতে। বসু দদাতু, অন্তবান্ পার্থিবোঽস্য নিষ্কৃতিং কুর্য্যাৎ। ঘোরং কপোতস্য নিপাতমাহুঃ ॥৩॥

অথ কপোতো রাজানমব্রবীৎ—প্রাণরক্ষণার্থং শ্যেনাদ্ভীতো ভবন্তং প্রাণার্থী প্রপদ্যে, অঙ্গৈরঙ্গানি প্রাপ্যার্থী মুনির্ভূত্বা প্রাণাংস্ত্বাং প্রপদ্যে ॥৪॥

স্বাধ্যায়েন কর্শিতং ব্রহ্মচারিণং মাং বিদ্ধি তপসা দমেন যুক্তমাচার্য্যস্যাপ্রতিকূলভাষিণম্। এবং যুক্তমপাপং মাং বিদ্ধি ॥৫॥

ভারতকৌমুদী

অথেতি। উৎসঙ্গং ক্রোড়ম্, ন্যপতৎ অগচ্ছৎ ॥২॥

অথেতি। ভীতঃ কপোতঃ। প্রপদ্যতে আশ্রয়তি। বসু ধনম্। অন্তবান্ বিনশ্বরঃ। অস্য কপোতপাতসূচিতস্য অনিষ্টস্য, নিষ্কৃতিং প্রতীকারম্। অন্যথা তবান্তসম্ভাবনেতি ভাবঃ। ঘোরং মৃত্যুভয়জনকম্, নিপাতং ক্রোড়াদৌ পতনম্ ॥৩॥

অথেতি। প্রপদ্যে আশ্রয়ামি। অহং কশ্চিন্মুনিঃ, অঙ্গৈর্মনুষ্যোচিতৈবয়বৈঃ, অঙ্গানি কপোতোচিতান্ অবয়বান্, প্রাপ্য, অর্থী প্রাণরক্ষার্থী ভূত্বা, প্রাণান্ প্রাণদাতারম্। প্রপদ্যে আশ্রয়ামি ॥৪॥

হইয়াছিল যে, 'দেবগণ! আমরা ভূতলে উশীনরপুত্র শিবিরাজার নিকট যাইয়া এইভাবে (কপোত ও শ্যেনরূপে) শিবিরাজাকে ভাল করিয়া পরীক্ষা করিব'। এইরূপ বলিয়া অগ্নি ও ইন্দ্র শিবিরাজার নিকট উপস্থিত হইলেন। অগ্নি আপন প্রাণরক্ষার জন্য কপোতরূপে এবং ইন্দ্র তাহার মাংসভক্ষণের জন্য শ্যেনরূপে গিয়াছিলেন ॥১॥

তদনন্তর কপোত যাইয়া দিব্য আসনে উপবিষ্ট শিবিরাজার ক্রোড়ে পতিত হইল ॥২॥

তাহার পর রাজপুরোহিত রাজাকে বলিলেন—"এই প্রাণার্থী কপোত শ্যেন হইতে ভীত হইয়া প্রাণরক্ষার জন্য আপনাকে আশ্রয় করিয়াছে। অবশ্যই রাজারও মৃত্যু আছে; সুতরাং তিনি ইহার প্রতীকার করিবেন; অতএব আপনি ধন দান করুন। কারণ, মুনিরা মানুষের ক্রোড়ে কপোতের পতনকে অনিষ্টসূচক বলিয়া থাকেন" ॥৩॥

তৎপরে কপোত রাজাকে বলিল—"রাজা! আমি প্রাণার্থী কপোত শ্যেন হইতে ভীত হইয়া প্রাণরক্ষার জন্য আপনার আশ্রয় লইলাম। আমি একজন মুনি; আপন অঙ্গ দ্বারা কপোতের অঙ্গ ধারণ করিয়া, প্রাণরক্ষার্থী হইয়া, আপনি প্রাণদাতা বলিয়া আপনার আশ্রয় লইয়াছি" ॥৪॥

গদামি বেদান্ বিচিনোমি ছন্দঃ সর্ব্বে বেদা অক্ষরশো মে অধীতাঃ।
ন সাধু দানং শ্রোত্রিয়স্য প্রদানং মা প্রাদাঃ শ্যেনায় ন কপোতোঽস্মি ॥৬॥

অথ শ্যেনো রাজানমব্রবীৎ—

পর্য্যায়েণ বসতির্ম্মা ভবেষু সর্গে জাতঃ পূর্ব্বমস্মাৎ কপোতাৎ।
ত্বমাদদানোঽথ কপোতমেনং মা ত্বং রাজন্! বিঘ্নকর্ত্তা ভবেথাঃ ॥৭॥

ভারতকৌমুদী

স্বেতি। স্বাধ্যায়েন বেদপাঠেন, কর্শিতং কৃশীকৃতশরীরম্। দমেন ইন্দ্রিয়নিগ্রহেণ। অপাপস্য বিনাশনে পাপমেবেতি ভাবঃ ॥৫॥

গদামীতি। গদামি ব্রবীমি, বিচিনোমি বিশেষেণাবগচ্ছামি। অক্ষরশঃ অক্ষরৈরক্ষরৈঃ, মে ময়া। পরভক্ষণায় শ্রোত্রিয়স্য প্রদানম্, ন সাধু দানং স্যাৎ ॥৬॥

পর্য্যায়েণেতি। ভবেষু সংসারেষু, পর্য্যায়েণ যৌগপদ্যেন, বসতিঃ খাদ্যখাদকযোঃ স্থিতিঃ, মা ন ভবতি। সর্গে সৃষ্টৌ, অস্মাৎ কপোতাৎ পূর্ব্বমহং জাতঃ। অতস্তদাপি ন যৌগপদ্যমিত্যাশয়ঃ। বিঘ্নকর্ত্তা মম ভক্ষণ ইতি শেষঃ ॥৭॥

ভারতভাবদীপঃ

দেবানামিতি ॥১—২॥ ঘোরং নিন্দিতম্ অনিষ্টসূচকমিত্যর্থঃ মৃত্যুদূতত্বাৎ কপোতস্য, অন্তবান্ দিগন্তানামীশ্বরঃ ॥৩॥ অঙ্গেরিতি। মুনিরহং স্বশরীরেণ কবোতশরীরং প্রবিষ্টোঽস্মীত্যর্থঃ। প্রাণান্ প্রাণরক্ষকত্বেন ত্বমেব মম প্রাণা ইত্যর্থঃ ॥৪—৫॥ শ্রোত্রিয়স্য মে শ্যেনায় ত্বৎকর্ত্তৃকং প্রদানং ন সাধুদানম্ ॥৬॥ পর্য্যায়েণেতি। পিতৃপুত্রভার্য্যামাতৃপ্রভৃতীনামধরোত্তর্য্যেণ যা জায়া সৈব ভবান্তরে মাতা যঃ পুত্রঃ স এব পিতা এবং শত্রুর্মিত্রং ভবতি মিত্রং বা শত্রুরিতি ভবেষু জন্মসু পর্য্যায়েণ বসতিঃ স্থিতির্ভবতি। অতস্ত্বং সর্গে সৃষ্টৌ অস্মাৎ কপোতাৎ জাতোঽসি অতস্ত্বং তব জন্মান্তরীয়ং পিতরং কপোতম্ আদদানো রক্ষন্ মম আহারে বিঘ্নং মা কুর্ব্বিত্যর্থঃ ॥৭॥

রাজা! আমি ব্রহ্মচারী; বেদপাঠে আমার শরীর কৃশ হইয়াছে, আর আমি তপস্বী ও ইন্দ্রিয়জয়ী এবং গুরুর প্রতিকূল বাক্য বলি না; সুতরাং এইরূপ আমাকে আপনি নিষ্পাপ মনে করুন ॥৫॥

বিশেষতঃ, আমি বেদব্যাখ্যা করিয়া থাকি, বিশেষরূপে ছন্দ জানি এবং অক্ষরে অক্ষরে সমস্ত বেদ অধ্যয়ন করিয়াছি; অতএব অন্যের ভক্ষণের জন্য আমার মত শ্রোত্রিয়কে দান করা উত্তম দান নহে; সুতরাং আপনি আমাকে শ্যেনের হস্তে দান করিবেন না; আমি কপোত নহি" ॥৬॥

তাহার পর শ্যেন রাজাকে বলিল—"রাজা! জগতে খাদ্য ও খাদকের একদা বাস করা সম্ভবপর নহে। দেখুন—সৃষ্টির সময়ে আমি এই কপোতের পূর্ব্বে জন্মিয়াছি; সুতরাং আপনি এই কপোতটীকে লইয়া আমার ভোজনের বিঘ্নকারী হইবেন না" ॥৭॥

রাজোবাচ।

কেনেদৃশী জাতু পরা হি দৃষ্ট্বা বাগুচ্যমানা শকুনেন সংস্কৃতা।
যাং বৈ কপোতো বদতে যাঞ্চ শ্যেন উভৌ বিদিত্বা কথমস্তু সাধু॥৮॥
নাস্য বর্ষং বর্ষতি বর্ষকালে নাস্য বীজং রোহতি কাল উপ্তম্।
ভীতং প্রপন্নং যো হি দদাতি শত্রবে ন ত্রাণং লভতে ত্রাণমিচ্ছন্ স কালে॥৯॥
জাতা হ্রস্বা প্রজা প্রমীয়তে সদা ন বৈ বাসং পিতরোঽস্য কুর্ব্বতে।
ভীতং প্রপন্নং যো হি দদাতি শত্রবে নাস্য দেবাঃ প্রতিগৃহ্ণন্তি হব্যম্॥১০॥
মোঘমন্নং বিন্দতি চাপ্রচেতাঃ স্বর্গাল্লোকাদ্‌ভ্রশ্যতি শীঘ্রমেব।
ভীতং প্রপন্নং যো হি দদাতি শত্রবে সেন্দ্রা দেবাঃ প্রহরন্ত্যস্য বজ্রম্॥১১॥

ভারতকৌমুদী

কেনেতি। জাতু কদাচিৎ, পরা উৎকৃষ্টা, শকুনেন পক্ষিণা। যাং বাচম্। কথং কেনাপি প্রকারেণ, উভৌ শ্যেনকপোতৌ, বিদিত্বা যাথার্থ্যেন জ্ঞাত্বা, সাধু কপোতস্য দানমদানং বা সম্যক্ কৃতমস্তু॥৮॥

নেতি। অস্য জনস্য স্থানে, ন বর্ষতি মেঘ ইতি শেষঃ। রোহতি অঙ্কুরং নোৎপাদয়তি। প্রপন্নং শরণাগতম্। কালে প্রাণনাশসময়ে॥৯॥

জাতেতি। হ্রস্বা খর্ব্বা অল্পায়ুরেবেত্যর্থঃ, প্রজা সন্ততিঃ, প্রমীয়তে ম্রিয়তে। বাসং স্বর্গে। প্রপন্নং শরণাগতম্। হব্যং দেবদ্রব্যম্॥১০॥

মোঘমিতি। মোঘং ব্যর্থম্, অপ্রচেতা অপ্রশস্তচিত্তঃ॥১১॥

ভারতভাবদীপঃ

শকুনেনেত্যকাবাস্তোঽপি এতয়োঃ স্বরূপং জ্ঞাত্বা সাধু কর্ম্ম কথং কুর্য্যামিতি বিমৃশতীত্যর্থঃ॥৮—৯॥ হ্রস্বা শৈশবে এব প্রজা প্রমীয়তে ম্রিয়তে॥১০॥ মোঘং নিষ্ফলম্, সোঽন্নং বিন্দতি

রাজা বলিলেন—"এই কপোত ও শ্যেন যেরূপ বলিতেছে, এইরূপ উত্তম সংস্কৃত বাক্য পক্ষী বলিতেছে; ইহা কখনও কেহ দেখিয়াছেন কি? সে যাহা হউক, দুই জনকেই যথার্থরূপে জানিয়া ন্যায্য কর্ত্তব্য স্থির হইবে॥৮॥

যে লোক ভীত এবং শরণাগত ব্যক্তিকে শত্রুহস্তে অর্পণ করে, তাহার অধিকারে বর্ষাকালেও মেঘ বর্ষা করে না, যথাকালে রোপিত বীজও অঙ্কুর উৎপাদন করে না এবং বিনাশের সময় পরিত্রাণ ইচ্ছা করিয়াও পরিত্রাণ পায় না॥৯॥

যে লোক ভীত ও শরণাগত ব্যক্তিকে শত্রুহস্তে সমর্পণ করে, সর্ব্বদাই তাহার সন্তান জন্মিয়া শৈশব অবস্থাতেই মরিয়া যায়, পিতৃলোক স্বর্গে বাস করিতে পারেন না এবং দেবতারা তাহার হব্য গ্রহণ করেন না॥১০॥

উক্ষাণং পক্ত্বা সহ ওদনেন অস্মাৎ কপোতাৎ প্রতি তে নয়ন্ত।
যস্মিন্ দেশে রমসেঽতীব শ্যেন! তত্র মাংসং শিবয়স্তে বহন্ত ॥১২॥

শ্যেন উবাচ।

নোক্ষাণং রাজন্! প্রার্থয়েঽহং ন চান্যমস্মান্মাংসমধিকং বা কপোতাৎ।
দেবৈর্দত্তঃ সোঽদ্য মমৈষ ভক্ষ্যস্তন্মে দদস্ব শকুনানামভাবাৎ ॥১৩॥

রাজোবাচ।

উক্ষাণং বেহতমনূনং নয়ন্ত তে পশ্যন্ত পুরুষা মমৈব।
ভয়াহিতস্য দায়ং মমান্তিকাত্ত্বাং প্রাপয়ন্ত ত্বং হ্যেনং মা হিংসীঃ ॥১৪॥

ভারতকৌমুদী

উক্ষাণমিতি। উক্ষাণং বৃষম্, ওদনেন অন্নেন। প্রতি প্রতিনিধিভূতম্। রমসে আনন্দেন তিষ্ঠসি। শিবয়ঃ শিবিবংশীয়াঃ ॥১২॥

নেতি। এষ কপোতঃ। শকুনানামন্যপক্ষিণাম্ ॥১৩॥

